ALOGUES

ON

Y, ASTRONOMY, &c

USE OF SCHOOLS.

এবং জ্যোতিষ্

বিষয়ক কথোপকথন.

নের উপকারার্থে

সোসাইটীর দ্বারা ছাপা হইল

Calcutta:

OOL-BOOK SOCIETY'S PRESS, 11,

CULAR ROAD.

1824.

Advertisement.

The Compiler of the following work, in presenting it to the acceptance of the friends of education in the East, desires to express his acknowledgments for the assistance he has derived from various works on the same subjects, already published in Bengalee by the Committee of the Calcutta School-Book Society. His object has been, not so much to invent new matter, as to throw the old into a new form; and by putting it into dialogues, to render the information thus obtained more attractive to the scholar. By adding to the whole an English version, also, he trusts he has rendered it more accessible for translation into the other dialects of Hindoostan, in which the Calcutta School-Book Society are carrying on their benevolent exertions.

CONTENTS.

PART I.

General Description of the Globe.

PART II.

Description of Districts in the Calcutta Circuit.

PART III.

Description of the Districts in the Dacca and Moorshedabad Circuits.

PART IV.

General History of Hindoostan, and Description of other Countries in Asia.

PART V.

General Geography of Europe, Africa, and America.

PART VI.

Epitome of Astronomy.

DIALOGUES

ON

GEOGRAPHY, ASTRONOMY, &c.

ভূগোল এবং জ্যোতিষ ইত্যাদি বিষয়ক

কথোপকথন.

১৮২৬.

DIALOGUES

ON

GEOGRAPHY, ASTRONOMY, &c.

PART I.

LESSON I.

Of the Shape and Size of the Earth.

Nityo-anundo, addressing Porum-anundo, inquires thus: O brother Porum-anundo, I have a great desire to learn from you some particulars respecting the earth: as far as you are able, therefore, be pleased to inform me. And first of all, I would ask, Of what shape is the earth?

Porum-anundo. I will tell you: the shape of the earth is globular, that is to say, round; yet not exactly so, since in those parts which lie north and south, it is a little flat, or indented. We may compare it to an orange. An orange, you know, at both ends is a little flat; so is the shape of the earth.

Nityo-anundo. Well, you say the earth is round, what is the proof of this?

Porum-anundo. I will tell you. Three hundred years ago, a vessel, under the command of a person named Magellan, setting sail from Spain, continued to proceed directly eastward; and in this manner, at the end of one thousand one hundred and twenty-four days, having made the circuit of the globe, arrived at the place from whence it set out. Af-

ভূগোল এবং জ্যোতিষ ইত্যাদি বিষয়ক

কথোপকথন.

১ প্রথম ভাগ.

১ পাঠ.

পৃথিবীর আকার এবং পরিমাণের বিবরণ.

নিত্যানন্দ পরমানন্দকে সম্বোধন করিয়া বলিতেছেন, ও হে ভাই পরমানন্দ, এই পৃথিবীর বিবরণ তোমার ঠাঁই কিছু২ শুনিতে বাঞ্ছা করি, যদি বলিতে পার, তবে অনুগ্রহ করিয়া ক্রমে২ আমাকে বুঝাইয়া দেও, ইহার মধ্যে আগে এই জিজ্ঞাসা করি, যে পৃথিবীর আকার কেমন ?

পরমানন্দ বলিতেছেন তবে শুন, পৃথিবীর আকার গোল, কিন্তু সর্ব্বতোভাবে গোল নয়, ফলতঃ উত্তর দক্ষিণাংশে কিঞ্চিৎ চাপা আছে, তাহার একটা দৃষ্টান্ত স্থল বাতাবিলেবু, যেমন তাহার বোঁটার নিকট ও নীচে কিঞ্চিৎ নিম্ন থাকে পৃথিবীর আকার ও তেমনি জানিবা.

নিত্যানন্দ. ভাল পৃথিবীর আকার যে গোল ইহার প্রমাণ কি?

পরমানন্দ. বলি শুন, তিন শত বৎসর গত হইল, স্পানিয়া দেশহইতে মাগেলেন নামে এক সাহেব জাহাজ খুলিয়া ক্রমে পূর্ব্ব মুখেই চলিয়া গিয়াছিলেন, এই রূপে চলিতে২ ১১২৪ এগারশত চব্বিশ দিনে ঐ জাহাজ পৃথিবী বেষ্টন করিয়া পুনর্ব্বার স্বদেশে আসিয়াছিল. তাহার পর ইংরাজ লোকেরা

terward, several navigators from England, and from other countries in Europe, some all along steering east, some west, in like manner compassed the globe. Amongst these, about fifty years ago, the much celebrated Captain Cooke made two or three voyages round the world. The practice has now become so easy, that merchantmen make the voyage in the space of nine months. Now observe, if the earth were not round, it would be impossible for a vessel steering constantly in the same direction, to return to the port from whence it set out.

A second proof is this: when a vessel at sea is seen to approach from a great distance, instead of seeing at once the whole vessel, at first we see only the mast-head; afterward, as it advances nearer and nearer, by degrees the lower rigging and hull become visible. In like manner, when a vessel makes her approach to the shore, the persons on board at first perceive only the highest parts of the land; afterwards, by little and little, are seen the lower parts, with the houses, trees, &c. If in answer to this, it should be said, Why then does not the form of the earth appear to be round to persons on shore, as well as at sea? We may reply: the reason is, that on the land are trees, hills, &c. which obstruct the view: were these removed, it would easily be perceived that the earth is round. For instance, in Tartary is an extent of country entirely plain: there, if one person observes another at a great distance coming towards him, he first sees his head, then, as they

ও অন্যং ইউরপীয় অনেকে, কেহ বা পূর্ব্ব মুখে কেহবা পশ্চিম মুখে, অনবরত জাহাজ চালাইয়া পৃথিবীকে বেষ্টন করিয়া আসিতেছে. আর ৫০ পঞ্চাশ বৎসর হইল মহাখ্যাত্যাপন্ন কাপ্তেন কুক্ সাহেব দুই তিন বার পৃথিবীমণ্ডল বেষ্টন করিয়াছিলেন. এইক্ষণে পৃথিবীমণ্ডল ঘুরিয়া আসা এমন সুগম হইয়াছে, যে বাণিজ্যের জাহাজ ৯ মাসের মধ্যে পৃথিবীকে একবার বেষ্টন করিয়া আসিতেছে. অতএব পৃথিবী যদি গোল না হইত তবে জাহাজ না ফিরাইলে লোকেরা কোন প্রকারে স্বদেশে আসিতে পারিত না.

দ্বিতীয় প্রমাণ, সমুদ্রের মধ্যে অতিদূরহইতে যখন কোন জাহাজ নিকট আইসে তখন লোকেরা প্রথমে জাহাজের সর্ব্বাবয়ব দেখিতে না পাইয়া কেবল মাস্তুলের আগা দেখিতে পায়, তাহার পর যত নিকটে আসিতেথাকে ততই ক্রমেং জাহাজের তলা পর্য্যন্ত দেখিতে পায়, এবং জাহাজের লোকেরাও যখন তীর হইতে অতিদূরে থাকে, তখন প্রথমে কেবল তীরের উচ্চ ভূমি দেখিতে পায়, ক্রমেতে যত নিকটবর্ত্তী হইতেথাকে ততই গাছ পালা ও ঘর দ্বার এবং মৃত্তিকা পর্য্যন্ত সমস্ত দেখিতে পায়. আর যেমন সমুদ্রকে গোল দেখা যায়, পৃথিবীকে তেমন গোল দেখা যায় না; তাহার কারণ এই, যে পৃথিবীর উপরে গাছ পালা পর্ব্বত ইত্যাদি অনেক ব্যবধান আছে, এই সকল গোল দর্শনের প্রতিবন্ধক, ঐ প্রতিবন্ধক না থাকিলে পৃথিবীর আকৃতি যে গোল ইহা অনায়াসে দেখা যাইত, ইহার সাক্ষী দেখ উত্তর অঞ্চলে তাতার নামে এক দেশ আছে, তাহাতে গাছ পালা পর্ব্বতাদি নাই, সেখানে অতিদূরে এক ব্যক্তিকে অন্য ব্যক্তির দেখিতে হইলে প্রথমে তাহার মস্তক দেখিতে পায়, পশ্চাৎ যত

approach to each other, he sees his shoulders, and at last his feet. Thus it appears that the earth is round.

A third proof of the globular form of the earth is, that at the time when the earth passes between the sun and the moon, the shadow of the earth, which falls upon the moon, and by which an eclipse is produced, is round. Now you perceive, that if the earth were not round, the shadow would not be so. Further, if anyone object thus: How can the earth be round; for in some parts are mountains, in others are valleys? The answer is: as the surface of an orange is unequal, and yet an orange is round; so, although the surface of the earth be unequal, yet is the earth round also: for observe, there is no mountain higher than the Himaloy. Now the height of this mountain at most does not exceed five kros*; consequently it is 1400 times less than the diameter of the earth, which is seven thousand kros.

A fourth proof is, that the principal Hindoo books of astronomy, such as the Bromho-siddanto, Soorjyo-siddanto, and Siddanto-shiromoni, state, that the shape of the earth is round, like that of the flower Nauclea Codumba. This account agrees with that of European astronomers, and is evidently correct, in as much as calculations of eclipses, &c. which are taken from these writings, and inserted in the almanacs, are, by the event, proved to be true. On the whole, therefore, it appears, without doubt, that the shape of the earth is round.

Nityo-anundo. I perceive clearly that such is the case. I now beg leave to ask, Of what size is the earth?

* The kros made use of in this book is that described by the Shastras.

নিকটবর্ত্তী হইতে থাকে ক্রমেং ততই স্কন্ধ বুক এবং পা পর্য্যন্ত দেখিতে পায়; এই অনুভবেও জানা যায়, যে পৃথিবী গোল.

তৃতীয়, পৃথিবী যে গোল ইহার আরও একটা প্রমাণ দেই শুন, গতিবিশেষেতে পৃথিবী যখন চন্দ্র সূর্য্যের মধ্যখানে অবস্থিতি করে. তখন পৃথিবীর ছায়া গোলাকারে চন্দ্রে লাগে, তাহাতে চন্দ্রগ্রহণ হয়; বিবেচনা করিয়া দেখ. পৃথিবীর আকার যদি গোল না হইত, তবে ঐ ছায়া গোলভাবে পড়িত না. আর পর্ব্বত ইত্যাদিকে উচ্চ দেখিয়া এবং জল হ্রদাদিকে নীচ দেখিয়া যদি কেহ কহে, যে পৃথিবী গোল নহে, তাহার উত্তর এই, বাতাবিলেবুর গায়েতে কিঞ্চিৎ উচ্চ নীচ থাকিলে ও যেমন তাহাকে গোল বলে, তেমনি পৃথিবীতে পর্ব্বতাদি থাকিলে ও গোল বলিতে হয়; ইহার প্রমাণ এই দেখ, পৃথিবীতে যত পর্ব্বত আছে তাহার মধ্যে হিমালয়হইতে কোন পর্ব্বত উচ্চ নহে, ঐ হিমালয়ের উচ্চতার পরিমাণ ৫ পাঁচ ক্রোশ, কিন্তু পৃথিবীর বিস্তার ৭০০০ সাত সহস্র ক্রোশ, তদপেক্ষায় ঐ পর্ব্বত ১৪০০ চৌদ্দ শত গুণ ছোট.

চতুর্থ, এতদ্দেশীয় প্রধানং জ্যোতির্গ্রন্থ ব্রহ্মসিদ্ধান্ত ও সূর্য্যসিদ্ধান্ত ও সিদ্ধান্তশিরোমণি এই সকল গ্রন্থে কহিয়াছেন, যে পৃথিবী কদম্ব পুষ্পের মত গোলাকৃতি, এ কথা ইউরপায় জ্যোতির্ব্বেত্তারদের গ্রন্থের কথার সঙ্গে ও মেলে, এবং প্রত্যক্ষ প্রমাণ সিদ্ধ ও বটে, যে হেতুক এ সকল গ্রন্থ পাঠেতে জ্যোতির্ব্বেত্তারা গ্রহণ ইত্যাদি স্থির করিয়া আকাশে যাহাং হইবেক, তাহা আগে পঞ্জিকাতে লিখিয়া প্রত্যক্ষে ফল প্রকাশ করেন্; অতএব বুঝা যায়, যে পৃথিবীর আকার গোল বিনা অন্য প্রকার নয়.

নিত্যানন্দ. ও হে সে এমনিই বটে, তাহা বিলক্ষণ বুঝিলাম, এইক্ষণে জিজ্ঞাসা করি যে পৃথিবীর পরিমাণ কত?

Porum-anundo. I will inform you. The earth, in circumference, measures 21,875 kros, its diameter being 7000 kros. The circumference of any round body will be found to be a little more than three times equal to its diameter: accordingly, the diameter of the globe being 7000 kros, its circumference has been found to be a little more than three times that extent, say 21,875. It was said before that the earth is round, yet towards the north and south poles, a little indented; in consequence whereof, the measurement from east to west is greater than that from north to south by 23 kros, the latter being 6875 kros, the former 6898. In order to ascertain more exactly the size of the earth, several of the princes of Europe despatched persons into foreign countries, in order to compare their observations with those of other learned men. Together, they have agreed on the measurement here given.

Nityo-anundo. I am much pleased with the account you have given me of the shape and size of the earth. I perceive also there is proof that what you say is true. Well, have you any thing more to add on this subject?

Porum-anundo. I would add only one word of advice, which is, that we hence take occasion to admire the wisdom, power, and goodness of God. Consider, who except He could have hung the world upon nothing, or could so have contrived its form, that day and night, with the different seasons, should in perfect harmony succeed each other.

পরমানন্দ. ভাল তাহাও বলি শুন, পৃথিবীর বেষ্টন ২১৮৭৫ ক্রোশ, ও তাহার বিস্তার ৭০০০ ক্রোশ. কোন গোলাকার বস্তুর বিস্তার যত বড় হয়, তাহার তিন গুণের কিঞ্চিৎ অধিক তাহার বেষ্টন অর্থাৎ বেড় হয় ; সেই প্রমাণে ভূগোলের বিস্তার ৭০০০. ক্রোশ হইলে তাহার বেড় ত্রিগুণহইতে কিছু অধিক ২১৮৭৫ ক্রোশ পরিমাণ করা গিয়াছে. পূর্ব্বে লেখা গিয়াছে যে পৃথিবী গোল বটে, কিন্তু উত্তর দক্ষিণাংশে কিছু চাপা আছে, কেননা উত্তরাংশ অবধি দক্ষিণাংশ পর্য্যন্ত যে বিস্তার তদপেক্ষায় পূর্ব্বাংশাবধি পশ্চিমাংশ পর্য্যন্ত যে বিস্তার সে ২৩ ক্রোশ বড়, যে হেতুক উত্তর দক্ষিণের বিস্তার ৬৮৭৫ ক্রোশ, পূর্ব্ব পশ্চিমের বিস্তার ৬৮৯৮ ক্রোশ. ইউরপীয় রাজারা ইহার পরিমাণ জানিবার নিমিত্তে গণনার ফল মিলাইতে বড়ং বিজ্ঞ লোককে অনাং প্রদেশের পণ্ডিতেরদের কাছে পাঠাইয়াছিলেন, তাঁহারা ঐক্য হইয়া গণিয়া এই ফল স্থির করিয়াছেন.

নিত্যানন্দ. ও হে ভাই জগতের আকার ও পরিমাণের বিষয় যে বলিলা তাহা শুনিয়া তুষ্ট হইলাম, এবং সে সকল সপ্রমাণ বটে তাহাও জানিলাম, ভালং ইহাতে তোমার আর কোন কথা আছে কি না ?

পরমানন্দ. না হে ইহাতে আর এমন অধিক কথা কিছু নাই, কেবল এই মাত্র একটি কথা আছে, যে ঈশ্বরের কি প্রকার অসীম গুণ তাহা যেন মনে করি, কেননা যাহাতে অনায়াসে ঋতু ভেদ ও দিবা রাত্রি ভেদ হইতেছে. তিনি যে এপ্রকার পৃথিবীকে গোলাকার করিয়া শূন্যে রাখিয়াছেন, এমন কি আর কাহারও বুদ্ধিতে উপস্থিত হয়.

SPECIMEN OF THE MODE OF EXAMINING A CLASS, AFTER THE LESSON HAS BEEN READ.

Question. On what subject is the lesson which has been read?

Answer. On the shape and size of the earth.

Q. Well, of what shape is the earth?

A. Its shape is round, like that of a globe.

Q. What proof is there that the earth is a globe?

A. One proof is, that navigators, without changing their course, have sailed round it.

Q. Can you give any other proof?

A. Another proof is, that when a ship approaches, we at first see only the mast-head; by and by, as it comes nearer, we see the whole vessel.

Q. Well, what is the third proof?

A. A third proof is, that the earth's shadow, when falling on the moon, appears round.

Q. And what is the fourth proof?

A. The fourth is, that calculations of eclipses, &c. made from those books of astronomy which describe the earth as round, are found to be correct.

ক্লাসের পড়ুয়ারদের পাঠ পড়া সমাপ্ত হইলে কি প্রকারে অর্থ জিজ্ঞাসা করিতে হয় তাহার এক দৃষ্টান্ত.

জিজ্ঞাসা.. এই যে পাঠ পড়া গেল এ কোন বিষয় ?

উত্তর . পৃথিবীর আকার ও পরিমাণের বিষয় .

জিং . পৃথিবীর আকার কেমন ?

উং . তাহার আকার গোল .

জিং . ভাল পৃথিবী যে গোল ইহার প্রমাণ কি ?

উং . প্রমাণ এই যে নাবিকেরা এক মুখে জাহাজ চালাইয়া পৃথিবী বেষ্টন করিয়া আসিয়েছে .

জিং . অন্য প্রমাণ কিছু বলিতে পার ?

উং . হাঁ তাহার আর এক প্রমাণ এই যে যখন জাহাজ আসিতে থাকে তখন প্রথমে দূরহইতে তাহার সকল অবয়ব দেখা না গিয়া আগে মাস্তুলের আগা মাত্র দেখা যায়, ক্রমেতে যত চলিয়া আসিতে থাকে ততই সকল অবয়ব দেখা যায় .

জিং . তৃতীয় প্রমাণ কিছু দিতে পার ?

উং . তৃতীয় প্রমাণ এই যে পৃথিবীর ছায়া যখন চন্দ্রে লাগে তখন ঐ ছায়ার আকার গোল দেখা যায়.

জিং . পৃথিবীর গোলাকারের চতুর্থ আর কোন প্রমাণ আছে ?

উং . হাঁ তাহাও বলি শুন , চতুর্থ প্রমাণ এই যে জ্যোতিষ্ বেত্তারা লিখেন যে পৃথিবীর আকার গোল, এবং ঐ গোলাকার ধরিয়া গণনাক্রমে তাঁহারা গ্রহণ ইত্যাদি যে লিখেন সে তেমনি ঘটে.

LESSON II.

Of the Land and Water which compose the Globe.

Nityo-anundo. I thank you for the improvement afforded by the former lesson. Now the globe, I see, is composed of land and water; I should wish to hear some particulars respecting each of these.

Porum-anundo. Well, attend. It has seemed good to the wisdom of the Creator, that the proportion of water should exceed that of land. That is to say, if we divide the globe into three parts, two-thirds are water and one-third land. The names of the different divisions of water are as follows: Ocean, Sea, Channel, Bay, Lake, Strait, River, &c.

Nityo-anundo. Pray inform me what is an ocean?

Porum-anundo. An ocean is a large sea which surrounds the earth. There are three of these oceans, called, in the English language, the Atlantic, the Pacific, and the Indian. The Atlantic lies to the west of Hindoostan, its extent being three thousand kros. The Pacific Ocean is to the east of Hindoostan, and is larger than the other two; so large, that it compasses nearly one half of the globe. The Indian Ocean lies to the south of India, and is less than the two former.

Nityo-anundo. Well, be pleased now to tell me what is a sea?

Porum-anundo. That body of water which joins with an ocean, and is nearly surrounded with land, is called a sea,

২ পাঠ.

পৃথিবীর জল স্থলের বিবরণ .

নিত্যানন্দ . তুমি যে উপদেশ দিতেছ তাহা যথার্থ মানিলাম, এখন এই পৃথিবী জল স্থলময় ইহা প্রত্যক্ষ দেখিতেছি, অতএব এ দুইয়ের কিছুং বিশেষ বিবরণ তোমার ঠাঁই শুনিতে বাঞ্ছা করি .

পরমানন্দ . তবে শুন ভাই, সৃষ্টি কর্ত্তার বুদ্ধির প্রভাবে স্থলের ভাগ অপেক্ষা জলের ভাগ অধিক; ফলতঃ পৃথিবীর স্থল জল ভাগ করিতে গেলে, দুই ভাগ জল, আর এক ভাগ স্থল পাওয়া যায়. ইহার মধ্যে প্রথমে জলের বিশেষ বিবরণ বলি শুন, জলাশয় সকলের এই সকল বিশেষং নাম আছে; মহাসাগর, সাগর, উপসাগর, অখাত, হ্রদ, মোহানা, নদীত্যাদি.

নিত্যানন্দ. ভাল ভাই, মহাসাগর কাহাকে বলে তাহা বল দেখি ?

পরমানন্দ . যে সাগরেতে পৃথিবী মণ্ডল বেষ্টিত আছে তাহাকে মহাসাগর বলে, ঐ মহাসাগর তিনটা আছে, ইংরাজী ভাষাতে ক্রমে তিনের নাম, আট্লাণ্টিক্ ও পাসিফিক্ ও ইণ্ডিয়ন্ বলে. আট্লাণ্টিক মহাসাগর হিন্দুস্থানের পশ্চিম দিকে, তাহার পরিসর ৩০০০ ক্রোশ. পাসিফিক মহাসাগর হিন্দুস্থানের পূর্ব্ব দিকে, সে অন্যং মহাসাগর অপেক্ষায় এমনি বড় যে সে প্রায় পৃথিবী মণ্ডলের অর্দ্ধেক ভাগ যুড়িয়া আছে. ইণ্ডিয়ন অর্থাৎ ভারতবর্ষীয় মহাসাগর সে ভারতবর্ষের দক্ষিণাংশে আছে, কিন্তু আর দুই মহাসাগর অপেক্ষায় এ মহাসাগর ছোট.

নিত্যানন্দ . তবে এইক্ষণে সাগরের বিবরণ বল শুনি ?

পরমানন্দ . বলি শুন, মহাসাগরের সঙ্গে যাহার প্রবল প্রবাহ

and, if very small, is denominated a channel. Also, if a lake be very large, it is called a sea. In Asia are three seas of this kind, called the Caspian, Arul, and Baical. The Caspian lies north-west of Hindoostan, being three hundred kros in length, and in breadth not less than eighty, nor more than one hundred and sixty. There are also many rivers which fall into it. A hundred kros east of the Caspian is the Arul, the length of which is two hundred kros; its breadth sixty kros: several rivers are joined to it. The Baical Sea borders on the country of Siberia: its length is three hundred kros; its breadth not more than thirty-two.

Nityo-anundo. Of what kind of water is the sea composed?

Porum-anundo. The sea-water is salt; so very salt, that one seer of water, when boiled, produces two chuttacks of salt.

Nityo-anundo. Well; but pray tell me are there any advantages in the sea-water being of this quality?

Porum-anundo. Yes, many: were it not of this nature, it would become putrid, and send forth unwholesome vapours, like the water of old and neglected tanks. In consequence, the fishes that are in the sea would soon die. Another advantage is, that salt water can bear a heavy burthen, so that a vessel laden to the watermark will float in the sea, whereas in fresh water it would immediately sink.

আছে ও যে প্রায় স্থলেতে ঘেরা তাহার নাম সাগর, ঐ সাগর কিছু ছোট হইলে তাহাকে উপসাগর বলে, এতদ্ভিন্ন আরও অতি বড়ং যে হ্রদ সকল আছে, তাহাকেও সাগর বলা যায়. আশিয়ার মধ্যে সেই প্রকার তিন সাগর আছে, ইংরাজী ভাষায় ঐ তিনের নাম এইং, কাস্পিয়ন্, এবং আরাল, ও বাইকাল. এই কাস্পিয়ন্ সাগর হিন্দুস্থানের উত্তর পশ্চিমাংশে আছে, সে লম্বায় ৩০০ ক্রোশ, এবং চৌড়ায় কোন খানে ৮০ ক্রোশের কম নয়, এবং ১৬০ ক্রোশের অধিক নয়, তাহার সঙ্গে অনেক নদনদীর মিলন আছে. এই কাস্পিয়ন্ সাগরের পূর্ব্বদিকে ১০০ ক্রোশান্তে আরাল সাগর, সে দীর্ঘে ২০০ ক্রোশ, এবং চৌড়া ৬০ ক্রোশ, ইহাতে অনেক নদী আসিয়া মিলিয়াছে. বাইকাল সাগর শিবির-দেশে আছে, সে লম্বা ৩০০ ক্রোশ, চৌড়া ৩২ ক্রোশের অধিক নয়.

নিত্যানন্দ. ভাল এ সকল সমুদ্রের জল কি প্রকার?

পরমানন্দ. সমুদ্রের জল এমনি লোণা যে এক সের জল জ্বাল দিলে আদপোয়া লবণ পাওয়া যায়.

নিত্যানন্দ. ভাল; একটা কথা জিজ্ঞাসা করি, সাগরের জল যে লোণা ইহাতে কি উপকার হয়?

পরমানন্দ. ইহাতে অনেকং উপকার দর্শে, যদি সাগরের জল এমন লোণা না হইত তবে অন্ধ পুষ্করিণীর জলের মত সকল জলই পচিয়া দুর্গন্ধ হইত, আর জলের যত মৎস্য তাহা অতিশীঘ্র মরিয়া যাইত. আর লোণা জলে অধিক ভার সহে, অর্থাৎ লোণা জলেতে একখানি নৌকার ডালি সমান বোঝাই দিলে, সে নৌকা স্বচ্ছন্দে চলিতে পারে, কিন্তু মিঠানি জলে তেমন করিয়া লইয়া যাইতে হইলে দশ হাত না যাইতেং অমনি হঠাৎ ডুবিয়া পড়ে; কেননা মিঠানি

The reason is, fresh water is of less substance, and therefore can bear less weight. You will perceive this, if you make the experiment: for instance, throw an egg into fresh water, and it will go to the bottom; but if you mix the water with salt, it will swim.

Nityo-anundo. Well, now please to explain to me the advantage of so great a portion of the globe being composed of water.

Porum-anundo. One advantage is, that these waters, being exhaled, or drawn upwards, by the rays of the sun, become clouds. These clouds are driven by the wind, and pour their rain upon the different countries of the earth: again, they are impeded in their course by mountains; consequently, rain and dew descending on these mountains in greater quantities, occasion the springing forth of rivulets, which, uniting into rivers, the whole country is benefited. Observe further, it is by means of the sea that we become acquainted with distant countries, that commerce and intercourse exist between different nations, and that, in various ways, mankind are enabled mutually to assist each other.

Nityo-anundo. I am fully satisfied by what you have advanced, and readily acknowledge how greatly I was mistaken. I now perceive that God is infinitely more wise than man. I would inquire next, what do you mean by a bay?

Porum-anundo. A bay is, as it were, a small sea, proceeding from and joined to the main sea, or ocean, and having

জল তরল এ জন্যে বড় ভার সহিতে পারে না; ইহার এই একটা পুত্যক্ষ পমাণ বলি শুন, যে মিঠানি জলে কোন একটা পক্ষির ডিম্ব ফেলিয়া দেখ, অমনি শীঘ্র ডুবিয়া যাইবে, আর সেই জলেতে খানিক লবণ মিশাইয়া সেই ডিম্ব ফেলিয়া দেখ, কখন ডুবিবে না, ভাসিবে.

নিত্যানন্দ . ভাল পৃথিবী মণ্ডলের যে এত ভাগ জল ইহাতেই-বা কি উপকার? তাহা আমাকে বুঝাইয়া দেও.

পরমানন্দ. ইহাতে উপকার এই, তাহারি কতক জল সূর্য্য তেজে ঊর্দ্ধ আকৃষ্ট হইয়া মেঘের সৃষ্টি হয়, সেই মেঘ বায়ুতে চালন করিয়া নিয়া নানা স্থানে ফেলে, তাহাতে সর্ব্ব দেশে বৃষ্টি হয়. আর যখন বাতাসে মেঘ উড়াইয়া লইয়া যায়, তখন পর্ব্বত সকল উচ্চ এই জন্যে মেঘ গিয়া তাহাতে বদ্ধ হয়; সেই নিমিত্তে পর্ব্বতে বৃষ্টি অধিক হয়, ও শিশির অধিক পড়ে সেই বৃষ্টির জলেতে পর্ব্বত হইতে নদী বাহির হয়, ক্রমেতে নদী সকলের বৃদ্ধি হওয়াতে খাল সকল পূরিয়া উঠে, তাহাতে জীব সকলের উপকারের সীমা নাই. আরও দেখ, সাগরের উপর দিয়া যাতায়াত থাকাতে, অশেষ বিশেষে সকলদেশের বৃত্তান্ত জানাযায়, ও তাহাতে নানা বাণিজ্য চলে. এ রূপ অনেক পুকারে লোকেরদের অনেকং উপকার হয়.

নিত্যানন্দ . ও হে ভাই, তুমি যে পুকার বুঝাইলা ইহাতে চরিতার্থ হইলাম. আর পূর্ব্বে যে আমার যথেষ্ট অবিবেচনা ছিল তাহাও মাতায় করিয়া মানিয়া লইলাম. আহা ঈশ্বরের বুদ্ধিতে আর মানুষের বুদ্ধিতে যে কত অন্তর তাহাও এখন বুঝিতে পারিলাম. এখন জিজ্ঞাসা করি অখাত কাহাকে বলে?

পরমানন্দ . মহাসাগর হইতে নির্গত এবং প্রায় উপসাগরের সমান, আর তাহার মুখ ও বড় ফলাও, এমন যে কোন পুবল

a wide entrance. The principal bay in the east is the Bay of Bengal, which joins with the Indian Ocean; its length north and south being one thousand kros, and its width from east to west in some parts twelve hundred kros. The ships which come to Calcutta pass through this bay. In their way out, those that are bound to China go to the left eastward; whilst those going to Europe pass to the right, and proceed westward. This bay forms the boundary of Hindoostan on the south and west. To the north is Bengal, to the west Madras, and on the south-west corner is the Island of Ceylon. The Ganges, Brumho-pootro, Godabri, Krishna, with several other smaller rivers, run into this bay.

Nityo-anundo. Well, now have the goodness to inform me respecting lakes.

Porum-anundo. A lake is a piece of water surrounded by land, and consequently not connected with the sea; similar, indeed, to a large tank, only that it is not cut by man. In North America are several very large lakes, the chief of which is Lake Superior. A person, in going round this lake, must travel fourteen hundred kros. Adjoining to this, and nearly equal in size, are two other very considerable lakes. Besides these three principal lakes there are two others; the name of the one is Ontario, of the other Huron Lake. The territory to the north of these belongs to the English, that on the south to the Americans. Mankind derive much benefit from lakes. In very cold countries, the mists which arise from their surface tend to warm the atmosphere; and again, in hot climates, these mists produce clouds, which water the land, and render it fruitful.

খাল বিশেষ তাহাকে অখাত বলে. ভারতবর্ষে যেং অখাত আছে, তাহার মধ্যে বাঙ্গালার অখাত প্রধান, সে দক্ষিণ উত্তরে লম্বা সহস্র ক্রোশ, এবং পূর্ব্ব পশ্চিমে চৌড়া কোনখানে বারশত ক্রোশ; ইণ্ডিয়ন মহাসাগরের সঙ্গে তাহার সংযোগ আছে; ঐ অখাত দিয়া সকল জাহাজ কলিকাতায় যাতায়াত করে, আর যে সকল জাহাজ চীন দেশে যায় তাহারা ঐ অখাত ছাড়িয়া বামদিকে পূর্ব্বমুখে যায়. ঐ অখাত হিন্দুস্থানের দক্ষিণ পশ্চিম সীমা; তাহার উত্তরে বঙ্গ দেশ এবং পশ্চিমে মান্দরাজ, দক্ষিণ পশ্চিম কোণে লঙ্কা দ্বীপ; আর গঙ্গা ব্রহ্মপুত্র গোদাবরী কৃষ্ণা ও অন্যং অনেক ক্ষুদ্র নদ আসিয়া ঐ অখাতে পড়ে.

নিত্যানন্দ. ভাল তবে এইক্ষণে হ্রদের বিষয় বল শুনি.

পরমানন্দ. যে জল চতুর্দ্দিকে স্থলেতে ঘেরা এবং যাহার সঙ্গে সমুদ্রের যোগ না থাকে, তাহাকে হ্রদ বলে; সে সরোবরের মত, কিন্তু মানুষের কাটা নয়. উত্তর আমেরিকাতে বড়ং অনেক হ্রদ আছে; তাহার মধ্যে সুপীরিয়র নামে প্রধান এক হ্রদ আছে; তাহাকে একবার বেষ্টন করিয়া আসিতে হইলে ১৪০০ ক্রোশ ঘুরিয়া আসিতে হয়; এবং তাহার সঙ্গে আরও দুই হ্রদ প্রায় সংলগ্ন আছে; সে দুই হ্রদ ও সামান্য নয়, প্রায় ঐ সুপীরিয়র হ্রদের সমান, তথাতে এই তিনটা ছাড়া আরও দুইটা হ্রদ আছে; তাহারি মধ্যে একের নাম অন্তেরিও, অন্যের নাম ইরি-হ্রদ; এই দুই হ্রদের উত্তর অঞ্চলে ইংরাজের অধিকার, দক্ষিণ মারাকার অধিকার. হ্রদ মানুষের পক্ষে বড় উপকারক; কারণ হিম প্রধানক দেশে হ্রদের উপর দিয়া ধূমাকার যে বাষ্প নির্গত হয়, সে কিছু উষ্ণ, তাহার উষ্ণতাতে হিমের কিছু হ্রাস হয়, এবং গ্রীষ্ম প্রধানক দেশে তাহার উপর দিয়া যে বাষ্প উঠে, তাহাতে মেঘ জন্মিয়া বৃষ্টি বর্ষণ করে, সেই বৃষ্টিতে যথেষ্ট শস্য জন্মে.

Nityo-anundo. Pray what do you mean by a strait?

Porum-anundo. By a strait is to be understood a narrow part of the sea, by which two seas are joined together. The strait which separates Asia from America appears remarkable; since, towards the south, the two countries are seventeen thousand kros apart; in other places, the distance between them does not exceed thirty-four kros. The reason is, that America from the east, and Asia from the west, by degrees approach to each other, as they extend northward. This strait was first discovered by Mr. Behring in the year 1728; but little was known respecting it, till, fifty years ago, it was explored by Captain Cook, who gave to it the name of Behring's Straits.

Nityo-anundo. Well, now please to give me an account of rivers.

Porum-anundo. By a river is meant a stream of water, which, issuing from any part of the country, falls into a lake or into the sea: smaller streams which join it in its course, are called rivulets. The principal rivers of Asia are the following: in China, the Kianku, and the Hoanho; and in Tartary, the Lina, the Janesee, and the Ob, which exceed in size the Ganges and Brumho-pootro. In America also are some very considerable rivers, which have their source nearly in the same spot; the smallest of them being not less than eighteen hundred kros in length. But the chief of all is the river Amazon, which, after passing two thousand one hundred kros, falls into the sea.

নিত্যানন্দ. মোহানা কাহাকে বলে?

পরমানন্দ. পরিসরেতে কিছু খাট এবং যাহার দ্বারা এক সাগর অন্য সাগরের সঙ্গে মিলে, তাহাকে মোহানা বলে. যে মোহানার ব্যবধানেতে আশিয়া ও আমেরিকা ভিন্ন২ হইয়া আছে, সে বড় আশ্চর্য্য; কেননা আশিয়া ও আমেরিকাতে দক্ষিণ অঞ্চলে ১৭০০০ ক্রোশ অন্তর, আরবার ঐ মোহানার কোন খানে এমন যে ঐ দুই দেশেতে কেবল ৩৪ ক্রোশ অন্তর; ইহার কারণ এই আমেরিকা দেশ পূর্ব্ব হইতে আর আশিয়া দেশ পশ্চিম হইতে ক্রমেতে উত্তরে বেঁকিয়া গিয়াছে. ইংরাজী ১৭২৮ শালে দিনামার বেরিং সাহেব প্রথমে ইহা জ্ঞাত হইয়াছিলেন, কিন্তু কাপ্তেন কুক্ সাহেব যাবত্ সেখানে না গিয়াছিলেন, তাবৎ সেখানকার বিষয় কেহ কিছু স্থির করিতে পারেন নাই; ৫০ বৎসর হইল ঐ কাপ্তেন কুক্ সাহেব অনেক অনুসন্ধান করিয়া ঐ মোহানার সবিশেষ তাবত্ বৃত্তান্ত অবগত হইয়া তাহার নাম বেরিং মোহানা রাখিয়াছেন.

নিত্যানন্দ. ভাল মোহানার বৃত্তান্ত শুনিলাম, এইক্ষণে নদীর বিবরণ কিছু২ প্রকাশ করিয়া বল.

পরমানন্দ. তবে তাহাও কিছু শুন. যে স্রোতের জল কোনো দেশহইতে আসিয়া হ্রদে কিম্বা সমুদ্রে পড়ে, তাহার নাম নদী, আর যে জল ঐ নদীতে আসিয়া লয় পায় তাহাকে বলে উপনদী. আশিয়া দেশের মধ্যে এই সকল প্রধান নদী; চীনদেশে কিয়াঙ্গু ও হোয়ানহো. আর তাতার দেশে লীনা, ও য়েনিসী ও অব. এ সকল নদী গঙ্গা ও ব্রহ্মপুত্রহইতে বড়. আমেরিকাতে ও আর চারিটা প্রধান নদী আছে; সে কএকটাই প্রায় একঠাই হইতে বাহির হইয়াছে; এবং ঐ সকল নদীর মধ্যে কোন নদী এমন নাই যে ১৮০০শত ক্রোশ লম্বা নয়, কিন্তু আমাজন নামে যে নদী সে সর্ব্বাপেক্ষায় প্রধান, কেননা যেখান হইতে বাহির হইয়াছে সেখান হইতে গিয়া মহাসাগরে মিলিয়াছে, সে ২১০০ ক্রোশ.

LESSON III.

Of the Land.

Nityo-anundo. Your account of the different seas, &c. has afforded me much satisfaction. Be pleased now to give me some particulars concerning the land.

Porum-anundo. The land consists of Continents, Islands, Peninsulas, &c.

Nityo-anundo. What is a continent?

Porum-anundo. A large portion of land not divided by any sea, is termed a continent. On the globe are two great continents, one of which is denominated the Old, the other the New. Europe, Asia, and Africa, form the old continent; the new is called America.

Nityo-anundo. Well, but why are those two continents called Old and New?

Porum-anundo. I will tell you. The nations which inhabit the first have from the beginning more or less held intercourse with each other; it is therefore called the old continent. The reason why the latter is called new is this. In the year 1670, a native of Genoa, named Columbus, going upon a voyage of discovery, first made known this continent to the rest of the world, who before this had not seen or heard of it; therefore it is called new.

৩পাঠ.

পৃথিবীর স্থলের বিবরণ.

নিত্যানন্দ. ওহে ভাই, সাগর ইত্যাদি জলের বিবরণ কথা শুনিয়া পরম তুষ্ট হইলাম, এই ক্ষণে স্থলের বিষয় কিছু বল শুনি.

পরমানন্দ. তবে বলি শুন, তাহার বিশেষ২ নাম এই২, মহা দ্বীপ, দ্বীপ, প্রায়দ্বীপ ইত্যাদি.

নিত্যানন্দ. মহাদ্বীপ কাহাকে বলে?

পরমানন্দ. যে স্থলেতে অনেক২ দেশ থাকে এবং মধ্যখানে সমুদ্র ব্যবধান না থাকে, তাহার নাম মহাদ্বীপ. এই পৃথিবী মণ্ডলেতে দুই মহাদ্বীপ আছে; তাহার একের নাম পুরাতন মহা. দ্বীপ, ও দ্বিতীয়ের নাম নূতন মহাদ্বীপ; ইহার মধ্যে পুরাতন মহাদ্বীপে ইউরপ ও আশিয়া ওআফ্রিকা এই তিন খণ্ড আছে, আর নূতন মহাদ্বীপে কেবল আমেরিকা দেশ আছে.

নিত্যানন্দ. ভাল ঐ যে দুইটা মহাদ্বীপের বিবরণ বলিলেন, ইহার মধ্যে পুরাতন ও নূতন এমন বিশেষ নাম কেন?

পরমানন্দ. ইহার কারণ শুন, ঐ প্রথম মহাদ্বীপস্থ লোকেরদেরই পূর্ব্বাপর পরস্পর জানা শুনা ছিল, এবং ব্যবসায় বাণিজ্য চলিত, অতএব সে দ্বীপ পুরাতন হইয়াছে. আর দ্বিতীয় মহাদ্বীপের নাম যে নূতন মহাদ্বীপ, তাহার বীজ এই; ইংরাজী ১৩৭০ সালে জিনোআ দেশের কলম্বস নামে ইউরপীয় একব্যক্তি অনুমান দ্বারা স্থির করিয়া প্রথমে ঐ মহাদ্বীপের সন্ধান প্রকাশ করিয়াছিলেন, কিন্তু ইহার পূর্ব্বে সে দ্বীপ কেহ দেখে নাই এবং জানিত না, সুতরাং তদ্দ্বীপস্থ লোকেরদের সঙ্গে বাণিজ্যাদি ও ছিল না, এই জন্যে ঐ দ্বীপের নাম নূতন মহাদ্বীপ হইল.

Nityo-anundo. And what is an island?

Porum-anundo. An island is a portion of land surrounded by water, such as England, Ceylon, &c. Besides these larger islands there are a vast number of small islands. Some of both of these kinds were formed at the time of the creation; and since that period, many have been produced by earthquakes; but a far greater number of small islands have been formed by insects. These insects are almost inconceivably small, yet how surprising is their power! by little and little they raise up hills, or rather mountains in the midst of the sea! Arriving at the surface of the water, they begin to extend their work on every side, which to the eye of the spectator has the appearance of a flower-garden, but to the touch is as hard as a rock. These rocks are called coral. Having risen above the water, the birds light upon them, and deposit the seeds of various fruits, which spring up, and produce trees. The trees becoming large, cast their seeds, which again take root, till at length the island becomes covered with wood. Nearly the whole of the islands found in the Pacific Ocean have their origin in this manner.

Nityo-anundo. This is indeed remarkable. How wonderful are the works of God! That which a lac of men would

নিত্যানন্দ. তবে দ্বীপ কাহাকে বলা যাইবে ?

পরমানন্দ. পৃথিবীর যে স্থলভাগ চারিদিকে জলেতে বেষ্টিত আছে, তাহার নাম দ্বীপ; যেমন ইংগ্লণ্ড ও লঙ্কা ইত্যাদি; এমত ছাড়া আর যে সকল ছোটং দ্বীপ আছে তাহাকে উপদ্বীপ বলে. জগত্ সৃষ্টি সময়ে কতকগুলি দ্বীপ ও উপদ্বীপের সৃষ্টি হইয়াছিল; কিন্তু তাহার পরও মহাসাগরেতে ভূমি কম্পদ্বারা অল্প এবং কীট দ্বারা অনেক উপদ্বীপের সৃষ্টি হইয়াছে; সেই যে কীট গুলি দেখিতে অতি ক্ষুদ্রং, কিন্তু তাহারদের শক্তির বিষয় আর কি বলিব, সমুদ্রের মধ্যে থাকিয়া জলের নীচে অবধি আরম্ভ করিয়া উপরে যতদূর পর্য্যন্ত জল পায় ততদূর পর্য্যন্ত পর্ব্বতাকার উচ্চ ঢিবি করিয়া তোলে, তাহার পর যখন আর উপরে জল না পায়, তখন ঐ ঢিবিকে বিস্তারিত করিতে থাকে, ঐ কীট যে ঢিবি বানায় তাহার গড়ন ঠিক যেন ফুল বাগীচার ন্যায় লোকেরদের দৃষ্টি গোচর হয়; আর ক্রমেতে পাতরের ন্যায় শক্ত হইয়া উঠিতে থাকে, তাহার নাম লোকে করাল বলে. ঐ ঢিবি জলের সঙ্গে সমান হইয়া উঠিলে সমুদ্রচর পক্ষি সকল গিয়া তাহার উপরে বসে, এবং মলত্যাগ করে, সেই মলের সঙ্গে নানা জাতীয় ফলের বীজ পড়ে, সেই বীজেতে ঐ স্থানে নানাবিধ গাছ জন্মে; ঐ সকল গাছ বড় হইয়া আরবার তাহার অনেকং বীজ পড়িয়া ক্রমেতে যথেষ্ট গাছ পালা হইয়া উঠে, এই রূপে গাছেতে ঐ দ্বীপ পরিপূর্ণ হইয়া উঠে. পাসিফিক্ নামে মহাসমুদ্র মধ্যে যেং উপদ্বীপ আছে, সে সকলপ্রায় ঐ কীটেতে নির্ম্মাণ করিয়াছে.

নিত্যানন্দ. ওহে ভাই, তুমি যে কথা বলিলা তাহা শুনিয়া বড় আশ্চর্য্য বোধ হইল, আহা ঈশ্বরের কর্ম্ম কিবা চমত্কার, দেখ

in vain endeavour to accomplish, we behold effected by an insect! I would now inquire, what is meant by a peninsula?

Porum-anundo. A tract of land, which, being not entirely surrounded by water, is joined to an island or continent, is denominated a peninsula. In India is one called Malacca. The principal town built upon it is also called by that name.

Nityo-anundo. Well, if there be any thing further to be added on this subject, please to proceed.

Porum-anundo. There remains something more: attend, and I will tell you. A piece of land proceeding from a continent or island, and which projects far into the sea, becoming more and more narrow, is termed a cape, such as Cape Comorin in the south of Hindoostan; but the most celebrated cape in the world is situated in Africa, to the west of Bengal, and is called in the English language the Cape of Good Hope. All the European vessels which you see at Calcutta double this cape in their way to the east. Formerly the European merchants, not being acquainted with this track in trading with this country, used to pass by way of the Arabian and Persian seas. The passage by the Cape, which was first discovered by the Portuguese in the year 1497, has now become the established course.

দিখি, লক্ষ২ মানুষের যে কর্ম্ম করিবার শক্তি নাই, কতকগুলি কীটেতে সে কর্ম্ম করে, এ কি আশ্চর্য্য ব্যাপার! ভাল তবে আর এক টা কথা জিজ্ঞাসা করি প্রায়দ্বীপ কাহাকে বলে?

পরমানন্দ. যে দ্বীপ জলেতে প্রায় বেষ্টিত থাকে, কিন্তু মহা. দ্বীপ কিম্বা দ্বীপের সঙ্গে কিঞ্চিৎ অংশে সংযুক্ত থাকে, তাহার নাম প্রায়দ্বীপ. ভারতবর্ষের মধ্যে কেবল একটা বড় প্রায়দ্বীপ আছে, তাহার নাম মালাকা প্রায়দ্বীপ; সেখানে মালাকা নামে একটা প্রধান নগর আছে.

নিত্যানন্দ. ভাল ভাই, পৃথিবীর আরও যদি কোন ভাগের বিষয় থাকে, তবে অনুগ্রহ পূর্ব্বক তাহাও বিশেষ করিয়া বলিতে আজ্ঞা হউক.

পরমানন্দ. আর ও আছে, বলিতেছি, স্থির হইয়া শুন. মহাদ্বীপাদি হইতে বাহির হইয়া যে ভূমি খণ্ড সমুদ্রাদির মধ্যে বহুদূর পর্য্যন্ত গিয়াছে, এবং ক্রমে২ কম পরিসর হইয়া আছে, তাহার নাম অন্তরীপ. যেমন হিন্দুস্থানের দক্ষিণে কুমারিকা অন্তরীপ, যাহার নাম কুমারিকা খণ্ড; পৃথিবীতে যত অন্তরীপ আছে, তাহার মধ্যে বাঙ্গালার পশ্চিম আফ্রিকা দেশে অতি প্রসিদ্ধ একটা অন্তরীপ আছে, ইংরাজী ভাষায় যাহাকে কেপ্ বলে. এই যত জাহাজ আইসে দেখিতে পাও, সে সকল ঐ অন্তরীপ ঘুরিয়া ইংলণ্ড হইতে বাঙ্গালায় আইসে. পূর্ব্বে ইউরপীয় নাবিকেরা ঐ অন্তরীপের পথ জ্ঞাত না হওয়াতে পারশ্য ও আরবের উপসাগর বাহিয়া আগমন করিয়া আশিয়া দেশস্থ লোকেরদের সঙ্গে বাণিজ্যাদি করিত; কিন্তু ৩২০ বত্সর হইল, প্রথমে পোর্ত্তুগীশেরা তাহার সন্ধান বাহির করিয়াছিল; তদনন্তর তাবত্ ইউরপীয়েরাই জানিতে পাইলেন, এবং ঐ পথে যাতায়াত করিতে লাগিলেন.

Nityo-anundo. Bisides these, is there any other division of land?

Porum-anundo. There is, namely, an isthmus, or narrow neck of land, by which two main lands are joined together, its shape being similar to that of a causeway: for instance, the isthmus by which Africa is joined to Asia and Europe, so that the three form one continent. Were it not for this isthmus, Africa would be separated from the other two, since, excepting in this place, it is surrounded by the sea. This isthmus, which in breadth does not exceed fifty kros, forms a division between the Mediterranean and Arabian seas. In order to effect a junction of these two seas, several attempts have been made to cut through the isthmus; in particular, one of the kings of Egypt employed for this purpose a lac of men, who died without having succeeded in their object. Were a passage made, the advantage would be great. However, the matter appears improbable; for such is the nature of the soil, that no sooner is a way cut, than the sand driven by the wind again fills up the space.

নিত্যানন্দ. এগুলা ছাড়া আর কোন ভূমিখণ্ড বিশেষ আছে?

পরমানন্দ. আছে তাহার একটার বিবরণ বলি শুন. জাঙ্গালের ন্যায় অল্প পরিসর ভূখণ্ডেতে দুই দ্বীপের দুই মুড়া যদি সংযুক্ত থাকে, তবে সেই জাঙ্গালের ন্যায়ভূমিখণ্ডকে ডমরু মধ্য বলে, যে মহাদ্বীপে ইউরপ ও আশিয়া দেশ আছে; সেই মহাদ্বীপেতে আফ্রিকা দেশ ও আছে, কিন্তু ইহারদের মধ্যখানে আফ্রিকার মিলন করায়, এমন একটা ডমরুমধ্য আছে, এই হেতুক ঐ তিন দেশকে এক মহাদ্বীপে গণা যায়. যদি ঐ ডমরুমধ্য না থাকিত, তবে আফ্রিকা ভিন্ন এক মহাদ্বীপ হইত; কারণ আফ্রিকার আর চারিদিক্ সমুদ্রে বেষ্টিত আছে. ঐ ডমরুমধ্য কেবল পঞ্চাশ ক্রোশ পরিসর, এবং সে ইউরপ ও আফ্রিকার মধ্যস্থিত সাগর হইতে আরবের সাগরকে পৃথক্ করিয়া রাখিয়াছে; ঐ ডমরুমধ্যকে কাটিয়া ঐ দুই সাগরকে একত্র করিবার জন্যে অনেকে চেষ্টা করিয়াছিল, এবং মিসরদেশের এক রাজার আজ্ঞাতে এক লক্ষ লোক আসিয়া ঐ স্থান কাটিতে আরম্ভ করিয়া কাটিতেং মরিয়া গিয়াছে; যদি ঐ ডমরুমধ্যটা কাটা যাইত, তবে অনেকের অতি সুগম হইত; বোধ হয় ওটা বুঝি কাটা যায় না, কেন না সে বালুকাময় ভূমি; যত দূর কাটিয়া প্রস্তুত করে বাতাসে বালি উড়িয়া পুনর্ব্বার অতিশীঘ্র ততদূর পূরিয়া উঠে.

LESSON IV.

Of the four Quarters of the Globe.

Nityo-anundo. I now beg leave to inquire, into how many parts is the globe divided ?

Porum-anundo. There are four divisions, called in the English language, Europe, Asia, Africa, and America. It has already been observed that the three former compose one continent: the last is a continent by itself.

Nityo-anundo. Well, are these four parts equal in size ?

Porum-anundo. No, there is a difference. Reckoning the whole as a total of sixteen, Europe will be two parts, Asia five parts, Africa three and a half parts, America five and a half parts. The population of Europe and Asia is thirteen times greater than that of Africa and America, which may be accounted for thus. The soil of Africa is exceedingly barren, and therefore the inhabitants are few. And America is separated by the sea; consequently men could not easily emigrate thither from other countries.

Nityo-anundo. I would now inquire, what is the total number of inhabitants in the four parts ?

Porum-anundo. The total number is supposed to be about 700,000,000. In Asia, say 500,000,000; Africa 30,000,000; America 20,000,000; Europe 150,000,000; making the population of the globe to consist of 700,000,000.

৪ পাঠ.

পৃথিবীর চারিখণ্ডের বিবরণ.

নিত্যানন্দ. ওহে ভাই পরমানন্দ, এইক্ষণে তোমাকে এই জিজ্ঞাসা করি, যে পৃথিবীর কয় ভাগ আছে?

পরমানন্দ. পৃথিবীর চারিভাগ আছে; ইংরাজী ভাষাতে ঐ সকল ভাগের নাম এইং, ১ ইউরপ, ২ আশিয়া, ৩ আফ্রিকা, ৪ আমেরিকা, পূর্ব্বে কহাগিয়াছে, যে প্রথম তিনটাতে এক মহাদ্বীপ; আর চতুর্থ আমেরিকা সে স্বতন্ত্র এক মহাদ্বীপ.

নিত্যানন্দ. ভাল ঐ প্রত্যেক ভাগেতে স্থান কি সমান?

পরমানন্দ. না সমান হইবে কেন? ইতর বিশেষ আছে তাহা বলি শুন, ইউরপ যে এক ভাগ সে ষোল আনার মধ্যে দুই আনা; আশিয়া পাঁচ আনা আফ্রিকা সাড়ে তিন আনা: আমেরিকা সাড়ে পাঁচ আনা; কিন্তু ইউরপ ও আশিয়াতে আফ্রিকা ও আমেরিকা হইতে তের গুণ লোক অধিক ইহার বীজ এই, অনুমানে বুঝাযায় যে আফ্রিকা দেশ প্রায় বালুকাময় প্রযুক্ত তথাতে শস্য অল্প জন্মে; এ লোক সংখ্যা কম. আর ইউরপ আসিয়া আফ্রিকা হইতে আমেরিকা এক সমুদ্র পারে, এ জন্যে সহজে সেখানে লোকের যাইবার যোত্র ছিল না, সুতরাং লোক অল্প.

নিত্যানন্দ. এখন জিজ্ঞাসা করি, সমুদয় ভাগে কত লোক আছে?

পরমানন্দ. অনুমান হয় পৃথিবীতে সমুদয়ে সাত অর্ব্বুদ অর্থাৎ সত্তর কোটি লোক আছে, তাহার বিশেষ এই; আশিয়াতে পঞ্চাশ কোটি, আফ্রিকায় তিন কোটি, আমেরিকায় দুই কোটি, ইউরপে পোনের কোটি; এই সংখ্যানুসার সমুদয়েতে পৃথিবীর মধ্যে সাত অর্ব্বুদ লোক আছে.

Nityo-anundo. Permit me to ask, is the number of those that die the same with that of those that are born?

Porum-anundo. The Creator has so ordered it, that the number of births and the number of deaths are nearly equal. In this country we can hardly ascertain this. But in England, by order of the king, a register is kept, by means of which we may infer their equality. Moreover, were the inhabitants of the globe three times more numerous than at present, the productions of the earth would suffice for their subsistence.

Nityo-anundo. I would now inquire further, are men and women born in equal numbers?

Porum-anundo. The proportion is rather in favour of the men; on an average, say 26 men, and 25 women: nevertheless, from various causes, the numbers ultimately become equal.

Nityo-anundo. I feel much gratified by the account you have given me of the different divisions of the earth, its inhabitants, &c. Have the goodness to inform me next as to their religion.

Porum-anundo. There are in the world four principal sects; viz. 1st, Jews; 2nd, Christians; 3rd, Mahometans; 4th, Idolaters. The Jews acknowledge as their shastre that part of the Bible called the Old Testament, Christians the whole Bible. The Musulmans regard the Koran.—Idolaters are those who worship idols, of which there are many different classes: 1st, the Bhooddists, who worship Bhoodda. In Ceylon he is wor-

নিত্যানন্দ, ভাল, এখন একটি কথা জিজ্ঞাসা করি, মনুষ্যের জন্ম মৃত্যু সমান কিনা? অর্থাত্ যতমরে ততই কি জন্মে?

পরমানন্দ. পরমেশ্বরের ইচ্ছায় মনুষ্যের জন্ম মৃত্যু প্রায় সমান; এদেশেতে ইহার বড় একটা প্রমাণ পাওয়া যায় না; কিন্তু ইংগ্লণ্ড দেশে রাজাজ্ঞাতে লোকে, বত্সরের মধ্যে কতলোক মরে ও কত বা জন্মে ইহার একখানা হিসাব রাখিয়া থাকে, এই জন্যে নিশ্চয় পাওয়া যায়; সেই দৃষ্টান্তে জানা যায় যে পৃথিবীর লোকের জন্ম মৃত্যু প্রায় সমান; আর যতলোক এই পৃথিবীর আছে, ইহার তিনগুণ অধিক হইলেও তাহারদিগের আহারাদি স্বচ্ছন্দে চলিতে পারে, এত সামগ্রী এই পৃথিবীতে জন্মিতে পারে.

নিত্যানন্দ. ভাল, আর একটা কথা জিজ্ঞাসা করি, স্ত্রীলোক ও পুরুষ এদুই কি সমান জন্মে?

পরমানন্দ. স্ত্রীলোক অপেক্ষায় পুরুষ কিছু অধিক জন্মে, অর্থাত্ স্ত্রী পুরুষ সাধারণ ধরিতে গেলে ২৫ জনের মধ্যে এক জন পুরুষ বাড়া হয়, তথাপি এ জগতে স্ত্রীপুরুষ ক্রমেং সমান হইয়া উঠে.

নিত্যানন্দ. ওহে ভাই, পৃথিবীর খণ্ডং ভাগ আর লোক সংখ্যার কথা শুনিয়া আপ্যায়িত হইলাম, এক্ষণে ঐ সকল লোক কোনং মতে চলে, অনুগ্রহ করিয়া তাহা কিছু বল, দেখি শুনি.

পরমানন্দ. তবে অবধান কর; এই পৃথিবীতে প্রধান চারিমত আছে সে এইং, ১ য়িহূদী ২ খ্রীষ্টিয়ান, ৩ মুসলমান ৪ দেব পূজক. য়িহূদীরা বাইবেল শাস্ত্রের আদি পুস্তক মানে. খ্রীষ্টিয়ানেরা সমুদয় বাইবেল শাস্ত্রকে মানে. মোছলমানেরা কোরাণ শাস্ত্র মানে. দেবপূজকেরা দেবতাকে পূজা করে, তাহারদের অনেক মত আছে, প্রথম বৌদ্ধমত, সিংহলীয়েরা বুদ্ধ নামে এক দেবতার পূজা

shipped under the name Bhoodda. In the Birma empire under the name Godama. In China under that of Pho. In Japan by the name of Shaka. 2nd, The Hindoo mode of idolatry. The Hindoos worship many idols, male and female. 3rd, In China, Bhoot, Thibet, &c. many worship the Great Lama. 4th, In China, serveral worship Confucius. Besides these are various sects of idolaters and other pagans.

Nityo-anundo. Can you inform me as to the proportion of numbers belonging to the four classes of which you have spoken?

Porum-anundo. Their numbers may be estimated thus. Jews 3,000,000. Christians 190,000,000. Mahometans 60,000,000. Bhooddists 152,000,000. Hindoos 90,000,000. Followers of Confucius 30,000,000. Idolaters of other descriptions 100,000,000.

করে, ঐ বুদ্ধকে ব্রুহ্মদেশের লোকেরা গোদামা নামে ও চীন দেশী-য়েরা ফোনামে ও জাপানদেশীয়েরা শাখানামে পূজা করে. দ্বিতীয় হিন্দুরদের মত, হিন্দু লোকেরা নানাদেবদেবীর পূজা করে. তৃতীয় চীন ভোট তিব্বত প্রভৃতি দেশের কতক লোকেরা মহালামা নামে এক দেবতাকে পূজা করে. চতুর্থ চীনীয় কতক লোক কংফুসিসকে মানে; আর নানা দেশের লোক নানা দেবতার উপাসনা করে,

নিত্যানন্দ. এই যে সকল মতের কথা কহিলা, ইহার মধ্যে কোন মতাবলম্বী কত লোক? তাহার বিশেষ বল, দেখি শুনি?

পরমানন্দ. য়িহূদী মতাবলম্বী ত্রিশ লক্ষ লোক. খ্রীষ্ট মতাবলম্বী উনিশ কোটি লোক. মুসলমান মতাবলম্বী ছয়কোটি লোক. বৌদ্ধ মতাবলম্বী পোনর কোটি বিশ লক্ষ. হিন্দু মতাবলম্বী নয় কোটি লোক. কংফুসি মতাবলম্বী তিনকোটি লোক. অন্যং দেবপূজক মতাবলম্বী দশকোটি লোক.

LESSON V.

Of Asia.

Nityo-anundo. Be pleased now to inform me of some particulars relative to Asia.

Porum-anundo. Asia is the largest of the four quarters of the globe, its length being six thousand six hundred and twenty kros, its breadth four thousand six hundred and twenty. The population of Asia may be computed at nearly 500,000,000.

Nityo-anundo. What are the names of the principal ruling powers in Asia?

Porum-anundo. The nations that have the principal power in Asia, are the English, the Chinese, and the Russians. The Russian dominions are in the north; the English in the south; and the Chinese in the east. Besides these are the Turkish, Persian, and Birma empires, &c. &c.

Nityo-anundo. Can you describe the boundaries of Asia?

Porum-anundo. Asia is bounded on the north by the Frozen Ocean. On the south by the Indian Ocean. On the north-west by Europe, and on the south-west by Africa and the Arabian Sea. On the east, it is separated from America by the Pacific Ocean. In the south of Hindoostan, the cli-

৫ পাঠ.

আশিয়া দেশের বিবরণ.

নিত্যানন্দ. ওহে ভাই, আশিয়া দেশের বিশেষ বিবরণ কিছু শুনিতে বাঞ্ছা করি, এক্ষণে অনুগ্রহ করিয়া বল, দেখি শুনি.

পরমানন্দ. ভাল, তাহাও বলি শুন, পৃথিবীর ভূমি খণ্ডের মধ্যে আশিয়া খণ্ড বড়, সে লম্বে ছয়হাজার ছয়শত সত্তর ক্রোশ, পুস্থে চারিহাজার ছয়শত কুড়ি ক্রোশ. এই আশিয়াতে ন্যূনাধিক প্রায় পঞ্চাশকোটি লোক আছে.

নিত্যানন্দ. আশিয়া কোনং জাতির অধিকার ?

পরমানন্দ. রুষিয়ন ও ইংরাজ ও চীন, এই তিন দেশীয় লোকেতেই প্রায় আশিয়া দেশ অধিকার করিয়াছে; ইহার বিশেষ, উত্তর অঞ্চলে রুষিয়ানের অধিকার; দক্ষিণ অঞ্চলে ইংরাজের অধিকার; পূর্ব্ব অঞ্চলে চীনের অধিকার; এই তিন প্রধান অধিকার ছাড়া আরং যে সকল অধিকার আছে, তাহার মধ্যে তুরকী ও পারসি ও বর্ম্মারদের অধিকার ভারি.

নিত্যানন্দ. আশিয়ার সীমার চতুরস্র বলিতে পার ?

পরমানন্দ. বলিতে পারিবনা কেন বল ? তবে শুন; তাহার উত্তর সীমা হিম সমুদ্র; দক্ষিণ সীমা ভারত সমুদ্র; উত্তর পশ্চিম সীমা ইউরপের সীমানার লাগাও; দক্ষিণ পশ্চিম সীমা আফ্রিকার সীমানার লাগাও; পূর্ব্বসীমা পাসিফিক সাগর; ঐ সাগর আফ্রিকা আর আমেরিকার মধ্যখান দিয়া ভাঙ্গিয়া বাহির হইয়াছে. হিন্দুস্থানের দক্ষিণ ভাগ অতিশয় উত্তপ্ত, কিন্তু ইহার যত উত্তরে যাওয়া যায়, ততই শীত বোধ হইতে থাকে; আর হিমসাগরে

mate is very hot; but it is more temperate as we approach the northern and Frozen Ocean, in which are such immense mountains of ice that it cannot be navigated. If one of these heaps of ice, driven by the wind, were to strike against a vessel, she must immediately go to the bottom.

Nityo-anundo. What are the principal countries of Asia?

Porum-anundo. In Asia are many very extensive countries. On the north, extending from east to west, are the countries of Siberia and Tartary. In the west, Turkey, Persia, and Arabia. In the east, China. In the south, Hindoostan, Asam, Birma, Siam, &c. &c. In Asia also are several islands.

বরফ পড়িয়া এমনি পর্ব্বত প্রমাণ হইয়া জমিয়া থাকে, যে ঐ সাগরে জাহাজ যাইতে পারে না; কারণ, বাতাসে নিয়া গিয়া যদি জাহাজকে বরফের পর্ব্বতে ধাক্কা লাগায়, তবে তত্‌ক্ষণাত্‌ জাহাজ ভাঙ্গিয়া চূর্ণ হইয়া যায়

নিত্যানন্দ. আশিয়ার অন্তঃপাতি কোনং দেশ ?

পরমানন্দ. মধ্যে অনেকং প্রধান দেশ আছে, তাহার বিবরণ এই; উত্তরে পূর্ব্বহইতে পশ্চিম সীমা পর্য্যন্ত শিবির ও তাতার দেশ; তাহার পশ্চিম ভাগে তুরুস্ক ও আরব ও পারস্থ দেশ; তাহার পূর্ব্বভাগে চীন; তাহার দক্ষিণ ভাগে হিন্দুস্থান ও আসাম ও বর্ম্মা ও শ্যাম ইত্যাদি প্রধানং দেশ. এ সকল ছাড়া আশিয়ার মধ্যে আরো অনেকং দ্বীপ আছে.

LESSON VI.

Of Hindoostan.

Nityo-anundo. Will you be pleased now to give me a description of that part of Asia which is inhabited by the Hindoos, that is to say, Hindoostan.

Porum-anundo. Hindoostan is divided into two parts, north and south. Taking the Nurbuda river as the northern boundary of south Hindoostan, the sea will form its boundary on the east, south, and west, the southern extremity being Cape Comorin, adjoining to which is the Island of Ceylon. The northern division of Hindoostan is bounded on the north-west by the river Indus, beyond which is Bolochsthan and Persia. To the north and north-east is a celebrated chain of mountains, called the Humaloy. These mountains, forming an uneven line, extend from the country of Kashmeer to the south-east boundary of Aracan. To the east of Hindoostan is the Birman empire. In Bengal and in the Birman empire are Monipoor, Hirumba, and several tribes inhabiting the mountains, who in general follow the Hindoo customs. Within the boundaries before mentioned are the following countries. In the south, Orissa, Telinga, Draviru, Mysore, Travancore, Hydrabad, the Marhattas, Nagpoor, and Poona. In the north, Bengal, Mugud, or Behar, Benares, Bundelkhund, Bhugelkhund, Mitheela, or Tirhoot, Kospul, Muthoore, Huriana, the Dooab, Rohilkhund, Joypoor, Bicaneer, Joudpoor, the dominions of Scindia and Holkar, the Punjab, Malwa, Multan, Sindh, and Guzeerat. The length of Hindoostan,

৬ পাঠ.

হিন্দুস্থানের বিবরণ.

নিত্যানন্দ. ভাল, তবে এক্ষণে আশিয়ার অন্তঃপতি যেং দেশে হিন্দু লোকের বসতি অর্থাত্ হিন্দুস্থান, আগে তাহার বৃত্তান্ত কিছুং শুনিতে আকাঙ্খা আছে.

পরমানন্দ. ভাল. তাহা বলি, শুন. হিন্দুস্থানের খণ্ড হইয়াছে দুই, দক্ষিণ হিন্দুস্থান, ও উত্তর হিন্দুস্থান. দক্ষিণ হিন্দুস্থানের উত্তর সীমা যদি নর্ম্মদা নদী কল্পনা করা যায়, তবে তাহার পূর্ব্ব পশ্চিম দক্ষিণ ভাগে সমুদ্র. এবং দক্ষিণ ভাগের অন্তসীমায় কুমারী অন্তর্দ্বীপ, তাহারি নিকটে লঙ্কা কিনা সিংহল দ্বীপ. হিন্দুস্থানের উত্তর পশ্চিম ভাগে সিন্ধু নদী, ঐ সিন্ধু নদীর পশ্চিমে বলোচন স্থান, ও তাহার পশ্চিমাংশে পারসী দেশ. হিন্দুস্থানের উত্তর ও উত্তর পূর্ব্বভাগে হিমালয় নামে প্রসিদ্ধ পর্ব্বত শ্রেণী; ঐ পর্ব্বত শ্রেণী অল্প বক্র ভাবে কাশ্মীর দেশ হইতে, রেকান পর্য্যন্ত দক্ষিণ পূর্ব্বভাগে চলিয়া গিয়াছে. হিন্দুস্থানের পূর্ব্বভাগে ব্রহ্মদেশ; বাঙ্গালা আর ব্রহ্মদেশের মধ্যে মণিপুর, ও হিড়িম্ব এবং আরো নানা জাতীয় পর্ব্বতীয় লোক আছে; তাহারদের ও হিন্দুর ন্যায় ব্যবহার.

এই সকল সীমানার মধ্যে এই সকল দেশ আছে. দক্ষিণে উড়িস্যা, ও তৈলঙ্গ, ও দ্রাবিড়, ও মহীসুর, ও শ্রীবেদোর, ও হয়দরাবাদ, ও পুণ্যাগ্রামীয়, ও নাগপুরীয়, ও মহারাষ্ট্রদেশ. উত্তরে, বঙ্গ, ও মগধ, ও কাশী, ও বন্দেলখণ্ড, ও বঘেলখণ্ড, ও মিথিলা, ও কোশলা, ও মথুরা ও হরিয়াণা ও দোয়াব, ও রোহেলণ্ড, ও জয়পুর, ও বিকানিয়ার, ও যোধপুর, ও দৌলত রাওসিন্ধিয়া, ও যশোবন্ত-

from Cape Comorin to Benares, is 1776 kros; and its utmost breadth, from Sylhet to the Scindh country, 1600 kros.

Nityo-anundo. What may be the amount of the population of Hindoostan?

Porum-anundo. It may be rated at not less than 100,000,000. Reckoning the two castes of Joyn and Sheek as Hindoos, the proportion will be thus. Hindoos, twelve parts. Musulmans, three parts. Other tribes, one part.

Nityo-anundo. Which is the most populous part of Hindoostan?

Porum-anundo. Amongst the provinces of Hindoostan, that of Bengal, according to its size, is the most populous. In other parts of the country, the proportion of ground to the inhabitants is fifteen bighas to one person. In Bengal are 12,500,000 inhabitants, and somewhat more than 110,000,000 bighas of ground, which does not yield more than nine bighas to one person. By this it appears that the population is exceedingly numerous. In Bengal, the district of Burdwan has the greatest number of inhabitants, since it contains not less than 2,000,000, but not more than 6,000,000 bighas of ground; so that to one person would fall only three bighas: you perceive, therefore, that here the number of people, in proportion, is greatest.

Nityo-anundo. What are the languages spoken in Hindoostan?

Porum-anundo. The original language is the Sunscrit, and the Debnagur the original written character. From

রা, ও হোলকারের দেশ, ও পঞ্জাব, ও মালবা, ও মুলতান, ও সিন্ধু ও গুজরাট দেশ. হিন্দুস্থান দীর্ঘেতে কুমারী অন্তরীপ অবধি, কশ্মীর পর্য্যন্ত সতর শত চৌহত্তর ক্রোশ; এবং প্রস্থে, শ্রীহট্ট অবধি সিন্ধু দেশের করাচীবন্দর পর্য্যন্ত, ষোলশত ক্রোশ.

নিত্যানন্দ. হিন্দুস্থানেতে লোক কত গুলি হবে?

পরমানন্দ; অনুমান দশকোটি লোকের কম হইবে না; তাহার মধ্যে জৈন ও শিখ এই দুই জাতিকে যদি হিন্দুর মধ্যে গণা যায়, তবে হিন্দু বার আনা, আর মুসলমান তিন আনা, এবং পাহাড়িয়া ইত্যাদি এক আনা.

নিত্যানন্দ. হিন্দুস্থানের কোন দেশে লোক অধিক?

পরমানন্দ. এই হিন্দুস্থানের মধ্যে সুবে বাঙ্গালা স্থানানুসারে লোকেতে পরিপূর্ণ; কারণ, হিন্দুস্থানে যত জমী ও যত লোক আছে, তাহা হিসাব করিলে, ভাগহারে প্রত্যেক লোকের প্রতি জমী পোনের বিঘা পড়ে; কিন্তু সুবে বাঙ্গালাতে লোক আছে এক কোটি পঁচিশ লক্ষ, আর জমী আছে এগার কোটি বিঘার অধিক, এই জমীতে ও লোকেতে ভাগহারে হিসাব ধরিলে প্রত্যেক লোকের প্রতি জমী নয় বিঘার অধিক পড়ে না; এই নিদর্শনে বলা যায় বাঙ্গালা লোকেতে সম্পূর্ণ. বঙ্গদেশের মধ্যে বর্দ্ধমান জেলায় লোক অধিক, কেননা সেখানে লোক আছে কুড়ি লক্ষ, এবং ভূমি ষাইট লক্ষ বিঘা; লোকেতে ও জমীতে ভাগহার করিতে হইলে, প্রত্যেক লোকের প্রতি পড়তা হয় ভূমি তিন বিঘা; এই নিদর্শনে বলা যায় বর্দ্ধমানে লোক অধিক.

নিত্যানন্দ. হিন্দুস্থানের ভাষা কত প্রকার?

পরমানন্দ. ভারতবর্ষের মূল ভাষা সংস্কৃত, আর মূল অক্ষর দেবনাগর; ঐ মূল ভাষা আর মূল অক্ষর হইতে নানা ভাষা ও

these, various other languages and characters have been formed. Further, from the time that the Musulmans took possession of the country, which is eight hundred years ago, the Persian language and characters have been partially adopted, so that several Persian words are incorporated into the Bengalee and Hindee dialects. In the different provinces, different languages are current, such as the Bengalee, Asamese, Mitheelese, Kosla, Bhootan, Bhojepoor, Conchon, Cashmeer, Ootkol, Telinga, Canarese, Bundelkhund, Huriana, Canikubja, Joynugur, &c. &c. in all nearly forty. There are also various written characters, such as the Bengalee, Moonissoee, Birman, Siamese, Bhootan, Mitheela, Sheek, Cashmeer, Moultanese, Telinga, Orissa, Tamul, &c. in all nearly twenty, formed from the Debnagur.

নানা প্রকার অক্ষর জন্মিয়াছে. পরে আটশত বৎসর হইল মুসলমানেরা এদেশ অধিকার করিয়াছিল, সেই অবধি এদেশে ফারসী ভাষার আর ফারসী অক্ষরের চলন হইয়াছে; এবং বাঙ্গালা ও হিন্দী ভাষার মধ্যে ও ফারসীর অনেক কথা চলন হইয়াছে. ভারতবর্ষের নানা দেশে নানা প্রকার ভাষা, ও নানা প্রকার অক্ষরের চলন আছে, তাহার বিশেষ এই, বাঙ্গালা, আসাম, মিথিলা, কোশলা, ভটনের, ভোজপুর, কোঙ্কন, কাশ্মীর, উত্কল, ত্রৈলিঙ্গ কর্ণাট, বঁদেলখণ্ড, হরিয়াণা, কান্যকুব্জ, জয়নগর ইত্যাদি কমবেশ প্রায় ত্রিশ প্রকার ভাষা চলিতেছে; আর বাঙ্গালা, মণিপুর ব্রহ্মাশ্যাম, ভোট, মৈথিল, শিখ, কশ্মীর, মুলতান, তৈলিঙ্গ, উড়ে, তামল, এইং নামে প্রায় কুড়ি প্রকার অক্ষর দেবনাগর হইতে বাহির হইয়াছে.. .

LESSON VII.

Of Bengal.

Nityo-anundo. Pray what are the boundaries of Bengal?

Porum-anundo. The northern boundary extends to the countries of Napaul and Bhootana, the southern to the Bay of Bengal. The countries of Birma and Asam form the boundary on the east, Behar and Orissa on the west. Reckoning the two Zillahs Mednipoor and Cuttack as part of Bengal, the whole will be in length 300 kros north and south, and in breadth from east to west 260 kros. The ancient name of this province is Ghowr.

Nityo-anundo. What are the chief towns of Bengal?

Porum-anundo. The chief is Calcutta. The next Dacca, 120 kros to the north of Calcutta, and formerly the capital of Bengal. The third Moorsheedabad, which also is north of Calcutta 180 kros.

Nityo-anundo. What may be the number of inhabitants in Bengal?

Porum-anundo. It has been computed at 30,000,000; of which, reckoning from a total of sixteen, thirteen parts are Hindoos, and three parts Musulmans: the latter abound most towards the east.

Nityo-anundo. Well, now please to inform me, what are the principal rivers?

Porum-anundo. The principal rivers are the Ganges, Brumho-pootro, Pudma, Kooshee, Damodur; besides which are several less rivers.

Nityo-anundo. What are its productions?

৭ পাঠ,

বঙ্গদেশের বিবরণ

নিত্যানন্দ. বাঙ্গদেশের সীমা কতদূর পর্য্যন্ত ?

পরমানন্দ. তাহার উত্তর সীমা নেপাল ও ভোটের অধিকার পর্য্যন্ত, দক্ষিণ সীমা বাঙ্গালার অখাত্, পূর্ব্ব সীমা আসাম ও ব্রুহ্মার রাজার অধিকারের শেষ, পশ্চিম সীমা বেহার ও উড়িস্যা. মেদিনীপুর ও কটক এই দুই জেলা যদি বঙ্গদেশের মধ্যে ধরা যায়, তবে বঙ্গদেশ উত্তর দক্ষিণে লম্বা ৩০০ ক্রোশ হয়, আর পূর্ব্ব পশ্চিমে ও সার ২৩০ ক্রোশ হয়. ইহার প্রাচীন নাম গৌড়.

নিত্যানন্দ. এই বঙ্গদেশের মধ্যে প্রধান কোন২ নগর আছে ?

পরমানন্দ. প্রথমে কলিকাতা, দ্বিতীয় ঢাকা, এই ঢাকা কলিকাতার উত্তর পূর্ব্বাংশে এক শত বিশক্রোশ অন্তরে, ঐখানেতে পূর্ব্বে সুবে বাঙ্গালার রাজধানী ছিল; তৃতীয় মুরশিদাবাদ, সেও কলিকাতা হইতে উত্তর এক শত আশী ক্রোশ অন্তরে.

নিত্যানন্দ. বাঙ্গালাতে লোক আছে কত ?

পরমানন্দ. বঙ্গদেশের মধ্যে লোক গণা গিয়াছে তিনকোটি, তাহার মধ্যে হিন্দু তের আনা, আর মুসলমান তিন আনা; কিন্তু অন্য২ দেশ অপেক্ষা করিয়া পূর্ব্বদেশে মুসলমান অধিক.

নিত্যানন্দ. ভাল এই দেশেতে প্রধান২ নদী কি ?

পরমানন্দ. বঙ্গদেশেতে প্রধান নদী, গঙ্গা, ব্রহ্মপুত্র, পদ্মা, কুশী, দামোদর, এই সকল ছাড়া আরো অনেক২ ক্ষুদ্র নদী আছে.

নিত্যানন্দ. এই বঙ্গদেশে কোন২ সামগ্রী জন্মে ?

Porum-anundo. Bengal produces rice, sugar, salt, silk, tobacco, cotton, indigo, opium, saltpetre, cloth of various kinds, together with other articles of commerce.

Nityo-annundo. At what places are held the principal courts of justice, and how many are they in number?

Porum-anundo. The towns wherein the principal courts are held, are Calcutta, Dacca, and Moorsheedabad. In the division of Calcutta, the number of districts is nine. In that of Dacca seven, and the same in that of Moorsheedabad.

Nityo-anundo. Please to mention the name of the Zillas in the district of Calcutta.

Porum-anundo. First, Zilla Huwalee Shuhur comprehends five Thannahs, in the immediate neighbourhood of Calcutta. 2nd, The Twenty-four Purgunnahs. 3rd, Jessore Zilla. 4th, Hooghley. 5th, Nuddea. 6th, Burdwan. 7th, Jungul-Mohul. 8th, Mednapore. 9th, Cuttack. The two last were formerly joined to Orissa.

পরমানন্দ. বঙ্গদেশেতে প্রধান সামগ্রী জন্মে চালু; চিনি, লবণ, রেসম, তামাকু, তুলা, নীল, আফিম, সোরা, নানাতরো কাপড়; এই সকল সামগ্রী কিনিয়া নিয়াগিয়া সওদাগর লোকে নানা স্থানে সওদাগরী করে?

নিত্যানন্দ. এই বাঙ্গালাতে প্রধান বিচার স্থান কয়টা আছে? অর্থাৎ যেখানেং প্রধান জজ থাকেন এমন ঠাঁই কয়টা?

পরমানন্দ. সে আছে তিনটা, কলিকাতা, ঢাকা, মুরশিদাবাদ; এই তিন স্থানেতে তিনটা প্রধান আদালত, অর্থাৎ কোর্ট আদালত আছে; ইহার মধ্যে কলিকাতা কোর্টের নীচে ৯ জেলা; ঢাকার নীচে ৭ জেলা, মুরশিদাবাদের অন্তর্গত ৭ জেলা.

নিত্যানন্দ. কলিকাতার যে নয় জেলা, সে গুলার নাম বল, দেখি.

পরমানন্দ. কলিকাতার আশপাশের পাঁচখানা নিয়া হাওয়ালী সহর নামে এক জেলা; দ্বিতীয়, চব্বিশ পরগণা এক জেলা; তৃতীয়, যশোহর এক জেলা; চতুর্থ, হুগলী এক জেলা; পঞ্চম, নদীয়া এক জেলা; ষষ্ঠ, বর্দ্ধমান এক জেলা; সপ্তম, জঙ্গলমহল এক জেলা; অষ্টম, মেদিনীপুর এক জেলা; নবম, কটক এক জেলা; কিন্তু মেদিনীপুর ও কটক পূর্ব্বে উড়িস্যার অন্তঃপাতি ছিল.

PART II.

Dialogues

ON

GEOGRAPHY, ASTRONOMY, &c.

ভূগোল এবং জ্যোতিষ ইত্যাদি বিষয়ক

কথোপকথন.

দ্বিতীয় ভাগ.

PART II.

LESSON I.

Of Zilla Huwallee Shuhur.

Nityo-anundo. What is the number of the offices of police in this zilla, and in what places are they situated?

Porum-anundo. There are those of Chitpoor, Manicktola, Tajhat, Nohazaree, Sulkea, in all five, situate in the suburbs of Calcutta. A century ago Calcutta was an inconsiderable town. Since then, owing to its being made the seat of government, and to the vast increase of commerce, it has become exceedingly great and flourishing. In the year 1802, the number of houses in this zilla without Calcutta, were 57,225, of inhabitants 286,125. In the city of Calcutta 600,000. The total number being nearly 900,000.

Nityo-anundo. Which is the principal court of justice?

Porum-anundo. As regards Calcutta and the British inhabitants of Bengal, the Supreme Court of Calcutta, the business of which is conducted by the Chief Justice and two other Judges, who receive their appointment from the King of England.

Nityo-anundo. Are there any societies in Calcutta that have for their object the promotion of learning?

Porum-anundo. Yes, the Asiatic Society, the Hindoo Society, the School-Book Society, the School Society, &c. &c.

দ্বিতীয় ভাগ.

১ পাঠ.

জেলা হাওয়ালী সহরের বিবরণ.

নিত্যানন্দ. জেলা হাওয়ালী সহরের অন্তঃপাতী কত থানা আর কোনং গ্রাম?

পরমানন্দ. এই জেলায় চিতপুর মাণিকতলা তাজহাট নওয়াজারী শালিকা এই পাঁচ থানা আছে, আর ইহার সীমায় কলিকাতার চারিদিক্ ঘেরা আছে; এক শত বত্সরের পূর্ব্বে এই কলিকাতা এক ছোট নগর ছিল; পরে ক্রমে সওদাগরীর বৃদ্ধি আর রাজধানী হওয়াতে অতিবলবত্ হইয়াছে. ইংরাজী ১৮০২ শালে কলিকাতার চারিপাশে জেলা হাওয়ালী সহরে ৫৭২২৫ ঘর, ২৮৬১২৫ লোক গণা গিয়াছিল, আর নিজ কলিকাতায় ৬০০০০০ ছয় লক্ষ লোক গণা গিয়াছিল, এই সমুদায়ে প্রায় নয় লক্ষ লোক.

নিত্যানন্দ. রাজ্যের প্রধান বিচারস্থান কোথা?

পরমানন্দ. কলিকাতাস্থ ও ইউরপীয় লোকেরদের প্রধান বিচার স্থান কলিকাতার সুপ্রীমকোর্ট; সেখানে চিফ্‌যষ্টিস, অর্থাত্ প্রধান বিচারকর্ত্তা একজন, আর অন্য বিচারকর্ত্তা দুইজন; এঁহারা শ্রীযুক্ত ইংগ্লণ্ডের মহারাজার আজ্ঞাতে ঐ পদ পাইয়া থাকেন.

নিত্যানন্দ. লোকেরদের বিদ্যাপ্রদানের জন্যে কলিকাতায় কয়টা সমুদায় আছে?

পরমানন্দ. তবে শুন আশিয়াটিক সোসাইটি, গৌড়ীয় সমাজ, স্কুলবুক সোসাইটি, ও স্কুল সোসাইটি ইত্যাদি সমুদায় আছে.

The two last societies, one by the furnishing of books, and the other by establishing schools, endeavour to spread the light of knowledge in every direction.

Nityo-anundo. What are the descriptions of commerce principally carried on in Calcutta?

Porum-anundo. I cannot here enumerate all. Importations of various kinds are made from England, America, China, Bombay, &c. &c. In 1814, when account was taken, the imports of one year were found to amount to 18,100,000 rupees. The exports to 47,600,000. Besides which, the inland export and import amounted to rupees 10,400,000. The total of imports and exports for one year being 76,100,000 rupees. Lately several new roads and streets have been cut in and about the city of Calcutta, which is daily increasing in size and splendour.

স্কুলবুক সোসাইটির কর্ত্তারা পুস্তক দ্বারা ও স্কুল সোসাইটির কর্ত্তারা পাঠশালা দ্বারা এ দেশের ছোট বড় সকল জাতীয় লোকের জ্ঞানোদয়ের চেষ্টা করিতেছেন.

নিত্যানন্দ. কলিকাতায় কত প্রকার লোকের কত বাণিজ্য কর্ম্ম চলিত আছে?

পরমানন্দ. ইহার বিশেষ কত বলা যাইবে; কতক্টা বলি শুন; ইংগ্লণ্ড ও আমেরিকা বোম্বাই চীন ইত্যাদি দেশহইতে আমদানী আসিয়া কলিকাতায় বাণিজ্য হইতেছে; গত দশ বত্সর হইল একবার গণিত হইয়াছিল, যে এক বত্সরেতে এক কোটি একাশী লক্ষ টাকার জাহাজী আমদানী হইয়াছিল, আর চারি কোটি ছেয়াত্তর লক্ষ টাকার রপ্তানী হইয়াছিল; এতদ্ভিন্ন এক কোটি চারি লক্ষ টাকার পশ্চিমে আমদানী রপ্তানী হইয়াছিল; সর্ব্বসমেত সে সনে সাত কোটি একষাট্টি লক্ষ টাকার আমদানী রপ্তানী হইয়াছিল. আর সংপ্রতি এই কলিকাতার স্থানেং অতি সুন্দরং রাস্তা হইতেছে, এবং দিনেং ঐ সহর বর্দ্ধিত হইয়া অত্যন্ত সুশ্রী হইতেছে.

LESSON II.

Of the Twenty-four Purgunnahs.

Nityo-anundo. What are the limits of the Twenty-four Purgunnahs?

Porum-anundo. This zilla is bounded on the north by Zilla Nuddea; on the south by the sea and the Sunderbuns; on the west by the river Hooghley; on the east by Zilla Jessore. Besides the rivers Hooghley and Raymungul are several smaller ones towards the south, which, passing through the Sunderbuns, fall into the sea. Also separate from these is a nulla named Catigunga, or Tolly's Nulla, which passes near to Calcutta, and by which communication is held between that city and Dacca. Wood for fires, lime, cloth, and various other articles from Dacca, are brought through this nulla.

Nityo-anundo. Of what extent is this zilla?

Porum-anundo. Its length from north to south is 100 kros, its breadth from east to west 60 kros.

Nityo-anundo. What is its population?

Porum-anundo. It is supposed to contain about 1,200,000 inhabitants. Reckoning from a total of sixteen, 12 parts are Hindoos, and four parts Musulmans, besides many Europeans. The Judge and Collector reside at Alipore, where the court is held.

Nityo-anundo. What are the chief articles of trade?

Porum-anundo. Amongst the principal articles which grow in this zilla are fruits and indigo. Besides which, being near to the sea, it produces a great quantity of salt. The chief trading towns are Borahonugur, Nowabgunge, Bishnopore, and Colagachie.

২ পাঠ.

চব্বিশ পরগণার বিবরণ.

নিত্যানন্দ. চব্বিশ পরগণার সীমা কোন পর্য্যন্ত ?

পরমানন্দ. এই জেলার উত্তর সীমা নদিয়া জেলা; দক্ষিণ সীমা সুন্দরবন দিয়া সমুদ্র পর্য্যন্ত; পশ্চিম সীমা ভাগীরথী নদী; পূর্ব্ব সীমা যশোহরের সীমার লাগা পশ্চিম. ভাগীরথী ওরায়মঙ্গল নদী বিনা জেলার দক্ষিণাংশে অনেক খাল আছে; ঐ সকল খাল সুন্দরবন হইয়া সমুদ্রে মিলিয়াছে. ইহা ছাড়া সহর কলিকাতার নিকটে কাটি গঙ্গা নামে আর ও এক খাল আছে; যে খাল দিয়া কলিকাতাহইতে ঢাকায় গমনাগমন বড় সহজ; আর নানাবিধ জ্বালানী কাষ্ঠ ও চূণ ও ঢাকাই কাপড় ইত্যাদি এই খালদিয়া এ অঞ্চলে আসিয়া অনেক বাণিজ্য হয়.

নিত্যানন্দ.. এ জেলা লম্বা চৌড়ায় কত ক্রোশ ?

পরমানন্দ. তবে বলি শুন; উত্তর দক্ষিণে দীর্ঘে ১০০ ক্রোশ, এবং পূর্ব্ব পশ্চিমে প্রস্থ ৬০ ষাইট ক্রোশ.

নিত্যানন্দ. এ জেলায় লোক কত হইবে ?

পরমানন্দ. অনুমান হয় ন্যূনাধিক বার লক্ষ লোক হইবে; তাহার বার আনা হিন্দু, চারি আনা মুসলমান; এবং এই জেলাতে অনেক সাহেব লোকের বসতি আছে; ইহার জজ্ কালেক্টরের কাছারী আলিপুরে.

নিত্যানন্দ. এ জেলার মধ্যে ব্যবসায়ের প্রধান সামগ্রী কি ?

পরমানন্দ. ব্যবসায়ের সামগ্রীর মধ্যে এ জেলায় যথেষ্ট তরকারি, আর নীল জন্মে, এবং জেলার সীমা সমুদ্র ঘেঁসা, এই প্রযুক্ত অনেক লবণ জন্মে; আর জেলার মধ্যে বরাহনগর, নবাবগঞ্জ, বিষ্ণুপুর, কলাগাছী, এ সকল প্রধান বাণিজ্য স্থান.

LESSON III.

Of Zilla Jessore.

Nityo-anundo. Of what extent are the limits of this zilla?

Porum-anundo. On the north they extend as far as the Pudmawatee river, which, issuing from the Ganges, runs eastward, and by Europeans is called the Ganges. The south of this zilla is bounded by the sea. The west by the Twenty-four Purgunnahs and Nuddea. The east by Dacca Jalalpoor and Bakorgunge.

Nityo-anundo. What are its chief towns?

Porum-anundo. The chief towns are Bhoosna, Mahmoodpoor, Noldanga, Mirjanogur, Gopal-gunge, Coolnea, which lie chiefly towards the north. In the south are the Sunderbuns. The ground being intersected by inlets from the sea, is in general swampy, and almost entirely covered with wood. The only persons who dwell there are the molungees, or salt manufacturers. Were the number of inhabitants sufficient, and the ground properly cultivated, much grain might be produced, the soil being very fertile.

Nityo-anundo. Please to name its most remarkable productions?

Porum-anundo. They are these,—grain of different kinds, indigo, excellent cocoanuts, matting, cloth, &c. There is also much cattle.

Nityo-anundo. What are the principal rivers?

Porum-anundo. The principal rivers are the Bhoirob, Chittra, Nobo-gonga, Coomar, and Modhoomotee.

Nityo-anundo. What is the amount of its population?

Porum-anundo. In the year 1803, when by order of the Governor General an account was taken, the number of inhabitants amounted to 1,200,000, of which nine parts are Musulmans and seven parts Hindoos.

৩ পাঠ.

জেলা যশোহরের বিবরণ.

নিত্যানন্দ. যশোহর জেলার সীমা কত দূর?

পরমানন্দ. ইহার উত্তর সীমা পদ্মাবতী নদী, যে নদী গঙ্গা-হইতে বাহির হইয়া পূর্ব্ব অঞ্চলে গিয়াছে, এই জন্যে সাহেব লোকে তাহাকেও গঙ্গা বলেন; দক্ষিণ সীমা সমুদ্র, পশ্চিম সীমা নদিয়া ও চব্বিশ পরগণা জেলার সীমা লাগা পূর্ব্ব; পূর্ব্ব সীমা ঢাকা জালালপুর ও বাকরগঞ্জ.

নিত্যানন্দ. এই জেলাতে প্রধান নগর কোনটা?

পরমানন্দ. জেলার মধ্যে ভূষণা, মহম্মদপুর, নলডাঙ্গা, মুড়লী, মৃজানগর, গোপালগঞ্জ, খুলনিয়া, এই সকল প্রধানং নগর আছে, এ সকলই প্রায় যশোহরের উত্তরাংশে. এই জেলার দক্ষিণাংশে সুন্দরবন, সেখানকার ভূমি সমুদ্রের খালেতে সর্ব্বদাই সরস, আর অনেক ভূমি বনেতেই ব্যাপ্ত, কেবল মলঙ্গী লোকেরাই সেখানে থাকিতে পারে; তথাতে যদি চাসিলোকের বসতি হইয়া কৃষিকর্ম্ম চলিতে পারিত, তবে ঐ ভূমিতে সকল শস্যই জন্মিত; কেননা তথাকার ভূমি বড় উর্ব্বরা.

নিত্যানন্দ. সেখানে কোনং বস্তু জন্মে?

পরমানন্দ. এই জেলাতে ধান্য, নীল, নারিকেল, পাটী, কাপড়, আর গব্য, এই সকল সামগ্রী বড় উত্কৃষ্ট জন্মে.

নিত্যানন্দ. এ জেলাতে কিং প্রধান নদী আছে?

পরমানন্দ. এই জেলাতে ভৈরব, চিত্রা, নবগঙ্গা, কুমার, মধুমধী, ইহারাই প্রধান.

নিত্যানন্দ. এই জেলাতে কত লোক?

পরমানন্দ. ইংরাজী ১৮০৩ শালে শ্রীযুক্ত বড় সাহেবের আজ্ঞাতে এই জেলায় বার লক্ষ লোক গণা গিয়াছিল; তাহার মধ্যে নয় আনা মুসলমান, সাত আনা হিন্দু.

LESSON IV.

Of Zillah Hooghly.

Nityo-anundo. I now request the favour of your giving me a description of Zillah Hooghly ?

Porum-anundo. It is bounded on the north by Burdwan. On the east by the River Hooghly. On the west and south by Midnapore. The town of Hooghly is situate on the west bank of the river. Further to the south, on the same side of the river, are three other towns, or settlements. The first Chinsurah, which belongs to the Dutch. The second Chandernagore, belonging to the French. The third Serampore, which belongs to the Danish government. Besides these, in Hooghly Zillah, are the towns Chunderkona, Oolubarea, Kheerpoy, &c. In the time of the Mahometan government, factories were established in the town of Hooghly by the Portuguese, English, French, and other European traders. Afterwards, about two hundred years ago, a dispute having arisen between the Portuguese and the Moguls, a contest ensued, in which the former were defeated. Those that remained fled in three of their ships, leaving behind the rest of their vessels and property. Some hundreds, unable to escape by flight, and dreading to fall into the hands of their enemies, betook themselves to a large and richly laden vessel, then lying in the river, and setting fire to several barrels of gunpowder, sacrificed at once their treasure and their lives.

৪ পাঠ.

জেলা হুগলীর বিবরণ.

নিত্যানন্দ. এই ক্ষণে তোমাকে জিজ্ঞাসা করি, হুগলী জেলার বিবরণ বল দেখি.

পরমানন্দ. তবে শুন; হুগলী জেলার উত্তরসীমা জেলা বর্দ্ধমান, তাহার পূর্ব্ব সীমা গঙ্গা, তাহার দক্ষিণ ও পশ্চিম সীমা জেলা মেদিনীপুরের. সীমার লাগাও. সহর হুগলী গঙ্গার নিজ পশ্চিম ধারে; এবং তাহারি ক্রমশঃ দক্ষিণ ঐ নদীর নিজ পশ্চিম তীরেং চুঁচড়া, চন্দন নগর, শ্রীরামপুর, এই তিন সহর ইংরাজ ভিন্ন আর তিন প্রকার ইউরপীয় লোকেরদের অধিকার. অর্থাৎ ওলেন্দাজের চুঁচড়া, ও ফরাসিসেরদের চন্দননগর, এবং দিনামারেরদের শ্রীরামপুর. এই তিন সহর ছাড়া জেলা হুগলীর মধ্যে চন্দ্রকোণা, উলুবাড়িয়া, ক্ষীরপাই ইত্যাদি প্রধানং নগর আছে. আর এই বঙ্গ দেশে যখন মুসলমানের অধিকার ছিল, তখন পোর্ত্তুগীয়, ইংরাজ, ফরাসীস, দিনামার, ওলান্দাজ ইত্যাদি অনেক জাতি বাণিজ্য জন্যে হুগলী সহরে কুঠী করিয়াছিল. প্রায় দুই শত বত্সর হইল একবার পোর্ত্তুগী লোকেরদের সঙ্গে নবাবি লোকেরদের বিরোধ হইয়া এক যুদ্ধ উপস্থিত হইয়াছিল; তাহাতে পোর্ত্তুগীসেরা পরাজিত হইয়া আপনারদের অনেক জাহাজ ইত্যাদি ত্যাগ করিয়া কেবল তিন খানা জাহাজে আপনারদের প্রাণ লইয়া কতক লোক পলায়ন করিয়াছিল, আর শতং লোক পলাইতে না পারিয়া শত্রু হস্তে পতন ভয়ে ধনেতে পরিপূর্ণ এক জাহাজে চড়িয়া তাহার মধ্যে বারুদের গাদায় আগুন দিয়া আপনারা ধনে প্রাণে নষ্ট হইয়াছিল.

Nityo-anundo. What is the number of inhabitants in this zillah ?

Porum-anundo. The number may be computed at nearly 1,200,000. Three parts being Hindoos, and one fourth Musulmans.

Nityo-anundo. What are its chief productions ?

Porum-anundo. In consequence of the annual inundations, it produces grain in great plenty ; also sugar, indigo, &c. In this zillah are several schools established by the Honourable Company.

LESSON V.

Of Zillah Nuddea.

Nityo-anundo. Pray inform me what are the boundaries of this zillah ?

Porum-anundo. On the north it is bounded by Zillah Rajsahee. On the south by that of the Twenty-four Purgunnahs. On the east by Jessore. On the west by Hooghly river.

Nityo-anundo. What may be the extent of its population.

Porum-anundo. It amounts to nearly 1,400,000, of which three parts are Hindoos, one fourth Musulmans.

Nityo-anundo. What articles does it produce ?

Porum-anundo. The land being high, affords much excellent pasture for cattle, as well as pulse, hemp, flax, tobacco, indigo, sugar, and mangoes, with different kinds of

নিত্যানন্দ. এই জেলায় লোক কতগুলি হইবে ?

পরমানন্দ. এখানে প্রায় ১২ বার লক্ষ লোক আছে; তাহার তিন ভাগ.হিন্দু. এক ভাগ মুসলমান

নিত্যানন্দ. এ জেলায় কোনং সামগ্রী ভাল জন্মে ?

পরমানন্দ. প্রতি বত্সর এই জেলায় বন্যার জল উঠে. এই জন্যে ধান্য, চিনি, নীল আদি যথেষ্ট জন্মে; আর এ জেলাতে শ্রীশ্রীযুত কম্পানী বহাদরের অনেকং খয়রাতী পাঠশালা আছে.

---

৫ পাঠ.

জেলা নদীয়ার বিবরণ.

নিত্যানন্দ. ওহে ভাই পরমানন্দ, নদীয়া জেলার সীমার ঠিকানা কত দূর বল দেখি ?

পরমানন্দ. এই জেলার উত্তর সীমা জেলা রাজসাহীর সীমার লাগাও, দক্ষিণ সীমা ২৪ পরগণার সীমার লাগাও, পূর্ব্ব সীমা জেলা যশোহরের সীমার লগাও, পশ্চিম সীমা ভাগ রথী নদী.

নিত্যানন্দ. এ জেলাতে সমুদয় কত লোক আছে ?

পরমানন্দ. এই জেলাতে লোক প্রায় ১৪ চৌদ্দ লক্ষ আছে; তাহার তিন ভাগ হিন্দু, সিকি মুসলমান.

নিত্যানন্দ. এই জেলাতে কোনং সামগ্রী জন্মে ?

পরমানন্দ. এই জেলার ভূমি বড় উচ্চ, এই জন্যে এ জেলায় গব্য, কলাই, কোষ্টা, শন, তামাকু, নীল, চিনি, আউচ, পিপ্পল, উত্তম আম্র, ইত্যাদি সামগ্রী অনেক জন্মে; কিন্তু ধান্য কিছু অল্প হয়. আর এই জেলাতে অনেকং গুনবান্ লোক আছে; শিল্প বিদ্যাদি

plants. Grain is less abundant. This part of the country is also celebrated for learning. In most of the principal towns, the inhabitants are well acquainted with the shastres, and several sciences.

Nityo-anundo. Please to name the villages which are of chief repute.

Porum-anundo. The chief are these four, viz. Nobodeep, Santipore, Oola, and Koomarhatta. Besides these, the most respectable are Sheebneebas, Krisnogur, Sooksagur, Ranaghat, Chagda, &c. &c. The court is held at Krisnogur. Formerly the seat of government was adjoining to Nobodeep; afterwards the country being taken possession of by the Musulmans, in the year 1204, during the reign of Shah Hootoboodeen, it was transferred to the city of Gour, since which period the city of Nobodeep has been falling into decay. In the year 1757, near to a town in this zillah named Plassey, the English obtained a victory over the Nabob Serajdowlah, which put them in possession of Bengal.

শাস্ত্রীয় বিদ্যা পর্য্যন্তের চর্চ্চাতে এই জেলার প্রধান স্থানের লোক সকল প্রায় বিরত নহে.

নিত্যানন্দ. ভাল, জেলার গণ্ডগ্রাম সকলের নাম কিং ?

পরমানন্দ. এই জেলাতে প্রধান চারি সমাজ আছে, ১ নবদ্বীপ, ২ শান্তিপুর, ৩ উলা, ৪ কুমারহট্ট. এই চারি সমাজ ছাড়া তৎ তুল্য শিবনিবাস, কৃষ্ণনগর, সুখসাগর, রানাঘাট, চাকদহ, বজরাপুর ইত্যাদি অনেকং ভদ্রস্থান আছে. জেলার আদালতের কাছারী মো° কৃষ্ণনগরে. পূর্ব্বে স্তবে বাঙ্গালার রাজধানী নবদ্বীপের নিকট ছিল; কিন্তু ইংরাজী ১২০৪ শকে সাহ কুটবদ্দীনের আমলে মুসলমানেরা বঙ্গ দেশ জয় করিয়া গৌড় সহরে বঙ্গ দেশের রাজধানী উঠাইয়া লইয়া গেল. তদবধি ক্রমেতে নবদ্বীপের হ্রাস হইয়া আসিতেছে. আর এই জেলাতে পলাশী নামে নগর যেখানে ইংরাজী ১৭৫৮ শালে ইংরাজেরা নবাবকে যুদ্ধে পরাস্ত করিয়া বঙ্গ দেশ অধিকার করিয়াছিলেন.

LESSON VI.

Of Zilla Burdwan.

Nityo-anundo. Of what extent is Burdwan Zilla ?

Porum-anundo. It extents on the north to the river Adjy. On the south to Mednipore and Hooghly. On the east to the banks of the Hooghly. On the West to the Jungle Mehuls.

Nityo-anundo. What is the number of inhabitants ?

Porum-anundo. The population is exceedingly numerous : it is estimated at not less than 1,450,000, of whom thirteen parts are Hindoos, three parts Musulmans.

Nityo-anundo. Of what nature is the soil ?

Porum-anundo. The soil is remarkably fertile ; perhaps the most so of any in the country. The labouring people, also, bestow much pains on its cultivation, so that several articles, such as cotton, silk, pawn, tobacco, indigo, grain, &c. are produced in great abundance.

Nityo-anundo. What are the chief towns ?

Porum-anundo. The chief is the town of Burdwan, in which the Rajah has his residence. The number of its inhabitants is about 50,000. Amongst the other principal towns and villages may be reckoned Kanchon-nogor, Cutwa, Umbika, Mauncour, Mungulkoth, &c. &c. In Burdwan are several schools established by Europeans.

Nityo-anundo. Are there any rivers of note in this zilla ?

৬ পাঠ.

জেলা বৰ্দ্ধমানের বিবরণ.

নিত্যানন্দ. জেলা বৰ্দ্ধমানের সীমা কত দূর?

পরমানন্দ. এই জেলার উত্তর সীমা অজয় নদ, দক্ষিণ সীমা মেদিনীপুর ও হুগলীর সীমা লাগাও, পূৰ্ব্ব সীমা ভাগীরথী নদী, পশ্চিম সীমা জঙ্গলমহাল জেলার সীমায় লাগা.

নিত্যানন্দ. সমুদয়েতে এই জেলায় লোক কত?

পরমানন্দ. এই জেলাতে অগণ্য লোক আছে; অনুমান হয় ১৪৫০০০ সাড়ে চৌদ্দ লক্ষের কম নয়; কিন্তু তাহার মধ্যে তের আনা হিন্দু. তিন আনা মুসলমান.

নিত্যানন্দ. এখানকার ভূমি কেমন?

পরমানন্দ. এখানকার ভূমির কথা আর জিজ্ঞাসা কর কি, এমন ভূমি প্রায় কোনখানে নাই, ভূমি বড় উৰ্ব্বরা; এবং চাসী প্রজা সকল ও বহুশ্রমী, এই জন্যে এ জেলায় তুলা, রেসম, পান, তামাকু, নীল, ও ধান্যাদি নানা শস্য অপর্য্যাপ্ত জন্মে.

নিত্যানন্দ. এ জেলার মধ্যে প্রধান কোন নগর?

পরমানন্দ. এ জেলার প্রধান নগর নিজ বৰ্দ্ধমান, যেখানে বৰ্দ্ধমানে রাজার বাস. ঐ রাজধানীতে ন্যূনাধিক পঞ্চাশ সহস্র লোক আছে. আর এই জেলাতে কাঞ্চননগর, কাটুয়া, অম্বিকা, মানকুড়, মঙ্গলকোট, ইত্যাদি বড়২ গণ্ড গ্রাম সকল আছে, ইহার মধ্যে কোন২ স্থানে শ্রীযুক্ত সাহেব লোকেরা পাঠশালা করিয়া বালকেরদিগকে বিদ্যা প্রদান করিতেছেন.

নিত্যানন্দ. এই জেলার মধ্যে কোন২ নদী আছে?

Porum-anundo. Adjoining to it are the rivers Hooghly, Adjy, and Damoodar. The latter is divided into two streams, one of which formerly compassed four parts, the other twelve; but within the last eighty years, the smaller has become the larger, and the greater the less.

LESSON VII.

Of Jungul Mehul Zilla.

Nityo-anundo. Of what extent is this zilla?

Porum-anundo. It is bounded on the north by Beerbhoom. On the south by Mednipore. On the east by Burdwan. On the west by Ram Gor and Chota Nagpore. Its length from east to west is 90 kros, and its breadth from north to south 65 kros.

Nityo-anundo. Is this zilla of long continuance, or has it been lately established?

Porum-anundo. It has been established only a short time, having been first formed about 15 years ago out of the zillas Beerbhoom, Mednipore, and Burdwan. On this account the number of its inhabitants is not exactly ascertained.

Nityo-anundo. Which are the principal towns?

Porum-anundo. The chief is Bakoora, where the chief magistrate resides. The prison is also there. The terri-

পরমানন্দ. এই জেলার সীমায় প্রধান নদ নদী দামোদর, গঙ্গা, ও অজয়. এই দামোদরের দুই ধারা আছে, পূর্ব্বে এক ধারা বার আনা ছিল, অন্য ধারা চারি আনা ছিল; কিন্তু এইক্ষণে প্রায়ঃ ৮০ আশী বৎসর হইল তাহার বিপরীত হইয়াছে, অর্থাৎ ছোট ধারা বড় হইয়াছে, ও বড় ধারা ছোট হইয়াছে.

---

৭ পাঠ.

জেলা জঙ্গল মহলের বিবরণ.

নিত্যানন্দ. জঙ্গল মহল জেলা কত দূর, আর লম্বা চৌড়ায় কত ক্রোশ ?

পরমানন্দ. এই জেলার উত্তর সীমা বীরভূমির সীমার লাগাও, দক্ষিণ সীমা মেদনীপুরের সীমার লাগাও, পূর্ব্ব সীমা বর্দ্ধমান জেলার সীমার লাগাও, পশ্চিম সীমা রামগড় ও ছোট নাগপুরের সীমার লাগাও. এ জেলা পূর্ব্ব পশ্চিমে লম্বা ৯০ ক্রোশ, উত্তর দক্ষিণে পুস্থে ৬৫ ক্রোশ.

নিত্যানন্দ. এ জেলা পুরাতন কি নূতন ?

পরমানন্দ. এ জেলা নূতন; পূর্ব্বে ইহা স্বতন্ত্র জেলা ছিল না, ১৫ বৎসর হইল বীরভূমি ও মেদিনীপুর ও বর্দ্ধমান এই তিন জেলার মধ্যে কিঞ্চিৎ২ ভাঙ্গিয়া এই জঙ্গলমহল জেলা হইয়াছে. এ জেলা নূতন পত্তন হয়, তজ্জন্যে লোকসংখ্যা জানা জায় নাই.

নিত্যানন্দ. এ জেলার প্রধান নগর কি২ ?

পরমানন্দ. এ জেলার প্রধান নগরের নাম বাঁকুড়া, এই ক্ষণে বিচার কর্ত্তা জজ্ সাহেব সেইখানে আছেন; আর বন্দুয়ানেরদের

tories of the Rajah of Vishnoopore are incorporated with this zilla. This kingdom is exceedingly ancient, the Rajah's lineal succession having held it in possession for the space of 1100 years, free of tribute. Part was purchased by the Company, and part by the Rajah of Burdwan.

Nityo-anundo. What are the names of its rivers?

Porum-anundo. They are as follow: the Damodor, Adjy, Shilai, Dalkeesor, and Casai.

Nityo-anundo. I observe there is a new road lately made from Calcutta to Benares. Pray by what route does it pass?

Porum-anundo. It passes through this zilla.

LESSON VIII.

Of Zilla Mednipore.

Nityo-anundo. What are the boundaries of this zilla?

Porum-anundo. On the north they extend to the Jungle Mehals and Burdwan. On the south to Balasore and the sea. On the east to the river Hoogly. Its length may be about 120 kros, and its breadth 80. In the year 1770, there happened in this part of the country a most distressing famine, which

কারাগার ও সেইখানে. আর বিষ্ণুপুরের রাজারদের যত অধিকার ছিল. সে সকলই এই জেলা ভুক্ত হইয়া গিয়াছে, বিষ্ণুপুরের রাজারদের রাজ্য অতি পূর্ব্বকালের. ঐ রাজারা ঐ পর্য্যন্ত নিযুরে এক বংশে একাদি ক্রমে ১১০০ এগার শত বৎসর ঐ রাজ্য ভোগ করিয়া আসিতেছিল, পরে কতক শ্রীশ্রীযুক্ত কম্পানী বহাদর ও শ্রীযুক্ত বর্দ্ধমানের রাজা ক্রয় করিয়া লইয়াছেন.

নিত্যানন্দ. এ জেলাতে কোন২ নদী প্রধান আছে?

পরমানন্দ. দামোদর, অজয়, শীলাই, দালকীশ্বর, কাঁশাই, এ জেলাতে ইহারাই প্রধান নদী.

নিত্যানন্দ. আর একটা কথা জিজ্ঞাসা করি, কলিকাতা হইতে কাশী পর্য্যন্ত যে একটা নূতন বাঁধা রাস্তা গিয়াছে, সে কোন দিক দিয়া গিয়াছে?

পরমানন্দ. সে রাস্তা এই জঙ্গলমহলের উপর দিয়া গিয়াছে.

---

৮ পাঠ.

জেলা মেদনীপুরের বিবরণ.

নিত্যানন্দ. এ জেলার সীমা কোন পর্য্যন্ত?

পরমানন্দ. এই জেলার উত্তর সীমা, জঙ্গলমহল ও বর্দ্ধমানের সীমার লাগাও. দক্ষিণ সীমা বালেশ্বরের ও সমুদ্র সীমার লাগাও; পূর্ব্ব সীমা ভাগীরথী নদী, পশ্চিম সীমা ঐ ময়ূরভঞ্জ ও রামগড়ের সীমার লাগাও. অনুমান হয় এই মেদিনীপুর দীর্ঘে শাস্ত্রীয় ১২০ এক শত বিশ ক্রোশ, প্রস্থে ৮০ আশী ক্রোশ. ইংরাজী ১৭৭০ শকে এই জেলাতে অতিশয় আকাল হইয়া তথাকার প্রায়

carried off nearly one half of the inhabitants. Again there was another less severe in the year 1799. Since that period, the population has been increasing.

Nityo-anundo. Can you inform me as to the present amount?

Porum-anundo. Twenty-three years ago, when by order of the Governor General an account was taken of the different districts, it was found that the population of the zilla amounted to 1,500,000, almost all of them Hindoos.

Nityo-anundo. Of what do its articles of commerce chiefly consist?

Porum-anundo. They consist mostly of sugar, indigo, and cloth of superior quality. The principal towns are Mednipore, Julesor, Piplee, Nagurgur, Tumlook, and Kedgeree. Europeans began to trade first at the town of Piplee.

LESSON IX.

Of Cuttack Zilla.

Nityo-anundo. Of what extent is Cuttack Zilla?

Porum-anundo. It is limited on the north by Mednipore and Moyurbhunge. On the south by the district of Ganjam. On the east by the Bay of Bengal. On the west by the Orissa territories. Its length is 140 kros, and its breadth 55 kros. From ancient time it has been divided into two parts, North and South. The name of the former division is Balasore, that of the latter Juggurnauth.

Nityo-anundo. Of what amount is the population?

অর্দ্ধেক লোক মরিয়া গিয়াছিল, এবং ১৭৯৯ শকে আর ও একটা ক্ষুদ্র আকাল হইয়াছিল, তাহার পর অবধি ক্রমেতে এখানকার লোকের বৃদ্ধি হইতেছে.

নিত্যানন্দ. এই জেলার লোক সংখ্যা কত বলিতে পার?

পরমানন্দ. তবে শুন ভাই, ২৩ বৎসর হইল, ইংরাজ বহাদর একবার খানাসুমারি করিয়াছিলেন, অর্থাত্ আপন অধিকারের লোক গণিত করিয়াছিলেন; তাহাতে জানা গিয়াছে যে এই জেলাতে প্রায় ১৫ লক্ষ লোক আছে, সে তাবত্ই প্রায় হিন্দু.

নিত্যানন্দ. এ জেলায় বাণিজ্যের কোনং বস্তু জন্মে?

পরমানন্দ. এই জেলাতে চিনি, গুবাক, নীল, শানবস্ত্র, এই সকল সামগ্রী অতি উত্তম জন্মে. এখানকার প্রধান নগর মেদিনীপুর, জলেশ্বর, পিপলী, নাগরগড়, তমোলোক, খিজুরী. প্রথমে সাহেব লোকেরা আসিয়া ঐ পিপলীতে কিনা বেচা ব্যবহার করিতেন.

---

৯ পাঠ.

কটক জেলার বিবরণ.

নিত্যানন্দ. এ জেলার সীমা কত দূর নিয়া?

পরমানন্দ. ইহার উত্তর সীমা মেদিনীপুর ও ময়ূরভঞ্জের সীমার লাগাও; দক্ষিণ সীমা গঞ্জাম দেশ; পূর্ব্ব সীমা বাঙ্গালার মহাখাল, পশ্চিম সীমা উড়িষ্যার অন্তর্গত ক্ষুদ্রং রাজ্য. তাহার লম্বাই ১৪০ ক্রোশ; প্রস্থে ৫৫ ক্রোশ; পূর্ব্বকাল অবধি ইহার দুই খণ্ড হইয়াছে, উত্তর খণ্ডের নাম বালেশ্বর, দক্ষিণ খণ্ডের নাম জগন্নাথ.

নিত্যানন্দ. ইহাতে কত লোক আছে?

Porum-anundo. It is supposed to be about 1,200,000, of whom nearly the whole are Hindoos. This part being directly on the sea-shore, is unhealthy: provisions also are somewhat scarce, and the people in general poor. The articles furnished from hence are chiefly rice, salt, edged tools, stones, and iron pans.

Nityo-anundo. Which are the principal towns?

Porum-anundo. They are these; Balasore, Bhodrok, Cuttack, Juggurnauth, &c. The river Mohanodee runs through the centre of this zilla, so that the inhabitants are plentifully supplied with water.

পরমানন্দ. অনুমান কটক জেলায় ১২০০০০০ বার লক্ষ লোক আছে; তাহার সকল লোকই প্রায় হিন্দু. এই কটক অঞ্চল সমুদ্রের নিকট প্রযুক্তি লোকেরদের বড় পীড়া জন্মায়; এবং খাদ্যদ্রব্যের ও সুখ বড় নাই. আর এখানকার লোক লকস প্রায় দুঃখী; এ দেশের সামগ্রীর মধ্যে চালু, ও লবণ, ও উত্তম অস্ত্র, ও প্রস্তর, আর লোহার কড়াই.

নিত্যানন্দ. এখানকার প্রধান নগর কিং ?

পরমানন্দ. এই জেলাতে প্রধান নগর বালেশ্বর, ভদ্রুক, কটক, জগন্নাথ প্রভৃতি জেলার মধ্যস্থানে মহামদী আছে; এবং তাহার অনেকং সোঁতা অর্থাৎ অনেক ছোটং খাল আছে; তাহাতেই এ দেশে জলকষ্ট নাই.

PART III.

Dialogues

ON

GEOGRAPHY, ASTRONOMY, &c.

ভূগোল এবং জ্যোতিষ্ ইত্যাদি বিষয়ক

কথোপকথন.

তৃতীয় ভাগ.

PART III.

ZILLAHS INCLUDED IN THE DACCA CIRCUIT.

LESSON I.

Of Dacca Zilla.

Nityo-anundo. How many zillas are there attached to the court at Dacca?

Porum-anundo. The 1st includes the town of Dacca, with the country in its vicinity. 2nd, Dacca-Jalalpoor. 3rd, Moymunsingh. 4th, Sylhet. 5th, Bakorgunge. 6th, Tipera. 7th, Chittagong: which form part of the country of Burendra.

Nityo-anundo. What are the boundaries of the zilla which includes the town of Dacca?

Porum-anundo. It is bounded on the north by zilla Moymunsingh; on the south by Bakorgunge; on the east by the Brumhupootro, which separates between Dacca and Tipera; and on the west by zilla Dacca-Jalalpoor. It is situated in the east of Bengal.

Nityo-anundo. How far distant is it from Calcutta?

Porum-anundo. By land the distance is 80 kros. But by water, owing to the several windings of the river, it is not less than 200 kros. Two hundred and fifteen years ago, in the year 1608, during the Mahometan government, this city was the

৩ ভাগ.

ঢাকা কোর্ট ভুক্ত জেলার বিষয়.

প্রথম পাঠ.

নিজ ঢাকা জেলার বিবরণ.

নিত্যানন্দ. ঢাকা কোর্টের অন্তঃপাতী কত জেলা ?

পরমানন্দ. ঢাকা নগর, ঢাকা জালালপুর, ময়মনসিংহ, শ্রীহট্ট, বাকরগঞ্জ, ত্রিপুরা, চট্টগ্রাম, এই সাত জেলা. ইহার মধ্যে ঢাকা নগরের চারিদিকে গ্রামের সহিত নিজ ঢাকা জেলা. এই ঢাকা অঞ্চল বরেন্দ্র ভূমির মধ্যে গণ্য যায়.

নিত্যানন্দ. নিজ ঢাকা জেলার চতুর্দিকের সীমা কত দূর ?

পরমানন্দ. সে বঙ্গ দেশের পূর্ব্ব অঞ্চল. তাহার উত্তর সীমা ময়মনসিংহের সীমার লাগাও; দক্ষিণ সীমা বাকরগঞ্জের সীমার লাগাও; পূর্ব্ব সীমা ব্রহ্মপুত্র নামে প্রধান নদ, যে নদেতে ত্রিপুরা আর ঢাকা ভিন্ন হইয়া আছে; পশ্চিম সীমা ঢাকা জালালপুরের সীমার লাগাও.

নিত্যানন্দ. কলিকাতাহইতে ঢাকা কত দূর ?

পরমানন্দ. তটবর্ত্মে কলিকাতাহইতে ঢাকা ৮০ ক্রোশ অন্তরে, কিন্তু নৌকাপথে যাইতে হইলে নদীর বক্রতা প্রযুক্ত ২০০ ক্রোশের ন্যূন নয়. ২১৫ বৎসর হইল ইংরাজী ১৬০৮ শকে নবাবি আমলে

metropolis of Bengal, and remained so for the space of one hundred years; in consequence of which the population of the town of Dacca and its suburbs, which amounts to 1,20,000, consists chiefly of Musulmans. Previously to the seat of government being transferred to Dacca, the city of Rajmahal was the capital of Bengal. From Dacca it was removed to Moorshedabad. In this zilla, besides Dacca, are two other principal towns, Narayungunje and Sonargoan. The population of the former amounts to 15,000. The principal articles of trade are salt, grain, and tobacco. Khosa cloth is manufactured at Sonargoan.

Nityo-anundo. What are the names of its rivers?

Porum-anundo. The principal rivers are the Brumhupootro, Booreegunga, Dulsuraee, and Luckhee.

LESSON II.

Of Zilla Dacca-Jalalpoor.

Nityo-anundo. What are the limits of this zilla?

Porum-anundo. On the north they extend to Zilla Rajshahee and Moymunsingh; on the south to Bakorgunje; on the east to the Dacca zilla; and on the west to Jessore. Twenty three years ago, in the year 1800, a new zilla, named Bakorgunje, was formed out of the southern parts of this zilla.

Nityo-anundo. What may be the number of its inhabitants?

ঐ ঢাকানগর বঙ্গ দেশের প্রধান রাজধানী হইয়া ১০০ বৎসর পর্য্যন্ত সমভাবে ছিল, এই জন্যে ঐ ঢাকাতে আর তাহারি চারিদিকের গ্রামেতে বিবেচনা করিয়া দেখা গিয়াছে, যে ন্যূনাধিক ১২০০০০ লোক, কিন্তু হিন্দু অল্প, মুসলমান অধিক. ঢাকায় রাজধানীর পূর্ব্বে রাজমহলে ও তাহার পরে মুরশিদাবাদে বাঙ্গলার প্রধান রাজধানী ছিল. এই জেলাতে ঢাকা ছাড়া আরও দুই প্রধান নগর আছে; তাহার নাম নারায়ণগঞ্জ ও স্বর্ণগ্রাম; নারায়ণগঞ্জে ১৫ হাজার লোক আছে; তথাকার লবণ, ও শস্য, ও তামাকু, এই সকল সামগ্রী লইয়া অনেক বাণিজ্য কর্ম্ম চলে. স্বর্ণগ্রামে খাসা বস্ত্র জন্মে.

নিত্যানন্দ. এই জেলাতে কোনং প্রধান নদী আছে ?

পরমানন্দ. ব্রহ্মপুত্র, বুড়ীগঙ্গা, দলসরাই, লক্ষী, এই সকল প্রধান নদী আছে.

---

২ পাঠ.

ঢাকা জালালপুরের বিবরণ.

নিত্যানন্দ. এ জেলার সীমা কত দূর পর্য্যন্ত ?

পরমানন্দ. এই জেলার উত্তর সীমা রাজসাহী ও ময়মনসিংহের সীমার লাগাও; দক্ষিণ সীমা বাকরগঞ্জের সীমার লাগাও; পূর্ব্বসীমা ঢাকা জেলার সীমার লাগাও; পশ্চিম সীমা যশোহরের সীমার লাগাও. ২৩ বৎসর হইল ইংরাজী ১৮০০ শকে ঢাকা জালালপুরের মধ্যে দক্ষিণ অঞ্চলের খানিক ভাগ করিয়া বাকরগঞ্জ নামে নূতন এক জেলা পত্তন করেন.

নিত্যানন্দ. এই জেলাতে লোক কত ?

Porum-anundo. The present number may be computed at 800,000, seven parts being Hindoos, and nine Musulmans.

Nityo-anundo. What are its productions?

Porum-anundo. The land, being mostly inundated during the rains by the Pudma and other rivers, becomes exceedingly fertile; and besides a large quantity of grain, it produces indigo, betel-nut, a kind of cotton, named Bhanga; also khosa, dimity, and other cloths.

Nityo-anundo. What are the names of the chief towns?

Porum-anundo. Fureedpoor is the place where the court is held, and where the judge and collector have their residence. In this zilla is a place called Dumray, which is celebrated for its cloth manufactory.

Nityo-anundo. What are the rivers found here?

Porum-anundo. The principal river is the Pudma, which passes through the centre of the zilla; besides this are other smaller rivers.

LESSON III.

Of Zilla Moymunsingh.

Nityo-anundo. Please to inform me as to the situation and extent of this zilla?

Porum-anundo. It is bounded on the north by Rungpore and the Garo mountains; on the south by Dacca; on the east by Sylhet; and on the west by Rajshahee.

পরমানন্দ. এখন অনুমান হয় যে ঢাকাজালালপুরে ৮০০০০০ ৮ লক্ষ লোক আছে; তাহার সাত আনা হিন্দু, নয় আনা মুসলমান.

নিত্যানন্দ. এ জেলাতে কোনং বস্তু জন্মে ?

পরমানন্দ. বর্ষাকালে প্রায় এই জেলা পদ্মা ইত্যাদি নদীর জলেতে প্লাবিত হয়, এই হেতুক সেখানকার ভূমি বড় উর্ব্বরা. অন্যং দেশ অপেক্ষায় এখানে যথেষ্ট ধান্য জন্মে, এবং নীল, গুবাক, ও বাঙ্গা নামে এক প্রকার কার্পাস, ও তিসূতী, খাসা ইত্যাদি অনেক প্রকার বস্ত্র জন্মে.

নিত্যানন্দ. এ জেলার প্রধান নগরের নাম কি ?

পরমানন্দ. এ জেলার এক প্রধান নগরের নাম ফরিদপুর, যেখানে জজ্ সাহেবের বাসস্থান ও কাছারী; এবং তথাতে এক জন কালেক্টর সাহেব থাকেন; আর জেলার মধ্যে দমরায় নামে যে এক স্থান আছে সে কাপড়ের প্রসিদ্ধ এক আড়ঙ্গ.

নিত্যানন্দ. এখানে কোনং নদী আছে ?

পরমানন্দ. এই জেলায় প্রধান নদী পদ্মাবতী, সে জেলার মধ্য-খানে আছে; তাহা ছাড়া অনেকং ক্ষুদ্রং ও মাজারি নদী আছে.

---

৩ পাঠ.

জেলা ময়মনসিংহের বিবরণ.

নিত্যানন্দ. এ জেলার সীমা কোন পর্য্যন্ত ?

পরমানন্দ. ময়মনসিংহের উত্তর সীমা রঙ্গপুর জেলার সীমা ও গারো পর্ব্বতের নীচ পর্য্যন্ত, দক্ষিণ সীমা ঢাকা জেলার সীমার লাগাও; পূর্ব্ব সীমা শ্রীহট্ট জেলার সীমার লাগাও, পশ্চিম সীমা জেলা রাজ-সাহীর সীমার লাগাও.

Nityo-anundo. How long has it been established, and of what amount is the population?

Porum-anundo. It has been established only thirty-four years, having been formed in the year 1789 out of other zillas: on this account the number of inhabitants is not exactly known. In the year 1801, they were supposed to amount to 1,360,000, ten parts being Hindoos, and six parts Mussulmans.

Nityo-anundo. Of what nature is the soil, and what are its productions?

Porum-anundo. The soil is very rich, owing to its being annually inundated by various nullas issuing from the Brumhupootro. It produces coarse kinds of rice and mustard in great plenty.

Nityo-anundo. What are the principal towns?

Porum-anundo. The principal town is Nusseerabad, where the judge and collector reside. Thirty-two years ago, this place was almost a jungul; but since the court has been held there, it is greatly improved. There is also another town called Sirajgunje, which is noted for its trade.

LESSON IV.

Of Zilla Sylhet.

Nityo-anundo. What is the situation and extent of this zilla?

Porum-anundo. On the north, and east, and south-east boun-

নিত্যানন্দ. এই জেলা নূতন কি পুরাতন; এবং ইহাতে লোক বা কত আছে?

পরমানন্দ. এ জেলা পূর্ব্বকার নহে, নূতন হইয়াছে; কেবল ৩৪ বৎসর হইল অন্য জেলাহইতে ভাঙ্গাবাছা হইয়া এ জেলা নূতন পত্তন হয়; এই হেতুক লোক সংখ্যা নিশ্চয় বলা যায় না; কিন্তু ২২ বৎসর হইল, আনুসঙ্গিক জানা গিয়াছিল, যে এই জেলায় ১৩৬০০০০ তের লক্ষ ষাটি হাজার লোক আছে. তাহার মধ্যে দশ আনা হিন্দু, ছয় আনা মুসলমান.

নিত্যানন্দ. এ জেলার ভূমি কেমন, আর কিং জম্মে?

পরমানন্দ. ব্রহ্মপুত্র নদের অনেকং খালের জল উঠিয়া জেলা ময়মনসিংহের তাবৎ প্রদেশ বৎসরং প্রায় ডুবায়, এ কারণ এখানকার ভূমি বড় সতেজং, আর এই জেলাতে বুকড়ি ধান্য ও সর্ষা যথেষ্ট জম্মে.

নিত্যানন্দ. এ জেলায় প্রধান নগর কিং আছে?

পরমানন্দ. এ জেলার মধ্যে প্রধান নগর নসীরাবাদ, যেখানে জজ্ কালেক্টর সাহেবেরদের কাছারী. ৩২ বৎসর পূর্ব্বে ঐ নসীরাবাদ প্রায় বন ছিল, এ ক্ষণে আদালতের স্থান হইয়া সুন্দর নগর হইয়াছে. এবং এই জেলাতে সেরাজগঞ্জ নামে আর একটাও নগর আছে; সে প্রধান বাণিজ্যস্থান.

---

৪ পাঠ.

শ্রীহট্ট জেলার বিবরণ.

নিত্যানন্দ. এই জেলার সীমা কেমন ধারা?

পরমানন্দ. জেলা শ্রীহট্টের উত্তর ও পূর্ব্ব সীমাতে ও দক্ষিণ

daries, are several mountains inhabited by the Kookees, Kacharees, Garoes, and other tribes. On the south is Tipera, and on the west Moymunsingh

Nityo-anundo. What is the number of the inhabitants?

Porum-anundo. Owing to the number of mountains in this zilla, the population is small, in comparison with its extent. In 1801, when an account was taken, it was estimated at 5,00,000, of which nine parts are Hindoos, and seven parts Musulmans.

Nityo-anundo. What are the articles which it affords?

Porum-anundo. In the low-lands is produced an abundance of grain, and in the mountains, sugar, cotton, with great plenty of lime, which is imported from hence into various parts of Bengal for the purposes of building. In addition to these, it produces aloes, oranges, excellent cloth, &c. &c. Also elephants, which are taken as they descend from the hills. Several persons are employed by the Hon'ble Company for the purpose of catching them. This zilla being so very extensive, it comprises many purgunnahs. Ten years ago, the revenue was collected in kowries; but rupees are now current.

পূর্ব্বভাগে অনেক পর্ব্বত আছে, ঐ সকল পর্ব্বতে কুকী ও খাসী ও গারো ইত্যাদি পর্ব্বতীয় অনেক প্রকার লোকের বাস; জেলার দক্ষিণ সীমা ত্রিপুরার সীমার লাগাও, পশ্চিম সীমা ময়মনসিংহের সীমার লাগাও.

নিত্যানন্দ. এ জেলাতে লোক কত ?

পরমানন্দ. এ জেলাতে যথেষ্ট পর্ব্বত আছে, তৎপ্রযুক্ত জেলার লম্বা চৌড়ার অনুসারে অল্প লোক. ২২ বৎসর হইল একবার গণনা করা গিয়াছিল, তাহাতে জানা গিয়াছে যে লোক ন্যূনাধিক পাঁচ লক্ষ হইবে; তাহার মধ্যে হিন্দু নয় আনা, মুসলমান সাত আনা.

নিত্যানন্দ. এখানে কিং জন্মে ?

পরমানন্দ. এই জেলার মধ্যে যে নিম্ন ভূমি আছে, তাহাতে অপর্য্যাপ্ত ধান্য জন্মে; আর পর্ব্বতে যথেষ্ট কার্পাস ও চিনি জন্মে; আর বঙ্গ দেশমাত্রে যত পাকা এমারত হয় তাহাতে যত পাতরিয়া চূণের খরচ হয়, সে তাবৎ প্রায় শ্রীহট্টের আমদানী; আর অগুরু, কমলালেবু, মুগাধুতি, ইত্যাদি সামগ্রী অতি উত্তম জন্মে. আর এই জেলাতে কম্পানীর হাতী খেদার কর্ম্ম আছে, অর্থাৎ পাহাড়হইতে হাতী নামিলে সেই হাতী ধরা পড়ে; এই কর্ম্মের নিমিত্তে কতক গুলি লোক কম্পানীর নিজ চাকর আছে, তাহারাই হাতী ধরে. এ জেলা অতিবড় লম্বা চৌড়া, ইহাতে বিস্তর পরগণা আছে; দশ বৎসরের পূর্ব্বে এখানকার রাজস্ব কড়ি আদায় হইত, এই ক্ষণে টাকার চলন হইয়াছে.

LESSON V.

Of Zilla Bakurgunje.

Nityo-anundo. Can you inform me as to the dimensions of this zilla?

Porum-anundo. It is bounded on the north by Dacca-Jalalpoor; on the south by the sea; on the east by the river Megna, which divides it from Tipera; and on the west by Jessore. It was first established twenty-three years ago, in the year 1800, being taken out of the south of Zilla-Jalalpoor, and includes the island of South Shahabazpoor, which produces much salt. Aforetime the Mugs used to commit many depredations in these parts; at present, being under the protection of the Company, the population increases, and the land is more cultivated.

Nityo-anundo. Can you inform me as to its soil, and the number of inhabitants?

Porum-anundo. The number of inhabitants may be estimated at 12,00,000, more or less; ten parts of whom are Hindoos, and six parts Musulmans. The land being low, is overflowed once in the year; on which account the soil is remarkably fruitful, and produces two crops. Much rice is imported from hence to Calcutta.

Nityo-anundo. Can you name the principal towns?

Porum-anundo. The principal town is Burisal, which has greatly increased in trade and population. The court is held

৫ পাঠ.

জেলা বাকরগঞ্জের বিবরণ.

নিত্যানন্দ. এ জেলার সীমার নির্ণয় কি প্রকার?

পরমানন্দ. বাকরগঞ্জের উত্তর সীমা ঢাকা জালালপুরের সীমার লাগাও; দক্ষিণ সীমা সমুদ্রের তীর পর্য্যন্ত; পূর্ব্ব সীমা মেঘনা নদ, যাহাতে এ জেলা আর ত্রিপুরা পৃথক্ হইয়া আছে; পশ্চিম সীমা যশোহরের সীমার লাগাও. ২৩ বৎসর হইল ঢাকা জালালপুরের দক্ষিণাংশ লইয়া এই জেলার পত্তন হইয়াছে. ইহার মধ্যে দক্ষিণ শাহাবাজপুর নামে এক উপদ্বীপ আছে; সেখানে লবণ জন্মে. আর পূর্ব্ব কালে মগেরা আসিয়া এ অঞ্চলে নানা প্রকার দৌরাত্ম্য করিয়া যাইত; এইক্ষণে ইংরাজের অধিকার হওয়াতে সে সকল নিবারণ হইয়াছে; ক্রমেতে সেখানকার লোকবৃদ্ধি ও হইতেছে, আর নানা দ্রব্যও জন্মিতেছে.

নিত্যানন্দ. তথাকার লোকসংখ্যা কত, এবং ভূমি ভাল কি মন্দ?

পরমানন্দ. এই জেলায় যত লোক আছে তাহার দশ আনা হিন্দু, ছয় আনা মুসলমান. লোকও ন্যূনাধিক বার লক্ষ হইবে. এই জেলা নিম্ন ভূমি, সেই জন্যে বৎসরং ইহাতে জল উঠে; অতএব এখানকার ভূমি বড় উর্ব্বরা. এখানকার ভূমির এমনি গুণ, যে বৎসরেতে দুইবার ধান্য জন্মে. কলিকাতাতে ও অন্যং স্থানে এখানকার যথেষ্ট চাউলের আমদানী হয়.

নিত্যানন্দ. এ জেলার প্রধান নগর কি?

পরমানন্দ. এখানকার প্রধান নগর বরিশাল, তথাতে রাজধানী হওয়াতে লোকসংখ্যার আর বাণিজ্যের বৃদ্ধি হইতেছে. কুড়ি

here. Two and twenty years ago it was held at Bakurgunje, which is now become of less importance, whilst Burisal continues to increase.

Nityo-anunda. I wish now to inquire, can you give me any information respecting an inundation which lately happened in those parts?

Porum-anundo. Yes, certainly. On Thursday the 6th of June 1822, the waters of the river Megna, being greatly swelled by the tide, and impelled by a violent storm of wind, overflowed the banks, to the height of between three and four cubits, in consequence of which a number of houses, trees, &c. were destroyed. The distress occasioned was, however, trifling, compared with that which took place on the following night, when the water, which had greatly accumulated, having burst the bounds of the river, inundated the entire country. A gentleman who afterwards visited the different parts, reports the flood to have risen to the height of twelve cubits. Several of the inhabitants, thinking to save their lives, climbed into trees, and fearing lest, being faint with hunger and fatigue, they should let go their hold, lashed their bodies to the branches with their clothes. In this miserable state they at last perished. In order to sustain the lives of those who escaped this dreadful catastrophe, 7,000 bags of rice, together with oil, salt, ghee, &c. &c. were despatched by Government from Calcutta. A handsome subscription was also made by the Hon'ble Company, in conjunction with the inhabitants of Calcutta. The

বৎসরের আগে এই জেলায় রাজধানী বাকরগঞ্জে ছিল; এইক্ষণে ক্রমেং তাহার ক্ষান্ত হইয়া বরিশাল বর্দ্ধিষ্ণু হইতেছে.

নিত্যানন্দ. ভাল, অল্প দিনের মধ্যে এই জেলাতে যে একটা জল-প্লাবন হইয়াছিল, তাহার বিবরণ কিছু বলিতে পার?

পরমানন্দ. পারিব না কেন, তাহা বলি শুন. ইংরাজী ১৮২২ শালের ৬ জুন বৃহস্পতিবারে, জোয়ারের জলে মেঘনা নদ বড় বাড়িয়াছিল, এবং ঝড় হইয়া বড় তুফান হইয়াছিল, তাহাতে ঐ নদের বাঁধের উপর দিয়া তিন চারি হাত উচ্চ হইয়া ঢেউ উঠিয়াছিল. ঐ ঝড়েতে অনেক লোকের ঘর দ্বার ও গাছপালা ইত্যাদি ভাঙ্গিয়া দলমল হইয়া গেল. কিন্তু উহারি পরে আর বার যে দুর্দশা ঘটিয়াছিল, তাহার সঙ্গে তুলনা দিতে গেলে অতি সামান্য বোধ হয়; কেননা পুনর্ব্বার রাত্রি যোগেতে অতিবায় জল বাড়িয়া ঐ বাঁধ ভাঙ্গিয়া একেবারে জেলাসমেত জলেতে ডুবিয়া গেল: যে সাহেব সেখানে গিয়াছিলেন তিনি গাছের গায়ে জলের দাগ মাপিয়া দেখিয়াছিলেন, যে মাটীর উপরে বারো হাত পর্য্যন্ত উচ্চ হইয়া জল উঠিয়াছিল, এবং কতক গুলা লোক গাছের উপর চড়িয়া অনাহারে কাতর হইয়া মরিবার ভয়ে আপনারদের বস্ত্রদ্বারা গাছের সঙ্গে শরীর জড়াইয়া বাঁধিয়াছিল; কিন্তু শেষে তাহারদের এই হইল, যে গাছের গায়ে বাঁধা থাকিয়া অনাহারে প্রাণ গেল. এই মহোপদ্রবেতে যাহারা বাঁচিয়াছিল, তাহারদের জীবনধারণের জন্যে শ্রীযুক্ত গবর্ণর জনরল বহাদর মোং কলিকাতাহইতে সাত হাজার বোরা চাউল ও তৈল লবণ ঘৃত লঙ্কামরিচ দালি ইত্যাদি পাঠাইয়াছিলেন; আর শহর কলিকাতায় চাঁদা করিয়া ও কম্পানি বহাদর নিজ-হইতে যত টাকা দিয়াছিলেন, সমুদায় তথাতে পাঠাইয়াছিলেন.

number of souls destroyed by this inundation, according to the police report, includes 18,700 men, and 18,300 women :—total 37,000. Besides which, there were 89,000 head of cattle destroyed.

Nityo-anundo. Truly this was a terrible disaster; only to hear of it causes me to tremble. Alas! alas! When God is angry, who can escape? When he gives command, how easily can any one of the elements destroy in a moment thousands of his creatures! Well, surely those people were more wicked than the rest of the inhabitants of the country. What is your opinion?

Porum-anundo. I do not think so; rather I conceive that others are alike sinful. If therefore the judgments of God which overtook them, fell not upon us, we must ascribe it only to his mercy.

LESSON VI.

Of Zilla Tipera.

Nityo-anundo. What are the boundaries of this zilla?

Porum-anundo. On the north it is bounded by Sylhet and Moymunsingh; on the south by Chittagong and the sea; on the east by the Tipera hills and the Birman empire; and on the west by the river Megna, which runs between Dacca and Bakurgunje.

এই উপদ্রবেতে বরিশালে যত লোক ও পশু মারা পড়িয়াছে পুত্যেক থানাদারের রিপোর্টেতে তাহা জানা গিয়াছে, যে ১৮৭০০ পুরুষ এবং ১৮৩০০ স্ত্রী লোক, সকলে ৩৭০০০ মনুষ্য, আর ৮৭০০০ পশু, এত প্রাণির সংহার হইয়াছে.

নিত্যানন্দ. ও ভাই পরমানন্দ, এ বিষয়টি যে কেমন ভয়ানক তাহা আর বলিব কি, বলিতে ভয় লাগে. হায়২ ঈশ্বরের কোপে পড়িলে কোথাও কি কেহ স্থির হইতে পারে? দেখদেখি, তিনি মনে করিলে জলেতে কিম্বা আগুনেতে অথবা ঝড়েতে এক ক্ষণের মধ্যে হাজার২ প্রাণির প্রাণ নষ্ট হয়. হায়২ তবে মনে করি যে সেখানকার লোকেরা বুঝি দেশের অন্য২ স্থানের লোকেরদের অপেক্ষায় অধিক পাপী ছিল; নতুবা এমন ঘটিবে কেন; এমত কি তোমার মনে লয় না?

পরমানন্দ. না ভাই আমার মনেতো এমত লয় না, যে অন্য অপেক্ষা তাহারাই অধিক পাপী ছিল; বরঞ্চ মনে এমত লয় যে সকলেই তেমনি পাপী, তবে যে ঈশ্বরের কোপ তাহারদের উপর হইল, আমারদের উপরে পড়িল না, এ কেবল তাঁহারি দয়াতে, নতুবা কি রক্ষা ছিল?

---

৬ পাঠ.

ত্রিপুরা জেলার বিবরণ.

নিত্যানন্দ. ওহে ভাই পরমানন্দ, এই জেলার সীমা কি২?

পরমানন্দ. বলি শুন. ইহার উত্তর সীমা শ্রীহট্টের ও ময়মনসিংহের সীমা লাগাও; দক্ষিণ সীমা চট্টগ্রামের সীমা লাগাও সমুদ্র পর্য্যন্ত; পূর্ব্বসীমা ত্রিপুরার ও ব্রহ্মদেশের রাজার অধিকারের লাগাও; পশ্চিম সীমা মেঘনা নদ, এই মেঘনা এই জেলাকে নিজঢাকা জেলা বাকরগঞ্জ জেলাহইতে বিভিন্ন করিয়া রাখিয়াছে.

N. What is the number of its population?

P. The number is not exactly determined: it may be about 700,000, of whom ten parts are Hindoos, and six parts Musulmans. Here are several wild elephants. Also the betel-nut is found in great plenty, which the Birmans export annually in large quantities, in exchange for gold and silver. This zilla produces also baftas, khosas, and other kinds of cloth.

N. Can you tell me which are the principal towns?

P. The chief town is Commilla, the residence of the judge and collector. Besides which are Noornugur, Luckypoor, Chandpoor, &c. &c. The Megna, which is the largest river in these parts, opposite to Luckypoor is nearly five kros in breath. The Musulmans obtained possession here at a much later period than in the other parts of the country.

LESSON VII.

Of Zilla Chittagong.

Nityo-anundo. What are the limits of this zilla?

Porum-anundo. On the north it is bounded by the territories of the Rajah of Tipera. On the east by jungle and hills. On the south by Rhoshan, or Aracan, the country of the Mugs, and

which belongs to the King of Birma. On the west is the Bay of Bengal.

N. Tell me what is the extent of its population?

P. It is supposed to amount to about 1,500,000, of whom five parts are Mugs, six parts Musulmans, and five parts Hindoos.

N. What are its articles of commerce?

P. The trade consists chiefly in solid timber and planks, coarse kinds of cloth, cotton, umbrellas, &c. Shipbuilding is also carried on in the docks. To the west of Chittagong are the islands Sundeep, Hattya, and Baminy, from whence the Hon. Company obtain salt.

N. Can you inform me where is the residence of the judge?

P. The judge of this district resides at the town of Islamabad, or Chittagong, where also is the collector's court. Two other towns of note are Ramoo and Cox's-Bazar, where are custom-houses. They are chiefly inhabited by the Mugs. Eight kros from Islamabad is Seetacoond, where is a hot well named Barubacoond; and four kros beyond this is a volcano, named Dhurumagni. In the interval is a cavern, the air of which is of so inflammable a nature, that it no sooner comes in contact with fire, than an explosion is produced.

দেশ, অথাত্ মঘের দেশ, সে বুদ্ধ দেশের রাজার অধিকার; পশ্চিম সীমা বাঙ্গালার অথাড.

নি. এই জেলায় লোক কত?

প. অনুমান হয় এ জেলায় ১৫ লক্ষ লোক আছে; তাহার মধ্যে পাঁচ ভাগ মঘ; ছয় ভাগ মুসলমান; আর পাঁচ ভাগ হিন্দু.

নি. এ জেলার বাণিজ্যের সামগ্রী কিং?

প. চট্টগ্রাম জেলার বাণিজ্য দ্রব্য শুঁড়ী কাঠ, তক্তা, মোটা কাপড়, তুলা, ছাতা, ইত্যাদি. আর সেখানকার বন্দরে অনেক জাহাজ প্রস্তুত হয়; এবং চট্টগ্রামের পশ্চিমাংশে সমুদ্রেতে সন্দীপ, হাতিয়া, এবং বামুনে নামে তিনটা উপদ্বীপ আছে; সেখানে শ্রীযুক্ত কোম্পানী বহাদরের যথেষ্ট লবণ জন্মে.

নি. সেখানকার জজ্ সাহেব কোনখানে থাকেন?

প. এই চাটিগাঁয়ের জজ্ সাহেব ইসলমাবাদে থাকিয়া ঐ সকল উপদ্বীপের ও শাসনাদি করেন. এবং কালেক্টরী কাছারি ও ঐখানে; তথাতে রামু ও কাক্স সাহেবের বাজার এই দুইটা প্রধান নগর; সেই থানেই পরিমিটের কাছারি আছে; তথাতে প্রায় মঘ লোকেরদের বসতি. ইসলমাবাদহইতে ৮ ক্রোশ অন্তরে সীতাকুণ্ড অর্থাৎ বাড়বাকুণ্ড নামে এক কূপ আছে, তাহার জল উষ্ণ, আর তাহারি চারি ক্রোশ অন্তরে ধর্ম্মাগ্নি নামে এক অগ্নিকুণ্ড আছে, এই উভয় কুণ্ডের মধ্যে দিয়া রন্ধ্র দ্বারা এক প্রকার বায়ুর সঞ্চার আছে. সেই বায়ুর সঙ্গে অগ্নির সংযোগ হইবামাত্র হঠাৎ জ্বলিয়া উঠে.

LESSON VIII.

Of the Court at Moorsheedabad.

Nityo-anundo. How many zillas are attached to the court at Moorsheedabad?

Porum-anundo. In the whole seven. 1st, The town of Moorsheedabad. 2nd, Rajshahee. 3rd, Beerbhoom. 4th, Poornea. 5th, Bhagulpoor. 6th, Dinapoor. 7th, Rungpoor. The judge resides at Moorsheedabad, which, with Casim-Bazar and the parts adjacent, forms a zilla.

N. At what distance from Calcutta is Moorsheedabad?

P. It is distant from Calcutta 120 kros northward, and is situate on the bank of the river Ganges. Formerly it was known by the name of Muksoodabad; but from the period that the Nabob Moorsheed-ali-khan made it his residence, it has been called Moorsheedabad; and in the time of the Mahometan government, for the space of fifty years, was the capital of Bengal, on which account the Mahometan princes continue to reside here. The inhabitants are chiefly Musulmans, and the current language is the Hindoostanee. In the year 1757, when the English took possession of Bengal, the seat of government was removed to Calcutta.

N. What may be the number of inhabitants?

P. In the town of Moorsheedabad are 30,000 houses, and 165,000 people. The houses are much crowded, and the river in this part is shallow. There is also within the town, a great deal of bamboo and other jungle; on these accounts the town is unhealthy. Large sums have lately been expended by

৮ পাঠ.

মুরশিদাবাদ কোর্টের বিবরণ.

নিত্যানন্দ. মুরশিদাবাদ কোর্টভুক্ত কত জেলা?

পরমানন্দ. এই কোর্টের অন্তঃপাতী সাত জেলা, নিজ মুরশিদাবাদ, রাজসাহী, বীরভুমি, পূরনিয়া, ভাগলপুর, দিনাজপুর, ও রঙ্গপুর; ইহার মধ্যে মুরশিদাবাদ ও কাশিমবাজার আর তাহার চারিদিকের কতক প্রদেশ লইয়া নিজ মুরশিদাবাদ জেলা; তথাতে জজ্ সাহেব বাস করেন.

নি. কলিকাতাহইতে মুরশিদাবাদ কত ক্রোশ অন্তর?

প. কলিকাতাহইতে মুরশিদাবাদ ১২০ ক্রোশ অন্তরে, আর ঐ শহর গঙ্গার নিজ তীরে, পূর্ব্বে ইহার নাম মকসুদাবাদ ছিল, যে কালে নবাব মুরশিদআলি খাঁ আসিয়া ঐ স্থানে রাজধানী করিলেন, তদবধি মুরশিদাবাদ নাম হইল. ইংরাজের আমলের পূর্ব্বে ৫০ বৎসর মুসলমানেদের অধিকারে এই মুরশিদাবাদ বঙ্গ দেশের রাজধানী ছিল, এই প্রযুক্ত অদ্যাবধিও নবাবের সন্তান সন্ততি সকলেই মুরশিদাবাদে বাস করিতেছেন. এই সহরে মুসলমান অধিক এবং তথাকার অনেকেই প্রায় হিন্দী কথা কহে; কিন্তু ৬১ বৎসর হইল ইংরাজলোকে নবাবেরদের অধিকার জয় করিয়া বঙ্গদেশের রাজধানী মুরশিদাবাদহইতে কলিকাতা আনিয়াছেন.

নি. সেখানে লোক কত হইবে?

প. নিজ মুরশিদাবাদে ত্রিশ হাজার ঘর এবং এক লক্ষ পঁচিশ হাজার লোক আছে. সহরের বসতি বড় ঘন২ আর সেখানে গঙ্গা বড় বেগবতী নহে, অর্থাৎ স্রোত মন্দ, আর লোকালয়ের মধ্যে

government, aided by subscription from the inhabitants, towards improving the city, by making roads, filling up tanks, and rooting out the jungle. Adjoining to Moorsheedabad is Casim-Bazar, a celebrated mart for silk.

LESSON IX.

Of Zilla Moorsheedabad.

Nityo-anundo. What are the boundaries of this zilla?

Porum-anundo. On the north-west and west are Bhagulpoor and Beerbhoom; on the south Nuddea and Jessore; on the east the Pudmabotee, which separates this zillah from Rajshahee.

N. How many inhabitants are there?

P. Without the town the population may be reckoned at 850,000. Almost the whole of the land is cultivated. It produces indigo and silk in great abundance.

N. Please to inform me which is the principal town?

P. The principal town, and at which the judge resides, is Moorshecdabad. The court also is held here. Besides this are Bhogobangola, Jungeepoor, Berhampoor, &c. &c. Bhogobangola is a noted mart for grain. At Jungeepoor is a silk factory belonging to the Company. Berhampoor is a military station. Here are very noble barracks for the accommodation of the Hon'ble Company's officers and troops.

বাঁশ ইত্যাদি বন আছে, এই হেতুক সে পীড়াদায়ক স্থান ; এই ক্ষণে অল্প দিনের মধ্যে শ্রীশ্রীযুত কম্পানীর উপকার এবং তথাকার লোকের চাঁদা দ্বারা রাস্তা হওয়াতে ও অন্ধ পুষ্করিণীর পূর্ণকরাতে ও বন কাটানে পূর্বাপেক্ষ সে স্থান অতি উত্তম হইয়াছে. কাশিমবাজার মুরশিদাবাদের নিকট, সে রেসমী কাপড় ক্রয় বিক্রয়ের একটা প্রধান আড়ঙ্গ.

---

৯ পাঠ.

নিজ মুরশিদাবাদ জেলার বিবরণ.

নিত্যানন্দ. এ জেলার সীমা কত দূর?

পরমানন্দ. এই জেলার উত্তর পশ্চিম ও পশ্চিম সীমা ভাগলপুর ও বীরভূমি জেলার সীমার লাগাও; দক্ষিণ সীমা নদিয়া ও যশোহর জেলার সীমার লাগাও; পূর্ব্ব সীমা পদ্মাবতী নদীর তীর, যে নদী জেলা রাজসাহী ও মুরশিদাবাদের মধ্যখানে ব্যবধান হইয়া আছে.

নি. এখানে লোক কত আছে!

প. শহরের লোক ছাড়া এই জেলাতে সাড়ে আট লক্ষ লোক আছে. এই জেলার মধ্যে পতিত ভূমি বড় থাকে তিন আনা. আর তের আনা ভূমি উত্থিত, এই নিমিত্ত এখানে যথেষ্ট রেসম ও নীল জন্মে.

নি. এই জেলাতে শহর কয়টা, এবং জজ্ সাহেব কোনখানে থাকেন?

প. এ জেলার জজ্সাহেবের প্রধান বিচারস্থান নিজ মুরশিদাবাদ শহরে, আর এই জেলায় ভগবানগোলা, জঙ্গিপুর, বহরমপুর, ইত্যাদি প্রধানং নগর আছে. ভগবানগোলাতে ভুষাদ্রব্যর ব্যবসায় অনেক হয়. জঙ্গিপুরে শ্রীযুক্ত কোম্পানী বহাদরের রেসমের আড়ঙ্গ.

N. What are the chief rivers found in this zilla?

P. First the Bhagiruthee, which flowing from the Pudma opposite to the village Sooty, passes southward through the centre of the zilla. Near to the south-east corner is the river Jellingy, which also flows out of the Pudma. Within the last ten years a canal has been cut from the Ganges to Moorsheedabad.

LESSON X.

Of Zilla Rajshahee.

Nityo-unundo. Can you give me any particulars as to the situation and extent of this zilla?

Porum-anundo. Yes, certainly. On the north it extends to Dinajpoor and Rungpoor; on the east to Moymunsingh. To the south and east, the boundary is formed by zillas Dacca-Jalalpoor, Jessore, and Nuddea.

N. What may be the number of its inhabitants?

P. They are supposed to amount to one million five hundred thousand, of whom ten parts are Hindoos, and six parts Musulmans.

N. What are the chief articles of commerce, produced in this zilla?

বহরমপুর সৈন্যস্থান, তথাতে সৈন্যাধিপতি সাহেব লোক ও বিলাতি সৈন্যেরদের থাকিবার জন্যে এক বারিক আছে.

নি. এ জেলায় পুধান কোনং নদী আছে?

প. তবে ক্রমেং শুন; সুঁতি নামে এক গ্রামের নীচে দিয়া ভাগীরথী নদী অর্থাৎ গঙ্গা পদ্মার সঙ্গে ছাড়া হইয়া এই জেলার মধ্য দিয়া বাহির হইয়া দক্ষিণে গমন করিয়াছে, তাহারি দক্ষিণ পূর্ব্ব কোণে খানিক পরে পদ্মা হইতে জলঙ্গি নামে এক নদী বাহির হয়. দশ বৎসর হইল মুরশিদাবাদ অবধি পদ্মা পর্য্যন্ত একটা খাল কাটা গিয়াছে.

---

১০ পাঠ.

জেলা রাজসাহির বিবরণ.

নিত্যানন্দ. ওহে ভাই, এ জেলার সীমার বিবরণ কিং ?

পরমানন্দ. তাহা বলি শুন, এই জেলার উত্তর সীমা দিনাজপুর ও রঙ্গপুরের সীমার লাগাও. পূর্ব্ব সীমা ময়মনসিংহের সীমার লাগাও, এবং পূর্ব্ব দক্ষিণ ঢাকা জালালপুর, যশোহর, ও নবদ্বীপের সীমার সঙ্গে সংলগ্ন.

নি. ইহাতে লোক কত হইবে?

প. অনুমান হয় এই জেলাতে লোক ন্যূনাধিক পোনর লক্ষ; ইহার মধ্যে দশ আনা হিন্দু, ছয় আনা মুসলমান.

নি. এ জেলায় বাণিজ্যের পুধান সামগ্রী কিং ?

প. এখানকার পুধান সামগ্রী রেসম, পট্টবস্ত্র পুস্তুত করিবার

P. The principal is silk, which is purchased by the Company in order to be made into cloth. For this purpose are factories at Coomarkally, Hurriaul, Surda, and Bauleah. The cotton cloths are also purchased by the Company. In addition to the places above mentioned, are the towns of Natore, Seebgunje, &c. &c. The court is held at Natore, where the judge and collector reside. The celebrated Ranee Bhobanee formerly lived here. Some time ago Rajmahal formed part of this zilla: it is now joined to Bhagulpoor.

N. Are there any rivers of note in this zilla ?

P. Yes, several, viz. the Narud, the Atreyee, the Corotoiya, the Balesor, &c. &c.

LESSON XI.

Of Zilla Beerbhoom.

Nityo-anundo. What are the boundaries of this zilla ?

Porum-anundo. It is bounded on the north by Bhagulpoor; on the east by Moorsheedabad, and Nobodeep, or Nuddea; on the south by the river Aujoy, which passes between Burdwan and Jungul-Mahul zillas. On the west it is bounded by Ramgur.

N. Of what amount is the population ?

P. Twenty-two years ago, in the year 1801, when an account was taken, the population amounted to 1,500,000

জন্য মূল্য দিয়া তাহা কিনিতে এবং সুতার কাপড় কিনিতে কুমার-খালি, হাঁড়িয়াল, বরদহ, বোয়ালিয়াতে শ্রীযুক্ত কম্পানী বহাদরের তিন কুঠী আছে; এই তিন ঠাঁই বিনা নাটোর, শিবগঞ্জ, প্রভৃতি অনেকং প্রধান নগর এ জেলায় আছে. ইহার বিচার স্থান নাটোর, সেখানে জজ্‌সাহেব ও কালেক্টর সাহেব থাকেন; ঐ নাটোরে মহারাণী ভবাণীর বসত বাটী. পূর্ব্ব রাজমহল এই জেলা ভুক্ত ছিল. এই ক্ষণে এখানহইতে খারিজ হইয়া ভাগলপুর জেলা-ভুক্ত হইয়াছে.

নি. এ জেলায় কোনং নদী আছে?

প. জেলার মধ্যে প্রধান নারদ, আত্রেয়ী, করতোয়া, বলেশ্বর, ইত্যাদি অনেক নদ নদী আছে.

---

১১ পাঠ.

জেলা বীরভূমির বিবরণ.

নিত্যানন্দ. এ জেলার সীমা কোনং পর্য্যন্ত?

পরমানন্দ. এ জেলার উত্তর সীমা জেলা ভাগলপুরের সীমার লাগাও; পূর্ব্ব সীমা মুরশিদাবাদ ও নবদ্বীপ জেলার সীমার লাগাও; দক্ষিণ সীমা অজয় নদ, যে নদেতে বর্দ্ধমান ও জঙ্গলমহল পৃথক হইয়া আছে; পশ্চিম সীমা রামগড়ের সীমার লাগাও.

নি. এখানে লোক কত হইবে?

প. বাইস বৎসর পূর্ব্বে এই জেলার লোক একবার গণা গিয়াছিল, তাহাতে জানা গিয়াছে যে এ জেলাতে ১৫ লক্ষ লোক

of whom two thirds are Hindoos, and one third Musulmans.

N. What are its productions?

P. They consist chiefly of grain and sugar; there are also very considerable mines of iron. The Europe iron, being of superior quality, is however preferred.

N. Can you inform me what are the names of the towns?

P. They are these: Soory, Nagore, Soorool, Baidyanath, &c. The judge and collector reside at Soory. In the time of the Mahometan government, the capital of the district was at Nagore. At Soorool is a factory belonging to the Company.

N. Which are the principal rivers?

P. The principal are the Aujoy and the Mohra. In general, however, the rivers are shallow, and scarcely navigable, except in the rainy season.

LESSON XII.

Of Zilla Bhagulpoor.

N. What are the boundaries of this zilla?

P. On the north, it is bounded by Tirhoot; on the south by Ramgur and Beerbhoom; on the east by Purnea; and on the west, by Bihar and Ramgur.

আছে; তাহার মধ্যে তিন ভাগের এক ভাগ মুসলমান, দুই ভাগ হিন্দু.

নি. এ জেলায় কিং জন্মে?

প. এই জেলায় প্রধান সামগ্রী ধান্য আর চিনি, এবং তথাতে লৌহের আকর আছে. সেখানে যথেষ্ট কয়লা আর লৌহ জন্মে, কিন্তু ইউরপে যে লৌহ জন্মে সে সর্ব্বকার্য্যের উত্তম, এই প্রযুক্ত প্রায় অনেক লোকে তাহাই কেনে.

নি. এ জেলায় প্রধান নগর কিং আছে?

প. এ জেলার প্রধান নগর সিউড়ী, নাগর, সুরুল, বৈদ্যনাথ, ইত্যাদি; সিউড়ীতে জজ্ সাহেব ও কালেক্টর সাহেব থাকেন. মুসলমানেরদের বঙ্গদেশ অধিকার কালে নাগরে জেলার কাছারি ছিল, সুরুল নগরে শ্রীযুক্ত কোম্পানী বহাদরের নিজের কুঠী আছে.

নি. এখানকার কোনং নদী প্রধান?

প. সেখানকার প্রধান নদী অজয় ও মোড়া; এই জেলার নদীতে বিস্তর জল থাকে না; এই জন্যে বর্ষাব্যতিরেকে নৌকার গমনাগমন অধিক হয় না.

---

১২ পাঠ.

জেলা ভাগলপুরের বিবরণ.

নিত্যানন্দ. এ জেলার সীমা কোন পর্য্যন্ত?

পরমানন্দ. এই জেলার উত্তর সীমা ত্রিহুত সীমার লাগাও; দক্ষিণ সীমা রামগড় ও বীরভূমি জেলার সীমার লাগাও;

N. Can you inform me as to its trade, and the number of its inhabitants?

P. The inhabitants are reckoned at upward of 2,000,000, of whom three fourths are Hindoos, and one fourth Musulmans. This zilla produces a large quantity of indigo, cotton, rice, barley, tobacco, wheat, potatoes, &c.; notwithstanding, owing to the numerous population, the necessaries of life are not so reasonable. The silk, Bhagulpoor cloths, saltpetre, &c. are purchased by the Hon'ble Company. In this zilla are great numbers of mountaineers, whose language differs from that of the rest of the inhabitants. They bring from the hills vast quantities of timber, firewood, coal, wax, honey, cotton, &c. which they barter in exchange for cloth, rice, fish, metals, oil, salt, and spices.

N. Which are the chief towns?

P. The chief town is Bhagulpoor, where the judge and collector have their residence. The number of its inhabitants is computed at 30,000. Besides this are Rajmahal, Munghir, &c. &c.

LESSON XIII.

Of Zilla Purneah.

Nityo-anundo. Of what extent is this zilla?

Porum-anundo. On the north it is bounded by the Morung hills; on the south by Bhagulpoor and the Pudmawatee river;

পূর্ব্ব সীমা পুরণিয়ার সীমার লাগাও; পশ্চিম সীমা বেহার ও জেলা রামগড়ের সীমার লাগাও.

নি. এই জেলার লোকসংখ্যা ও বাণিজ্যের বিবরণ বল শুনি?

প. তবে শুন; ঐ জেলাতে লোক প্রায় বিশ লক্ষের অধিক আছে, তাহার মধ্যে চারি ভাগের এক ভাগ মুসলমান, তিন ভাগ হিন্দু. এই জেলাতে ধান্য ও কার্পাস অনেক জন্মে, কিন্তু লোক অতি বিস্তর এই প্রযুক্ত আহার্য্য দ্রব্য অল্প হয়; আর যব, তামাকু, গোম, আলু, নীল ইত্যাদি যথেষ্ট জন্মে. এবং এই স্থানে কোম্পানী বহাদরের রেসম ও ভাগলপুরী কাপড় এবং সোরা ইত্যাদি ক্রয় হয়. এই জেলাতে পাহাড়িয়া লোক অনেক আছে; তাহারদের ভাষা ভিন্ন, তাহারা পর্ব্বতহইতে গুঁড়ি কাষ্ঠ, ও জালানি কাষ্ঠ, পাতুরিয়া কয়লা, মোম, মধু, তুলা, ইত্যাদি দ্রব্য আনিয়া বিক্রয় করিয়া, কাপড়, ধান্য, মৎস্য, ধাতুদ্রব্য, তৈল. লবণ. মসালা, প্রভৃতি ক্রয় করিয়া লইয়া যায়.

নি. এ জেলার প্রধান নগর কিং ?

প. এই জেলার প্রধান নগর ভাগলপুর, সেইখানে জজ্ এবং কালেক্টর সাহেব লোক থাকেন; ঐ নগরেতে লোক আনুমানিক ন্যূনাধিক ত্রিশ হাজার আছে, এবং রাজমহল মুঙ্গের ইত্যাদি নগর ও আছে.

---

১৩ পাঠ.

জেলা পুরণিয়ার বিবরণ.

নিত্যানন্দ. এ জেলার সীমা কত দূর ?

পরমানন্দ. এ জেলার উত্তর সীমা মোরঙ্গের সীমার লাগাও; দক্ষিণ সীমা ভাগলপুরের সীমার লাগাও, ও পদ্মাবতী নদী পর্য্যন্ত;

on the east by Dinagepore; and on the west by Tirhoot. The name of this zilla before was Dhurmupoor.

N. How many people does it contain?

P. Twelve years ago they were numbered at 2,900,000, of whom nine parts were conceived to be Hindoos, and seven parts Musulmans.

N. What are the articles it produces?

P. It is celebrated for fine oxen, especially in the western parts. It also produces much rice, indigo, ghee, oil, wheat, &c. Quantities of timber brought from the Morung hills are exported to various parts. It also produces silk and muslins.

N. Please to name the principal towns.

P. Their names are, Purneah, Nathpoor, and Cusba; but the principal station, in which the judge resides, and the court is held, is Purneah, the inhabitants of which may be estimated at about 40,000.

N. What are the names of its rivers?

P. The largest are, the Coosee and Canka, which pass from the Nepaul hills into Bengal, and afterwards proceeding eastward, flow into the Ganges. Much timber is brought down the Coosee from the Morung hills, which, from its length and substance, always fetches a high price in the markets, and is known by the name of Coosee duwabar.

পূর্ব্ব সীমা দিনাজপুরের সীমায় লাগাও; পশ্চিম সীমা ত্রিহুত জেলার সীমায় লাগাও. পূর্ব্বে এই পুরণিয়া জেলার নাম ছিল ধর্ম্মপুর.

নি. এ জেলাতে লোক কত?

প. বার বৎসর পূর্ব্বে এই জেলায় উনত্রিশ লক্ষ লোক গণা গিয়াছিল; তাহার মধ্যে নয় আনা হিন্দু, সাত আনা মুসলমান.

নি. তথাকার উৎপন্ন বস্তু কিং?

প. এই জেলার বলদ অতি বড়ং হয়, কিন্তু ইহার পশ্চিম অঞ্চলে আরও বড়ং হয়. এই জেলায় ধান্য, নীল, ঘৃত, তৈল, গোম, যথেষ্ট জন্মে, আর মোরঙ্গ পর্ব্বতহইতে বড়ং চৌকয় দোকর ইত্যাদি বাহাদুরী কাষ্ঠের আমদানী হইয়া বাণিজ্যের জন্য নানা স্থানে চালান হয়. আর জেলাতে রেসমী পট্টবস্ত্র ও কার্পাসক বস্ত্র অনেক জন্মে.

নি. এ জেলার মধ্যে প্রধান নগর কোনং?

প. এখানকার প্রধান নগর পুরণিয়া, নাথপুর, কস্‌বা, ইত্যাদি কিন্তু জেলার বিচার স্থান নিজ পুরণিয়াতে, তথাকার জজ্ কালেক্টর শহরেতেই আছেন, ঐ শহরেতে অনুমান চল্লিশ হাজার লোক আছে.

নি. এ জেলার প্রধান নদী কত?

প. এ জেলার প্রধান নদী কুশী ও কঙ্কা. এই দুই নদী নেপালের পাহাড়হইতে বাঙ্গালায় আসিয়া দক্ষিণ গামিনী হইয়া গঙ্গাতে মিলিয়াছে. কুশী বহিয়া মোরঙ্গহইতে অনেক বাহাদুরী কাষ্ঠ বাহির হয়, এই জন্যে কুশীর দুয়াবার কাষ্ঠ নামে প্রসিদ্ধ কাষ্ঠের কিছু মূল্য অধিক; কারণ ঐ দুয়াবার কাষ্ঠ বড় শক্ত ও ছে লম্বা.

LESSON XIV.

Of Zilla Dinajpoor.

Nityo-anundo. What are the limits of this zilla?

Porum-anundo. The form of this zilla is triangular, and is described thus. On the east is zilla Rungpoor; on the west Purneah; on the south Rajshahee. One of the corners extends northward to the neighbourhood of Cooch Behar.

N. Can you tell me the number of inhabitants; also what are its productions?

P. An estimate of the population was made in 1808, fifteen years ago, when it was found to amount to 300,000, of whom eleven parts are Musulmans, and five parts Hindoos. The people in general are poor. The produce consists chiefly of grain, hemp, tobacco, mustard, coarse paper, mats, canvas, thread, &c.

N. Which are the principal towns?

P. They are these, Dinapoor, Malda, Raj-gunje, Bhobaneepoor, &c. The judge and collector reside at Dinapoor, in which are about 30,000 inhabitants. At Malda is a cloth factory belonging to the Company. The houses of Malda, for the most part, are built of brick, &c. taken from the ancient city of Gowr. Raj-gunje is noted for its trade. An annual fair is held at Bhubaneepoor, which is frequented by nearly 100,000 people.

১৪ পাঠ.

জেলা দিনাজপুরের বিবরণ.

নিত্যানন্দ. জেলা দিনাজপুরের সীমা কত দূর লইয়া ?

পরমানন্দ. দিনাজপুর জেলার পূর্ব্ব সীমা রঙ্গপুরের সীমার লাগাও; পশ্চিম সীমা পূরণিয়ার সীমার লাগাও; দক্ষিণ সীমা জেলা রাজসাহীর সীমার লাগাও; এই জেলা তিন কোণা, ইহার এক কোণা উত্তর দিকে প্রায় কোচ বিহার পর্য্যন্ত গিয়াছে, সেই জন্য কেবল তিন দিকের সীমার বিবরণ লেখা গেল.

নি. এই জেলাতে লোক বা কত, আর কোনং বস্তু জন্মে ?

প. ১৫ বৎসর হইল এক বার গণা গিয়াছিল যে সেখানে তিন লক্ষ লোক আছে, তাহার মধ্যে এগার আনা মুসলমান, পাঁচ আনা হিন্দু; এই জেলার লোক প্রায় দুঃখী. আর নিজ জেলাতে ধান্য, পাটকোষ্টা, কোঁচড়া তামাকু, সর্ষা, মন্দকাগজ. চেটাই, মেকলী, সুতা, ইত্যাদি অনেক জন্মে.

নি. এই জেলাতে প্রধান কোনং নগর আছে?

প. এ জেলার প্রধানং নগরের নাম দিনাজপুর, মালদহ, রাজগঞ্জ, ভবানীপুর, প্রভৃতি; নিজ দিনাজপুরে জজ্ সাহেব ও কালেকটর সাহেব থাকেন, এবং তথাতে লোক প্রায় ত্রিশ হাজার আছে, মালদহে শ্রীযুত কোম্পানী বহাদরের কাপড়ের কুঠী আছে; ঐ মালদহেতে যে সকল পাকা অট্টালিকা আছে সে সমুদয় প্রায় গৌড় সহরের পুরাতন ইঁটের, মো॰ রাজগঞ্জে অনেক প্রকার বাণিজ্য হয়; ভবানীপুর প্রতি বৎসর এক বারং লোকের মেলা হয়, তাহাতে প্রায় লক্ষাবধি লোক আসিয়া নানা দ্রব্য সামগ্রী ক্রয় বিক্রয় করে.

N. Are there any rivers of note in this zilla?

P. Yes; to the west of Dinapoor are the Mahanunda and Poonarbhoba, which separate Purneah from Dinajpoor. In the east quarter is the Curutoiya river, which passes between Rungpoor and Dinajpoor.

LESSON XV.

Of Zilla Rungpoor.

Nityo-anundo. Can you inform me as to the situation of this zilla?

Porum-anundo. It forms part of the northern extremity of Bengal, and is bounded on the north by Cooch, and Bhot, (or Thibet;) on the south by Moymunsingh and Rajshahee; on the east by Asam and the Garo mountains. On the west by Dinajpoor. Directly north of this zilla is Coochbehar, in the capital of which resides a servant of the Company, whose office is to receive from the rajah the stipulated revenue, and to transmit it to Calcutta.

N. How many inhabitants are there?

P. Including Rangamatee and Bisnee, which are attached to this zilla, the total population will amount to 2,700,000, one half Hindoos, the other Musulmans.

N. What articles does it produce?

নি. এ জেলার কোন২ নদী প্রধান ?

পা. দিনাজপুরের পশ্চিমাংশে প্রধান নদী মহানন্দা ও পুনর্ভবা; এই দুই নদী পূরণিয়া ও দিনাজপুরের সীমার মধ্যে ব্যবধান আছে; ও তাহার পূর্ব্বাংশে করতোয়া নামে যে নদী সে রঙ্গপুর ও দিনাজপুরের মধ্যখানে হইয়া গিয়াছে.

---

১৫ পাঠ.

জেলা রঙ্গপুরের বিবরণ.

নিত্যানন্দ. এ জেলা কেমন স্থান ?

পরমানন্দ. এ জেলা বাঙ্গালার উত্তর সীমার শেষে; ইহার উত্তরে আর বাঙ্গালার সীমা নাই; এই রঙ্গপুরের উত্তর সীমা, কোচ ও ভোটের দেশের সীমার লাগাও; দক্ষিণ সীমা ময়মনসিংহ ও রাজসাহী জেলার সীমার লাগাও; পূর্ব্ব সীমা, আসামদেশের ও গারো পর্ব্বতের পশ্চিম সীমার লাগাও; পশ্চিম সীমা দিনাজপুরের সীমার লাগাও. এই জেলার নিজ উত্তরে কোচবেহারের সীমা, সেখানকার রাজধানীতে শ্রীযুত কোম্পানী বহাদরের তরফ এক জন সাহেব লোক আছেন; তাঁহার ভার এই আছে, যে সেখানকার রাজার ঠাঁই নিয়মিত কর গ্রহণ করিয়া সদরে চালান করেন.

নি. এ জেলায় লোক কত আছে?

পা. রাঙ্গামাটী ও বিজনীর কতক দেশ এই জেলা ভুক্ত আছে; ইহাতে সর্ব্বসমেত ২৭ লক্ষ লোক হইবে; তাহার মধ্যে অর্দ্ধেক হিন্দু, অর্দ্ধেক মুসলমান.

নি. এ জেলাতে কোন২ দ্রব্য জন্মে?

P. It produces lime, the paun-leaf, wheat, tobacco, bamboos, &c. also the silk and and lac worms. The Rungpoor hills abound in tigers, elephants, bears, monkies, &c.

N. Please to tell me the name of the principal towns.

P. The principal town is Rungpoor, near to which is the village of Dhap, the residence of the judge and collector. There are also the towns of Mungulhaut and Goalpara. Considerable trade is carried on between this zilla and Asam.

N. What are its chief rivers?

P. The chief is the Tishna, or Trisrota, which rises to the north of Rungpoor, and running 250 kros, afterward joins the Pudma. There is also the Corotoiya, which separates the zillas of Rungpoor and Dinajpoor, and falls into the Tishna.

LESSON XVI.

Of the Rivers of Hindoostan.

Nityo-anundo. I am much gratified by the account you have given of Bengal: be pleased now to inform me respecting the rivers of Hindoostan.

Porum-anundo. In Hindoostan are several rivers, the most considerable of which is the Ganges, which, taking its rise in the Himaloy mountains, traverses a space of 1300 kros, and afterward falls into the Indian Ocean to the south of Calcutta. In its course it is joined by the Jumoona, Gogra, Son, Gandukee, Coosee, &c.

N. Are there any other rivers that are equal in size to the Ganges?

প. এই রঙ্গপুরে চর্ম্ম, পান, গোম, তামাকু, পলুপোকা, লাহার পোকা, বাঁশ, ইত্যাদি অনেক জন্মে; এবং এই রঙ্গপুরের পর্ব্বতে ব্যাঘ্র, হস্তী, ভালুক, বানর, ইত্যাদি হিংস্র জন্তু যথেষ্ট আছে.

নি. এই জেলার প্রধান নগর কিং ?

প. প্রধান নগর রঙ্গপুর; তাহারি নিকটে ধাপ নামে এক গ্রাম আছে, ঐ ধাপে জজ্ সাহেব ও কালেক্টর সাহেব থাকেন; আর মোঙ্গলহাট, গোয়ালপাড়া, এই দুই প্রধান নগর ও আছে. এই জেলায় আসাম দেশীয় অনেক লোক আসিয়া বানিজ্য করে.

নি. এই রঙ্গপুর জেলাতে প্রধান নদী কিং আছে?

প. এই জেলার প্রধান নদী তিস্তা, ইহার যথার্থ নাম ত্রিস্রোতা. এই নদী রঙ্গপুরের উত্তরহইতে ২৫° ক্রোশ আসিয়া পদ্মার সঙ্গে মিলিয়াছে; আর করেতোয়া নামে অন্য এক নদী দিনাজপুর ও রঙ্গপুরের সীমার মধ্য দিয়ে থাকিয়া দুই জেলাকে পৃথক্ করিয়া রাখিয়া তিস্তাতে মিলিয়াছে.

---

১৬ পাঠ.

হিন্দুস্থানের নদীর বিবরণ.

নিত্যানন্দ. ওহে ভাই বঙ্গদেশের সকল জেলার বিবরণ শুনিয়া আহ্লাদিত হইলাম, এখন অনুগ্রহ করিয়া হিন্দুস্থানে যেং প্রধান নদী আছে তাহার বিবরণ কিঞ্চিত্ বল শুনি.

পরমানন্দ. তবে বলি শুন, এই হিন্দুস্থানে অনেক নদী আছে, তাহার মধ্যে সর্ব্বপ্রধান গঙ্গা; এই গঙ্গা হিন্দুস্থানের উত্তর হিমালয় পর্ব্বতহইতে নির্গত হইয়া তের শত ক্রোশ পর্য্যন্ত আসিয়া কলিকাতার দক্ষিণে ভারতসমুদ্রে মিলিয়াছে; আর যমুনা, গোগরা, শোণ, গণ্ডকী, কুশী, ইত্যাদি নদী কতক এই গঙ্গাতে মিলিয়াছে.

P. Not in Hindoostan. There are in other parts. In Asia are the two Chinese rivers, Hoanho and Kian-ku. The length of the former is 1750 kros, that of the latter 1900 kros. In South America is the Amazon, which is the largest river in the world, the space over which it passes from its source to the sea being not less than 2100 kros.

N. Well, please to give me some particulars of the other rivers of Hindoostan.

P. The next is the Bruhmupooter, which has its source near to that of the Ganges, and in its way to the sea is joined by an arm of that river named the Padma; afterward passing by Tipera, it falls into the Bay of Bengal.

N. Are the Bruhmupooter and Ganges rivers alike in length?

P. They take their rise, as was said before, nearly at the same spot, and therefore in one respect the length of both is equal; yet in some places they are distant from each other not less than 1050 krós: the reason is, the Ganges runs in one course to the south, whereas the Bruhmupooter makes a very large circuit eastward. Passing through Thibet, it reaches the borders of China; afterwards returning to Bengal through the Asam country, it falls into the sea near Lukheepoor.

N. Please to inform me if there be any other principal rivers.

P. Another principal river is the Sindh, or Indus, which orms the boundary of Hindoostan on the north-west. It takes

নি. গঙ্গার সমান দীর্ঘ পুষ্ট নদী আর আছে কি না?

প. এ দেশের মধ্যে গঙ্গা অতিশয় দীর্ঘ নদী বটে; কিন্তু অন্যং দেশে ইহাহইতেও দীর্ঘ নদী আছে. আসিয়ার মধ্যে চীন দেশে হোআনহো নামে যে এক নদী আছে, সে দীর্ঘে সতের শত পঞ্চাশ ক্রোশ; ঐ দেশে আর ও এক নদী আছে, সেও দীর্ঘে উনিশ শত ক্রোশ. এবং দক্ষিণ আমেরিকাতে এক নদী আছে, তাহার নাম আমাজন, সে পৃথিবীর সকল নদী অপেক্ষায় বড়, সে যেখানহইতে বাহির হইয়াছে, সেখানহইতে দুই হাজার এক শত ক্রোশ চলিয়া আসিয়া মহাসাগরে মিলিয়াছে.

নি. এই ক্ষণে আরং নদীর বিশেষ বিবরণ কিছু বল.

প. তবে প্রথমে ব্রহ্মপুত্র নদের বৃত্তান্ত শুন; এই ব্রহ্মপুত্র হিন্দুস্থানের মধ্যে এক প্রধান নদ, এই নদের জন্মস্থান গঙ্গার উৎপত্তি স্থানের প্রায় নিকট. আর বলি শুন, পদ্মা নামে গঙ্গার যে এক প্রবল ধারা বাহির হইয়াছিল, সেই পদ্মা এই ব্রহ্মপুত্রের সঙ্গে মিলিয়া ত্রিপুরার নিকট দিয়া গিয়া বাঙ্গালার মহাখালে প্রবেশ করিয়াছে.

নি. ব্রহ্মপুত্রে আর গঙ্গাতে লম্বায় সমান কি না?

প. ব্রহ্মপুত্রের জন্মস্থান আর গঙ্গার জন্মস্থান এই দুই নিকট বটে, তৎপ্রযুক্ত দৈর্ঘ্যেতে সমান, তথাপি কোনং স্থানে উভয়েতে এক হাজার পঞ্চাশ ক্রোশ অন্তর, তাহার বীজ এই, যে গঙ্গা বাহির হইয়া দক্ষিণ গামিনী হইয়াছে; আর ব্রহ্মপুত্র পূর্ব অঞ্চলে অনেক দূর ফিরিয়া আসিয়া সমুদ্রের সঙ্গে মিলিয়াছে, এই ব্রহ্মপুত্র তিব্বত দেশ দিয়া পূর্ব্ব ভাগে গিয়া চীন দেশের সীমা দিয়া চলিয়া আসিয়া হঠাৎ আরবার পশ্চিমে আসাম দেশ হইয়া বঙ্গদেশের লক্ষ্মীপুরের নিকটে আসিয়া সমুদ্রে মিলিয়াছে.

নি. আর কোন প্রধান নদী যদি থাকে তবে তাহার বিশেষ বল.

its rise in the Himaloi mountains, and, passing 1000 kros, falls into the Indian Ocean. In its course it is joined by the Sutoo-der, Beyah, Yrawntee, Chundrubhaga, and Bitusta, or Hydaspes. The territory included within these five rivers is denominated the Punjab.

N. Are there any rivers of note besides the Ganges, Bruhmupooter, and Indus?

P. Yes, the Nurmuda, which, issuing from the Rajmahal hills, proceeds westward, and afterwards falls into the Indian Ocean to the north of the Sowrastro country: its length is 650 kros. Another is the Godavuree, which takes its rise in the neighbourhood of Bombay, and, passing 750 kros, falls into the Indian Ocean on the north of the Carnatic. A third is the Krishna, which has its source from the Ghat mountains in the Carnatic, and falls into the sea on the east, its length being near 600 kros. Besides these are several other smaller rivers.

N. The description you have given is quite satisfactory. I would next inquire, what are the advantages derived from rivers?

P. You will easily perceive, that from rivers are derived very great advantages. Mankind, and also cattle, preserve life by drinking of their waters: at other times, they also refresh themselves by bathing. By means of boats, which pass along these rivers, various kinds of merchandize are conveyed from one country to another. Again, the water overflowing its banks, fertilizes the land, so that it produces abundance of grain

প. হিন্দুস্থানের প্রধান আর এক নদ সিন্ধু. সিন্ধু নদ হিন্দুস্থান দেশের উত্তর পশ্চিম সীমা. ঐ নদ হিমালয় পর্ব্বতহইতে বাহির হইয়া এক হাজার ক্রোশ আসিয়া ইণ্ডিয়ম্ অর্থাৎ ভারত সমুদ্রে মিলিয়াছে; তাহার সঙ্গে পথ ঘটিত শতদ্রু, বিপাশা, ঐরাবতী, চন্দ্রভাগা, বিতস্তা, এই পাঁচ নদীর মিলন হইয়াছে. এই পাঁচ নদীর মধ্যস্থিত যে সকল দেশ তাহাকে পঞ্জাব বলে.

নি. ভাল গঙ্গা ও ব্রহ্মপুত্র ও সিন্ধু এই তিন ছাড়া আর কোন প্রধান নদী আছে কি না?

প. আছে, তবে শুন. নর্ম্মদা নামেতে এক নদী আছে, সে নদী রাজমহলের পর্ব্বতহইতে বাহির হইয়া পশ্চিম দিকে ছয় শত পঞ্চাশ ক্রোশ গিয়া সুরাষ্ট্র দেশের উত্তরে ভারত সমুদ্রে মিলিয়াছে. দ্বিতীয় গোদাবরী, সে বোম্বাইর নিকটহইতে বাহির হইয়া পূর্ব্বভাগে সাড়ে সাত শত ক্রোশ গিয়া কর্ণাট দেশের উত্তরে ভারত সমুদ্রে মিলিয়াছে. তৃতীয় কৃষ্ণা, এই কৃষ্ণা বর্ণাট দেশের ঘাটনামে পর্ব্বতহইতে বাহির হইয়া পূর্ব্বদিকে প্রায় ছয় শত ক্রোশ গিয়া ভারত সমুদ্রে প্রবিষ্ট হইয়াছে; এই সকল নদী ছাড়া হিন্দুস্থানে আর ও অনেক ক্ষুদ্র২ নদী আছে.

নি. ওহে এ পর্য্যন্ত শুনিয়া তুষ্ট হইলাম, এখন নদীতে জীবের যে উপকার হয় তাহা বিশেষ করিয়া বল শুনি.

প. নদীতে জীবের কত উপকার তাহা দেখ. নদীর জল খাইয়া জীব জন্তু সকল বাঁচে, এবং স্নানাদি করিয়া শরীর শীতল করে; আর নদীর উপর দিয়া নৌকা যোগে দেশ বিদেশে গিয়া নানা দেশহইতে বাণিজ্য করিবার জন্যে নানা সামগ্রী আনে; আর যে২ ভূমির উপরে নদীর জল অর্থাৎ বন্যা উঠে সে সকল ভূমিকে এমত উর্ব্বরা

and fruits. Thus in various ways rivers contribute to our welfare; so much so, that to a river may be compared a true philanthropist: as the streams which water a country diffuse in their course life and comfort to the inhabitants, so is it the part of a truly good man to bestow happiness and assistance wherever he goes.

LESSON XVII.

Of the Mountains of Hindoostan.

Nitya-anundo. What you say is indeed correct. I would next inquire, what are the mountains of Hindoostan?

Porum-anundo. There are several mountains in Hindoostan, the largest of which are the Himaloi, which, extending nearly 4,000 kros, form its boundary on the north. The Indus, Ganges, Gogra, and Bruhmupooter rivers, take their rise from these mountains, which are said to be the highest in the world. Formerly it was the opinion of geographers, that the Andes in South America exceeded in height every other mountain, their measurement amounting to not less than 14,000 cubits. However, by order of the late Governor General Lord Hastings, it has since been ascertained, that the height of the largest peak of the Himaloi is 18,000 cubits; so that it is now acknowledged as the highest known mountain in the world.

করে যে তাহাতে সবশস্য জন্মে, আর গাছ সকল সতেজ হইয়া বহু সফল হয়, এই প্রকার নদী সকল সকলেরি ভাল করে; অধিক আর কি বলিব? মহাত্মাপুরুষের সঙ্গে আর নদীর সঙ্গে দৃষ্টান্ত হয়, কেননা নদী যেমন সকলের উপকার আর আহ্লাদ জন্মায়, তেমনি মহাত্মা ও পরের উপকারের নিমিত্তে বাঁচে.

---

১৭ পাঠ.

হিন্দুস্থানের পর্ব্বতের বিবরণ.

নি. ওহে তুমি যে কথা কহিতেছ তাহা যথার্থ মানিলাম, এখন জিজ্ঞাসা করি যে হিন্দুস্থানে কোনং পর্ব্বত আছে?

পরমানন্দ. হিন্দুস্থানে কএকটা পর্ব্বত আছে, তাহার মধ্যে প্রধান পর্ব্বত হিমালয়; এই পর্ব্বত শ্রেণী হিন্দুস্থানের উত্তর সীমা হইয়া প্রায় চারি হাজার ক্রোশ পর্য্যন্ত গিয়াছে; ঐহিমালয়হইতে সিন্ধু, গঙ্গা, ঘোগরা, ব্রহ্মপুত্র এই সকল প্রধান নদীর উৎপত্তি হইয়াছে. আর পৃথিবীর অন্যং পর্ব্বত অপেক্ষায় এই পর্ব্বত উচ্চ, পূর্ব্বে ভূগোল বেত্তারা দক্ষিণ আমেরিকার আন্দিজ নাম পর্ব্বত দেখিয়া এবং তাহার উচ্চতা মাপিয়া অন্যং পর্ব্বতশৃঙ্গহইতে ঐ পর্ব্বতের শৃঙ্গ উচ্চ এই মত জ্ঞান করিতেন; কারণ শৃঙ্গ সমেত ঐ পর্ব্বত মাপিয়া দেখিয়াছিলেন, যে উচ্চ চৌদ্দ হাজার হাত. কিন্তু তাহার পর লার্ড হেষ্টিংস্ বহাদরের আজ্ঞাতে কএক জন সাহেব লোক হিমালয় পর্ব্বতের উচ্চতা মাপিয়াছিলেন, সেই মাপেতে জানা গিয়াছে যে হিমালয় পর্ব্বতের এক শৃঙ্গ ঊর্দ্ধে আঠারো হাজার হাত; অতএব এই ক্ষণে সকলেই হিমালয় পর্ব্বতকে উচ্চতম করিয়া মানেন.

N. What are the other principal mountains in Hindoostan?

P. Amongst other celebrated mountains of Hindoostan are the Rajmahal, from whence spring the Soane and Nurmuda rivers. Besides these in the west, 50 miles distant from the sea, are the Ghat mountains, extending from the south border to the Sowrastra country in the north, a distance of 780 kros, their height being 2000 cubits. The clouds which are carried from the east, being impeded by these mountains, water the country only on that side: in like manner, the clouds on the westerly side do not pass to the east. Besides these are mountains of lesser note, in different parts of the country.

N. I would now beg leave to ask, what benefit is derived from mountains?

P. From mountains are derived various benefits; amongst which consider first that from springs, which issue from their side, originate rivers, without which mankind could not possibly exist. On mountains also grow an infinite number of trees and plants. From the latter are made excellent medicines; and as to wood, such as shaul, shishoo, teak, &c. you know how much we have need of it. On the mountains also are several kinds of animals, highly useful to man: whilst from their interior are dug different kinds of metals, which supply important purposes. Again, how tremendous is the power of the sea; yet by means of mountains, its waters are stayed and kept back. Observe further, what a grand and beautiful appearance they give to the country. Lastly, if you climb their summits, be-

নি. হিন্দুস্থানে আর কোন প্রধান পর্ব্বত আছে কি না?

প. হিন্দুস্থানের অন্য প্রধান পর্ব্বত রাজমহলের পর্ব্বত; সেই পর্বতহইতে শোণ আর নর্ম্মদা নদীর উৎপত্তি. আর দক্ষিণ দেশে ঘাট নামক পর্ব্বত শ্রেণী আছে, সে সমুদ্রহইতে ৫০ ক্রোশ দূরে থাকিয়া হিন্দুস্থানের দক্ষিণ সীমা অবধি উত্তরে সুরাষ্ট্র দেশ পর্য্যন্ত ব্যাপিয়া আছে; সে দক্ষিণ উত্তরে দীর্ঘে ৭৮০ ক্রোশ, ঊর্দ্ধে দুই হাজার হাত; কিন্তু এই দুই হাজার হাত উচ্চতাতেই মেঘের গমন রোধ করে, এই নিমিত্তে পূর্ব্বের বাতাসে চলিয়া আইসে যে মেঘ সে ঐ পর্বতে রুদ্ধ হইয়া পর্বতের পশ্চিমদিকে বর্ষিতে পারেনা, এবং পশ্চিমের বাতাসে চলিয়া আইসে যে মেঘ সেও ঐ পর্বতে রুদ্ধ হইয়া পর্বতের পূর্বদিকে বর্ষিতে পারে না. এতদ্ভিন্ন দেশেং আরও ক্ষুদ্রং পর্বত আছে.

নি. ভালং এখন তোমাকে একটা কথা জিজ্ঞাসা করি, পর্ব্বতে জীবেরদের কিং উপকার হয়?

প. পর্বতে যে জীবেরদের কত উপকার সে কথা কি বলা যায়! পর্বতের ঝোরাতে এই নদী সকলের সৃষ্টি হইয়াছে, যে নদী নহিলে এক দণ্ড কাল চলে না. আরও শুন, পর্ব্বতে নানা গাছ আছে, এবং সেই সকল গাছের মধ্যে অনেক মহৌষধ আছে. আর বড়ং শাল, শিশু, সেগুন, প্রভৃতি কাষ্ঠেতে যত উপকার হয় তাহা আর বলিয়া বুঝাইব কি. মানুষের পরম উপকারী পশু সকল পর্বতে আছে, আর পর্বতের গর্ভে নানা ধাতুর আকর আছে, যে সকল ধাতু সর্বদা ব্যবহারে লাগে. আর বলি শুন, সমুদ্র যত বড় প্রকাণ্ড তাহা ও জান, এমত যে সমুদ্র তাহাকেও পর্বত দিয়া বাঁধা যায়. আর দেখ পর্ব্বত থাকিলে দেশের কিবা শোভা এবং তাহার

holding on every side the wonders of creation, you may increase in piety and wisdom.

N. I perceive that the benefits derived from mountains are very great. I also now understand clearly that God has created nothing in vain.

LESSON XVIII.

Of the Trade of Hindoostan.

Nityo-anundo. I had it in mind to ask a further question, which is, Whence is it that the inhabitants of Hindoostan have so much increased in wealth?

Porum-anundo. One reason is, that under the former sovereigns, the people were subject to much oppression, so that scarcely any one's property was secure. At present, under the British Government, this evil having been done away, they become more and more wealthy. Another reason is, the increase of commerce. You perceive that other nations, having occasion to purchase the produce of Hindoostan, bring to Calcutta annually immense sums of money, which is afterwards scattered over the country; consequently the people increase in riches.

N. Pray, in what articles does the trade of Hindoostan chiefly consist?

P. The first is indigo, the cultivation of which has been increasing for upwards of thirty years. It is used in dying

শৃঙ্গের উপর উঠিতে পারিলে ঈশ্বরের চমৎকার সৃষ্টি দেখিয়া জ্ঞান আর ঈশ্বরের প্রতি ভক্তি জন্মে.

নি. ওহে ভাই পর্ব্বত যে কত উপকারক তাহা শুনিলাম; আর ঈশ্বর যে কোন বস্তু নিরর্থক সৃষ্টি করেন নাই, তাহাও বিলক্ষণ বুঝিলাম.

---

১৮ পাঠ.

হিন্দুস্থানের বাণিজ্যের বিবরণ.

নিত্যানন্দ. ভাল এই হিন্দুস্থানের লোকেরদের যে পূর্ব্বাপেক্ষায় এত ধন বৃদ্ধি হইতেছে ইহার কারণ কি?

পরমানন্দ. ইহার একটি কারণ এই, যে পূর্ব্বকার রাজারদের আমলে প্রজারদের উপরে নানা প্রকারে লূট ডাকাইতি ইত্যাদি অনেক উৎপাত ঘটিত, তাহাতে প্রায় কাহার ও ধন স্থির ছিল না, এই ক্ষণে ইংরাজের আমলে সে সকল উত্পাত নাই, অতএব দিনেং লোকেরদের ধন বাড়িতেছে. দ্বিতীয় আর ও এক কারণ বানিজ্য, দেখ অন্য দেশের লোকেরা এ দেশের সামগ্রীর অনেক প্রয়োজন রাখে, এই হেতুক তাহা কিনিবার জন্যে বত্সরং যথেষ্ট ধন আনে, সে তাবৎ ধন এ দেশে ছড়াইয়া পড়ে, সুতরাং অনেকে ধনী হই-তেছে.

নিত্যানন্দ. হিন্দুস্থানের যেং বস্তু লইয়া অন্যং দেশের লোকের-দের অধিক বাণিজ্য হয়, সে কোনং বস্তু?

পরমানন্দ. তবে বলি শুন, প্রথম নীল, ত্রিশ বৎসরের অধিক এ দেশে ঐ নীলের চাস কর্ম্মের বৃদ্ধি হইয়াছে; কাপড় রঙ্গাইবার জন্যে এই নীল প্রয়োজন. অনুমান হয় যে বৎসরেতে আশী

cloth. The produce of one year may be computed at 80,000 maunds, which, reckoning at the rate of 150 rupees per maund, the total amount will exceed 12,000,000 rupees.

N. What is the next after indigo?

P. The next is cotton. Some years ago it was furnished chiefly from Bengal. Of late the greatest quantity grows in the Dooab, or the country between the Ganges and the Jumoona. When arrived at Calcutta, it is put into screws, and greatly compressed, so as to occupy little space in the ships, a large bag of five maunds making only a small bale. A great part of the cotton annually exported goes to China; and within the last four or five years, a very large proportion has been sent to England, where several thousand persons are employed in manufacturing it, first into thread, and then into cloths.

E. What is the third article?

P. The third is opium, which is extensively cultivated in the neighbourhood of Mugud and Benares. The purchase of opium belongs exclusively to the Honourable Company, and is regulated in the following manner. The entire produce is first purchased by Government; afterwards being put into boxes, it is sent to auction, where it is bought in lots by the merchants, and exported to various countries. Opium is prepared in the following manner. The plant called the poppy is sown in large quantities. When ripe, towards evening, a small incision is made

হাজার মোন নীল প্রস্তুত হয়, যদি একং মোনের মূল্য দেড় শত টাকা করিয়া ধরা যায়, তবে সব্ব সমেত হিসাব করিলে বত্সরেতে এক ক্রোট বিশ লক্ষ টাকার ও অধিক হয়.

নি. ভাল নীলের কথা শুনা গেল, দ্বিতীয় কোন বস্তু তাহা বল?

প. দ্বিতীয় তুলা, পূর্ব্বে তুলা বাঙ্গালায় অনেক জন্মাইত; এখন দোয়াবে অর্থাত্ গঙ্গা ও যমুনার মধ্যবর্ত্তিদেশে তুলা অধিক জন্মে; তুলার বস্তা কষিয়া জাহাজের অল্প স্থানের মধ্যে বোজাই করিবার জন্যে কলিকাতায় আসিয়া কলদারা গাঁইট বন্দি হয়, তাহাতে পাঁচং মোনী বড়ং বস্তা অতি ছোটং হয়. পূর্ব্বে চীনদেশে প্রতি বত্সর অনেক তুলা চালান হইত, এইক্ষণে বত্সর পাচেক হইল ইংলণ্ডেও অধিক যাইতেছে, এবং তথাতে সেই তুলার সূতা হইয়া নানা প্রকার কাপড় জন্মিতেছে, ও তাহাতে যথেষ্ট লোকের প্রতিপালন হইতেছে.

নি. তৃতীয় কোন বস্তু?

প. তৃতীয় আফিম, প্রতি বত্সর মগধ দেশে ও কাশীতে আফিম অনেক জন্মে, আফিমের বাণিজ্য কোম্পানী ছাড়া আর কাহারও করিবার সাধ্য নাই. প্রথমে যত আফিম জন্মে তাহা একবার কোম্পানী ক্রয় করেন, পরে সিন্দুক বন্দি করিয়া নিলামে লাট বন্দি হইলে মহাজনেরা লাটেতে ক্রয় করিয়া জাহাজ দ্বারা ভিন্ন দেশে পাঠাইয়া দেন. আফিম কি প্রকারে জন্মে, তাহাও বলি শুন, পোস্ত নামেতে এক শস্য আছে, তাহার ক্ষেত হয়, ঐ ক্ষেতে গাছ হইয়া প্রত্যেক গাছে অনেক ফল প্রসব করে; ঐ সকল ফল বৈকালে ক্ষুদ্রং অস্ত্র বিশেষ দ্বারা চিরিয়া রাখিতে হয়, রাত্রি যোগে ঐ সকল ফলের চেরা চাঁই দিয়া রস বাহির হইয়া ফলের

in the pod, from which the juice distils during the night, and remains on the plant. In the morning it is scraped off, and afterwards, being dried in the sun, forms the opium.

N. Are there any other articles in addition to these?

P. The fourth is cloth, of which a very large quantity is annually prepared in Hindoostan, especially in the parts about Dacca, which is celebrated for the manufacture of muslins. To the north of the Ganges is prepared a kind of cloth, called Khosa, and in the south west, near to Luckypoor, Baftas. Mednipoor, Orissa, and the Mahrattas, are famous for Saus, and Beerbhoom for Gorhas. In America, the inhabitants applying themselves chiefly to husbandry, manufactures are less attended to. On this account the merchants of that country take much cloth from Calcutta, for which they bring dollars. However, both the Europeans and Americans have of late given great encouragement to the manufacture of cloth at home.

N. Well, have you any thing further to add on this head?

P. Yes, there remains yet another article, viz. silk, which is furnished from the Company's factories at Rampoor, Bauleah, Commercolly, Jungeepoor, Casim-Bazar, Malda, &c. When it arrives in foreign countries, it is manufactured into cloth of various colours. The process by which it is produced is as follows. The silk-worm is fed with the leaves of mulberry trees, which are planted for the purpose. This worm, when grown, like the

গায়ে জমিয়া থাকে, প্রাতঃকালে সেই জমা রস চাঁচিয়া তুলিয়া একত্র করিয়া রৌদ্রে শুখাইলে আফিম হয়.

নি. ভাল আর কিছু যদি থাকে তবে বল শুনি.

প. বলি, চতুর্থ বস্ত্র. হিন্দুস্থানে প্রতিবৎসর বস্ত্র যথেষ্ট জন্মে, তাহার মধ্যে ঢাকার অঞ্চলে অতি চিকনং বস্ত্র জন্মে, গঙ্গা নদীর উত্তরাংশে এক প্রকার বস্ত্র জন্মে তাহাকে খাসা বলে, বাঙ্গালার দক্ষিণ পশ্চিম ভাগে লক্ষ্মীপুরের নিকটে বাপ্তা নামে আর এক প্রকার বস্ত্র জন্মে, মেদিনীপুর ও উড়িস্যার অঞ্চলে এবং তাহারি নিকটে মহারাষ্ট্র প্রদেশে শাল নামে এক প্রকার বস্ত্র জন্মে, বীরভূমিতে গড়া জন্মে. আর আমেরিকা দেশে কাপড় বড় একটা জন্মে না, তথাকার লোকেরদের কৃষিকর্ম অধিক, শিল্প ব্যবসায় অল্প, এই প্রযুক্ত সেখানকার মহাজনেরা কলিকাতায় যথেষ্ট টাকার কাপড় কিনিয়া লইয়া যায়, সে দেশে এ দেশীয় টাকার চলন নাই, এই জন্যে তাহারা ডালর আনে ; কিন্তু সংপ্রতি ইউরপ ও আমেরিকার লোকেরা আপনারং দেশে কাপড় জন্মাইবার জন্যে বড় যত্ন করিতেছেন.

নি. ওহে ভাই পঞ্চম আর কিছু আছে কি না?

প. শুন বলি, পঞ্চম রেশম. রামপুর বোয়ালিয়া ও কুমারখালি ও জঙ্গীপুর ও কাশীমবাজার ও মালদহ প্রভৃতি স্থানে কোম্পানীর কুঠীতে রেশম যথেষ্ট জন্মে, সেই রেশম নানা দেশে চালান হয়, সেই খানে তাহাতে নানা রঙ্গ দিয়া নানা প্রকার পাটের কাপড় প্রস্তুত করে. এ রেশম কি প্রকারে জন্মে, তাহা বলি শুন, প্রথমে ক্ষেত্রে তুত নামে এক প্রকার গাছ প্রস্তুত করে, ডাল সমেত তাহারি পাতা কাটিয়া পলু নামে এক পোকাকে খাইতে দেয়, সেই সকল পোকা ঐ পাতা খাইতেং ক্রমেতে বড়ং হইয়া যে

spider, draws from its body a fine thread, which it winds round its body. The ball being complete, is thrown into hot water, by which means the worm which remained in its centre is destroyed: afterwards the silk is taken off by means of a wheel. If at the proper time the ball be not thrown into water, the insect, previous to becoming a moth, cuts its way out, and the silk is rendered useless.

N. I feel greatly indebted by the account you have given, from whence I obtain this lesson, that it is good for us to confess our own littleness. For look here is an insect, which clothes us in beautiful garments, and whose labours far surpass the utmost ingenuity of man. Here, therefore, is an end of pride.

P. I fully agree to this improvement of the subject.

প্রকারে মাকড়সা আপনার উদরহইতে সূতা বাহির করে, সেই প্রকারে আপনারং পেটহইতে সূতা বাহির করিয়া আপনার শরীরকে বেষ্টন করিয়া তাহারি মধ্যে আপনি বদ্ধ হয়, আর এমনি বাঁধা পড়ে যে আপনার বাহির হইবার পথ ও রাখে না. অনন্তর উপযুক্ত সময় বুঝিয়া সেই গুটিকা সকল উষ্ণ জলে নিক্ষেপ করিলে ভাবেতে কীট গুলি মরিয়া যায়, পরে যন্ত্র দ্বারা সেই সূতা উঠাইলে তাহাকেই রেশম বলে. গুটিকা প্রস্তুত হইলে উপযুক্ত সময়ে যদি উষ্ণ জলে না ফেলা যায়, তবে ঐ মধ্যখানের কীট সকল প্রজাপতি হইয়া মুখদিয়া গুটি কাটিয়া উড়িয়া পলায়, ইহা হইলে সকল বৃথা হয়.

নি. ওহে ভাই এ সকল বিবরণ শুনিয়া চরিতার্থ হইলাম, আর আপনার লঘুত্ব স্বীকার করা ভাল ইহারি একটি উপদেশ পাইলাম. দেখ ভাই যে একটি ক্ষুদ্র পোকা ইহারি কীর্ত্তি দেখ, এমন সুচমৎকার সূতার সৃষ্টি করে, যে মানুষ ও তেমন করিতে পারে না, আর সেই সূতার কাপড় মানুষেরদের পরিধানবস্ত্র হইয়া কিবা আশ্চর্য্য শোভা দেয়; অতএব মানুষেরদের যে অহঙ্কার তাহা নাশ হউক.

প. ভালং তুমি যে উপদেশ করিলা তাহা যথার্থ করিয়া মানিলাম.

PART IV.

Dialogues

ON

GEOGRAPHY, ASTRONOMY, &c.

ভূগোল এবং জ্যোতিষ্ ইত্যাদি বিষয়ক

কথোপকথন.

চতুর্থ ভাগ.

PART IV.

LESSON I.

Of the Ancient History of Hindoostan.

Nityo-anundo. The account which you have given of the country of Hindoostan, its mountains, rivers, produce, &c. has afforded me much pleasure. Be pleased now further to oblige me by relating some particulars respecting its history.

Porum-anundo. Attend, and I will inform you. Two thousand three hundred years ago, Darius, King of Persia, having entered Hindoostan, made himself master of the north-west parts of the country. It does not appear that there are any connected historical accounts of Hindoostan previous to this period: the reason is, the writers of those days delighted much in intermixing their narratives, composed in Sunscrit, Persian, or Greek, with allegories. In the reign of Darius, the Greek having become current, authentic histories were written in that language: from these translations have been made by Europeans, by which it appears, that Darius, having conquered the north-west provinces of Hindoostan, received tribute from the rajas. Subsequent to this, 2150 years ago, Alexander, King of Macedonia, after having conquered Persia, passed the river Indus, and took possession of the country as far as the Punjab. He had purposed also to advance into Bengal; but not being acquainted with the nature of the climate, his troops, having for seventy days been much annoyed by the rains, refused to proceed further.

৪ ভাগ.

প্রথম পাঠ.

হিন্দুস্থানের প্রাচীন ইতিহাস.

নিত্যানন্দ. ওহে ভাই তোমার ঠাঁই হিন্দুস্থান দেশের বিবরণ, ও লোকসংখ্যা, এবং পর্বত, ও নদ, নদী, আর উৎপন্ন বস্তু সকলের নানাবিধ বিবরণ শুনিয়া পরমাপ্যায়িত হইলাম, এইক্ষণে ইতিহাস ছলে এ দেশের পূর্বকালের বিবরণ কিছু শুনিতে বাঞ্ছা হয়, অনুগ্রহ করিয়া বল.

পরমানন্দ. তবে মনোযোগ কর, গত ২৩০০ বৎসর হইল দারা নামে পারসী দেশের রাজা আসিয়া হিন্দুস্থানের উত্তর পশ্চিম অঞ্চল অধিকার করিয়াছিলেন. ঐ দারা যখন রাজা হইয়াছিলেন, সেই পর্য্যন্ত হিন্দুস্থানের প্রাচীন ইতিহাস নিশ্চয় ছিল না; কারণ এই, যে সংস্কৃত ও পারসী এবং গ্রীক ও অন্যং জাতীয় ভাষায় দেশের পূর্বং বিবরণের শ্লোক রচনার বড় আমোদ ছিল, এই প্রযুক্ত আনুপূর্বিক ইতিহাস গ্রন্থ হইত না; কিন্তু দারা রাজার আমলে গ্রীক ভাষার সংস্থান হইলে তাহাহইতে সাহেব লোকেরা তর্জমা করিয়া সংগ্রহ করিয়াছেন, যে দারা রাজা হিন্দুস্থানের উত্তর পশ্চিম অঞ্চল জয় করিয়া তদ্দেশীয় রাজারদের ঠাঁই কর লইতেন; পরে ২১৫০ বৎসর হইল সেকন্দর শাহ নামে গ্রীকদেশের এক রাজা পারসী দেশ জয় করিয়া সিন্ধু নদীর ওপার পর্য্যন্ত গিয়া পঞ্জাব পর্য্যন্ত অধিকার করিয়াছিলেন. তাঁহার এত দূর ইচ্ছা ছিল, যে বঙ্গ দেশ পর্য্যন্ত আইসেন, এবং আসিতে উদ্যত ও হইয়াছিলেন, কিন্তু সৈন্য সকল বর্ষা প্রযুক্ত পথে দুই মাস দশ দিন পর্য্যন্ত ব্যামোহ পাইয়া আসিতে স্বীকার করিল না, এই নিমিত্তে আসা হইল না.

N. Are there any accounts of the times immediately succeeding that of Alexander?

P. After the time of Alexander, excepting by trade, there was very little intercourse between this country and other nations; for which reason, scarcely any thing is known as to its history for the space of 1300 years.

LESSON II.

Of the Invasion of Hindoostan by Mahmood.

Nityo-anundo. Will you please to inform me, what is said as to the events that have since occurred?

Porum-anundo. Eight hundred and twenty-three years ago, that is, in the year 1000, Mahmood, the King of Ghizni, on the borders of Cabul, having crossed the river Indus, made twelve successive invasions into the north-west part of Hindoostan.

N. Of what countries did he first take possession?

P. During the first eight years, he became possessed only of the province of Mooltan, but subsequently of Lahore, Delhi, Mothoora, and Kanowj. Afterwards he conquered Somnath, Nagurcote, &c. at which, and several other places, were very celebrated Hindoo temples. These he utterly destroyed, together with the idols, till at length he had laid waste almost half the country. The district of Ajmeer being powerfully defended by the Rajpoots, he was deterred from entering it. The rajas of other countries which he subdued were placed under an annual tribute. Amongst the principal temples des-

নি. এই সেকন্দর শাহের পর আর কোন গল্প আছে কি না?

প. সেকন্দরের পর হিন্দু রাজারা ইউরপীয় লোকেরদের সঙ্গে কেবল বাণিজ্য বিনা আর কোন ব্যবসায় রাখিতেন না, এই জন্যে তের শত বৎসর পর্য্যন্ত হিন্দুস্থানের প্রাচীন গল্প প্রায় জানা যায় নাই.

---

২ পাঠ.

মহম্মদ সুলতানের আগমনের বিবরণ.

নিত্যানন্দ. ভাল, তবে ইহার পর আর কিছু লেখে কি না?

পরমানন্দ. লেখে এই, যে ৮২০ বৎসর হইল অর্থাৎ ইংরাজী ১০০০ এক হাজার শকে কাবোল দেশের নিকটবর্ত্তি গজনির মহম্মদ সুলতান নামে অতি প্রসিদ্ধ এক রাজা সিন্ধু নদী পার হইয়া ১২ বার আসিয়া হিন্দুস্থানে উত্তর পশ্চিম অঞ্চল জয় করিয়াছিলেন.

নি. এই মহম্মদ আসিয়া প্রথম কোনং দেশ জয় করিয়াছিল?

প. সুলতান মহম্মদ প্রথমে আসিয়া আট বৎসরে কেবল মুলতান দেশ জয় করেন, কিন্তু তাহার পর অল্প কালের মধ্যে লাহোর দিল্লী মথুরা কনৌজ্ এই সকল দেশ আক্রমণ করিয়া জয় করিয়াছিলেন, পরে গুজ্জরাটে সোমনাথ নাগরকোট ইত্যাদি স্থানে প্রধানং যে দেব মন্দির ছিল, তাহা এবং অন্যং স্থানের অনেকং দেব মন্দির সমূলে উৎপাটন করিয়া ও সেইখানকারং দেব প্রতিমা সকল নষ্ট করিয়া প্রায় হিন্দুস্থানের অর্দ্ধেক দেশ উতপ্লুত করিয়াছিলেন. কিন্তু আজমীর দেশ যাওয়া কঠিন, এই প্রযুক্ত সে দেশের রাজপুতেরদের উপরে আক্রমণ করিতে পারেন নাই. আর যেং দেশ জয় করিয়াছিলেন, সেই সকল দেশের রাজারদের ঠাঁই

troyed, was that of Somnath, to which were attached 2000 Pandas, and 2000 singers. Fifty thousand Hindoos sacrificed their lives in defending this temple: at last, being overcome, the Brahmins offered to Mahmood 80,000,000 rupees, if he would spare the idol; but not consenting to this, he cut it in pieces with a saw, and found in the inside jewels, the value of which amounted to more than that sum.

N. Who succeeded to Mahmood?

P. Six hundred years ago, that is, in the year 1208, Rajah Kootobuddeen, of the Afghan family, having conquered the Hindoo rajas, ascended the throne of Delhi. At that time Luckyun-Sen was the raja of Bengal, and resided at the city of Nobodeep, which was the capital. Afterward Kootobuddeen gave orders to one of his commanders, who, marching against Luckyun Sen, drove him from the city, and having taken possession of the country, removed the capital to Gowr. Raja Luckyun Sen was the last of the Hindoo rajas that reigned in Bengal. He died at Juggernaut.

N. I suppose then, that from this time the power of the Moguls began to increase?

P. It did so, in a very great degree. From the time of the arrival of Kootobuddeen, the Moguls began to find entrance into Hindoostan, till after various conflicts, at the end of a century, they had free permission from the raja to settle in the coun-

বৎসরং কর লইয়া স্বং অধিকারে রাখিয়াছিলেন. ঐ সোমনাথের মন্দির একটা পুধান দেবালয়; তথাতে দুই হাজার পাণ্ডা ছিল, ও দুই হাজার গায়ক গায়িকা ছিল. ঐ মন্দির রক্ষা করিবার জন্যে হিন্দুরা যুদ্ধ করিয়া ৫০০০০ পঞ্চাশ হাজার লোক মারা পড়িয়াছিল; শেষে পরাস্ত হইয়া পুতিমা রক্ষার নিমিত্তে ব্রাহ্মণেরা আট কোটি টাকা পর্য্যন্ত দিতে স্বীকার করিয়াছিলেন, কিন্তু মহম্মদ তাহা না মানিয়া করাত দিয়া পুতিমা খণ্ডং করিয়া তাহার উদর মধ্যে আট কোটি টাকাহইতেও অধিক মূল্যের রত্ন পাইয়াছিলেন.

নি. ভাল, মহম্মদের পরে কে রাজা হইয়াছিলেন?

প. ছয় শত বৎসর হইল ইংরাজী ১২০৮ শকে আফগান বংশীয় কুটবদ্দীন নামে রাজা দিল্লীর হিন্দু রাজারদিগকে পরাস্ত করিয়া দূর করিয়া দিল্লীর রাজধানীর সিংহাসনে আপনি বসিয়া আধিপত্য করিতে লাগিলেন; তৎকালে লক্ষণ সেন নামে বঙ্গ দেশের এক রাজার রাজধানী নবদ্বীপে ছিল. ঐ কুটবদ্দীন আপনার এক জন সেনাপতিকে ঐ নবদ্বীপে সসৈন্যে পাঠাইয়া দিল; সে হঠাৎ আসিয়া ঐ লক্ষণ সেনকে দূর করিয়া বঙ্গ দেশ অধিকার করিয়া গৌড় নগরে তাহার রাজধানী নিয়া আইল; এই রাজা লক্ষণ সেন বাঙ্গালা দেশের শেষ বাদশাহ ছিলেন; শেষে তিনি পুরুষোত্তম ক্ষেত্রে গিয়া প্রাণ ত্যাগ করিলেন.

নি. তবে বুঝি ক্রমেং মোগোলেরদের অধিকার বাড়িতে লাগিল?

প. তাহাই বটে, ক্রমেং মোগলেরা পুতপ্ত হইতে লাগিল, তাহা বলি শুন. ঐ কুটবদ্দীনের হিন্দুস্থানে আসিবার সময় অবধি মোগলেরদের হিন্দুস্থানে আসিবার আরম্ভ হইল, শেষে যুদ্ধ করিয়া দিনেং এমন পুতাপান্বিত হইল, যে এক শত বৎসরের মধ্যে

try. From this period till the establishment of the British Government, the history presents little more than a succession of wars and massacres.

LESSON III.

Of the Invasion of Hindoostan by Timoor.

Nityo-anundo. Be pleased to relate to me some particulars of what followed.

Porum-anundo. In the year 1397, Timoor Beg, a Tartar, accompanied by several followers, having passed the Indus, arrived in Hindoostan. In the year following, he took the city of Delhi, killing part of the inhabitants, and driving away the rest. His soldiers, having received orders to this purpose, slew in the city of Delhi and its environs 200,000 people; also, in the space of an hour and a half, they destroyed 100,000 prisoners. Having for some time in this manner laid waste the country, he departed.

N. Who succeeded the Afghan family?

P. Mahmood the Third was the last of the Afghan princes; after whom, in the year 1525, Sultan Baber, son of the great great grandson of Timoor Beg, having ascended the throne of Delhi, began the reign of the Mogul sovereigns.

আপন জাতীয় লোকেরদিগকে হিন্দুস্থানে সপরিবারে বাস করিবার আজ্ঞা দিলেন; সেই অবধি এবং ইংরাজেরদের অধিকার পর্য্যন্ত হিন্দুস্থানের প্রাচীন ইতিহাস সকল যুদ্ধ লুট ইত্যাদি বিষয়েতে পরিপূর্ণ আছে.

---

৩ পাঠ.

তৈমুরের হিন্দুস্থানে আগমনাদির বিবরণ.

নিত্যানন্দ. তবে আর ও যে আছে তাহা অনুগ্রহ করিয়া বল শুনি.

প. ক্রমেং সকলি বলিতেছি শুন. ইংরাজী ১৩৯৭ শকে তৈমুরবেগ নামে এক জন তাতার দেশহইতে কতক গুলি সৈন্য সঙ্গে করিয়া সিন্ধু নদী পার হইয়া হিন্দুস্থানে আসিয়া প্রবেশ করিয়াছিলেন; দ্বিতীয় বৎসরেতে দিল্লী শহর জয় করিয়া সেখানকার কতক লোককে শহরহইতে তাড়াইয়া দিয়া আর কতক লোকের প্রাণ দণ্ড করিলেন; এবং সৈন্যেরদিগকে আজ্ঞা দিয়া দিল্লীর পাশের দুই লক্ষ লোকের মাতা কাটাইয়া রাশীকৃত করাইলেন, এবং দুই দণ্ডের মধ্যে এক লক্ষ বন্দুয়ানের প্রাণ নষ্ট করিলেন; এই প্রকার দৌরাত্ম্য পূর্ব্বক হিন্দুস্থানের মধ্যে কিছু কাল বেড়াইতেং দেশের উপরে সম্পূর্ণ উৎপাত জন্মাইয়া স্বস্থানে প্রস্থান করিয়াছিলেন.

নি. আফগান বংশের বাদশাহীর পর কে বাদশাহ হইয়াছিল?

প. তৃতীয় বাদশাহ যে মহম্মদ তিনি আফগান বংশের শেষ রাজা ছিলেন, তাঁহারই মৃত্যুর পরে তৈমুরবেগের অতিবৃদ্ধ প্রপৌত্র সুলতান বাবর নামে এক জন ইংরাজী ১৫২৫ শকে দিল্লীর সিংহাসনে বসিয়া মোগল জাতির প্রথম রাজ্যারম্ভ করাইয়াছিলেন.

N. Who followed after Sultan Baber?

P. At the end of 50 years, he was succeeded by his grandson, Sultan Akber, who ruling in an equitable manner, gained the affections of his people. He was a wise and discerning prince, and afforded universal toleration to his subjects in matters of religion. Abool Fuzl, a very learned man, who composed a work called Ayeen Ukburee, containing a full and correct account of Hindoostan, lived during this reign.

N. What countries were subdued by Sultan Akber?

P. In the year 1576, his troops took possession of Bengal; and four years after, the Mogul power was established in its different provinces. Before his death, the countries of Candahar, Kashmeer, Guzerat, Scindh, Bengal, and Orissa, were formed into one kingdom.

LESSON IV.

Of Sultan Aurungzebe.

Nityo-anundo. Who was the next sovereign in Hindoostan?

Porum-anundo. In the year 1658, Aurungzebe, the third son of Shahjehan, having succeeded to the supreme power, united the whole of Hindoostan into one kingdom, and thus more fully established the Mogul government.

N. What was the character of this prince?

নি. সুলতান বাবরের পরে কে বাদশাহ হইয়াছিল?

প. তাঁহার পৌত্র আকবর নামে এক জন পঞ্চাশ বৎসরের পর দিল্লীর রাজা হইয়া যথা শাস্ত্র রাজ্য প্রতিপালন করিয়া প্রজারদিগকে বড় বশীভূত করিয়াছিলেন, এই ব্যক্তি বড় জ্ঞানী ও বিচার পটু ছিলেন. এবং জোর করিয়া কোন লোককে স্বজাতীয় ধর্ম্ম পরিত্যাগ করান নাই. এই বাদশাহের আমলে আবুলফজল নামে এক জন অতি জ্ঞানবান্ ছিল; সে আইন আকবরী নামে এক পুস্তক রচনা করিয়া তাহাতে হিন্দুস্থানের তাবত্ বৃত্তান্ত যথার্থ রূপে লিখিয়াছে.

নি. আকবরের সৈন্যেরা কোনং দেশ জয় করিয়াছিল?

প. ১৫৭৬ শকে আকবরের সৈন্যেরা প্রথমে বঙ্গ দেশ জয় করিয়াছিল, তাহারই ৪ বৎসর পরে মোগলেরা বঙ্গ দেশের সুবা হইল; তাহার পর আকবরের মৃত্যুর পূর্ব্ব কান্ধার, কাশ্মীর, গুজুরাট, সিন্ধু, বঙ্গ, উড়িষ্যা ইত্যাদি অনেকং দেশ জয় করিয়া এক রাজ্যের মধ্যে করিয়াছিল.

---

৪ পাঠ.

আওরংজেব্ নাম বাদশাহের বিবরণ.

নিত্যানন্দ. তাহার পর কে বাদশাহ হইয়াছিল?

পরমানন্দ. ইংরাজী ১৬৫৮ শকে শাহ জাহনের তৃতীয় পুত্র আওরংজেব্ নামে এক জন বাদশাহ হইয়া হিন্দুস্থানের তাবৎ দেশ এক রাজ্যের মধ্যে করিয়া স্বজাতীয় মোগলেরদের রাজ্য সর্ব্বাপেক্ষায় বাড়াইয়াছিলেন.

নি. এ ব্যক্তি কেমন লোক ছিল?

P. He possessed great abilities, but at the same time was exceedingly cruel and unjust, in so much that he deposed his own father Shahjehan: afterwards, having slain some of his brethren, and banished others, he seized the reins of government.

N. How many years did his reign continue?

P. He died in 1707, having reigned nearly 50 years. From this period the Mogul power began to decline.

N. Of what nature was the government of the Moguls?

P. Although they possessed the supreme power, there were no regular courts of justice, &c. as at present: they merely collected tribute from the petty Rajas. In many respects also the government was oppressive.

N. Can you give me any particulars respecting Nadir Shah, who came into this country?

P. He was king of Persia. In the year 1722, he entered Hindoostan, and having defeated Mahmood, the king of Delhi, almost wholly overturned the Mogul empire.

N. But what induced him to engage in this expedition?

P. I will tell you. A person named Nizam Ool Moolk, being desirous of obtaining the regal power, invited Nadir Shah to leave Persia, in order to assist in dethroning the reigning sultan, Mahmood. Agreeably to this advice, he came into Hindoostan, and having slain 200,000 Mahometans and Hindoos, levied from Sultan Mahmood 185,000,000 rupees. He next

প. এই আওরংজেব্ বাদশাহ অতি জ্ঞানবান্ কিন্তু এমনি নির্দয় ও অন্যায়ী ছিল, যে আপনার পিতা শাহজাহন্ না মরিতেই তাঁহাকে পদচ্যুত করিয়া, আর আপনার কতক গুলি ভাইকে নষ্ট করিয়া, ও অন্য কতক গুলিকে দেশহইতে দূর করিয়া, আপনি বাদশাহী লইয়াছিল.

নি. কত দিন পর্য্যন্ত ইহার বাদশাহী ছিল?

প. এপ্রায় পঞ্চাশ বৎসর সাম্রাজ্য করিয়া এক শত বৎসর বয়সে ১৭০৭ শকে মরিয়াছিল, ইহারই মৃত্যু অবধি মোগলেরদের রাজত্ব এপর্য্যন্ত ক্রমেতে অল্প হইতেছে.

নি. এই মোগল জাতির রাজ্য শাসন কেমন ছিল?

প. তবে বলি, ইহারদের রাজত্ব হইয়াছিল বটে, কিন্তু এখনকার মত বিচার করিত না, অনেক অবিচার ছিল. আর নিজের আয়ত্ত রাজারদের ঠাঁই কর লইত, এতাবন্মাত্র.

নি. এখন জিজ্ঞাসা করি, নাদিরশাহ্ নামে যে এক ব্যক্তি হিন্দুস্থানে আসিয়াছিলেন, ঐ ব্যক্তি কে?

প. নাদিরশাহ্ পারশী দেশের রাজা ছিলেন, সে ইংরাজী ১৭২২ শালে হিন্দুস্থানে আসিয়া দিল্লীর বাদশাহ্ মহম্মদ শাহকে জয় করিয়া প্রায় মোগলের রাজ্যের শেষ করিয়াছিলেন.

নি. কিন্তু প্রথমে যে তিনি হঠাৎ আসিয়াছিলেন, সে কি জন্যে?

প. তাহা শুন. দিল্লীর বাদশাহ্ মহম্মদশাহকে দূর করিয়া আপনি বাদশাহ হইব, এই ইচ্ছাতে নিজাম উলমুলু নামে এক জন পারশী দেশহইতে কুলীখানকে হিন্দুস্থানে আনিয়াছিল. এই কুলীখান তাহারই পরামর্শে হিন্দুস্থানে আসিয়া দুই লক্ষ মুসলমান এবং হিন্দু মারিয়া ফেলিলেন, এবং মহম্মদ শাহের ঠাঁই এক শত পঁচাশী কোটি টাকা লইয়া সিন্ধুর পশ্চিম অঞ্চল

made himself master of the country west of the Indus: afterwards, leaving Mahmood Shah on the throne of Delhi, in the year 1741, he returned to his own country. On one occasion, whilst endeavouring to put a stop to a fair that was annually held at Delhi, some one aimed a shot at him with a pistol, by which he was so enraged, that, calling to his followers, he ordered them to commence a general massacre. In consequence of these orders, the soldiers destroyed 100,000 of the inhabitants, and afterwards plundered their houses.

N. At what time did the Mahometan power begin to decline?

P. Its decrease commenced during the reign of Sultan Nadir Shah. One principal occasion of it was this: the Mogul princes, unwilling to remain in subjection to a sovereign, began each of them to assert his own independence, and to set up a separate kingdom. Thus the empire, being in the hands of several rulers, became disunited.

LESSON V.

Of the Arrival of Europeans in India.

Nityo-anundo. What European nation arrived first in this country?

Porum-anundo. The Portuguese arrived first; then the Dutch, who took possession of most of the Portuguese settlements; and afterwards the English, French, and Danish. I shall now

নিজ আয়ত্ত করিয়া মহম্মদ শাহকে দিল্লীর সিংহাসনেতেই রাখিয়া ইংরাজী ১৭৪১ শকে স্ব দেশে চলিয়া গেলেন. আর দিল্লীতে একটা লোকের মেলা হইয়া থাকে, এই কুলীখান সেই মেলা এক বার থামাইবার চেষ্টা করিয়াছিল; সেই সময়ে এক জন পিস্তল বন্দুকে গুলী পূরিয়া তাহার উপর ছাড়িয়া দিয়াছিল, তাহাতে সে বড় উষ্মান্বিত হইয়া সৈন্যেরদিগকে ডাকিয়া দিল্লীর তাবৎ লোককে মারিয়া ফেলিতে আজ্ঞা দিয়াছিল. সৈন্যেরা আজ্ঞা পাইয়া একে বারে মারিয়া ফেলিতে লাগিল, এই প্রকারে এক লক্ষ লোকের অধিক ও মারিল, এবং তাবতের ধন সম্পত্তি সকল লুটিয়া লইল.

নি. কোন অবধি মোগলের রাজত্বের হ্রাস হইয়াছিল?

প. তবে শুন, নাদির শাহের আমল অবধি মোগলেরদের রাজত্বের হ্রাস হইয়া উঠিল; তাহার প্রথম সূত্র এই, যে অনেকং মোগল রাজা কাহার ও অধীন না থাকিয়া আমরা আপনারাই স্বং প্রধান হইব, এই প্রকার ভাবিয়া বাদশাহে অনায়ত্ত হইয়া উঠিল, তাহাতেই রাজ্য খণ্ডং হইয়া অনেকের অধীন হইল

---

৫ পাঠ.

ভারতবর্ষে ইউরপ লোকেরদের আগমনের বিবরণ.

নিত্যানন্দ. উরপহইতে প্রথমে কোন জাতি এ দেশে আসিয়াছিল?

পরমানন্দ. সকলের প্রথমে পোর্ত্তুগিশেরা এ দেশে আসিয়াছিল. পশ্চাৎ ওলন্দাজেরা আসিয়া পোর্ত্তুগিশেরদের তাবৎ রাজ্যই প্রায় জয় করিয়া নিল. তাহার পরে ইংরাজ ও ফরাসীস ও দিনামার ইহারা ও ক্রমেং আসিয়া পৌঁছিল, তাহার বিবরণ কিছু বিস্তারিত

relate the manner of their arrival more fully. As long as mankind remained imperfectly acquainted with the sciences of geography and astronomy, travelling by water was attended with much difficulty, since, being afraid to venture on the main sea, they sailed along the shore; and in this manner to make a very long voyage was scarcely practicable: consequently the trade which formerly existed between this country and Europe was chiefly over land. In process of time, owing to clearer discoveries relative to the shape of the earth, and the revolutions of the heavenly bodies, but especially to the discovery of the compass, voyages by sea became more frequent. In several voyages made between the year 1412 and 1463, the Portuguese had advanced on the west coast of Africa to the distance of 700 kros: they had observed also, that the land by degrees verged towards the east, by which they became more settled in the opinion, that by this route a voyage might be made to India. Afterwards, on the 8th July 1497, the fifth year succeeding the discovery of America by Columbus, a naval commander named Gama, having sailed from the river Tagus under the patronage of the king of Portugal, arrived off the Cape of Good Hope. Here the waves of the sea began to run high as mountains, which so alarmed the sailors, that falling at the feet of Gama, they entreated him to put back, alledging that this sea was impassable. This advice not being attended to, the seamen began to be mutinous, which Gama perceiving, ordered some of them to be put in

করিয়া বলিতুন. যত দিন পৃথিবীর ও আকাশের বিবরণ লোকে না জানিত, তত দিন জল পথে গমনাগমন বড় কঠিন ছিল, আর জাহাজ সকল সমুদ্রের মধ্যে দিয়া না চালাইয়া ধারে২ চালাইত, সুতরাং দূর দেশে প্রায় যাইতে পারিত না, অতএব পূর্ব্ব২ সময়ে ভারত বর্ষের লোকেরদের সঙ্গে যে ইউরপের লোকেরদের বাণিজ্য ছিল, সে তট বর্ত্মে চলিত. পরে পৃথিবীর আকার আর আকাশের বস্তু সকলের গতিবিধি, এবং কোম্পাশের সৃষ্টি দিনে২ যত ভাল রূপে জানা যাইতে লাগিল, ততই জল পথ সহজ হইতে লাগিল. ইংরাজী ১৪১২ শাল অবধি ১৪৬৩ শাল পর্য্যন্ত পুনঃ পুনঃ যাতায়াত করাতে পোর্ত্তুগীশেরা সাত শত ক্রোশ পর্য্যন্ত আফ্রিকার পশ্চিম সীমায় পৌঁছিয়াছিল; আর যাইতে২ বিবেচনা করিয়া দেখিয়াছিল, যে তীর ক্রমেতে পূর্ব্বদিকেই গিয়াছে; তাহাতে বরঞ্চ আরও তাহারদের এই ভরসা বাড়িল, যে এই দিকে গেলে বুঝি নিতান্ত ভারত বর্ষের পথ পাওয়া যায়. অনন্তর কলম্বসের আমেরিকা দর্শনের পাঁচ বত্সর পরে পোর্ত্তুগীশেরদের রাজার আদেশে ১৪৯৭ শালের ৮ জুলাইতে গামা নামে এক জন প্রধান নাবিক টাগস নদীহইতে জাহাজ খুলিয়া দিয়া কিছু কালের মধ্যে গিয়া উত্তম আশা অন্তরীপের নিকটে পৌঁছিল. সেখানে গিয়া দেখে যে পর্ব্বত প্রমাণ সমুদ্রের ঢেউ উঠিতেছে, তাহাতে নাবিকেরা অভরসা পাইয়া গামার পায়ে ধরিয়া বলিল, যে এ সমুদ্র নিতান্ত অগম্য, অতএব এই স্থানহইতে ফিরিয়া চল. গামা সে কথা না মানিয়া জাহাজ চালাইবার আজ্ঞা দিল; তাহাতে নাবিকেরা মনে২ ক্রুদ্ধ হইয়া প্রতিকূল আচরণের চেষ্টা করিতে লাগিল. গামা তাহার সন্ধান পাইয়া প্রধান নাবিকেরদের পায়ে বেড়ি দিয়া কয়েদ করিলেন, এবং আপনার ভাই আর আপনি হালি ধরিয়া উত্তম-

irons; and with the assistance of his brother, who managed the helm, continued his course till they had doubled the Cape. Proceeding further, they arrived at an island belonging to the Musselmans, loosing from which they reached a second island; but not waiting there, Gama steered direct for India, and at length arrived at the town of Calicut in the south of Hindoostan. In a short time he again set sail for his own country, the space of time occupied in going and coming being two years and two months. This was the first voyage made by Europeans to India by way of the Cape, and is deservedly accounted as one of the greatest works performed by men. From this time the Portuguese and other nations of Europe commenced an extensive commerce with the East by means of this passage; so that the way through Egypt, by which the trade with this country had formerly been carried on, became entirely forsaken. The Portuguese having formed different settlements in India, for some time enjoyed exclusively the profits arising from the sale of its produce: thus their power and wealth were greatly encreased. At present, however, their only possession in this country is the small town of Goa.

N. Be pleased now to inform me, how long ago is it since the English arrived in India.

P. The Company first obtained liberty to trade with this country by charter from the king, in the year 1600. The meaning of the word Company is this: a number of persons who col-

আশা অন্তরীপ প্রদক্ষিণ করিলেন. কিছু দিন পরে মুসলমানেরদের একটা উপদ্বীপে পৌঁছিলেন, পরে সেখানহইতে জাহাজ ছাড়িয়া অন্য এক উপদ্বীপে উপস্থিত হইলেন, তথাতেও না তিষ্ঠিয়া এক কালে ভারত বর্ষের দিকে জাহাজের মুখ ফিরাইয়া দিয়া দক্ষিণ দেশের কালিকত নগরে আসিয়া পৌঁছিলেন; কিছু কাল ব্যাজে জাহাজে চড়িয়া আরবার স্ব দেশে চলিয়া গেলেন. তাহার গমনাগমনেতে দুই বৎসর দুই মাস কাল লাগিয়াছিল. ইউরপের লোকেরদের উত্তমাশা অন্তরীপ, অর্থাৎ কেপ, ঘুরিয়া, সমুদ্র পথে ভারত বর্ষে আসার প্রথম সূত্র এই, আর মনুষ্যকৃত যত কর্ম্ম আছে তাহার মধ্যে একটা প্রধান কর্ম্ম এই. তাহার পর পোর্ত্তুগীশেরা এবং ইউরপের অন্যং জাতিরা ঐ পথ দিয়া ভারত বর্ষে যাতায়াত করিয়া পূর্ব্ব দেশের লোকেরদের সঙ্গে বাণিজ্যের বড় আড়ম্বর লাগাইয়া দিল. অনন্তর মিসর দেশ দিয়া যে ভারত বর্ষের বাণিজ্যের প্রথম পথ ছিল, সে পথে লোকেরদের গমনাগমন একে বারে রুদ্ধ হইল. পরে পোর্ত্তুগীশেরা ভারত বর্ষের স্থানেং কএকটা কুঠি করিল, ও বাণিজ্যেতে ভারত বর্ষ জাত সামগ্রী সকলের উপস্বত্ত ভোগ করিতে লাগিল; এই রূপে তাহারদের পরাক্রম বড় বাড়িয়া উঠিল. কিন্তু পূর্ব্বে এ দেশে তাহারদের যত অধিকার ছিল, তাহার মধ্যে এখন কেবল গোয়া নামে এক খানি ক্ষুদ্র নগর মাত্র আছে.

নি. ভাল ইংরাজ লোকেরা যে প্রথমে এ দেশে আসিয়াছিলেন সে কত দিন হইল?

প. ইংরাজী ১৬০০ শালে ইংলণ্ডের বাদশাহ বাণিজ্য কর্ম্ম করিবার জন্য কোম্পানীকে প্রথমে এক সনন্দ দিলেন; এই যে কোম্পানী শব্দ ইহার অর্থ শুন, অনেকে একত্র হইয়া বাণিজ্যাদি

lect their property into one common fund, to be employed in purposes of commerce, &c. are denominated a Company. At the time of receiving their charter, the capital of the Company amounted only to about 500,000 rupees. With this property, having freighted four vessels with various kinds of merchandize, they despatched them to this country, and met with much success. Again these vessels, on their departure, took cargoes to England, which also were disposed of to very considerable profit, so that they were encouraged to proceed. Afterwards they received from the king a second charter; and having taken an account of profits, found that their stock had increased to 1,200,000 rupees. At that time the Dutch, Portuguese, and English settlers resided chiefly in the towns situate on the coasts of Malabar and Coromandel: amongst these was a very celebrated English physician, who lived at Surat. In the year 1636, it so happened, that the daughter of Shahjehan, Emperor of India, was seized with a very dangerous illness, which no one there could remove. On hearing this, the English physician went to Agra. when it pleased God that by means of his skill the princess was perfectly restored to health. The Emperor was so much rejoiced at this circumstance, that he not only gave the physician a large reward in money, but also, in answer to his request, granted liberty to the English to trade in any part of his dominions, free of custom; which grant was afterwards confirmed by the Nabob of Bengal. Following this, in the

কোন কর্ম্মের নিমিত্ত নিজেরং ধন সম্পত্তি আনিয়া সর্ব্বসাধারণে অর্থাত্‌ জোতায় প্রবৃত্ত হয়, সেই সমুদয় ব্যক্তিকে এক কোম্পানী বলা যায়. যখন বাদশাহ কোম্পানীকে সনন্দ দিলেন, তখন তাহারদের সকলে জড়াইয়া মোটে কেবল ন্যূনাধিক পাঁচ লক্ষ টাকা সংস্থান ছিল; সেই টাকাতে ঐ কোম্পানী নানা বিধ সামগ্রী ক্রয় করিয়া চারি খান জাহাজ পরিপূর্ণ করিয়া বাণিজ্যের নিমিত্তে এই দেশে আসিয়া ব্যবসায় কর্ম্ম করিতেং দিনেং মঙ্গল দেখিতে পাইলেন. পুনর্ব্বার এ দেশহইতে যখন যান্‌ তখন এখানহইতে যেং সামগ্রী লইয়া গিয়াছিলেন, তাহাতে ও দেশে গিয়া যথেষ্ট লাভ হইল; তাহাতে বাণিজ্য কর্ম্মে সাহস বাড়িতে লাগিল. পরে বাণিজ্য করিবার নিমিত্তে বাদশাহের কাছে পুনর্ব্বার আর এক সনন্দ পাইলেন, ও বারং কেনা বেচার ফেরা ঘোরাতে হিসাব করিয়া দেখিলেন. যে এক কোটি কুড়ি লক্ষ টাকা পুঁজী হইয়াছে. প্রথমে ওলেন্দাজ এবং পোর্ত্তুগীশ ও ইংরাজ এঁহারদের বাণিজ্য করিবার জন্য সমদ্র তীরেতে মালবর ও করমেণ্ডল নামে দুই ঠাঁই ছিল, তাহারি মধ্যে এক জন সাহেব বড় চিকিৎসক ছিলেন; তিনি সুরত নামে এক ঠাঁই সেখানে থাকিতেন. পরে ইংরাজী ১৬৩৬ শালে মোং শাহ্‌ জাহন নামে হিন্দুস্থানের বাদশাহের কন্যার বড় একটা উৎকট পীড়া হইয়াছিল; সে পীড়া আর অন্য কেহ ভাল করিতে পারিল না, পরে ঐ সাহেব সেই সমাচার পাইয়া আগরায় গেলেন; তিনি সেখানে পৌঁছিয়া ঈশ্বরের ইচ্ছায় তাঁহাকে সুন্দর রূপে সুস্থা করিলেন, তাহাতেই বাদশাহ সন্তুষ্ট হইয়া অনেক সম্পত্তিতে তাঁহার সম্মান করিয়া সাহেবের প্রার্থনাতে আপনার অধিকারের মধ্যে নিষ্করেতে সর্ব্বত্র বাণিজ্য করিবার এক সনন্দ দিলেন. সেই সনন্দ দেখিয়া বাঙ্গালার নবাব ও সমস্ত

year 1640, two vessels belonging to the Hon'ble Company arrived in Bengal; and the event of this voyage being successful, induced them to prosecute the trade: finding it necessary also to provide a place where the goods intended as cargoes for the ships might be laid up, they built a factory at Hoogley. In process of time, the Company became invested with the supreme Government, and to this day have invariably continued to consult the welfare and happiness of the people. We may therefore rest assured, that in mercy to the country, the Almighty has been pleased to commit this authority into their hands.

N. I fully assent to this conclusion, and should feel happy in hearing some further particulars relative to the establishment of the British power in Hindoostan.

P. I proceed to inform you. The Hindoo Rajas, having suffered greatly from the oppression of Sirajdowlah, Nabob of Moorshedabad, advised the English to deprive him of his possessions, offering them at the same time their friendship and assistance. Whereupon, in the year 1757, the English, having defeated the Nabob's army, obtained from the Emperor Shah Alum, the dewanny including Bengal, Bihar, and part of Orissa. In the year 1755, the district of Benares was ceded to the Hon'ble Company by Asaph Dowlah, Nabob of Oude. In 1792 and 1799, the dominions of Tippoo in the Carnatic fell into the hands of the Company. In 1801 and 1804, by virtue of a treaty made with the Nabob of Oude, and the Mahrattas, possession was obtained of Allahabad, Agra, and Rohilkhund. In 1802 and 1805, the Company, having made a treaty with

হইলেন. অনন্তর ইংরাজী ১৬৪০ শালে কোম্পানী বহাদরের দুই জাহাজ ইংলণ্ডহইতে বাঙ্গালায় আসিয়া পৌঁছিল; ঐ বারের বণিজ্য কর্ম্মেতে লাভ হইয়া কোম্পানীর আর ও সাহস বাড়িল. আর অধিক জাহাজের আমদানী হইলে তখন সেই সকল জাহাজ বোঝাই করিবার সামগ্রী পত্র কোথায় থাকিবে, এই জন্যে হুগলি মোকামে একটা কুঠী পুস্তুত করিলেন. কালক্রমে এখন ঐ কোম্পানী বহাদর দেশাধিপতি হইয়া কিরূপে পুজারা সুখে থাকে, এই নিমিত্তে সর্ব্বদা সচেষ্ট আছেন. অতএব বোধ হয়, যে নিতান্ত এ দেশের মঙ্গলের নিমিত্তে পরমেশ্বর এঁহারদিগকে এ পদে নিযুক্ত করিয়াছেন.

নি. ওহে তুমি যে কথা কহিতেছ সে বাস্তব, ইহা মানিলাম. অতএব ইংরাজের অধিকার কি রূপে বৃদ্ধি হইয়াছিল, তাহার আর ও কিঞ্চিত্ বিবরণ শুনিতে বাসনা করি.

প. ভাল, তাহা বলি শুন. পূর্ব্বে এ দেশের হিন্দু রাজারা মুরশিদাবাদের নবাব সিরাজুদ্দৌলা কর্তৃক তিরস্কৃতহইয়া, নবাবের রাজ্য ইংরাজের হাত হয় এই মন্ত্রণা করিয়া, ইংরাজের সঙ্গে মিলিয়া কহিলেন, যে তোমরা নবাবের সঙ্গে যুদ্ধ করিয়া এ দেশ জয় কর; আমরা ইহার সৎপরামর্শ দিব, ও তোমারদের পক্ষপাত করিব. এই মন্ত্রণা পাইয়া নানা উদ্যোগে ইংরাজী ১৭৫৭ শকে ইংরাজেরা নবাব সিরাজুদ্দৌলাকে যুদ্ধে জয় করিয়া বঙ্গ দেশ, উড়িষ্যার এক ভাগ, এবং বেহার, এই তিন দেশের দেওয়ানি ভার শাহ্ আলম বাদশাহহইতে পাইলেন.

আর ১৭৭৫ শালে অযোধ্যার নবাব আসফদ্দৌলার সঙ্গে সন্ধি করিয়া কাশী জেলায় অধিকার পাইয়াছিলেন; ও ১৭৯২ এবং ১৭৯৯ শালে টিপুশাহকে দুই বার জয় করিয়া কর্ণাটের অনেক

Anundo Rayu, Rajah of Goykayur, obtained the Showrastro, Barooch, and other provinces.

N. Please to describe the different countries which compose the British empire in India.

P. They are these. 1. Belonging to the Presidency of Fort William, Calcutta; the districts of Bengal, part of Orissa, Behar, Benares, and Elahabad, as far as Rajpoothana. 2nd. In the west, part of Guzerat, Poonah, Camaka, belonging to Bombay. 3rd. In the south, the Carnatic, Telinga, and South Malabar, of which Madras is the capital.

LESSON VI.

Of Countries situate to the North and East of Hindoostan.

Nityo-anundo. What are the countries that are situate northward?

Porum-anundo. To the north and east of Hindoostan, are the countries of Thibet, Tartary, China, Japan, Siam, Birma, &c.

N. Please first to inform me respecting the country of Thibet.

P. Thibet lies directly north of Hindoostan. The people of this country worship the Great Lama. Their custom is this:—

রাজ্য অধিকার করিয়াছেন; ও ১৮০১ শালে এবং ১৮০৪ শালে ঐ অযোধ্যার নবাবের সঙ্গে ও মারহাট্টার সঙ্গে সন্ধি করিয়া এলাহাবাদ, ও আগরা, এবং রোহেলখণ্ড, এই তিন সুবা আমল করিয়াছিলেন; ও ১৮০২ এবং ১৮০৫ শালে গৈকাউর রাজার ও আনন্দরাওর সঙ্গে সন্ধি করিয়া সৌরাষ্ট্র, বারুচ, ইত্যাদি দেশ আমল করিয়াছিলেন.

নি. যে২ দেশ ইংরাজেরদের অধিকার হইয়াছে, তাহার মধ্যে কোন্২ ঠাঁই কোন্২ রাজধানীর অধীন, তাহা বুঝাইয়া বল.

প. তবে শুন, সুবে বাঙ্গালা, ও সুবে উড়িষ্যার এক ভাগ, ও সুবে বেহার, ও সুবে বাণারস, ও সুবে এলাহাবাদহইতে রাজপুথানা পর্য্যন্ত, কলিকাতার রাজধানীর অধীন. আর পশ্চিমে গুজ্জরাট দেশের খানিক, ও পুনা, ও কঙ্ক দেশ, এই সকল ঠাঁই বোম্বায়ের রাজধানীর অধীন. আর মান্দরাজের রাজধানীর অন্তর্গত দক্ষিণে কার্ণাট, তৈলঙ্গ, মানেয়ালমা ইত্যাদি স্থান.

---

৬ পাঠ.

হিন্দুস্থানের উত্তরে ও পূর্ব্বে যে২ দেশ আছে তাহার বিবরণ.

নিত্যানন্দ. হিন্দুস্থানের উত্তরাংশে কোন২ দেশ আছে ?

পরমানন্দ. হিন্দুস্থানের উত্তরাংশে তিব্বত্, তাতার, চীন, জাপান, শ্যাম, ব্রহ্মা, ইত্যাদি দেশ আছে.

নি. ইহার মধ্যে তিব্বত্ দেশ কেমন ?

প. সে দেশ বাঙ্গালার নিজ উত্তরে, আর সেখানকার লোকেরা মহালামা নামে এক দেবতাকে পূজা করে. তাহারদের রীতি

When the person who receives adoration as the Great Lama dies, the priests being assembled together, make choice of a little boy, who, they say, is an incarnation of the Lama ; after which the people pay to him divine honour. The capital of Thibet is Lassa, which is under the dominion of the Chinese.

N. Have the goodness to describe the country of Tartary.

P. Tartary is very extensive, and is situate to the north of Thibet. It is divided into three parts. 1st, Independent Tartary, the inhabitants of which are subject only to their own Raja. 2nd, Chinese Tartary, viz. that part of the country which is subject to China. 3rd, Russian Tartary, or that part of Tartary which belongs to Russia. This last division is the largest of the three, and on the west is joined to Europe. On the north is the Frozen Ocean, which, on account of the ice and intense cold, remains unnavigable. Tartary is inhabited by Manchoos, Calmucks, and Moguls. To the north and east of Siberia, distinct from the rest of the Tartars, are some other tribes, the great proportion of whom are Mahometans. They have one general language, besides which are various dialects. The people of Tartary have seldom any settled habitation. When the pastures are exhausted in one place, taking up their tents, together with their households and cattle, they journey to another. Thus they remove from place to place, perhaps, fifteen or six-

এই, যখন যে ব্যক্তিকে মহালামা বলিয়া পূজা করে সে যদি মরে, তবে অধিকারিরা একত্র হইয়া অতি সুন্দর আকৃতি প্রকৃতি এমন কোন একটি ক্ষুদ্র বালককে দেখিয়া কহে, যে মহালামার আত্মা এই বালকেতে প্রবিষ্ট হইয়াছে. এই কথা বলিয়া, সেই বালককে মহালামার পদে বসাইয়া, তাহাকেই পূজা করে, তাহারদের মধ্যে এই রীতি চলিয়া আসিতেছে. তাহারদের রাজধানী লাসা নামে এক নগর, সে চীনেরদের অধীন.

নি. ভাল, তবে তাতার দেশ কেমন আর কোন দিকে ?

প. ওহে সে অতি প্রকাণ্ড দেশ, এবং তিব্বতের নিজ উত্তরে. তাহার মধ্যে তিন ভাগ আছে, প্রথমতঃ স্বাধীন তাতার, অর্থাৎ সেখানকার লোকেরা আপনারদের বাদশাহের অধীন আছে. দ্বিতীয়তঃ চীনের তাতার, অর্থাৎ এই ভাগ চীন লোকের অধীন; ইহার উত্তর পূর্ব্ব অঞ্চল চীন দেশের সহিত সংলগ্ন আছে. তৃতীয়তঃ রুষিয়া তাতার, অর্থাৎ সিবেরিয়া নামে প্রসিদ্ধ; এই ভাগ তিন ভাগের মধ্যে বড়, ইহার পশ্চিম অঞ্চলের সঙ্গে ইউরপের মিলন আছে; তাহার উত্তরে হিম সাগর আছে, সেখানে এমন শীত, যে ঐ সমুদ্রের মধ্যে কখন ও জাহাজ চালান হয় নাই. তাতারে মানচু ও কাল্মক্ ও মগল, এই তিন প্রকার জাতি আছে. সিবেরিয়ার উত্তরে ও পূর্ব্বেতে কতক জাতি আছে, তাহারা তাতারের অন্যং জাতি হইতে বিভিন্ন, ও তাহারদের মধ্যে অনেকে মুসলমানের মতে চলে. তাহারদের একটা প্রধান ভাষা আছে, তদনুযায়ী আর অনেক পৃথক্ং ভাষা ও আছে. তাতার লোকেরদের প্রায় বসতির স্থিরতা নাই, কারণ এক ঠাঁইতে তাহারদের পশুর আহারের ঘাস ফুরাইলে তাম্বু সমেত স্ত্রীর পুত্র ও গোমেষাদি লইয়া স্থানান্তরে গিয়া বাস করে; এই প্রকারে বৎসরের মধ্যে প্রায়

teen times in the course of a year. This country is famous for its horses.

N. Will you be pleased now to inform me respecting China?

P. China is situate to the north-east of Hindoostan. Its length is twelve hundred kros, and its breadth eight hundred. On the east and south, it is bounded by the sea. On the north is the desert of Shamoo, and a celebrated wall, extending four hundred kros. On the west is Thibet. China is supposed to be more populous than any other country, and to contain nearly 180,000,000 inhabitants. The kingdom of China is very ancient, and has remained in almost the same state for nearly 4000 years. The Chinese worship their ancestors. Many also are worshippers of Boodha. The language of China is very remarkable, having no regular alphabet of vowels and consonants, instead of which they have been accustomed to express their meaning by figures, drawn after the shape of the things concerning which they write: for instance, in writing of the sun, moon, water, fire, wood, &c. they draw the shape of these on paper. They have also two hundred and fourteen radical signs, from which they form a great many others. This country produces much silk and cloths; but the staple article of commerce is tea, which grows only in China, and is from thence exported into almost every country of Europe. The features of the Chinese distinguish them from other nations. Their eyes in general are small, the nose flat, their hair very long and platted. Their only drink in common is tea. Learning is much cultivated amongst the Chinese; and in this country rank is obtained, not

পোনের ষোল বার লড়া চড়া করিয়া বেড়ায়. তাতার দেশে পশু জাতির মধ্যে ঘোড়াই প্রধান.

নি. ভাল, এখন চীন দেশের কথা কিছু বল শুনি.

প. তবে মনোযোগ কর, এই চীন দেশ হিন্দুস্থানের উত্তর পূর্ব্ব অঞ্চলে; সে দীর্ঘেতে বারো শত ক্রোশ, প্রস্থে আট শত ক্রোশ; ইহার পূর্ব্ব ভাগে এবং দক্ষিণ ভাগে সমুদ্র, এবং উত্তর ভাগে চারি শত ক্রোশ পর্য্যন্ত লম্বা একটা প্রসিদ্ধ প্রাচীর, এবং শামো বন আছে; ইহার পশ্চিম ভাগে তিব্বত দেশ. অনুমান হয়, যে সকলহইতে চীন দেশে লোক অধিক, আর তথাতে আঠার কোটি লোক আছে. চীন রাজ্য অতি পূর্ব্ব কালের, প্রায় চারি হাজার বৎসর পর্য্যন্ত সম ভাবে আছে. চীনেরা পিতৃ লোকের পূজা করে, আর অনেকে বৌদ্ধমতে চলে. ঐ দেশের ভাষা বড় আশ্চর্য্য, এবং লেখা পড়ার জন্যে স্বর ও ব্যঞ্জন এমন বর্ণ বিশেষ কিছু নাই; কিন্তু পূর্ব্ব অবধি তাহারদের এই প্রকার ব্যবহার আছে, যে সূর্য্য, চন্দ্র, জল, অগ্নি, কাষ্ঠ, প্রভৃতি বস্তুর নাম লিখিতে হইলে সেইং বস্তুর আকার লেখে; এবং তদ্ভিন্ন ২১৪ দুই শত চৌদ্দ সঙ্কেত বিশেষ আছে, তাহাহইতে লিখিবার নানা সৃষ্টি করা যায়. চীন দেশে বিস্তর রেশম ও কাপড় জন্মে, কিন্তু সে দেশের বাণিজ্যের প্রধান দ্রব্য চা, সে ইউরপের সকল দেশেই প্রায় ব্যাপে, কিন্তু চীন দেশ ভিন্ন আর কোন দেশেতে জন্মে না. তথাকার লোকের চক্ষু কিছু ছোট, তাহাতেই সর্ব্ব জাতিহইতে তাহারদের ভেদজ্ঞান জন্মে. আর নাসিকার মধ্যখান অবধি কিছু চাপা ও লম্বাং তাহারা এক টা বেণী ধারণ করে, আর তাহারদের এমনি অভ্যাস যে চা ব্যতিরেকে জল পান করে না. সেখানে বিদ্যার চর্চা অধিক; ও সে দেশের কোন জাতির মধ্যে পুরুষানুক্রমে কুলীন এমন বংশ নাই.

by virtue of descent, but by superior attainments in knowledge. The art of printing has long been known in China, so there is great plenty of books.

N. I should now wish to hear respecting the country of Birma.

P. The Birman empire is situate to the south-east of Hindoostan: it is 1000 kros in length, and 600 in breadth. It is uncertain as to the number of inhabitants: they may be computed at about 15,000,000. The empire consists of several separate states, the chief of which is Begu, commonly called Pegu. The Raja of this state was sovereign of the country till the year 1160, when the king of Birma, having subjugated the other states, gave to the whole the name of the Birman Empire. A few years ago, the son of his great grandson was on the throne, and had then reigned forty years. The Birmans are Boodhists; they worship an incarnation of Boodh, named Gaudama. The priests of Boodh belonging to other countries, are sent hither to receive their education. The written character of this country is formed from the Debnagur, and very much resembles the Cingalese. The language is similar to that of China. Great quantities of teak-wood are imported from Birma and Hindoostan. The name of the capital is Ummarapoora, that is, the city of the gods. It is situated directly east of Chittagong. The Yrawutu, passing by this city, falls into the sea below Rangoon. This river is nearly as large as the Ganges. It would appear by the name of the country, as well as by customs observed by the government, that the Hindoo religion prevailed here previous to the introduction of Boodhism.

কিন্তু বিদ্যাদ্বারা কৌলিন্য মর্য্যাদা পায়; আর তথাতে যথেষ্ট ছাপাখানা ও অসংখ্য পুস্তক আছে.

নি. ভাল, এই ক্ষণে ব্রুহ্ম দেশের বিষয় কিছু বল?

প. ঐ ব্রুহ্ম দেশ বাঙ্গলার পূর্ব্ব দক্ষিণ কোণে; সে দীর্ঘে হাজার ক্রোশ পরিমাণ, প্রস্থে প্রায় ছয় শত ক্রোশ. সেখানে কত লোক আছে নিশ্চয় বলা যায় না, অনুমান হয় যে দেড় কোটি লোক হইবে. তথাতে অনেক খণ্ড আছে, সে সকল খণ্ডের মধ্যে প্রধান খণ্ড বগু, যাহাকে লোকে পেগু বলে. পূর্ব্বে তথাকার রাজা সেই তাবৎ খণ্ডের অধিপতি ছিলেন. পরে সন ১১৬০ শালে ব্রুহ্ম দেশের বাদশাহের পূর্ব্ব পুরুষের মধ্যে এক ব্যক্তি সকল অধিকারের উপরে অনেক দৌরাত্ম্য করিয়া সকল খণ্ড অধিকার করিয়া সকলের নাম রাখিয়াছিল, ব্রুহ্ম দেশ. ৫ বৎসর পূর্ব্বে তাঁহার বৃদ্ধপ্রপৌত্র তাঁহারি সিংহাসনে বসিয়া প্রায় চল্লিশ বৎসর পর্য্যন্ত রাজত্ব করিয়াছিলেন. সেখানকার লোকেরা বুদ্ধদেবের গৌদামা নামে এক অবতারের পূজা করে, ফলত ইহারা বৌদ্ধ মতাবলম্বী. আর অন্যং দেশের বৌদ্ধ মতাবলম্বী পুরোহিতেরা ঐ দেশে গিয়া মত শিক্ষা করে. ঐ দেশের অক্ষর সকল দেবনাগরহইতে সংকলন করা, কিন্তু অক্ষরের আকার সকল সিংহলী অক্ষরের মত, এবং ঐ দেশের ভাষা চীনের ভাষার ন্যায়. সেখানহইতে অনেক সেগুণ কাষ্ঠ এ দেশে বিক্রয়ের জন্যে আইসে. এই ব্রুহ্ম দেশের রাজধানী নগরের নাম অমরপুর, ঐ অমরপুর চট্টগ্রামের নিশ্চয় পূর্ব্ব ভাগে; তাহারি নিকট দিয়া ঐরাবতী নামে এক নদী রঙ্গুন নগরের নিকটে গিয়া সমুদ্রে মিলিয়াছে. সে নদী সামান্যা নয়, প্রায় গঙ্গার মত বড়. ঐ দেশের নাম দ্বারা ও রাজার ব্যবহার দ্বারা জানা যায়, যে পূর্ব্বে সেখানকার লোকেরা হিন্দুশাস্ত্রমতে চলিত, তাহার পরে বৌদ্ধ মতাবলম্বী হইয়াছে.

LESSON VII.

Of Countries situate to the West of Hindoostan.

Nityo-anundo. You have given an account of some of the countries in the north of Hindoostan: I should now wish, with your permission, to learn some particulars concerning those in the west.

Porum-anundo. To the west of Hindoostan are the countries of Baloochistan, Cabul, Persia, Arabia, Turkey, &c.

N. Be pleased first to describe Baloochistan.

P. Baloochistan is bounded on the east by the river Indus; on the south by the Indian Ocean; on the west by Persia; on the north by Cabul. Its extent from north to south is 400 kros, and from east to west 350 kros. A considerable part of this country is desert, the soil in many places consisting only of sand, in others is nothing but rock. Nevertheless here and there are tracts exceedingly fertile. Here are no rivers of consequence. The inhabitants are divided into two classes, differing from each other in their language and customs. They are a very daring people. Amongst them are several chiefs, who with their parties gain their livelihood chiefly by committing depredations. There is also another class, called Brahoohi, who inhabit the mountains, and live by their flocks. These are Mahometans.

N. Have you any thing to relate concerning the country of Cabul?

৭ পাঠ.

হিন্দুস্থানের পশ্চিম দেশের বিবরণ.

নিত্যানন্দ. হিন্দুস্থানের উত্তরে যেং দেশ আছে তাহা শুনিলাম; এখন জিজ্ঞাসা করি, যে তাহার পশ্চিমে কোনং দেশ আছে?

পরমানন্দ. তাহার পশ্চিমে বলোচনস্থান, কাবোল, পারশীক, আরব, তুরুক, ইত্যাদি দেশ আছে.

নি. ভাল, তবে একেং বল শুনি; সংপ্রতি বলোচনস্থান কেমন?

প. তবে বলি শুন; এই বলোচনস্থানের পূর্ব্ব সীমা সিন্ধু নদী, ও দক্ষিণ সীমা ভারত সমুদ্র, ও পশ্চিম সীমা পারশীক দেশের পূর্ব্ব, আর উত্তর সীমা কাবোল. ঐ দেশ দক্ষিণ উত্তরে লম্বা চারি শত ক্রোশ, ও পূর্ব্ব পশ্চিমে চৌড়া সাড়ে তিন শত ক্রোশ. এই দেশের মধ্যে কতক গুলা মরু ভূমি আছে, সে ভূমিতে শস্যাদি জন্মে না, যে হেতুক সে ভূমির নীচে মাটী নাই, কেবল বালি; আর কতক ভূমি পাতরেতে পরিপূর্ণ, কিন্তু কোনং ভূমি এমন উর্ব্বরা তাহা আর বলিবার নয়. আর ঐ দেশে কোন প্রসিদ্ধ নদী নাই. তথা দুই প্রকার লোক আছে, তাহারদের ভাষা ও ব্যবহার পরস্পর ভিন্নং. ঐ বলোচনের লোকেরদের বিক্রম বড়, তাহারদের মধ্যে কতক গুলি সরদারং লোক আছে, যে অনেক লোক তাহারদের বাধ্য; ও তাহারদের কর্ম্ম এই, যে সর্ব্বদা লুট দৌরাত্ম্য ইত্যাদি করিয়া কাল ক্ষেপ করে. আর এক প্রকার লোক আছে, তাহারদের খ্যাতি ব্রাহুহি, ইহুারা প্রায় পর্ব্বতে থাকে, এবং গোমেষাদি পালন করিয়া দিনপাত করে; ইহারা মুসলমান জাতি.

নি. তবে কাবোল দেশ কেমন তাহা বল?

P. Cabul is situate to the north of Baloochistan. The name of the capital is Peshawur. On the east it is bounded by the river Indus; on the south by Baloochistan; on the north by the Himaloi mountains: on the west is the Candahar country. The soil is excellent. Here are a number of gardens, in which both European and Asiatic fruits are produced in great abundance. In the south is a place called Hirat. The soil here is very sandy, so that it affords no grain.

N. I should now be glad to hear respecting Persia.

P. The kingdom of Persia is divided into two parts, and takes its name from the largest of these. It is 1050 kros in length, and 880 in breadth. The eastern province, named Candahar, forms the border of Hindoostan on the west. The name of the capital is Ispahan; besides which is another principal city, named Shiraz. The language and written character of Persia are much used in Bengal. The Persians are followers of Mahomet, and pay great respect to Ali and Phatima, and their sons Hasin and Hosen, but do not acknowledge the other descendants of Mahomet. The kingdom of Persia is of long continuance: its history may be traced to the extent of 4000 years. The people became Musulmans in the 20th year of the Mahometan era. The country has been divided into two parts for the space of 50 years. The present king, who reigns in Candahar, is the fifth in succession. Between 7 and 800

প. তবে শুন, ঐ কাবোলের রাজধানীর নাম পেশৌর, এ দেশ বলোচনস্থানের উত্তর. উহার পূর্ব্বসীমা সিন্ধু নদী, দক্ষিণসীমা বলো-চনস্থান, উত্তর সীমা হিমালয় পর্ব্বত শ্রেণী, পশ্চিম সীমা কাণ্ডাহার দেশ. ঐ দেশের মাটী বড় উত্তম; তথাতে নানা বিধ উত্তমং বাগীচা আছে, সেই সকল বাগানে নানা বিধ ইউরপীয় ও হিন্দুস্থানীয় ফল ফলে. ইহার দক্ষিণে হিরাটনগর বলিয়া এক ঠাঁই আছে, ঐ হিরাট নগরের অঞ্চলে কেবল বালুকাময় ভূমি, সেই জন্যে সেখানে শস্যাদি কিছু জন্মে না।

নি. এই ক্ষণে পারশীক দেশের কথা কিছু বলিতে আজ্ঞা হউক.

প. এই পারশীক দেশ কেবল একটী দেশ নয়, অর্থাৎ দুই দেশ একত্র হইয়া এক দেশ হইয়াছে, তাহার মধ্যে প্রধান দেশ পারশী, এই জন্যে সে রাজ্যের ও নাম পারশী হইয়াছে. এ দেশ দীর্ঘে এক হাজার পঞ্চাশ ক্রোশ, প্রস্থে আট শত আশী ক্রোশ. এ দেশ পূর্ব্বদিকে হিন্দুস্থানের সঙ্গে মিলিত, কাণ্ডাহার নামে খ্যাত, তাহার প্রধান নগরের নাম স্পাহন, এবং ঐখানে সিরাজ নামে আরো এক বড় নগর আছে. ঐখানকার অক্ষর ও ভাষা বাঙ্গলাতে সুন্দর রূপে চলিত আছে. ঐ দেশের লোক মহম্মদের মতে চলে, এবং আলী ও ফতেমা, আর উহারদের দুই পুত্র হাসেন, হোসেনকে মানে; ইহারদের পর মহম্মদের পদেতে আর যে তৃতীয় ব্যক্তি অভিষিক্ত হইয়াছিল ইহা মানে না. এই পারশী দেশের রাজ্য অতি প্রাচীন, বহু দিনের সংস্থাপিত; ইহার চারি হাজার বৎসরের বিবরণ অবধি পাওয়া যায়. হিজরী সনের ২০ শালে সে দেশের লোক সকল মুসলমান হয়. সংপ্রতি পঞ্চাশ বৎসর হইল ঐ দুই দেশ পৃথক্ হইয়াছে, এই ক্ষণে কাণ্ডাহারের পঞ্চম রাজা সিংহাসনে বসিয়া রাজ্য করিতেছেন. গত সাড আট শত বৎসর হইল কাণ্ডা-

years ago, a kingdom named Ghizni was established in Candakar. Its former king, Shuhabooddèen, conquered a great part of Hindoostan.

N. On what side of Persia is the country of Arabia?

P. It is situated on the south west of Persia, and is bounded on the east by the river Euphrates, and the Persian Gulph. On the west and south is the Bay of Soof, or Arabian Sea. Arabia is 1200 kros in length, and 1000 in breadth. It is divided into three kingdoms, one of which is very ancient, its inhabitants being the descendants of Ismael, the son of Abraham, concerning whom it was prophesied, that his hand would be against every man, and every man's hand againsthim. Agreeably to which, to this day the Arabs remain a separate and independent people, at the same time making it their custom to attack and plunder those who venture to pass through the country; so that on this account they are known to all the world. The capital of Arabia is Mecca, the birth-place of Mahomet. Another principal town is Medina, the place of his sepulchre. Besides which are Sana, Judda, Muscat, &c. The Arabians are followers of Mahomet.

N. I should now be glad to hear some particulars respecting Turkey.

P. The empire of Turkey is situate at the extreme boundary of Asia on the west, and contains several provinces, all of which pass under the same general name. On the east it is

হার দেশেতে গজনি নামে একটা মহা রাজ্য সংস্থাপন হইয়াছিল, ঐখানহইতে শাহবুদ্দীন নামে এক জন মুসলমান আসিয়া ক্রমেং ভারতবর্ষ অধিকার করিয়াছিল.

নি. ভাল, আরব দেশ পারশী দেশের কোন দিকে?

প. সে দেশ পারশী দেশের দক্ষিণ পশ্চিম কোণে, তাহারি পূর্ব্ব ভাগে পারশীয় মহাখাল, এবং ফরাত্ নদী; তাহার পশ্চিম ও দক্ষিণ এই দুই দিকে সূফ নামে মহাখাল, অর্থাৎ আরব সমুদ্র. এই আরব দেশ দীর্ঘেতে বার শত ক্রোশ পরিমাণ, পুস্থে এক হাজার ক্রোশ পরিমাণ. এই দেশ তিন খণ্ড, তাহার মধ্যে এক খণ্ডের যে রাজ্য সে অতি পূর্ব্বকালের. সেখানকার লোক সকল আবরহামের পুত্র যে য়িশমাএল, তাহারি বংশ, যে য়িশমাএল বিষয়ে পূর্ব্বে এই কথা লেখা গিয়াছিল, যে য়িশমাএলের হাত সকল লোকের বিপরীতে হইবে, এবং সকল লোকের হাত তাহার বিপরীতে হইবে এই কথানুসারে আরবের লোক সকল অদ্যাপি কখন কোন লোকের অধীন হয় নাই, কিন্তু পৃথকং হইয়াছে. আর তাহারদের এই এক স্বভাব আছে, যে সে দেশ দিয়া যদি অন্য দেশের লোক গমনাগমন করে, তবে তাহারদিগকে ধরিয়া কাপড় ইত্যাদি যাহাং থাকে সে সকল কাড়িয়া লয়; ইহাতেই সে দেশের নাম সর্ব্বত্র খ্যাত আছে. ঐ আরবের প্রধান নগর মহম্মদের জন্মস্থান মক্কা, এবং তাহারি কবরস্থান মদীনা, আর সানা, ও জদা, ও মস্কাট, এই দেশের লোকেরা মহম্মদের মতে চলে.

নি. এখন তুরুক দেশের বিবরণ কিছু বলিলে ভাল হয়.

প. তবে বলি শুন; সে দেশ আসিয়া দেশের মধ্যে, কিন্তু অত্যন্ত পশ্চিম. সে দেশের অন্তঃপাতী অনেক দেশ আছে; তথাপি সে সকল দেশেরই নাম তুরুক এই একটা প্রসিদ্ধি আছে. তাহার

bounded by Persia. On the north by the Caucasus mountains, by which it is separated from Russia: the Caucasus is supposed to form the western extremity of the Himaloi. On the west it is separated from Europe by the Mediterranean Sea. The Euphrates and Tigris rivers form the boundary on the east.

N. Is there any thing of note in the ancient history of this country?

P. Yes, it contains several very remarkable events. It was here that the Almighty, 5823 years ago, out of the dust of the earth, formed the first man. Secondly, It was here that Noah and his family, in obedience to the command of God, having entered into the ark, saved their lives at the time of the flood. Third, 4200 years ago, when it pleased God to punish the wickedness of mankind by causing a division of languages, it was from hence that they became scattered over the various countries of the earth. Fourth, 3700 years ago, when men began to worship idols, the Almighty gave commandment to Abraham, that, leaving the place of his nativity, he should dwell in a part of this country called Canaan, and that he should there worship him. He also promised to bless the posterity of Abraham. After Abraham's death, his descendants, the Jews, abode in Egypt, and there endured very great afflictions, till, at the expiration of two hundred years, God, by the hand of Moses, brought them forth even out of Egypt, and established them in the land of Canaan. Moreover, by means of prophets, he communicated to them his

যায়, যে ঈশ্বর দয়া করিয়া তাহারদিগকে যে শাস্ত্র দিয়াছেন, সে শাস্ত্রের গুণ এই, যে অসভ্যতা ঘুচাইয়া মনেতে জ্ঞানের উদয় করে, আর উত্তম চর্য্যা জন্মায়; এবং যাহারা ঐ শাস্ত্র মানে তাহারদিগকে ঈশ্বর অবশ্য বাড়ান. বোধ হয়, যদি তাহারা ঐ শাস্ত্র ত্যাগ করে, তবে পূর্ব্ব দশাতেই উহারদের কালযাপন হয়.

---

৩ পাঠ.

ফ্রান্স দেশের বিবরণ.

নিত্যানন্দ. শুন, হে ভাই পরমানন্দ, এই ক্ষণে ফ্রান্স দেশের কথা কিছু বল.

প. কোন দেশকে ফ্রান্স বলে তাহা জান? যে দেশে ফরাসিসেরা বাস করে, সেই দেশের নাম ফ্রান্স দেশ. আট্লাণ্টিক সাগরের ত্রিশ ক্রোশ প্রস্থ যে একটা খাড়ী আছে, সেই খাড়ীতে ইংলণ্ড আর ফ্রান্স পরস্পর পৃথক্ হইয়া আছে. ফ্রান্সের সীমা দীর্ঘে প্রায় ছয় শত ক্রোশ, প্রস্থে পাঁচ শত ক্রোশ. এই পৃথিবীর মধ্যে ফ্রান্স দেশের লোকেরা বরাবরই পরাক্রমী. ঐ দেশে দুই কোটি আশী লক্ষ লোক আছে.

নি. ফরাসিসেরদের রাজশাসন কি প্রকার?

প. পূর্ব্বে এই দেশের রাজার ও মন্ত্রির স্বেচ্ছাক্রমে আজ্ঞানুসারে লোকেরদের শাসন হইত, কিন্তু সংপ্রতি ত্রিশ বৎসর হইল প্রজারা সকলে রাজার ও কুলীনের অন্যায় আর সহিতে না পারিয়া, রাজাকে মারিয়া ফেলিয়াছে. এই রূপে রাজ্য অরাজক হইলে বোনাপার্ত্ত নামে এক জন প্রধান সেনাপতি সে আপনি রাজা হইয়া সিংহাসনে বসিল, ও চৌদ্দ বৎসর পর্য্যন্ত ইউরপের অন্যং রাজার-

ing defeated Buonaparte, deprived him of his authority. He was afterwards sent as a prisoner to the Island of Saint Helena, where he died in the year 1821. The brother of the king, who was beheaded, has now succeeded to the throne. The French language is chiefly derived from the Latin, in consequence of France having been formerly, like England, under the dominion of the Romans. It is exceedingly elegant, and is therefore much spoken in the countries of Europe. There are several valuable books on the sciences composed in this language.

N. What are the names of the principal towns?

P. The city of Paris, which is the capital, contains 600,000 inhabitants. The city of Lyons is celebrated for its manufactures of silk, &c. and contains about 100,000. Besides these are Marseilles, Bourdeaux, and several other towns.

N. Can you inform me as to the commerce of France?

P. A century ago the trade of this country consisted chiefly in woollen cloth, linens, silks, velvet, thread, &c. at present the chief article is wine, made from the grape, which grows in great abundance. The quality of the French wines is superior to that of any other country of Europe. In France also are two or three

দের সঙ্গে যুদ্ধ করিয়া প্রায় অনেককেই নিঃশেষ করিল. ইহাতেই অবশিষ্ট রাজারা সকলে এক পরামর্শ হইয়া ইংগ্লণ্ডীয়েরদের সঙ্গে মেল দিয়া বোনাপার্ত্তকে পরাজয় করিয়া পদচ্যুত করিল. শেষে সেণ্ট্ হেলীনা নামে সমুদ্রের একটা উপদ্বীপের মধ্যে কয়েদ করিয়া রাখিয়াছিল. তনন্তর ১৮২১ শালেতে তথাতেই তাহার পরলোক হইয়াছে. আর যে রাজা পূর্ব্বে মারা গিয়াছিলেন, তাঁহারি ভ্রাতা এইক্ষণে সিংহাসনে বসিয়া রাজত্ব করিতেছেন. ফ্রান্স ভাষা প্রায় লাটিন ভাষাহইতে নির্গত হইয়াছে, যেহেতুক পূর্ব্বে ফ্রান্স দেশ ইংগ্লণ্ড দেশের মত রোমাণের অধীন ছিল. সে ভাষা শুনিতে অতি সুশ্রাব্য, অতএব ইউরপের সর্ব্ব দেশেতেই চলিত ছিল. ঐ ভাষাতে কাব্য ও ন্যায় ও জ্যোতিষ্ প্রভৃতি অনেক সুন্দর২ গ্রন্থ আছে.

নি. ফ্রান্স দেশের মধ্যে প্রধান নগর কি?

পা. তথাকার রাজধানীর নাম পারিস নগর. ঐ নগরে প্রায় ছয় লক্ষ লোক আছে. লিওন নামে নগরে অনুমান এক লক্ষ লোক; তথাতে রেসম, ও জরী, ও নানা প্রকার কাপড়ের শিল্প ব্যবসায় অনেক আছে. এবং এই ছাড়া মার্সেল্স ও বোর্দো ইত্যাদি নামে আরো কএকটা প্রধান২ শহর আছে.

নি. এই ফ্রান্স দেশের বাণিজ্য কেমন ধারা?

প. এক শত বৎসর হইল ফ্রান্স দেশেতে বনাতের, ও কাপড়ের, ও রেসমের, আর সূতা ও রেসমী কাপড় ইত্যাদি বাণিজ্যের বড় কারখানা ছিল; এইক্ষণে সেখানকার উৎপন্ন বস্তুর মধ্যে প্রধান হইয়াছে মদিরা. ঐ ফ্রান্স দেশেতেই এখন মদিরা জন্মিবার জন্যে যথেষ্ট দ্রাক্ষা ক্ষেত্র আছে; ইউরপের মধ্যে আর২ ঠাঁই অপেক্ষায় সেখানে অতি উত্তম২ মদিরা জন্মিতেছে. আর ঐ ফ্রান্সেতে দুই তিনটা

mines of silver, some of lead and copper, and several of iron. These metals form a part of the articles of trade.

LESSON IV.

Of Russia.

Nityo-anundo. Be pleased to give me some particulars respecting Russia.

Porom-anundo. The empire of Russia is very extensive. Exclusive of those parts which are in Asia, its length is 1400 kros, and its breadth 880. A little more than two centuries past, this country was little known in Europe: afterwards, about 100 years ago, Peter the Great having visited other states of Europe, for the purpose of making himself acquainted with the arts and sciences, returned to his own country, and instructed his subjects. From this period the power of Russia has continued to increase. The population of this empire may be estimated at 36,000,000. In several parts the cold is excessive. Towards the north, from the month of October to February, the sun is not seen; nor does it disappear during the months of June and July: excepting in these two months, there are ice and snow the year round.

N. Of what description is the government?

P. The government of Russia is an absolute monar-

রুপার আকর আছে, এবং তামার ও সীসার কএকটা খানি আছে. আর এই দেশের অনেকং ঠাঁইতে লোহার খানি আছে. এই সকল ধাতু দ্রব্যেতে তাহারদের বাণিজ্য চলে.

---

৪ পাঠ.

রুষিয়া দেশের বিবরণ.

নিত্যানন্দ. এখন রুষিয়া দেশের বিবরণ কিছু বল শুনি ?

পরমানন্দ. রুষিয়া দেশ অতি বড়; সে দীর্ঘেতে চৌদ্দ শত ক্রোশ, পুস্থেতে আট শত আশী ক্রোশ. প্রায় দুই শত বৎসরের পূর্ব্বে ঐ দেশ ইউরপের লোকেরদের সুন্দর জানা ছিল না, কিন্তু প্রায় এক শত বৎসর হইল পিতর নামে তথাকার এক জন প্রধান রাজা আপনার রাজপদ ছাড়িয়া আসিয়া কতক কাল পর্য্যন্ত ইংগ্লণ্ড দেশেতে এবং হলাণ্ড দেশে বাস করিয়া, নানা বিদ্যা ও শিল্প বিদ্যা সকল শিক্ষা করিয়া, পুনর্ব্বার আপনার দেশে গিয়া প্রজারদিগকে শিখাইয়াছিলেন. ঐ অবধি রুষিয়ারদের পরাক্রম বাড়িতে লাগিল. ঐ দেশের লোকসংখ্যা তিন কোটি ষাটি লক্ষ. তথাকার অনেক স্থানেতে শীত বড় প্রবল. তাহার উত্তরাংশে আশ্বিন মাস অবধি ফাল্গুণ পর্য্যন্ত সূর্য্যের উদয়কাল বোধ হয় না; এবং জ্যৈষ্ঠ আষাঢ়ে অস্তকাল বোধ হয় না; এই দুই মাস ছাড়া দশ মাস সেখানে বরফ পড়ে.

নি. রুষিয়ার রাজশাসন কি প্রকার ?

প. তবে বলি শুন, ঐ দেশের রাজার রাজ্যেতে একাধিপত্য যাহা করেন তাহাই হয়, রাজার আর মন্ত্রিগণের আজ্ঞানুসারে

chy, the sole power being vested in the hands of the king and his privy counsel. The language of the country is peculiar to itself, being unlike that of any other nation. The alphabet consists of 32 letters. Formerly the common people were very illiterate; but now, through the liberality and patronage of the Emperor Alexander, learning has greatly revived: the Bible is also widely distributed.

N. Which are the chief towns?

P. The capital of Russia is the city of Petersburgh, which was founded a century ago by the Emperor Peter the Great. The number of its inhabitants may be computed at 200,000. Formerly Moscow was the capital; but in the year 1812, this city was reduced to ashes by its inhabitants, to prevent Buonaparte, who had invaded the country, from taking up his winter quarters in it. Its population before this was nearly equal to that of Petersburgh. The city of Astrachan, which stands on the banks of the Volga, contains about 70,000 people.

N. What are the principal articles of commerce?

P. The exports of Russia consist chiefly of tallow, wool, hemp, tar, soap, &c. The commerce of this country has greatly increased, and extends as far as China. Chinese produce of different kinds is imported every year.

সকল কর্ম্ম চলে. সেখানকার ভাষা ভিন্ন, সে ভাষা আর কোন জাতির ভাষার মত নহে. তাহারদের বর্ণমালা বত্রিশ অক্ষরে. সে দেশের ইতর লোকেরদের বিদ্যাভ্যাস অল্প ছিল, এখন ঐ দেশের আলেক্সান্দ নামে রাজা অনেক ব্যয় করিয়া সর্ব্বত্র প্রজারদের হিত এবং নীতি শিক্ষার চেষ্টা করিতেছেন, ও ধর্ম্ম পুস্তক বিতরণ করিতেছেন.

নি. রুষিয়া দেশে প্রধান শহর কিং?

প. রুষিয়ার রাজধানী পিতর্সবর্গ নামে এক শহর প্রধান. এক শত বৎসর হইল পিতর নামেতে রাজা ঐ শহর বসাইয়াছিলেন. অনুমান হয় ঐ শহরে দুই লক্ষ লোক আছে. ঐ দেশের প্রাচীন রাজধানী মস্কো নামে শহর ছিল. আঠার শত বার শালে বোনাপার্ত রুষিয়ার প্রতি আক্রমণ করিলে সে স্থান অধিকার করিয়া, শীতান্তে রুষিয়ার সহিত যুদ্ধ করিবে এই ভয়ে রুষিয়ারা সে শহর আপনারাই জ্বালাইয়া দিয়াছিল. পূর্ব্বে ঐ শহরে ও পিতর্সবর্গের সমান লোক ছিল. আর বল্গা নামে নদীর তীরে আস্ত্রাখান নামে একটা মধ্যবিত্ত নগর আছে, সেখানেও লোক ন্যূনাধিক সত্তর হাজার হইবে.

নি. সেখানকার বাণিজ্যের সামগ্রী কিং, আর কি প্রকার চলিতেছে?

প. রুষিয়ার বাণিজ্যের সামগ্রী চরবী ও লোম, এবং শণ, ও ধুনা, ও সাবান, ইত্যাদি. এবং দিনেং বাণিজ্য অতি সুন্দর রূপ চলিতেছে, ও বাড়িয়া উঠতেছে. বাণিজ্যের জন্যে তাহারদের এখন চীন দেশ পর্য্যন্ত গমনাগমন হইয়াছে. প্রতি বৎসর তাহারা চীন দেশহইতে অনেক দ্রব্যজাত আনিয়া বেচা কেনা করে.

LESSON V.

Of Spain and the Netherlands.

Nityo-Anundo. I should now be glad to hear respecting Spain.

Porom-Anundo. Spain is bounded on the south and east by the Mediterranean Sea; on the west by Portugal; and on the north by an arm of the Atlantic Ocean: its utmost length is 528 kros, and its greatest breadth 440 kros. The number of its inhabitants is about 10,000,000. They are almost wholly Roman Catholics. The system of judicature is by no means admirable; since in some courts it is the custom that the defendant is not permitted to see his accuser, or even to know his name. Also very little attention is paid to the instruction of the common people. In former ages, the army of Spain was so powerful, as to keep in awe the other nations of Europe: at present, there remains little more than the name. The naval force is likewise very small. The capital is Madrid. In the year 700, the Musulmans, having conquered this country, retained possession of it for the space of 700 years.

N. Be pleased now to speak of the Netherlands.

P. This kingdom is composed of two parts: in the former of which are seven states, and in the second ten. The first seven states are collectively denominated Holland, after the name of the principal state. The length of this country is 132 kros, its breadth 80 kros. In the year 1572, it became detached from the Spanish dominions, on which account the king of Spain commenced hostilities; but, after many conflicts, not be-

৫ পাঠ.

স্পানিয়া ইত্যাদি দেশের বিবরণ.

নিত্যানন্দ. তবে এখন স্পানিয়ার বৃত্তান্ত কিছু বল, শুনি.

পরমানন্দ. এই স্পানিয়ার দক্ষিণ ও পূর্ব্ব ভাগে পৃথিবীর মধ্যস্থ সমুদ্র, পশ্চিমে পোর্ত্তুগাল দেশ, উত্তরে আট্লাণ্টিক সাগরের এক প্রদেশ. এ দেশ যেখানে অধিক লম্বা সেখানে দীর্ঘে পাঁচ শত আটাইশ ক্রোশ, আর যেখানে অধিক চৌড়া সেখানে প্রস্থে চারি শত চল্লিশ ক্রোশ. তথাকার লোকসংখ্যা এক কোটি. স্পানিয়ার লোক সকল প্রায় রোমাণ কাথোলিক মতে চলে. সে দেশের বিচারের ধারা বড় সুন্দর নয়, যেহেতুক সেখানে এই প্রকার আদালত যে ফরিয়াদীর সঙ্গে আসামীর সাক্ষাত হইতে দেয় না, এবং আসামীকে ফরিয়াদীর নাম ও শুনিতে দেয় না; আর সেখানকার ইতর লোকেরদের বিদ্যাভ্যাসের উপায় প্রায় নাই. ঐ রাজ্যেতে এত সৈন্য ছিল যে পূর্ব্বেতে তাহারদেরহইতে ইউরোপের সর্ব্ব দেশের লোকেরদের ভয় ছিল, এক্ষণে কেবল নাম মাত্র আছে. ঐ দেশে জাহাজ ও অল্প. স্পানিয়ার প্রধান রাজধানী নগর মাদ্রিদ. ইংরাজী সাত শত শালে মুসলমানেরা আসিয়া, স্পানিয়া দেশ জয় করিয়া, সাত শত বৎসরের অধিক ও ভোগ করিয়াছিল.

নি. তবে ভাই, নেদর্লণ্ড রাজ্যের কথা কিছু বল, শুনি.

প. ঐ রাজ্যের মধ্যে দুইটা দেশ আছে; তাহার মধ্যে প্রথমে সাতটা মণ্ডল আছে, আর দ্বিতীয়ে দশটা মণ্ডল আছে. ঐ সাতটা মণ্ডল জড়াইয়া প্রথমটার সামান্য এক নাম হলণ্ড, যেহেতুক তাহার প্রধান মণ্ডলের নাম হলণ্ড. ঐ দেশ দীর্ঘে এক শত বত্রিশ ক্রোশ,

ing able to reduce the inhabitants to his authority, it still remains a separate and independent nation. To the north and west of the Netherlands is a channel of the Atlantic Ocean; on the east is Germany; and on the south France. The Dutch are celebrated for their industry and commerce. Their principal possessions in the east are the islands of Java and Amboyna: in Bengal, the town of Chinsurah belongs to this government. In Holland, many institutions have lately been founded for the instruction of the poor, which example will no doubt be followed by the other parts of the kingdom. The population of Holland amounts to 2,800,000; that of the other ten states to 1,900,000; together 4,700,000.

N. What are the principal towns in the Netherlands?

P. One of the principal cities of Holland is Amsterdam, which contains 200,000 inhabitants. Another is Leyden, which contains 50,000 people. Here is also a famous university. Rotterdam too is a large town, containing 50,000 inhabitants. A fourth, called the Hague, was in former times an inconsiderable village, but is now become the capital. The number of its inhabitants is 36,000.

পুস্থে আশী ক্রোশ. ১৫৭২ শাকে এই শাতটা মণ্ডল স্পানিয়ার অধিকারহইতে ভিন্ন হইয়াছে. সেই জন্যে স্পানিয়ার রাজা তাহারদের সঙ্গে অনেক কাল যুদ্ধ বিগ্রহ করিয়াছিলেন, কিন্তু বিস্তর চেষ্টায় আয়ত্ত করিতে পারেন নাই, অতএব সে একটা স্বতন্ত্র রাজ্য হইয়া থাকিল, এবং বাণিজ্য ব্যবসায়েতে ইউরোপের মধ্যে তথাকার লোকেরা ও গণ্যগণনার মধ্যে এখন একটা প্রধান হইয়াছে. এই নেদর্লণ্ডের উত্তরে ও পশ্চিমে আট্লাণ্টিক সাগরের এক প্রদেশ আছে, এবং পূর্ব্বেতে জর্ম্মাণি দেশ, ও দক্ষিণে ফ্রান্স দেশ আছে. আসিয়ার অন্তঃপাতি জাবা ও আম্বয়না এই দুইটা উপদ্বীপ ঐ হলাণ্ডীয়েরদের অধিকারে আছে. আর গৌড় দেশেতে চুঁচুড়া নামে একখানি নগর তাহারদের অধিকারে আছে. ঐ সপ্ত মণ্ডলের মধ্যে দরিদ্র সন্তানেরদের বিদ্যা শিখাইবার জন্যে এখন বিস্তর উপায় হইয়াছে, এবং ক্রমেং অন্য দশ মণ্ডলেতে বৃদ্ধি হইতে পারিবে. ঐ সপ্ত মণ্ডলের লোকসংখ্যা আটাইশ লক্ষ, আর দশ মণ্ডলের লোকসংখ্যা উনিশ লক্ষ, সবলগে দুয়েতে মিলিয়া সাত চল্লিশ লক্ষ লোক নেদর্লণ্ডে আছে.

নি. নেদর্লণ্ডের কোনং নগর প্রধান ?

প. তবে শুন, আম্স্তের্দাম নামে নগর সপ্ত মণ্ডলের মধ্যে প্রধান, সেখানে লোক আছে দুই লক্ষ. আর লেদন নামে একটা শহর আছে, সেখানে পঞ্চাশ হাজার লোক ও এক মহা বিদ্যালয় আছে. আর রোতের্দাম নাম নগরেতে পঞ্চাশ হাজার লোক আছে; হেগ নাম পূর্ব্ব কালের একখান ক্ষুদ্র গ্রাম ছিল, কিন্তু সে এখন রাজধানী হইয়াছে; সেখানে ছত্রিশ হাজার লোক আছে.

LESSON VI.

Of Africa.

Mtyo-Anundo. Be pleased next to give a description of the quarter of the globe named Africa.

Porum-Anundo. Africa is situated to the south-west of Hindoostan, and in extent exceeds Europe; but in point of the number of inhabitants, is less than any one of the other three divisions of the earth. It is also not so considerable in point of learning and civilization. The population of Africa does not amount to more than 25,000,000. It is bounded on the east and south by the Red Sea and the Indian Ocean; on the west by the Atlantic; and on the north by the Mediterranean Sea, which separates it from Europe. It joins with Asia on the north-east, and is 4200 kros long, and the same in breadth. The natives of Africa dwelling in the interior and towards the south, are called Caffrees, and are distinguished by the thickness of their lips, and short curled hair. There are also other tribes descended from the Arabs, who inhabit the parts which lie towards the north, the north-east, and west. Those in the north are chiefly Mahometans. There is one nation, the Abyssinians, who are Christians. In the centre, and towards the north, the climate is extremely hot: in the south it is more temperate. In this country is no abundance of water, as in Asia. The princi-

৬ পাঠ.

আফ্রিকার বিবরণ.

নিত্যানন্দ. ওহে ভাই, এক্ষণে আফ্রিকা নামে যে পৃথিবীর আর একটা ভাগ আছে তাহার বৃত্তান্ত কিছু বল, শুনি.

পরমানন্দ. তবে বলি শুন. ঐ আফ্রিকা দেশ হিন্দুস্থানের দক্ষিণ পশ্চিম কোণে. এ দেশ ইউরোপ অপেক্ষায় লম্বা চৌড়া বড়, কিন্তু পৃথিবীর অন্য তিন ভাগহইতে এ ভাগেতে লোক অল্প; আর সভ্যতাতে এবং বিদ্যাতে ও এ ভাগের লোকেরা খাট. এই আফ্রিকাতে আড়াই কোটি লোকের অধিক নাই. ইহার পূর্ব্ব সীমায় শূক সমুদ্রও ভারত সাগর, আর দক্ষিণ সীমাতে ও ভারত সাগর, এবং পশ্চিমেতে আট্লাণ্টিক সাগর, আর উত্তর ভাগেতে পৃথিবীর মধ্যস্থ সমুদ্র. ঐ সমুদ্রের ব্যবধানেতে এ দেশ ইউরোপের সঙ্গে ভিন্ন, কিন্তু উত্তর পূর্ব্ব কোণেতে আসিয়ার সঙ্গে মিলন আছে. এ দেশ দীর্ঘেতে চারি হাজার দুই শত ক্রোশ, এবং প্রস্থে ও তাহারি সমান. আসল আফ্রিকার লোকেরদিগকে কাফ্রি বলে, মোটা ওষ্ঠ আর চাঁচর চুল দেখিয়া তাহারদিগকে চেনা যায়; ইহারদের বাসস্থান দেশের মধ্যখানে ও দক্ষিণাংশে. এবং ঐ দেশে আরো এক প্রকার লোক আছে, তাহারা আরবের বংশ. তাহারদের বাসস্থান দেশের উত্তর ভাগে ও উত্তর পূর্ব্ব ভাগে ও পশ্চিম ভাগে, সেই উত্তর ভাগের লোকেরা প্রায় মহম্মদের মতে চলে. তাহার মধ্যে খব্শী নামে একটা জাতি আছে, তাহারাই কেবল খ্রীষ্টিয়ান. সে দেশের উত্তর ভাগে ও মধ্য ভাগে অতিশয় গ্রীষ্ম, কেবল দক্ষিণ ভাগে অল্প শীত বোধ হয়. এবং আসিয়া দেশে যেমন মধ্যেং এক জাই নদী আছে এ দেশে তেমন নাই. নদীর মধ্যে সে দেশে আছে নীল নদী.

pal river is the Nile, which, passing through Egypt, falls into the Mediterranean Sea. There are also two other rivers, called the Niger and the Zahir, which are nearly 900 kros in length. In Africa are deserts more extensive and frightful than in any other country. The chief of those is the desert of Saara, which extends from the Atlantic to the borders of Egypt, being 2400 kros in length, and 650 kros in breadth. The soil in this part is composed entirely of sand, of which there are large hills; hence it is impossible to render it productive: and the reason why this tract is at all passable, is, that here and there are small insulated portions of fertile ground. There are several kingdoms in Africa. The first, Abyssinia. The next, Egypt. The third, the Mahometan territories in the north. The fourth, those parts in the neighbourhood of the Cape of Good Hope, in the south. The fifth, some provinces in the east. The sixth, several islands adjoining to this continent.

N. Can you give me any particulars as to the country of Abyssinia.

P. It is bounded on the east by the Red Sea and the country of Adel. On the south by the countries of Zendero and Alaba. On the west it is separated from the country of Senaar by mountains and desert. On the north are a few small states, which divide this country from Egypt. Its length is 500 kros, and its breadth 400.

সে নদী মিসর দেশ দিয়া চলিয়া গিয়া পৃথিবীর মধ্যস্থ সমুদ্রেতে মিলিয়াছে. নীজর ও জাইর নামে আর দুইটা নদী আছে. সে ও প্রায় নয় শত ক্রোশ দীর্ঘ. এই আফ্রিকার মরু ভূমি পৃথিবীর আরং মরু ভূমিহইতে বড়, এবং মহা ভয়ানক ; তাহার মধ্যে সাহারা নামে যে প্রধান মরু ভূমি, সে আট্লাণ্টিক সাগর অবধি মিশর দেশ পর্য্যন্ত অবিচ্ছেদে আছে. সে লম্বায় দুই হাজার চারি শত ক্রোশ, প্রসরে ছয় শত ক্রোশ. এ সমুদয় ভূমি কেবল বালুকাময় ও কোন খানেং পর্ব্বতাকার বালির ঢিবি আছে. এই মরুভূমিতে কোনক্রমে কৃষি কর্ম্ম চলিতে পারে না. আরবার তাহারি মধ্য খানে কোনং স্থানে উপদ্বীপের মত উর্ব্বরা ভূমি আছে, এই হেতুক কেবল লোকেরা যাতায়াত করিতে পারে. আফ্রিকার মধ্যে নানা রাজ্য আছে; প্রথমত খব্‌শ রাজ্য, দ্বিতীয়ত মিশর রাজ্য, তৃতীয়ত আফ্রিকার উত্তর ভাগেতে মুসলমানেরদের কতক রাজ্য. চতুর্থ আফ্রিকার দক্ষিণ ভাগেতে উত্তমাশা অন্তরীপ, যাহাকে বলে কেপ, ঐ কেপ অবধি কতক গুলা দেশ. পঞ্চম আফ্রিকার পূর্ব্ব ভাগের কতক প্রদেশ. ষষ্ঠ ঐ দেশের অন্তঃপাতি নানা উপদ্বীপ.

শি. তবে খব্‌শ দেশ কেমন ?

প. তবে শুন. শূফ নামেতে যে এক সমুদ্র আছে, ও আদেল নামেতে যে এক ক্ষুদ্র রাজ্য আছে, ঐ দেশ পূর্ব্বদিকে সেই পর্য্যন্ত. দক্ষিণ দিকে জেঞ্জীরো আর আলাবা নামে দুইটা ক্ষুদ্র দেশ. ইহার পশ্চিম দিকে সেনার দেশহইতে যে ইহাকে ভাগ করিয়া রাখিয়াছে সেই পর্ব্বত ও একটা মরু ভূমি. এবং ইহার উত্তর দিকে কতক গুলা ক্ষুদ্র দেশ, যে সকল দেশেতে খব্‌শ দেশ আর মিসর দেশ পরস্পর ভিন্ন হইয়া আছে. এ দেশ পাঁচ শত ক্রোশ দীর্ঘে, ও চারি শত আশী ক্রোশ প্রস্থে.

N. Be pleased to inform me respecting Egypt.

P. Egypt is bounded on the north by the Mediterranean Sea, which separates it from Europe. On the east, the Red Sea divides it from Asia. This country has been inhabited upwards of 4000 years. It was also celebrated in former ages for its learning and power; at present it is sunk below other nations. The capital is Cairo, which contains about 300,000 inhabitants, and may be regarded as the metropolis of Africa, since no other city contains upwards of 100,000 people. The ancient capital of Egypt was the city of Alexandria, which is called after the name of its founder, Alexander the Great. It is now almost in ruins. Towards the east are the cities of Rosetta and Damietta, which also are falling into decay. The chief river is the Nile, which plentifully waters the country, so that rain is scarcely needed.

N. Are there any curiosities in this country?

P. Yes, here are several very surprising works, which remind us of the power and ingenuity of the ancient Egyptians. Amongst the most remarkable of these are the pyramids. A pyramid is an immensely large pillar, having four sides; and from the base it gradually becomes more and more narrow, till it closes in a point at the summit. In Egypt are many of these pyramids. The largest on each of the four sides at the base

নি. ভাল, তবে মিশর দেশ কি পুকার, তাহা বল দেখি?

প. তাহার উত্তর ভাগেতে পৃথিবীর মধ্যস্থ সমুদ্র আছে, ঐ সমুদ্র ব্যবধান আছে; এই জন্যে ইউরোপের সঙ্গে এ দেশ ভিন্ন; এবং পূর্ব্ব ভাগে শূফ সমুদ্রদ্বারা আসিয়া দেশের সঙ্গে ভিন্ন. এই দেশেতে লোক বসতি হইয়াছে চারি হাজার বৎসর, আর পূর্ব্বে বিদ্যাতে ও পরাক্রমেতে সে অতি পুশংসার স্থান ছিল; কিন্তু এখন অন্য দেশের অপেক্ষায় নীচ হইয়া পড়িয়াছে. এই দেশের পুধান নগর কাহিরা, অনুমান হয় কাহিরাতে তিন লক্ষ লোক আছে; সেই নগরই প্রায় আফ্রিকার রাজধানী, যেহেতুক আফ্রিকার আর কোন নগরে এক লক্ষ লোক ও নাই. এই দেশের প্রাচীন রাজধানী ছিল আলেক্সান্দ্রিয়া নগর; সে নগর আলেক্সান্দ্র, কি না সেকন্দর বাদশাহ, বসাইয়াছিলেন, সেই হেতুক অন্যত্রে ঐ সহরের সেকন্দরাবাদ বলিয়া ধ্বনি আছে; সে এখন প্রায়ঃ লুপ্ত হইয়া গিয়াছে. আর পূর্ব্বে রোসেত্তা ও দামিএত্তা নামে দুইটা নগর ছিল, সে দুইটা ও এখন ভাঙ্গা ভগ্নের তলে পড়িয়াছে. ঐ দেশের পুধান নদীর নাম নীল নদী, ঐ নদীর দ্বারা সে দেশের ভূমি বড় উর্ব্বরা. তাহাতে ভূমির এত উপকার হয়, যে প্রায় বৃষ্টির অপেক্ষায় রাখে না.

নি. মিশর দেশের কোন বিশেষ আশ্চর্য্য আছে?

প. বটে, তবে বলি শুন. পূর্ব্বকালে ঐ দেশে অনেকং আশ্চর্য্য কর্ম্ম হইয়া গিয়াছে, তাহার মধ্যে পিরামিদ নামে যে কর্ম্ম সে একটা বৃহৎ কর্ম্ম. ঐ পিরামিদটা বস্তু কি তাহা জান? সে একটা অতি উচ্চ স্তম্ভ বিশেষ; সে নীচে চারি কোণা, কিন্তু ক্রমেং তাহার অগ্র ভাগ শূচির মত ও শূক্ষ্ম হইয়া উঠিয়াছেন. এই আকারের পিরামিদ সেস্থানে অনেক আছে, তাহার মধ্যে পুধান যে পিরামিদ তাহার নীচের ভাগ চারিদিগে লম্বায় ৫০০ হাত, এবং ঊর্দ্ধে ও ৫০০

measures 500 cubits, and is the same number of cubits in height. The occasion of their being erected, as well as the name of the builder, remains unknown. In the year 1818, a native of Italy, after much pains, made a passage to the centre of one of the pyramids, but found nothing, excepting a few bones, from which it has been concluded, that they were designed as sepulchres. It is computed that they were erected nearly 4000 years ago; yet, after so great a lapse of time, and notwithstanding the devastations of wars and tempests, they remain entire to this day. There are also found here lying on the ground several images, of so prodigious a size, that a man standing upon the ear of one of them, can scarcely reach to the nose. Who made them, and for what reason they were made, is uncertain.

N. I feel gratified by this relation, which teaches us, that every kingdom, except the kingdom of God, is perishable. Egypt, which in former ages was so renowned and powerful, is now become the least amongst the nations of the earth. I would now enquire as to the countries situate in the west of Africa.

P. In general, little is known concerning those parts; the name of the principal countries are as follow. First, the country of Jolope. Second, Fowlah. Third, Guinea. Fourth, Man-

হাত. ঐ সকল পিরামিদ যে কে গাঁথাইয়াছিল, এবং কি জন্যেই বা গাঁথাইয়াছিল, তাহার নিশ্চয় হয় না. ইংরাজী ১৮১৮ শালেতে ইতালি দেশের এক ব্যক্তি বড় চেষ্টা করিয়া একটা পিরামিদ খুদিয়া মধ্যখানপর্য্যন্ত তাহার ভিতরে প্রবেশ করিয়াছিলেন, কিন্তু দেখিলেন, যে সেখানে কেবল কতক গুলা হাড়মাত্র পাওয়া গেল. তখন লোকেরা অনুমান করিলেক, যে এ কেবল কবরস্থানমাত্র, কমবেশ প্রায় চারি হাজার বৎসর হইল যে সকল পিরামিদ তৈয়ার হইয়াছে; সে এমন শক্ত করিয়া গাঁথা গিয়াছে যে এত কাল গেল, এবং কতশত ঝড় বৃষ্টি তুফান, ও কতবার দেশ দেশান্তরের রাজারদের সঙ্গে পরস্পর বিরোধ বিসম্বাদ গেল, তথাপি সে এখন পর্য্যন্ত ও নিটুট হইয়া আছে. আর এই দেশেতে পাতরেতে খোদা অতি বৃহৎ কায় মানুষের একটা আকার আছে, যে এখনও চীতপাত্র হইয়া পড়িয়াছে. সে যে কত বড় সে কথা আর কি বলিব, তাহার কাণের উপরে দাঁড়াইয়া মানুষে তাহার নাক নাগাল পায় না, এই প্রকার অনেকং ছবি সে দেশে আছে. এ সকল ও যে কে করিয়াছে তাহারো নিদর্শন কিছু নাই.

নি. ওহে ভাই, এ কথা সুনিয়াতো বড়ই সন্তুষ্ট হইলাম, আর তাহাতে এই জ্ঞান ও পাইলাম, যে ঈশ্বরের রাজ্য বিনা আর সকলি অনিত্য; যেহেতুক দেখদেখি এইপৃথিবী মণ্ডলেতে অতিশয় খ্যাত্যাপন্ন এবং মহা প্রতাপী ছিল যে এই মিসর রাজ্য, সেও এখন সকলহইতে খাট হইয়া পড়িয়াছে. কিন্তু এখন আর একটা জিজ্ঞাসা করিতেছিলাম, কি না, আফ্রিকার পশ্চিমে কোনং দেশ আছে?

পা. ঐ ভাগের বিষয় সকল বিস্তর বাহুল্য মতে জানা যায় নাই, কেবল নাম মাত্র সুনা গিয়াছে. তাহা বলি শুন. ঐ ভাগের মধ্যে প্রধানং এইং সকল দেশ আছে, প্রথম জলোপ, দ্বিতীয় ফোলা,

dingo. Fifth, Coramanti. Sixth, Benin, and Calabonges. Seventh, the kingdoms of Congo and Angola. We are acquainted with only few particulars relative to the inhabitants of those regions. It is said by some, that the natives of Jolope are an industrious and warlike race of men, and that those of Mandingo are of a docile disposition. In time past, Europeans who traded to this country, were accustomed to the cruel practice of seizing the Africans. Afterwards carrying them away, they disposed of them as slaves in other countries. Some years ago, the king of England forbade his subjects to engage in this commerce, and gave to the Spanish government 32,00,000 rupees to induce the Spaniards also to desist from it. Measures have likewise been adopted in the British parliament to procure its entire abolition. Within these few years, several benevolent persons have gone from England to settle in this country, with a view to promote the temporal and spiritual improvement of the poor Africans.

N. Can you give me any account of the south of Africa?

P. In the south is the Cape of Good Hope, which has been known to Europeans about 300 years, and belongs to the English. The European population amounts to nearly 20,000. The natives have been heretofore ranked amongst the most degraded of the human race. Of late, in consequence of instruction afforded by the English and the Dutch, they are become much more enlightened.

N. Are there any islands in Africa?

P. Yes; the principal is the island of Madagascar, which is 720 kros in length, and 180 broad. It is governed by a king,

তৃতীয় গিনি, চতুর্থ মান্দিঙ্গো, পঞ্চম কোরমান্তি, ষষ্ঠ বেনিন ও কালাবারবাসী, সপ্তম কঙ্গো ও আঙ্গলা রাজ্য. এ সকলের বিশেষং কিছু জানি না, অতএব বলিতে পারিব না; কিন্তু কেহং বলে, যে জলোপেরা উদ্যোগী ও যোদ্ধা বড়, এবং মান্দিঙ্গো লোকেরা নম্রস্বভাব. পূর্ব্বে ইউরোপের লোকেরা ঐ দেশে গিয়া, অতি অন্যায় করিয়া লোক, ধরিয়া আনিয়া দেশ বিদেশে নিয়া গিয়া গোলাম করিয়া বিক্রী করিত. কতক বৎসর হইল ইংগ্লণ্ডের রাজা ঐ বাণিজ্যের বারণ করিয়াছেন; আর স্পানিয়ারদিগকে বত্রিশ লক্ষ টাকা দিয়া সে দেশেও ঐ অন্যায় বাণিজ্য বারণ করিয়া দিয়াছেন; এবং অন্যাং জাতিরা যে তাহা আর না করে এ জন্যে অনেক চেষ্টা পাইতেছেন. আর ইংগ্লণ্ডের লোকেরা সে দেশে গিয়া ঐ গোলামি করা দায়ে থাকিয়া মুক্ত যে কাফ্রিসকল তাহারদিগকে বাসস্থান ইত্যাদি দিয়া তাহারদের বিদ্যা শিখাইবার চেষ্টা করিতেছেন.

নি. ভাল, তবে ঐখানকার দক্ষিণ ভাগের বিবরণ কিছু বলিবেন ?

প. আফ্রিকার দক্ষিণ ভাগেতে উত্তমাশা নামে অন্তরীপ আছে, যাহাকে বলে কেপ. তিন শত বৎসর হইল ঐ অন্তরীপ জানা গিয়াছে, সে এখন ইংগ্লণ্ডীয়েরদের অধিকার. সেখানে কমবেশ প্রায় বিশ হাজার গোরা লোকের বাস আছে, আসল ঐ দেশীয় লোকেরা পৃথিবীর সকল লোকের কাছে নীচ ছিল, এক্ষণে ইউরোপীয় লোকেরদের চেষ্টার দ্বারা সেখানকার লোকেরা বিদ্যা শিখিয়া ক্রমেং উচ্চ পদ পাইতেছে.

নি. আফ্রিকার মধ্যে কোনং উপদ্বীপ আছে ?

প. ঐ খানে উপদ্বীপ কএকটা আছে, তাহার মধ্যে প্রধান উপদ্বীপ মাদাগাস্কর, সেটা দীর্ঘে সাত শত বিশ ক্রোশ, এবং পুচ্ছে এক

under whom are several princes, who rule in their own states. The inhabitants are idolaters, and extremely uncivilized. The present king, however, having obtained from England several intelligent persons, is engaged in teaching his people letters, together with useful trades and sciences. They are also instructed in the knowledge of the Christian religion. Second, on the east of Madagascar is the Island of Pemba, which is 80 kros in circumference. Third, the islands called Comoro. Fourth, to the east of Madagascar, the Island of Bourbon, and the Mauritius. Fifth, to the west of Africa, the Island of Saint Helena, belonging to the English. Bonaparte having been confined as a prisoner on this island, died there in the year 1821. Sixth, the Island of Saint Thomas, which belongs to the Portuguese. Seventh, the Cape de Verde islands. Eighth, the Canary Islands. On one of these is the famous Peak of Teneriffe, which measures in height from the sea 7200 cubits, and may be seen at the distance of 60 kros. Tenth, the Island of Madeira, which is noted for wine, that takes its name from the island. Its length is 45 kros, and breadth 18 kros.

LESSON VII.

Of America.

Nityo-Anundo. I have had the pleasure of hearing an account of Europe, Asia, and Africa. I should now be glad to listen to your description of the remaining quarter of the globe, called America.

শত আশী ক্রোশ, সে আপন দেশের রাজার অধীন. যে সকল মণ্ডল আছে সেই সকল মণ্ডলের যাহারা কর্ত্তা তাহারদেরই আপনারং আয়ত্ত্ব. তথাকার লোক সকল দেব পূজক, এবং বড় অসভ্য, অর্থাৎ বড় ও রোম্বা; এক্ষণে সেখানকার রাজা ইংগ্লণ্ড হইতে নানা বিদ্যা-তে বিদ্বান এমন কতক গুলি লোক আনাইয়া পূজারদিগকে অনেক প্রকার শিল্প বিদ্যা ও লেখা পড়া এবং ধর্ম্মপুস্তক শিখাইতেছেন. ইহার পূর্ব্ব দিগে পেম্বা নামে একটা উপদ্বীপ আছে. তৃতীয় কোমরো নামে দ্বীপ সমূহ. চতুর্থ মাদাগাস্করের পূর্ব্ব ভাগে মরিসিয়স ও বোর্বণ উপদ্বীপ. পঞ্চম আফ্রিকার পশ্চিমে সান্ত হেলেনা, সে ইংগ্লণ্ডীয়ের-দের অধিকারে; বোনাপার্ত্ত সেই স্থানে বন্দি হইয়া ১৮২১ শালে মরিয়াছেন. যষ্ঠ সান্ত্তমস নামে খ্যাত একটা ক্ষুদ্র উপদ্বীপ, সে পোর্ত্তুগীশেরদের অধিকারে; সপ্তম কেপ্‌ডে বের্দ নামে উপদ্বীপ; অষ্টম ঐ সকল ভাগের উত্তরে কনারি, সে কতক গুনা উপদ্বীপ, তাহার একটার নাম তেনেরিফ, ঐ তেনেরিফে এমন একটা পর্ব্বত আছে, যে সমুদ্রহইতে সাত হাজার দুই শত হাত উচ্চ, ও ষাটি ক্রোশ দূরে থাকিয়া দেখা যায়. নবম মদিরা উপদ্বীপ, সে দীর্ঘে ৪১ ক্রোশ, প্রস্থে ১৮ ক্রোশ; সেখানহইতে তদ্দেশ নামে খ্যাত অত্যুত্তম মদিরা আইসে. তথাকার লোকসংখ্যা চৌষট্টি হাজার.

---

৭ পাঠ.

আমেরিকার বিবরণ.

নি. ও হে ভাই পরমানন্দ, আসিয়া প্রভৃতি পৃথিবীর তিন ভাগের বিষয় শুনিয়া তো আপ্যায়িত হইলাম; এখন বাকী চতুর্থ ভাগ আমেরিকা তাহার বিবরণ কিছু শুনিতে ইচ্ছা করি.

Porom-Anundo. It has already been observed, that America forms of itself a distinct continent. It became known to the rest of the inhabitants of the world in the year 1492, three hundred years ago. I proceed to relate a few particulars respecting this extraordinary occurrence. Two hundred years succeeding the invention of the compass, a native of the town of Genoa, named Columbus, after some years spent in intercourse with the Portuguese, who at that time were the principal navigators, having become an experienced seaman, formed the calculation, that a passage might be found from Europe to India, by sailing to the westward. He therefore determined to make the experiment. But at that time the largest merchant ships seldom rated more than 3000 maunds burthen: their owners also were possessed of small property. In order, therefore, to carry his design into execution, it became necessary that he should obtain assistance from some of the courts of Europe. Accordingly he made application to several, but to no effect: at length, however, he was noticed by the Queen of Spain; and under her patronage, being furnished with ships, together with every thing necessary for the voyage, he embarked on the 3rd of August 1492. At the moment Columbus went on board, the beach was thronged by crowds of spectators, who offered up their prayers to God for the fulfilment of his object. Having weighed anchor,

প. ভাল, তাহাও বলি শুন. পূর্ব্বেতেই বলিয়াছিলাম, সে একটা স্বতন্ত্র দ্বীপ. তিন শত ছাব্বিশ বত্সর হইল, অর্থাৎ ইংরাজী ১৪৯২ শালে, জগতের অন্যং খণ্ডের লোকে প্রথমে ঐ দ্বীপকে জানিয়াছিল; ইহার পূর্ব্বে কেহ জানিত না. সেই আশ্চর্য্য কর্ম্মের বিবরণ কিছু বলি শুন. চুম্বক্ পাতরের গুণ প্রকাশের দুই শত বত্সর পরে জিনোয়া দেশেতে এক ব্যক্তি জন্মিয়াছিল, তাহার নাম হইল কলম্বস. তখন ইউরোপের মধ্যে পোর্ত্তুগীশেরা প্রধান নাবিক ছিল. কিছু দিনের পর কলম্বস পোর্ত্তুগীশেরদের সঙ্গে জাহাজে যাতায়াত করিতেং জাহাজ চালাইবার কর্ম্মে বড় নিপুন হইয়া উঠিল; আর মনেং ঠাহরাইয়া স্থির করিল, যে ইউরোপের অজপশ্চিমে গেলে নিশ্চয় ভারত বর্ষে যাওয়া যায়, অতএব তাহার চেষ্টা করা উচিত. কিন্তু তখনকার অতি বড়ং যে জাহাজ, সেও তিন হাজারমোন বোঝাই নয়, এমন মহাজনী নৌকা অপেক্ষায় বিস্তর বড় ছিল না; এবং তত্কালে এত ভাগ্যবান মহাজন ও ছিল না, অতএব সে বিষয়ের সহায়তার জন্যে তাহাকে কোন রাজার উপাসনা করিতে হইল. তাহাতে অনেকের কাছে নানা প্রকার চেষ্টা করিয়া দেখিলেন, আর কোনো খানেতো কিছুই হইল না; শেষেতে স্পানিয়ার রাজার রাণীর অনুগ্রহ পাইয়া ক্রমেতে তাবত দ্রব্যের আয়োজন প্রস্তুত হইলে ১৪৯২ শনের ৩ আগস্টেতে কলম্বস জাহাজে আরোহণ করিলেন. তিনি যখন জাহাজে উঠেন, তখন সমুদ্রতীরেতে অনেক লোক একত্র হইয়া তাঁহার মনস্কামনা সিদ্ধির নিমিত্তে ঈশ্বরের কাছে প্রার্থনা করিতে লাগিল. কলম্বস জাহাজে উঠিয়া নিরালা পশ্চিম মুখে জাহাজ চালাইয়া দেশান্তরে যাত্রা করিলেন, আর নাং ১ অক্তোবরের মধ্যে ঐ জাহাজ ১১৫৫ ক্রোশ পথ চলিয়া গিয়াছিল, কিন্তু ইহার মধ্যে ২১ দিন পর্য্যন্ত মৃত্তিকা না দেখিতে পাইয়া

he began to steer his course directly west, and by the first of October, had sailed to the distance of 1155 kros. But the sailors, not having seen land for one and twenty days, were unwilling to proceed further, since they began now to suspect, that if they accompanied Columbus, there remained no hope of again seeing their native country—they therefore resolved to throw him into the sea, and to return home. Columbus, perceiving that it was impossible either by threats or by persuasion to keep them longer in subjection, made this agreement, that if no land appeared, he would return after three days. He was encouraged to make this proposal, partly on the account that they began to find soundings, but especially because they had observed a bunch of fruit and some branches of trees floating on the water. On the 11th of October, in the evening, Columbus ordered the sails to be furled. During the night, every one on board was on the watch. At two in the morning, Columbus observed a light at a great distance, and shortly afterward the seamen in the fore part of the vessel cried out, Land, land! which was presently re-echoed from every part of the ship. On the morrow, the 12th of October, at day light, they beheld, at the distance of one and a half kros, a country adorned with trees and herbage, at the sight of which being filled with joy, they began to sing, and to return thanks to God. Then falling at the feet of Columbus, they entreated his pardon. Afterwards they lowered the boat, and, accompanied with singing and music, began to row towards

নাবিকেরা যথেষ্ট খেদ করিয়া পুনর্ব্বার দেশে ফিরিয়া যাইবার জন্যে বিস্তর চেষ্টা করিলেক, কেননা তাহারদের মনের মধ্যে এমনি এক খানা অভরসা জন্মিয়া উঠিল, যে ইহার সঙ্গে গেলে আমরা বুঝি আর বাঁচিয়া দেশে যাইতে পারিব না; এই জন্যে সকলেই মনেং ঠাহরাইল, যে কলম্বসকে সমুদ্রের মধ্যে ভাসাইয়া দিয়া আমরা জাহাজ লইয়া ফিরিয়া যাই. কলম্বস ও বিবেচনা করিয়া দেখিলেন, যে বিনয়দ্বারা কিম্বা আজ্ঞা দ্বারা আরতো ইহারদিগকে থামাইয়া রাখা যায় না, এই হেতুক সকলের সম্মুখে এইটা প্রতিজ্ঞা করিলেন, যে তিন দিনের মধ্যে যদি নূতন দেশ না পাই তবে একান্ত ফিরিব. তিনি কি ভরসায় অমন প্রতিজ্ঞা করিয়াছিলেন, না তৎকালে জলমাপিবার রসী সমুদ্রের মধ্যে ফেলিয়া মাটী পাওয়া গেল, এবং সমুদ্রের উপরে ভাসিয়া আসিতেছিল যে এক থলুয়া নূতন ফল ও কতক গুলা ছেঁড়া বেত, তাহা পাওয়াতে কলম্বসের আরো অধিক ভরসা জন্মিয়াছিল. ১১ অক্তবরে সন্ধ্যাকালে কলম্বস জাহাজের পালি জড়াইতে আজ্ঞা দিলেন. সেই রাত্রিতে কেহ আর চক্ষুর পাতা না বুজিয়া সকলেই সতর্ক থাকিল, কিন্তু কলম্বস রাত্রি দুই প্রহর সময় অতি দূরে একটা আলো চলিতেছে দেখিলেন; তৎকাল আগা জাহাজের লোকেরা দেশং করিয়া চেঁচাইয়া উঠিল. তখনি জাহাজের লোকেরাও সেই আনন্দধ্বনির প্রতিধ্বনি করিয়া উঠিল. পর দিন প্রাতঃকালে ১২ অক্তোবরে দেড় ক্রোশ অন্তরে তাহারা তৃণ বৃক্ষাদিতে জড়িত একটা উপদ্বীপ দেখিতে পাইল, দেখিবামাত্র আনন্দেতে ঈশ্বরের ধন্যবাদ করিতে লাগিল, ও গান করিতে লাগিল, আর জাহাজের সমস্ত লোক কলম্বসের পায়ে ধরিয়া ক্ষমা প্রার্থনা করিতে লাগিল. তাহার পর জাহাজের উপরহইতে নৌকা নামাইয়া গান ও বাদ্যের সহিত দাঁড় টানিতেং সকলে কিনা-

the land. Columbus having been the author, and successful prosecutor of this new undertaking, first set foot on the shore. The rest of the company having landed, falling on their knees, they again united in praising God, and, hoisting the Spanish standard, took possession of the country in the name of the king of Spain. Such are the circumstances that attended the discovery of America. Immediately following this, several Europeans, Spaniards, and others, began to settle in that country. Amongst the number of those who accompanied Columbus in his first voyage, was a person named Americus Vespucius, who at the end of two years, again visited the country, and on his return wrote a full account of it. Hence this newly discovered land has been denominated America.

N. This relation is indeed surprising. Be pleased to inform me further as to the extent of the country, and also as to its inhabitants.

P. Its length from north to south is 7500 kros, and its breadth from east to west 3900 kros. The original inhabitants are exceedingly uncivilized, and have no settled dwelling place, but live mostly in the woods, and pass their time in hunting and fishing. The people generally known by the name of Americans are the European settlers, who have in a great measure filled the country; and every year additions are made to their number. It is supposed, that formerly there were not more than 3,000,000 inhabitants; at present there are not less than 30,000,000.

রায় গেল, এবং কলম্বসের উদ্যোগেতেই নূতন দেশ দেখা গেল, সেই জন্যে প্রথমে তাঁহাকেই কিনারায় নামাইল; অনন্তর সকলে বাদ্য যন্ত্রাদি লইয়া সেই ভূমিতে নামিয়া পুনর্ব্বার হাঁটু গাড়িয়া ঈশ্বরের ধন্যবাদ করিল, এবং সেইখানে স্পানিয়ার রাজার নামে নিশান তুলিয়া সে দেশ ঐ রাজার নামে অধিকার করিল. এই রূপে আমেরিকা দেশ প্রথমে জানা গিয়াছিল. তাহার পর ক্রমেং স্পানিয়ারা এবং ইউরোপের অন্যং জাতিরা সেখানে গিয়া বসতি করিতে লাগিল. আমেরিকার প্রথম দর্শন কালে কলম্বসের সঙ্গে গিয়াছিল যে আমেরিকস বেস্পসিয়স নামে এক জন নাবিক, সে দুই বৎসর বাদে পুনর্ব্বার দেশে আসিয়া সেই নূতন দেখা দেশের বিবরণসকল প্রথমে ছাপাইয়াছিলেন, এই হেতুক তাহারি নামানুসারে ঐ দেশের নাম হইল আমেরিকা.

নি. ওহে ভাই, এই যে প্রকরণ টি বলিলা সে তো আশ্চর্য্য বটে. ভাল আমেরিকার সীমানা লম্বা চৌড়ায় কোন দিগে কত ক্রোশ, আর সেখানে কোন প্রকার লোক কত আছে?

প. সে দক্ষিণ উত্তরে লম্বায় সাড়ে সাত হাজার ক্রোশ, এবং পূর্ব্ব পশ্চিমে চৌড়ায় তিন হাজার নয় শত ক্রোশ. আসল আমেরিকার লোকেরা বড় অসভ্য, তাহারদের নিয়ত বসতির স্থান নাই, সর্ব্বদা বনেং পশ্বাদি মারিয়া ও মৎস্যাদি ধরিয়া কাল কাটায়. আর আমেরিকাতে যে সকল ইউরোপের লোক আছে, তাহারদিগকে এখন লোকে আমেরিকান অর্থাৎ মারকিন বলে, তাহারাই প্রায় সে দেশকে পরিপূর্ণ করিয়া আছে, এবং প্রতি বৎসর ইউরোপের নানা স্থানের অনেকং লোক স্ত্রী পুত্রাদি লইয়া গিয়া সেখানে বাস করিতেছে; অনুমান হয় যে পূর্ব্বে সেখানে ত্রিশ লক্ষ লোকের অধিক ছিল না, এক্ষণে তিন কোটি লোকের কম নাই. সে দেশেতে

The annual increase of population in this country is greater than in any other. America is divided into two parts, north and south.

N. Please to acquaint me with some particulars respecting North America.

P. It is bounded on the east by the Atlantic Ocean. On the west by the Pacific. On the south is the city of Panama and South America. On the north is the Ocean. On the north-west it is separated from Asia by Behring's Straits. The inhabitants of this part originally emigrated from England; so that their language and customs resemble those of the English. In regard to the form of government, they have two general assemblies. There are no nobility, neither is there a king, as in England; but in his place is a president, who is chosen from the general assembly, and who remains in office for the term of four years. His income amounts to 4000 Rs. monthly. Universal toleration is granted in matters of religion. The administration of justice is also conducted in the most impartial manner. The rulers exercise no oppressive dominion over the subjects, nor can any one unjustly deprive another of his property. In a word, the rights of civil and religious liberty are fully acknowledged. During times of peace, the army is disbanded; and in case of war, every one is ready to come forward in defence of the country. Ships of war may easily be prepared in this country, since it abounds in wood, and other articles necessary

বৎসরং যত লোক বৃদ্ধি হয়, পৃথিবীর মধ্যে আর কোন চাইতেই তেমন নয়. এই আমেরিকার ভাগ আছে দুই, উত্তর আমেরিকা ও দক্ষিণ আমেরিকা.

নি. ভাল, উত্তর আমেরিকা কেমন চাঁই?

প. উত্তর আমেরিকার পূর্ব্বে আট্লাণ্টিক সাগর, পশ্চিমে পাসিফিক্ সাগর, দক্ষিণে দক্ষিণ আমেরিকার পানামা নগর, তাহার উত্তর অজ্ঞাত সাগর, উত্তর পশ্চিম ভাগে বীরিঙের মোহানার দ্বারা আসিয়ার সঙ্গে বিভক্ত হইয়াছে. সেখানে যে সকল লোক আছে তাহারা পৃথমে ইংগ্লণ্ডহইতে আসিয়া ঐখানেতে বাস করিতেছে, এই হেতুক তাহারদের ভাষাও ব্যবস্থা ইত্যাদি প্রায়ঃ ঠিক ইংরাজ লোকেরদের সমান. তাহারদের দুই রাজ সভা আছে, কিন্তু তাহাতে ইংগ্লণ্ডের মত রাজা এক জনও নাই, এবং বিশেষং লোকের বিশেষং মর্য্যাদার পদবী নাই, তবে কি না ঐ সভার মধ্যে একং জনকে বাছিয়া নিয়া চারিং বৎসরের নিমিত্তে রাজার পদে নিযুক্ত করে. তিনি মাসের মাস চারি হাজার টাকা দরমাহা পাইয়া ঐ চারি বৎসর পর্য্যন্ত রাজত্ব করিতে পান. আর প্রত্যেক লোক আপনার মতে ঈশ্বরের সেবা করিতে পারে, এবং বিচার কর্ম্ম সুন্দর রূপে চলে. প্রত্যেক ব্যক্তি আপনারং উপার্জ্জিত ধন নিষ্কণ্টকে ভোগ করিতে পায়, ফলতঃ প্রজারদের উপরে রাজার দৌরাত্ম্য নাই, ও ছলেতে কিম্বা বলেতে দণ্ড করিয়া ধন লওয়া নাই. যুদ্ধের উদ্যোগ না থাকে তখন সৈন্য সামন্ত কোথাও কিছু নাই; কিন্তু যদি যুদ্ধ উপস্থিত হইল তখন প্রত্যেক জন আপনং দেশ রক্ষার নিমিত্তে যুদ্ধ করিবার জন্যে আপনা আপনি আসিয়া তৈয়ার হয়. তাহারা যুদ্ধের জাহাজ বানাইতে চাহিলে অনায়াসে বানাইতে পারে, কেননা জাহাজের কাষ্ঠ ও সাজ সরঞ্জম সকলি ঐ দেশে মেলে, এবং

for their equipment. The seamen also, like those of England, are exceedingly courageous. Indeed the Americans in every thing are similar to the English. In this country are many colleges and grammar schools, besides a great number of schools, in which the children of the poor are instructed without charge, so that no one need grow up in ignorance.

N. Which are the principal towns?

P. One of the chief towns is Washington, the capital of the States. The next is Philadelphia, the inhabitants of which may be estimated at 100,000. The third New York, which contains nearly 120,000 people. The fourth Boston, which may contain 40,000. Besides which are several others. The commerce of America extends to every quarter of the globe.

N. This is truly a very admirable country, and proves to us the advantages arising from learning and civilization. Can you inform me as to its lakes and rivers?

P. The lakes of North America are larger than those of any other country, and in some degree resemble seas. The largest of them are the Superior, the Michigan, the Huron, and the Erie: the length of these is 350 kros, the breadth 100. The principal river is the Mississipi, which is 1200 kros in length; the second is the river of Saint Lawrence; the third Bourbon; the fourth the Origan, in the west. It is supposed that the sources of these four rivers are within the compass of

তথাকার নাবিকেরাও ইংগ্লণ্ডের নাবিকেরদের মত্ত সাহসিক. অধিক আর কি বলিব? তাহারা সকল বিষয়েতেই ইংগ্লণ্ডীয়েরদের সঙ্গে অবিশেষ. তথাতে টোল চৌবাড়ী অনেক আছে, আর সে দেশের প্রায় কেহই মূর্খ হইতে পারিবে না, কেননা ইতর লোকেরদের বিদ্যার নিমিত্তে সকলে একান্ত চেষ্টা করে, এবং খয়রাতী পাঠশালা প্রায় সকল স্থানেতেই আছে.

নি. সেখানকার কোনং নগর প্রধান?

প. তথাকার প্রধান এক নগর বাসিণ্টন, সে সর্ব্ব মণ্ডলের রাজধানী. দ্বিতীয় ফিলাদেল্ফিয়া. অনুমান হয় এই নগরে লক্ষ লোক আছে. তৃতীয় ন্যূয়র্ক্, অনমান ইহাতেও কম বেশ এক লক্ষ বিশ হাজার লোক আছে. চতুর্থ বষ্টন, সেখানেও আন্দাজী চল্লিশ হাজার লোক আছে. ইহা ছাড়া অনেকং নগর ও আছে. এক্ষণে আমেরিকার বাণিজ্য প্রায় পৃথিবীর সকল ভাগেতেই চলিতেছে.

নি. ও হে সে দেশতো উত্তম বটে, আর বিদ্যাতে এবং সুধারাতে দেশের কিং উপকার হয় তাহা আমি সুন্দর রূপে বুঝিলাম. ভাল, ঐ দেশের হ্রদ ও নদ নদীর বিশেষ কিছু বলিতে পার?

প. উত্তর আমেরিকার হ্রদ এমন বড়, যে তাহাকে প্রায় সমুদ্র বলা যায়; পৃথিবীর মধ্যে আর কোন এমন বড় হ্রদ নাই. সে সকল হ্রদের নাম এইং, সুপীরিয়র, ও মিচিঙ্গান, ও হুরোণ, ও এরি হ্রদ, ইহারা দীর্ঘে সাড়ে তিন শত ক্রোশ, প্রস্থে এক শত ক্রোশ. এখানকার প্রধান নদী মিসিসিপি, এ নদী লম্বায় বার শত ক্রোশ. দ্বিতীয় নদী সান্ত লারন্স. তৃতীয় নদী বোর্বণ. চতুর্থ নদী পশ্চিম ভাগে ওরিগ ন; অনুমান হয় যে এই চারি নদীর জন্মস্থান পরস্পর এক শত ক্রোশের অধিক অন্তর নয়. পঞ্চম ওহীও নামে এক অতি সুন্দর নদী; সে নদী দীর্ঘে এগার শত ক্রোশ চলিয়া আসিয়া মিসিসিপি নদীর

100 kros. The fifth the Ohio, which is a very beautiful river, and joins with the Mississipi, after passing 1100 kros. Besides these are the Missouri, the Delaware, Hudson's River, &c. &c.

N. What part of North America was under the dominion of the Spaniards?

P. First, Mexico, which is also called New Spain. Second, New Mexico. These provinces became subject to Spain about 300 years ago; but owing to the many cruelties exercised by the Spanish government, they are now become a separate nation. This country is famous for its gold mines, yet the inhabitants generally, but especially the poorer classes, are immersed in ignorance and misery—very little attention is paid to learning. East and West Florida were under the Spanish authority, but were lately ceded by them to the Americans.

N. Have the English any possessions in this part?

P. Yes, there are Canada, New Brunswick, Nova Scotia, and others. The country called Greenland belongs to Denmark. It is denominated a part of America, since the countries join to the north east. Greenland abounds in mountains, and is covered with ice and snow.

N. You have kindly given a description of the northern division of America. Be pleased now to speak of South America.

P. The extent of South America is in length 3500 kros, and in breadth 2450. It is under the dominion of the Spaniards

সঙ্গে মিলিয়াছে. এ সকল ছাড়া মিসূরী ও দেলাবার ও হদ্‌সন ইত্যাদি অন্যং নদী ও আছে.

নি. উত্তর আমেরিকাতে স্পানিয়ার্দের কোনং দেশ অধিকার ছিল?

প. এই সকল দেশ. প্রথমতঃ মেক্সিকো, ইহার একটা নামান্তর আছে নব স্পানিয়া. দ্বিতীয়তঃ নব মেক্সিকো. তিন শত বৎসর হইল স্পানিয়ারা ঐ সকল দেশ আপনারদের অধিকারের মধ্যে করিয়া নিয়াছিল, এখন ঐ দেশের লোক সকল স্পানিয়ার্দের অধিকারে অতিশয় দুঃখ ক্লেশ পাইয়া স্বতন্ত্র হইতেছে. সে দেশে সোণা রুপার আকর আছে, এই প্রযুক্ত সে অতি প্রসিদ্ধ স্থান; কিন্তু সে দেশের ইতর লোকেরদের প্রায় বিদ্যাভ্যাস নাই, এবং তাহারা প্রায় সকলেই অজ্ঞতাতে ও দুঃখেতে ডুবিয়া রহিয়াছে. পূর্ব্ব ও পশ্চিম ফ্লরিডা স্পেন লোকের অধিকার ছিল, কিন্তু কতক বৎসর হইল তাহারা ঐ দেশ আমেরিকার লোকের স্থানে সন্ধি দ্বারা দান করিয়াছে.

নি. তথাতে কোনং দেশ ইংগ্লণ্ডীয়েরদের অধিকার?

প. তথাতে ইংগ্লণ্ডীয়েরদের অধিকার কানাদা, ন্যুব্রুন্স্বিক ইত্যাদি কতক গুলি স্থান আছে. আর গ্রীনলণ্ড নামে এক দেশ আছে; সে দেন্মার্কেরদের অধিকার; তাহাকে এখন ও আমেরিকার সামিল গণিতে হয়, কেননা সে উত্তর পূর্ব্ব ভাগে আমেরিকার সঙ্গে মিলত আছে; সে দেশ পর্ব্বতে ও বরফেতে ও হিমেতে জড়িত.

নি. ভাল উত্তর আমেরিকার কথা তো শুনিলাম, এখন দক্ষিণ আমেরিকার কথা কিছু বল দেখি, শুনিতে বাঞ্ছা করি?

প ঐ দেশে লম্বায় সাড়ে তিন হাজার ক্রোশ, প্রস্থে দুই হাজার সাড়ে চারি শত ক্রোশ. এই বৃহত্ত দেশ স্পানিয়া ও পোর্ত্তুগীশ এই

and Portuguese. In this country are larger rivers than in any other, also many high mountains. The principal river is the Amazon, which passing 2800 kros, falls into the Atlantic. The second Rio de la Plata, or the river of Silver, which is something less than the former. The third the Oronooko, which also joins the Atlantic. The most remarkable mountains are the Andes, which extend to a vast distance: their highest summit measures from the sea 13,520 cubits. There is also a very large volcano mountain, whose height is 12,000 cubits.

N. What is the amount of the population?

P. In that part of this extensive region which belongs to the Spaniards, the population amounts to 10,020,000. The name of the capital is Lima, which contains about 50,000 inhabitants. The annual revenue arising from the gold and silver mines is computed at 30,000,000 rupees. Learning is but little attended to. That part of the country which belongs to the Portuguese is called the Brazils; its extent in length, and also in breadth, is 1800 kros. The capital is Rio Janeiro. In this country are mines of diamonds; they are not, however, equal to those found in India. The population amounts to 7,000,000.

N. Are there any other territories besides these in South America?

P. Yes, there is the province of Cayenne, belonging to the French, in which are about 2,000 Europeans. The chief pro-

দুই জাতির অধিকার. এই দেশে অন্যং দেশ অপেক্ষায় বড়ং নদী আছে, এবং অতিবড় আশ্চর্য্য পর্ব্বত আছে. প্রথম নদী আমাজোন, সে দুই হাজার আট শত ক্রোশ চলিয়া আসিয়া আট্লাণ্টিক সাগরে মিসিয়াছে; দ্বিতীয় রীও দে লা প্লাতা, অর্থাৎ রূপ্য প্রসবিনী নদী; এ নদী আমাজোন নদীহইতে দীর্ঘে ছোট. তৃতীয় ওরোনুকো নামে নদী, এ নদীও আট্লাণ্টিক সাগরে আসিয়া মিলিয়াছে. এই দেশে আন্দেশ নামে অতিশয় লম্বা এক পর্ব্বত শ্রেণী আছে, ইহার যে অতিশয় উচ্চ শৃঙ্গ আছে সে সমুদ্রহইতে মাপিতে ঊর্দ্ধে তের হাজার পাঁচ শত বিশ হাত উচ্চ হইবে. এ দেশে আরো এক অগ্নিময় পর্ব্বত আছে সেও বড় ন্যূন নয়, ঊর্দ্ধে বার হাজার হাত.

নি. এ দেশের লোকসংখ্যা কত ?

প. এই বৃহত দেশে স্পানিয়ার্দের অধিকারের লোক আছে এক কোটি বিশ হাজার, এই খানে সোণা রূপার আকরের রাজস্ব সনং তিন কোটি টাকা আদায় হয়. এ দেশের ইতর লোকেরদের প্রায় বিদ্যা নাই. এথাকার রাজধানী লীমা নামে নগর, অনুমান করি ঐ নগরে পঞ্চাশ হাজার লোক আছে. এবং এ দেশেতে পোর্ত্তুগীশেরদের অধিকারের নাম ব্রাজীল, সে দীর্ঘে ও প্রস্থে আঠার শত ক্রোশ, অর্থাৎ চারিদিগে সমান; ইহার প্রধান নগর রীওজানেরো; এই দেশে হীরার আকর আছে, কিন্তু সে হীরা ভারত বর্ষের হীরার সমান নয়, আর এথানকার লোকসংখ্যা সত্তর লক্ষ.

নি. দক্ষিণ আমেরিকাতে আর কোন জাতির অধিকার আছে কি না ?

প. হাঁ আছে, কায়েন নামে এক দেশ ফরাসিসেরদের অধিকার, তথাতে এ দেশের বাণিজ্যের প্রধান বস্তু রক্তবর্ণ গোল মরিচ. দুই হাজার গোরা আছে. দেড় শত বৎসর হইল সূরিনাম নামে

duce is a particular kind of pepper. Also the province of Surinam, which has been in possession of the Dutch during 150 years. It contains about 2,000 white inhabitants. There are no mines in this part. There are several tribes of natives inhabiting the interior, of whom little is known. The islands of South America are very inconsiderable.

খ্যাত এক ক্ষুদ্র দেশ হলাণ্ডীয়েরদের অধিকার হইয়াছে, অনুমান হয় সেখানেও দুই হাজার গোরা আছে. তথাতে কোন দ্রব্যের আকর নাই. এই সকল ছাড়া দক্ষিণ আমেরিকাতে ক্ষুদ্র২ বন্য জাতি আছে, তাহারদের সবিশেষ কিছু জানা যায় নাহি. দক্ষিণ আমেরিকার নিকটে উপদ্বীপ অতিশয় ক্ষুদ্র.

PART VI.

Dialogues

ON

GEOGRAPHY, ASTRONOMY, &c.

ভূগোল এবং জ্যোতিষ্ ইত্যাদি বিষয়ক

কথোপকথন.

ষষ্ঠ ভাগ।

PART VI.

ON ASTRONOMY.

LESSON I.

Of the Solar System.

Nityo-anundo. I have derived much satisfaction from the account you have given of the earth. I should now feel greatly obliged by your relating to me some particulars concerning the heavens.

Porom-anundo. With much pleasure I comply with your request. Amongst the heavenly bodies, we may notice first the sun, and the planets that revolve round the sun.

N. Please to inform me as to the sun, its size, station, &c.

P. The sun is without life, and remains fixed in the centre of the planets, which continually moving in their orbits, receive light and heat from this luminary. The sun is one million of times larger than the earth, and is distant from it 83,600,000 kros.

N. By what means have astronomers ascertained that the sun is so far distant from the earth?

P. One method of ascertaining this is the passage of light. By calculating the portion of time in which light travels from the sun to the earth, the intermediate distance may be known. Further, should it be objected, if the opinion given by astrono-

ষষ্ঠ ভাগ.

জ্যোতিষের বিস্তারিত কথা.

১ পাঠ.

সৌর জগতের বিবরণ.

নিত্যানন্দ. ওহে ভাই, পৃথিবীর নানা বিবরণ শুনিয়া মনেং পরম সন্তুষ্ট হইলাম; এখন আকাশের বস্তু সকলের মধ্যে কি না জ্যোতিষের মধ্যে যেং বস্তুর নিরূপণ হইয়াছে, তাহা যদি কিছু বলিতে পার তাহা শুনিতে বড় ইচ্ছা হয়.

পরমানন্দ. ভাল, তবে তাহারো কিঞ্চিৎ বলি, শুন. সকলের আগে সূর্য্য এবং সূর্য্যকে বেষ্টন করিয়া ঘোরে যে গ্রহ সকল, তাহারদের কথা কহা উচিত.

নি. তবে সূর্য্য কি প্রকারে আছেন, এবং তাঁহার গতি বিধি কি প্রকার?

প. সূর্য্য নিশ্চল, অর্থাৎ চলে না, এবং অজীবন, ফলতঃ তাঁহার জীবাত্মা নাই; আর সর্ব্বদা ভ্রমণ করিয়া ফিরিতেছে যে গ্রহ সকল, তাহারদের মধ্যখানে সূর্য্য স্থাপিত আছে. তাহারি তেজেতে গ্রহ তেজস্বী হইতেছে. ঐ সূর্য্যের মণ্ডল পৃথিবী মণ্ডলহইতে দশ লক্ষ গুণে বড়, এবং পৃথিবীহইতে আট কোটি ছত্রিশ লক্ষ ক্রোশ অন্তরে আছে.

নি. ভাল, পৃথিবীহইতে সূর্য্য যে কত দুর পণ্ডিতেরা ইহা কেমন করিয়া জানিলেন?

প. কি প্রকারে জানেন তাহার একটি উপায় এই. আলোর গতি ধরিয়া গণনা করিয়া ফল স্থির করিয়াছেন; তাহাতেই জানিতে পারি-

miers, that it is one million times larger than the earth, be correct, why then does the sun appear to us only of the size of a plate? We may reply, by referring to what is plain to every one's observation, viz. that if a person of very large stature be placed on the top of a lofty building, he appears to the spectators below only as a little boy. In like manner, the sun, being placed at the distance of 83,600,000 kros from the earth, notwithstanding the greatness of its size, appears to us only as a plate.

N. I am satisfied with the reason you offer. I would next inquire, how many planets are there, and what are their names?

P. The only planets known formerly were Mercury, Venus, the Earth, Mars, Jupiter, and Saturn. Afterwards, in the year 1781, another planet was discovered, named Georgium; and some years succeeding to this, four others: the first of which is called Ceres; the second, Pallas; the third, Juno; the fourth, Vesta. These are seen only through the medium of a telescope.

N. Can you inform me as to the motion of the planets, and where they are fixed?

P. The planets are placed in the air or sky, at different distances from the sun. Their motion is twofold, annual and diurnal. We will speak first of their annual motion. The course of a planet in travelling round the sun, is denominated its annual motion. For example, the passage of the earth round the sun is performed in the space of 365 days 5 hours 48 minutes, which we call a year. This is the annual motion. Now as to the

আছেন, যে পৃথিবীহইতে সূর্য্য কত দূর অন্তরে. আর তাঁহারা বলেন, যে পৃথিবী মণ্ডলহইতে সূর্য্য মণ্ডল দশ লক্ষ গুণেতে বড়. ইহাতে যদি বল, যে তবে একখানি ক্ষুদ্র থালের আকারের মত দেখা যায় কেন, সেই জন্য প্রত্যক্ষ প্রমাণ সিদ্ধ একটা দৃষ্টান্ত বলি শুন. যেমন কোন স্থূল এবং দীর্ঘ কায় যুবা পুরুষ এক জন বড় উচ্চ কোটার উপর উঠিলে নীচের লোকে তাহাকে একটি ছোট বালকের মত দেখিতে পায়, তেমনি পৃথিবী থাকিয়া আট কোটি ছত্রিশ লক্ষ ক্রোশ অন্তরে আছে যে সূর্য্য, সে অতি বৃহত্ হইলেও একখানি থালের ন্যায় দেখা যায়.

নি. ভাল, তবে গ্রহ সমুদয়েতে কত গুলি, আর তাহারদের নামই বা কিং ?

প. পূর্ব্বে জানা গিয়াছিল, যে বুধ, শুক্র, পৃথিবী, মঙ্গল, বৃহস্পতি, শনি, কেবল এই মাত্র; পরে সতের শত একাশী শালেতে আর একটা গ্রহ দেখা গিয়াছিল, তাহার নাম জর্জিয়ম; এবং তাহারি আর কএক বৎসর পরে আরো চারিটা গ্রহ জানা গিয়াছে, ক্রমশঃ তাহারদের নাম বলি শুন. একটার নাম শারিশ, দ্বিতীয়টার নাম পাল্লাস, তৃতীয়টার নাম জুনো, চতুর্থটার নাম বেষ্টা; এই চারিটা গ্রহ কেবল চক্ষু দিয়া দেখা যায় না, দূরবিণ দিয়া দেখা যায়.

নি. গ্রহেরদের স্থিতি এবং গমনের রীতি কি প্রকার ?

প. গ্রহ সকল সূর্য্যহইতে বিশেষং অন্তরেতে শূন্যের উপরেই স্থাপিত আছে, আর তাহারদের গতি হইয়াছে দুই প্রকার, দিনের গতি ও বৎসরের গতি. তাহার মধ্যে প্রথমে বৎসরের গতি বলি শুন. প্রত্যেক গ্রহ যে সূর্য্যকে একবার প্রদক্ষিণ করিয়া ঘোরে, সেই জানিবা গ্রহেরদের বার্ষিক গতি; যেমন এই পৃথিবী হইয়াছে যে এক গ্রহ, সে তিন সত পঁয়ষাট্টি দিন পোনেরো দণ্ডেতে সূর্য্যকে এক

diurnal. Observe, that each planet, whilst travelling round the sun, at the same time revolves like a wheel upon its own axis, which is denominated its diurnal or daily motion. For instance, the earth moves round upon its axis in the space of 24 hours, which make a night and a day. The substance of this explanation may be stated thus. The earth, with the rest of the planets, continues to move round the sun, which remains without motion fixed in the centre, and as it proceeds, keeps turning round upon its axis, by which means the rays of the sun by degrees fall on every part of the globe. In the part turned towards the sun, it is day; in the other part, it is night. But perhaps you may be ready to say, "How can it be true, that the earth is thus continually turning round? for do we not see, that the globe is steady in one place, whilst the sun is seen constantly to move round the earth." To this it may be replied, that if a person travels very quickly in a carriage, or in a boat, he imagines that he does not move, but remains seated in one place, whilst the houses and trees in front appear to be coming towards him. So in like manner, the earth keeps turning round very swiftly from west to east, whilst to the inhabitants it appears that the sun travels from east to west.

I have thus endeavoured to describe to you the daily and annual motion of the earth. In order to elucidate the point more fully, I will add a further illustration, which includes both.

ধার প্রদক্ষিণ করিয়া ঘূরিয়া আইসে, তাহাতেই পৃথিবীর লোকের ঐ পরিমিত দিনেতে ও দণ্ডেতে এক পূর্ণ সম্বৎসর হয়; এইতো বৎসরের গতি বলিলাম, শুনিলা? এখন দিনের গতি বলি, শুন. গ্রহ সকল যখন প্রদক্ষিণ করিতে থাকে, তখন চাকার মত আপনারা ঘুরিতেং প্রদক্ষিণ করিতে থাকে, সেই ঘোরার নাম দিনের গতি; যেমন পৃথিবী ষাটি দণ্ডের মধ্যে আপনি একবার চাকার মত ঘোরে, তাহাতেই এক দিবা রাত্রি হয়. ফলিতার্থ কি? সূর্য্য নিজে অচল, সে এক স্থানেতেই স্থির আছে; পৃথিবী ও আরং গ্রহ সকল ইহারা ঘুরিতেং সূর্য্যের চারিদিগে বেড়ায়, এই ঘূর্ণনেতে ক্রমেং পৃথিবীর সর্ব্ব দেশেই সূর্য্যের জোাতি লাগিতেছে. যখন যে দেশে জ্যোতি লাগিতেছে, তখন সেই দেশে দিন প্রকাশ হইতেছে; আর যখন যেখানে জ্যোতি না লাগিতেছে, তখনি সেখানে রাত্রি হইতেছে. ইহাতে যদি বল, পৃথিবী যে ঘোরে এ কথা সম্ভব নয়, কেননা সাক্ষাতে দেখিতে পাই যে পৃথিবী যেমন তেমনিই আছে, আর সূর্য্য দেখিতেছি পৃথিবীর চারিদিগে ঘূরিয়া বেড়াইতেছে; তবে ঐ কথার প্রত্যুত্তর শুন. দেখ কোন লোকের গাড়িতে কিম্বা নৌকাতে চড়িয়া অতি বেগে যাইতে হইলে, সে আপনা আপনি অবশ্য এমত জ্ঞান করে না যে আমি চলিতেছি, যেমন তেমনি ঠিক বসিয়া আছি; বরঞ্চ এমন জ্ঞান হয়, যে সম্মুখের ঘর, দ্বার, গাছ, পালা সকল আমার নিকট আসিতেছে; তেমনি পশ্চিমাবধি পূর্ব্ব মুখে পৃথিবীর গতি অতি বেগে, এই প্রযুক্ত আমারদের চক্ষুর দৃষ্টিতে বোধ হয় যে সূর্য্য পূর্ব্বহইতে পশ্চিমে যাইতেছেন. এক্ষণে কহা গিয়াছে, যে দিনের গতি ও বৎসরের গতি. সেই উভয়ের উদাহরণ এক কালে দিই, অবধান কর. দেখদেখি গাড়ীতে চড়িয়া একটা বাটীর চারি দিগে ঘূরিয়া প্রদক্ষিণ করিতে হইলে, সেই গাড়ী ঐ বাটীর চারি দিগে এক

Suppose a person riding in a carriage makes a circuit round any building: during this circuit the wheel of the carriage keeps turning upon its axis. So the earth, in the space of 24 hours turning round upon its axis, in the course of 365 days accomplishes its journey round the sun. Or we may illustrate it by the throwing of a ball. A ball, when thrown to a distance, continues turning as it flies; so the earth turns, whilst moving round the sun.

N. I understand your meaning perfectly; but would beg leave to propose a question, viz. If the earth, as you say, hangs upon nothing, why does it not fall?

P. The reason is, the Creator has thus ordained that one body should be attracted by another, that is, small bodies are attracted by those that are larger. Now the earth, being 1,000,000 less than the sun, is drawn or attracted by that body. Were it not for this attraction, no doubt the earth would forsake its position.

N. Well, I comprehend this; but there is yet another question, viz. If the globe be continually turning round, whence is it that the houses, people, &c. are not whirled off?

P. It seems natural to make this inquiry. You will, however, please to observe the reason why they fall not off, is owing to the above mentioned law, that one body is attracted by another. Thus the attractive power of the earth draws all things towards

বার ঘূরিয়া আসিতেং তাহার চাকা নিজ আলের উপরে কত বার ঘোরে. ইহা ঠাহরাইয়া দেখিলেই পৃথিবী যে দিবারাত্রি ষাটি দণ্ডের মধ্যে ঐ চাকার মত একং বার ঘূরিতেং তিন শত পঁয়ষট্টি বারে সূর্য্য মণ্ডলকে এক বার পুদক্ষিণ করে, ইহা অনায়াসে জানা যায়. এই দুই পুকার গতি ধরিয়া বিবেচনা করিলেই দিনের গতি ও বৎসরের গতি বোধ হয়. সংক্ষেপে আরো একটা উদাহরণ বলি, শুন. যেমন একটা ভাঁটা ফেলিয়া দিলে এক কালে গড়াইতেং দূরে যায়, তেমনি জানিবা পৃথিবীর দিনের গতি আর বৎসরের গতি.

নি. ভালং ও কথাতো স্পষ্ট রূপে বুঝিলাম; কিন্তু আর একটা কথা জিজ্ঞাসা করি, পৃথিবী যদি শূন্যভরে আছে তবে পড়ে না কেন

প. সে পড়ে না কেন? না সৃষ্টিকর্ত্তার এমনি এক খানি নিয়ম আছে, যে এক বস্তুর শক্তিতে অন্য বস্তু আকৃষ্ট থাকে. ফলিতার্থ যে বস্তু বড় হয় সে ক্ষুদ্র বস্তুকে আপনার অভিমুখে আকর্ষণ করিয়া রাখে. এখন দেখ, সূর্য্যমণ্ডল অপেক্ষায় পৃথিবীমণ্ডল দশ লক্ষ গুণে ছোট, এই হেতুক সূর্য্যের আকর্ষণী শক্তিতে আকৃষ্ট হইয়া সে আছে. সূর্য্য যদি তাহাকে টানিয়া না রাখিত, তবে ক্রমেতে পৃথিবীর অধঃপতন অবশ্যই হইত.

নি. ভাল, যে কথা বলিলা তাহা বুঝিলাম, তবে আর একটি কথা জিজ্ঞাসা করি, বল দেখি. পৃথিবী গোলাকার হইয়া যদি শূন্যের উপরে সর্ব্বদা ঘূরিতেছে, তবে পৃথিবী স্থিত যে বস্তু সকল, অর্থাৎ স্থাবর জঙ্গমাদি, ইহারা সকল কেন অধোগত হয় না?

প. ওহে, এ কথা তুমি বলিতে পার, কিন্তু ইহার মধ্যে একটি চিকণ কথা আছে, সেই কি না, যাহা আগে বলিলাম. যে এক বস্তু অন্য বস্তুকে আকর্ষণ করে. অতএব দেখ, পৃথিবীর আকর্ষণী শক্তিতে স্থাবর জঙ্গমাদি সকল বস্তুই গাঁথা আছে. ইহার একটা নিদর্শন

its centre, and by this means they are kept fixed upon its surface. If we attempt to lift any thing from the earth, we find it heavy in proportion as the attractive power draws it to the earth. Again, if we cast a stone into the air, as long as the impelling force remains, it ascends; but afterwards, being attracted by the earth, it returns to the ground. This law of attraction was first discovered by Sir Isaac Newton, a celebrated astronomer. You will be convinced that such a power may exist, by procuring a loadstone and a piece of iron. You will perceive that the loadstone will attract the iron.

N. I am quite satisfied, and inquire next, what is the name of the planet nearest to the sun, which forms the centre?

P. The planet called Mercury is nearest to the sun, and yet the intervening distance is 32,560,000 kros. Its diameter is 2,837 kros, and the space of time occupied in its journey round the sun is 84 days, which forms its year. The exact shape of this planet is scarcely to be discerned, on account of its proximity to the sun.

N. At what distance from the sun is the planet Venus?

P. This planet is distant from the sun 59,840,000 kros, and is carried round that luminary in 224 days. It revolves upon its

বলি, অনুভব কর. পৃথিবীহইতে কোন বস্তু উচ্চ করিয়া তুলিতে গেলে ভার বোধ হয় কেন ? তাহার বীজ এই, পৃথিবীর আকর্ষণী শক্তিতে সদাই টানিতেছে, সেই জন্যে যত টানে ততই ভার বোধ হয়. আর ও দেখ, যদি কোন লোক ঊর্দ্ধ ভাগেতে এক খান ডেলা কিম্বা ইট ইত্যাদি নিক্ষেপ করে, তবে যত ক্ষণ পর্য্যন্ত তাহার সঙ্গে বেগ থাকে, তত ক্ষণ উপরে উঠে, আর বেগ নিবৃত্তি হইবা-মাত্র পৃথিবীর আকর্ষণী শক্তিতে আকৃষ্ট হইয়া পুনর্ব্বার পৃথিবী-তেই পড়ে. এই আকর্ষণের নিয়ম নিউতন নামে মহাখ্যাত এক জন ইংরাজ জ্যোতির্ব্বিৎ প্রকাশ করিয়াছেন. ইহার ফল যদি প্রত্যক্ষ করিতে চাহ তবে একটুকি চুম্বক পাতর আর একটুকি লৌহ আন; তবে দেখিতে পাইবা, যে চুম্বকের আকর্ষণী শক্তিতে লৌহ খণ্ড আকৃষ্ট হইবে.

নি. তুষ্ট হইলাম, এখন জিজ্ঞাসা করি, সূর্য্য যদি সকলের মধ্য-খানে আছে, তবে গ্রহেরদের মধ্যে কোন গ্রহ সূর্য্যের নিকটবর্ত্তী ?

প. বুধ নামে যে গ্রহ সেই অন্যং গ্রহ অপেক্ষায় সূর্য্যের নিকটে আছে; তথাপি সে সূর্য্যহইতে তিন কোটি পঁচিশ লক্ষ যাটি হাজার ক্রোশ অন্তরে. এই বুধ গ্রহের বিস্তার দুই হাজার আট শত সাঁইত্রিশ ক্রোশ. সে চৌরাশী দিনেতে সূর্য্যকে এক বার প্রদক্ষিণ করে; ঐ চৌরাশী দিনকে তাহার এক পূর্ণ সম্বৎসর মানিতে হইবে. বুধ গ্রহ যে সমুদয় গোল ইহা এখানহইতে দেখা যায় না, কারণ সে সূর্য্যের নিকটবর্ত্তী, এই প্রযুক্ত তেজে ঢাকা থাকে, সর্ব্বাবয়ব দেখা যায় না.

নি. সূর্য্যহইতে শুক্র গ্রহ কত দূরে ?

প. শুক্র গ্রহ সূর্য্যহইতে পাঁচ কোটি আটানব্বই লক্ষ চল্লিশ হাজার ক্রোশ অন্তরে. এ গ্রহ দুই শত চব্বিশ দিনেতে সূর্য্যকে এক-

axis once in 23 hours and 20 minutes. The size of this planet is nearly as great as that of the earth.

N. Have you any thing further to add respecting the earth?

P. The earth, which is the planet next in order after Venus, is distant from the sun 83,600,000 kros, and moving at the rate of 51,000 kros in one hour, in 365 days 5 hours 48 minutes finishes its circuit round the sun, which space of time forms a year. It moves round on its axis once in 24 hours, which makes our day. The diameter of the earth is 7,000 kros. It is attended by a satellite, or secondary planet, called the moon, which passes round the earth in 29 days 12 hours and 44 minutes, which time forms one lunar month.

N. Let us now pass on to speak of the planet Mars.

P. This planet is distant from the sun 126,720,000 kros, and performs its journey round the sun in 687 days, or, according to our calculation, in a little more than a year and 10 months and 22 days. It revolves upon its axis once in 24 hours and 39 minutes. The size of this planet is somewhat less than that of the earth, its diameter being 3,686 kros. It is distinguished by its colour, which is a dusky red, and has no satellite.

N. At what distance from the sun is the planet Jupiter?

P. It is distant from the sun 430,000,000 kros, and is carried round its orbit once in twelve years. Its diurnal revolution is performed in 10 hours. The size of this planet is

বার প্রদক্ষিণ করে, আর সাতান্ন দণ্ড বাওয়ান্ন পলেতে আপনি এক বার চাকার ন্যায় ঘোরে. এ প্রায় পৃথিবীর সমান বড়.

নি. ভাল, পৃথিবীর আর কোন বিবরণ আছে?

প. তবে শুন, পূর্ব্বে যেমন বলা গিয়াছে যে সূর্য্যহইতে পৃথিবী আট কোটি ছত্রিশ লক্ষ ক্রোশ অন্তর, আর আড়াই দণ্ডের মধ্যে একান্ন হাজার ক্রোশ ভ্রমণ করিতেং তিন শত পঁয়ষাট্টি দিনে পোনের দণ্ড এক ত্রিশ পলেতে সূর্য্যকে একবার প্রদক্ষিণ করে, ইহাতেই আমারদের এক বৎসর হয়; এবং ষাটি দণ্ড দিবা রাত্রিতে আপনি একবার চাকার মত ঘোরে, তাহাকে আমরা এক দিন বলি. পৃথিবীর বিস্তার সাত হাজার ক্রোশ; আর এই পৃথিবীর চন্দ্র নামে একটা উপগ্রহ আছে, সে ঊনিশ দিন সাড়ে সাতাইশ দণ্ডে পৃথিবীকে এক বার বেষ্টন করিয়া আইসে, তাহাতে এক চান্দ্র মাস হয়.

নি. এইক্ষণে মঙ্গল গ্রহের বিবরণ কিছু বল.

প. শুন ভাই বলি. মঙ্গল গ্রহ সূর্য্যহইতে বার কোটি সাত ষাট্টি লক্ষ বিশ হাজার ক্রোশ অন্তরে, এবং ছয় শত সাতাশী দিনে সূর্য্যকে প্রদক্ষিণ করিয়া এক পাক ঘূরিয়া আইসে, তাহাতে আমারদের এক বৎসর দশ মাস বাইশ দিনের ও কিছু অধিক হয়, এবং এক ষট্টি দণ্ড সাড়ে সাঁইত্রিশ পলেতে আপনি চাকার মত এক পাক ঘোরে. এই মঙ্গল গ্রহ পৃথিবীহইতে কিছু ছোট, ইহার বিস্তার তিন হাজার ছয় শত ছেয়াশী ক্রোশ. ইহাকে অতিশয় রক্তবর্ণ দেখা যায়. এ গ্রহের কোন উপগ্রহ নাই.

নি. তবে সূর্য্যহইতে বৃহস্পতি কত দূর অন্তরে?

প. সূর্য্য আর বৃহস্পতিতে পরস্পর তেতাল্লিশ কোটি ক্রোশ অন্তরে. এই বৃহস্পতি বার বৎসরে সূর্য্যকে এক বার প্রদক্ষিণ করে, ও পঁচিশ দণ্ডেতে আপনি চাকার মত এক পাক ঘোরে. এ গ্রহ পৃথিবীহইতে

1400 times greater than that of the earth. It is accompanied by four satellites, or moons, and through a telescope has a very beautiful appearance, being surrounded by a belt of light.

N. Can you give me any particulars respecting the planet Saturn?

P. This planet is distant from the sun 792,000,000 kros, and performs its journey round that luminary in 29 years. It turns upon its axis once in 12 hours 13 minutes. It is 90 times greater than the earth; yet owing to its immense distance, is scarcely distinguishable by the naked eye. It is accompanied by seven satellites.

N. Who first discovered the planet Georgium, which is the next in order?

P. It was first discovered in the year 1781 by Dr. Herschel, on which account it is also generally known by the name of the planet Herschel. It is distant from the sun 1,584,000,000 kros, and travels round its orbit once in 83 years. It is accompanied by six satellites or moons. It is scarcely visible, excepting through a telescope.

N. Can you inform me more particularly as to the other four smaller planets, which were mentioned before?

P. The first of them is Ceres, the second Pallas, the third Juno, the fourth Vesta. They have been discovered at different times. Ceres and Vesta are distant from the sun 228,800,000 kros. The distance of Juno is 264,000,000 kros. That of Pallas 240,000,000. These planets are scarcely discernible to the naked eye.

চৌদ্দ শত গুণ বড়. এই গ্রহের চারি উপগ্রহ আছে; দূরবিণ দিয়া দেখা যায়, যে এই গ্রহের গায়েতে জরির পটুকার মত কি চক্‌২ করে.

নি. তবে শনি গ্রহের বিষয় কিছু বল.

প. শনি গ্রহ সূর্য্যহইতে ঊনাশী কোটি বিশ লক্ষ ক্রোশ অন্তর. সে ঊনত্রিশ বৎসরে সূর্য্যকে এক পাক প্রদক্ষিণ করে, আর পঁচিশ দণ্ড চল্লিশ পলে আপনি চাকার মত এক পাক ঘোরে. এগ্রহ পৃথিবী অপেক্ষায় নব্বই গুণ বড়, কিন্তু দূরবিণ না হইলে লোকে ভাল মতে প্রায় দেখিতে পায় না. এই গ্রহের উপগ্রহ সাতটা আছে.

নি. ভাল, তবে জর্জিয়ম নামে যে গ্রহ প্রথমে কে তাহার অনুসন্ধান করিয়াছিল?

প. সতের শত একাশী শালেতে হর্শ্চেল নামে এক সাহেব প্রথমে ঐ তারার অনুসন্ধান করিয়াছিলেন, এই নিমিত্তে ঐ সাহেবের মর্য্যাদার জন্যে সকলে ঐ তারার আর একটা নাম হর্শ্চেল রাখিয়াছে. সেই গ্রহ সূর্য্যহইতে এক শত আটান্ন কোটি চল্লিশ লক্ষ ক্রোশ অন্তরে. এ গ্রহ তিরাশী বৎসরেতে সূর্য্যকে একবার প্রদক্ষিণ করিয়া আইসে. এই গ্রহের উপগ্রহ ছয়টা আছে, কিন্তু দূরবিণ ছাড়া প্রায় চক্ষুতে দেখা যায় না.

নি. এ সকল ছাড়া আর যে চারিটা উপগ্রহের কথা বলিয়াছিলা, তাহার বিশেষ বিবরণ বল.

প. তবে ক্রমে বলি. প্রথম শীরীশ, দ্বিতীয় পাল্লস, তৃতীয় জুনো, চতুর্থ বেষ্টা. এই কএকটা গ্রহ বিশেষ২ সময়ানুক্রমে দেখা গিয়াছিল. ইহার মধ্যে শীরীশ ও বেষ্টা ইহারা সূর্য্যহইতে বাইশ কোটি অষ্টাশী লক্ষ ক্রোশ অন্তরে. এবং জুনো সূর্য্যহইতে ছাব্বিশ কোটি চল্লিশ লক্ষ ক্রোশ দূরে. পাল্লস চব্বিশ কোটি ক্রোশ অন্তরে আছে. এ সকল তারা অতি ছোট দেখা যায়.

LESSON II.

Of the Seasons.

Nityo-anundo. What is the cause of the seasons, and of the difference in the length of the days and nights?

Porom-anundo. These are occasioned by the different positions of the earth with respect to the sun. In explaining which we may remark, that geographers, in order to form the divisions of the globe, imagine a line, called the equator, to be drawn directly across its centre from east to west. On either side of this line north and south are 90 spaces, called degrees, making in the whole 180 degrees. Perpendicular to the equator, they imagine another line drawn across the heavens, which is termed the equinoctial. On the 21st of September and the 23d of March, the sun, being on this line, is vertical to the equator, and consequently at those periods the days and nights are equal. And were the earth to remain always in the same position, the rays of the sun falling directly on the equator, would cause the days and nights to be equal throughout the year: there would also be no variation in the seasons, either of heat or cold. Instead of this, from the 23d of September till the 21st of December, the earth ascends in its orbit 23½ degrees, in consequence of which the sun appears to go so far south; and from this date by little and little it returns, till on the 21st of March it arrives at the line of the equator. Again, from the 21st of March till the

২ পাঠ.

ঋতুর বিষয়.

নি. এই ক্ষণে জিজ্ঞাসা করি, যে এই পৃথিবীতে দিবা রাত্রির হ্রাস বৃদ্ধি এবং ঋতুভেদ কিসেতে হয় তাহা বলিতে পার?

প. সে সকল পৃথিবীর বক্র গতি প্রযুক্ত হয়. তাহার বৃত্তান্ত শুন. ভূগোল বেত্তারা পৃথিবী ভাগ করিবার জন্যে তাহার মধ্যখানে পূর্ব্ব পশ্চিমে একটা রেখা কল্পনা করিয়াছেন, তাহারি দক্ষিণ উত্তর উভয় পার্শ্বে নব্বই২ অংশ করিয়া সমুদয়ে এক শত আশী অংশ করিয়াছেন. এক২ অংশেতে ষাটি ক্রোশ পরিমিত ভূমি. সেই রেখার সমসূত্র পাতন্যায়ে ঊর্দ্ধে শূন্যেতে ও একটা রেখা কল্পনা করেন, তাহার নাম বিষুব রেখা. ১১ আশ্বিন ও ১১ চৈত্র সূর্য্য সেই রেখার উপরে থাকে, সেই প্রযুক্ত ঐ দুই দিনে দিবা রাত্রি সমান হয়. আর পৃথিবী যদি সর্ব্বদা সমান ভাবে ভ্রমণ করিত, তবে সূর্য্যের তেজ সদা সমভাবে রেখা ভূমির উপরে লাগিত, এবং শীত গ্রীষ্ম প্রভৃতি ছয় ঋতুর ভেদ হইত না, আর ১২ মাস দিবা রাত্রি সমান হইত; তাহা না হওয়াতে রেখাস্থান হইতে ১১ আশ্বিন অবধি ১১ পৌষ পর্য্যন্ত ক্রমে সাড়ে তেইশ অংশ বক্রগমন করে, তাহাতে সূর্য্যের দক্ষিণ গতি বোধ হয়. এবং সেই দিন অবধি ক্রমে২ ফিরিয়া আসিয়া ১১ চৈত্রে বিষুবরেখার নীচে দাঁড়ায়. পুনর্ব্বার সেই দিন অবধি ১১ আষাঢ় পর্য্যন্ত ক্রমেতে সাড়ে তেইশ অংশ বক্রভাবে চলে, তাহাতে সূর্য্যের উত্তর গতি বোধ হয়; অনন্তর ঐ ১১ আষাঢ় অবধি উত্তর হইতে মুখ ফিরাইয়া ১১ আশ্বিনে বিষুব রেখার নীচে আসিয়া দাঁড়ায়. ঐ দক্ষিণ গতির নাম দক্ষিণায়ন, ও উত্তর গতির নাম উত্তরায়ণ. পৃথিবীর এই বক্র গতি প্রযুক্ত ঋতুভেদ হয়,

21st of June, the earth again ascends as far as 23½ degrees, which causes the sun to go so far north, and from this date returning on the 21st of September, arrives at the equator. The times of the sun's passing the line of the equator are called the equinox. This inverted position of the earth, therefore, is the cause of the different seasons, and of the increase and decrease of day and night. It is commonly supposed that these are occasioned by the motion of the sun: this opinion, however, you perceive, is erroneous; the true cause, as has been described, is the inverted position of the earth.

N. The manner in which you have stated the subject appears highly reasonable, and leads us to admire the greatness of that wisdom which by so simple a method has provided for the succession of the seasons, and of day and night. Doubtless nothing less than infinite understanding could have ordered it thus. Have you any thing more to observe relative to the diurnal motion of the globe?

P. The earth in its daily motion revolving from west to east, at the rate of 15 degrees, or 900 kros in an hour, causes its various countries successively to approach the sun; thus every part of the globe becomes enlightened. For example, the city of Calcutta is about 90 degrees east of London, consequently the time of sunrise is six hours later at London than at Calcutta; and consequently, when it is 12 o'clock at noon in Bengal, it is in England only break of day.

LESSON III.

Of Comets.

Nityo-anundo. I should now be glad to hear respecting comets.

Porum-anundo. They are many in number. It has been com-

ও দিন রাত্রি ছোট বড় হয়. কিন্তু লোকত এই প্রসিদ্ধ আছে, যে সূর্য্যের গতি বিশেষে ঐ সকল ঘটে, ফলতঃ তাহা নয়, তবে কি? না পৃথিবীর গতি বিশেষেতে যে ঋতুভেদ ও দিবা রাত্রির হ্রাস বৃদ্ধি এই স্থির সিদ্ধান্ত জানিবা.

নি. ওহে ভাই, তুমি যে কথা কহিলা সে প্রমাণ বটে. আর যাহাতে অনায়াসে দিবা রাত্রিভেদ ও ঋতুভেদ হয়, পরমেশ্বর ইহার কিবা আশ্চর্য্য উপায় সৃষ্টি করিয়াছেন! ইহাতে তাঁহার কেমন অসীম চমৎকার বুদ্ধি প্রকাশ হইতেছে! ইহা এক বার দেখ, এমন আর কখন কেহ দেখে নাই. ভাল পৃথিবীর দিনের গতির বিষয়ে আর কিছু বলিতে পার?

প. বলি শুন. চাকা যেমন আলের উপরে ঘোরে, পৃথিবীও সেই প্রকার পশ্চিমহইতে পূর্ব্বাভিমুখে ঘুরিতে২ এক দণ্ডের মধ্যে ১৫ অংশ অর্থাৎ ৯০০ ক্রোশ পর্য্যন্ত সূর্য্যের সম্মুখে ঘুরিয়া আইসে, তাহাতে ক্রমে২ তাবৎ দেশই সর্য্যের সম্মুখে পড়ে. এখন বুঝিয়া দেখ, লণ্ডন নগরহইতে প্রায় ৯০ অংশ পূর্ব্বে কলিকাতা, তৎপ্রযুক্ত কলিকাতাস্থ লোকেরা যখন সূর্য্যোদয় দেখিতে পায় তাহার ১৫ দণ্ড পরে লণ্ডনের লোকেরা তাহা দেখিতে পায়, এই পরিমাণানুসারে বঙ্গ দেশে যখন দুই প্রহর বেলা, ইংগ্লণ্ড দেশে তখন প্রাতঃকাল হয়.

---

৩ পাঠ.

ধূমকেতুর বিষয়.

নিত্যানন্দ. ভাল, তবে এখন ধূমকেতুর বিবরণ কিছু বল?

পরমানন্দ. ধূমকেতু সূর্য্যের চতুর্দ্দিকে ঘোরে, ঐ ধূমকেতু দুইটা একটা নয়, অর্থাৎ অসংখ্য ধূমকেতু আছে; অনুমান হয় সৌর জগ-

puted, that within our solar system are not less than 450. The reason why in the Bengalee language they are called fire-streamers is, they are attended by a long tail or train of light, resembling a streamer. The form of some, however, is round, like that of the planets. Their course is irregular: sometimes they move forward, at others backward; sometimes they appear to be without motion. It has been the opinion of several astronomers, that a comet is an opaque body, and lighted by the rays of the sun. Respecting the tail, many suppose that it is formed by the sun; but in what precise manner the sun's rays occasion this appearance, is not ascertained. The velocity with which a comet travels is almost incredible. In the month of July 1770, Mr. Bridone observed a comet, which he supposes in 24 hours would pass a distance of 30,000,000 kros. The heat of the comet which appeared in 1680 was estimated to be 2000 times greater than that of red-hot iron.

Amongst the different heavenly bodies, comets, from their singular form and irregular coming, have chiefly attracted the attention of mankind; and in all ages have been the occasion of dread to multitudes, who have regarded them as the forerunners of national calamities, such as war, pestilence, &c. In proportion as science has been extended, these groundless alarms have vanished.

ত্তের মধ্যে সাড়ে চারি শতের কম নাই, অধিক যে হউক. ইহার-দিগকে ধূমকেতু বলে কেন? না ধ্বজার ন্যায় ইহারদের একটাং লাঙ্গুল আছে, কিন্তু কখনং বিনা লাঙ্গুলে গ্রহেরদের মত গোল আকার ও দেখা যায়. ইহারদের গতি সমান নয়, কখন সম্মুখে চলে, কখন বা পশ্চাৎ চলে; কোন সময়ে আংসলেই চলে না, স্থগিত ন্যায় থাকে. কোনং জ্যোতির্ব্বেত্তারা বলেন, যে ধূমকেতু কৃষ্ণবর্ণ, ফলতঃ তাহাতে সূর্য্যতেজ লাগিলে সে আলো হয়. আর লাঙ্গুলের বিষয়ে অনেকে অনুমান করিয়াছেন, যে সূর্য্যের তেজেতে সেই লাঙ্গুলাকার দেখা যায়, কিন্তু সূর্য্যের কেমন তেজ লাগিলে তেমন হয়, তাহা নিশ্চয় জনা যায় নাই. ধূমকেতু কোনং সময়ে যে বেগে ধায় এ কথা প্রায় বিশ্বাস হয় না, কিন্তু ১৭৭০ শালের জুলাই মাসে ম্লাইডোন নামে এক সাহেব একটা ধূমকেতু দেখিয়াছিলেন, সেটা ২৪ ঘণ্টার মধ্যে এত দূর পর্য্যন্ত দৌড়িয়াছিল, যে অনুমানে ঐ ধূম-কেতু দিবা রাত্রি ষাইট দণ্ডের মধ্যে তিন কোটি ক্রোশ পথ চলিতে পারে. কোনং ধূমকেতু সূর্য্যের এত নিকটে যায়, যে তাহার শরীর টা একেবারে সূর্য্যের উত্তাপে ভাজাং হইয়া উঠে. নিউটন সাহেব গণনা করিয়া দেখিয়াছিলেন, যে ১৬৮০ শালের ধূমকেতু জ্বলন্ত লৌহপিণ্ড অপেক্ষায় দুই হাজার গুণ উত্তপ্ত.

সৌর জগতের যাবদ্বস্তুর মধ্যে ধূমকেতু বিষয়ের অনুমানের নিমিত্তে যথেষ্ট ভাবনা জন্মিয়াছে, ধূমকেতুর আকার অতি বিকট; এই হেতুক পৃথিবীর সৃষ্টি অবধি লোক সাধারণের মনে দেখিবা মাত্র ভয় জন্মে, কেননা তাহার উদয়েতে দেশের উপরে যুদ্ধভয় ও মারীভয় প্রভৃতি আপদ ঘটে, এই মত বুঝিয়া তাহাকে দুর্দশার আদি চিহ্ন স্বরূপ করিয়া জানে. যাবৎ পর্য্যন্ত লোক সকল অজ্ঞান ছিল, তাবৎ পর্য্যন্ত ঐ সকল মিথ্যা ভয় পাশেতে বাঁধা ছিল; এখন ধূমকেতুর যথার্থ নির্বচাতে সেই বন্ধনহইতে মুক্ত হইয়াছে.

LESSON IV.

Of the Ecliptic.

Nityo-anundo. Be pleased now to inform me respecting the ecliptic.

Porum-anundo. It has before been observed, that the space extending to 23½ degrees on each side of the celestial equator, is denominated the ecliptic. This space, which, including both sides, is 47 degrees in breadth, constitutes a circle in the heavens, which is divided into 12 parts, formed by 12 stars, denominated the 12 signs of the zodiac. Their names are as follow: Aries, Taurus, Gemini, Cancer, Leo, Virgo, Libra, Scorpio, Sagittarius, Capricornus, Aquarius, Pisces. The day the sun enters a new sign, is the first day of the month. It is commonly said, that to-day the sun enters into such and such a sign. In point of fact, however, it is the earth, and not the sun, which has entered the sign.

LESSON V.

Of the Stars.

Nityo-anundo. How are the rest of the stars distinguished?

Porum-anundo. The stars do not revolve as do the planets, but continue in one station. Their number appears to be infinite, yet not more than a thousand are seen at one time by the naked eye. Their light also is not derived from the sun, but from themselves. It is the opinion of several, that the stars are so many separate suns; and that as the sun forms the centre of the

৪ পাঠ.

রাশি চক্রের বিষয়.

নিত্যানন্দ. এখন রাশিচক্রের বিষয় যদি কিছু জান, তবে বল.

পরমানন্দ. তবে বলি শুন, পূর্ব্বে কহা গিয়াছে যে বিষুব রেখার উভয় পার্শ্বে যে সাড়ে তেইশ অংশ পর্য্যন্ত, পৃথিবীর বক্র গতি হয়, তাহার নাম ক্রান্তি; এই ক্রান্তির উভয় পার্শ্বে মোটে সীমা যে সাতচল্লিশ অংশ তাহার মধ্যে যে গোলাকৃতি স্থান, সেই স্থানের বার ভাগ হইয়াছে; এবং তাহাতে যে সকল তারা দেখা যায় তাহারা ও তদ্রূপে বার ভাগে বিভক্ত হইয়াছে, তাহার নাম রাশি অর্থাত্ ক্রান্তির বার প্রকার চিহ্ন তাহার নাম এই২ মেষ, বৃষ, মিথুন, কর্কট, সিংহ, কন্যা, তুলা, বিছা, ধনু, মকর, কুম্ভ, মীন. সূর্য্য যখন যে কোন রাশিতে প্রবেশ করে তখনি একটা নূতন মাস হয়, এবং লোকেও বলে যে আজ সংক্রান্তি, যেহেতুক সূর্য্য অমুক রাশিতে গেলেন, ফলতঃ তাহা নয়, কিন্তু পৃথিবী রাশিতে প্রবেশ করে.

---

৫ পাঠ.

তারার বিষয়.

নিত্যানন্দ. তবে আর২ সকল তারা যে দেখা যায় এ কেমন?

পরমানন্দ. গ্রহ সকল যেমন সর্ব্বদা ঘুরিতেছে তারা সকল তেমন নয়, তাহারা স্ব২ স্থানেতেই আছে. এই যে তারা ইহারদের সংখ্যা নাই, কিন্তু চক্ষু দিয়া এক সময়ে এক হাজার তারার অধিক দেখা যায় না. তারা সকল নিজের তেজে তেজস্বিনী, অর্থাৎ আপনারদের তেজে আপনারা প্রকাশ পায়. কোন২ পণ্ডিতেরা মনে করেন, যে এক২ তারা এক২ সূর্য্যের সামান, অর্থাৎ সূর্য্যের চারি দিকে,

planets, so each star has a system of planets revolving around it. The stars are at an immense distance from the earth: it is calculated, that the distance between the earth and the nearest fixed star is 150,000 kros. These stars are scattered throughout immeasurable space; that is, so far as one star is distant from the sun, so far is another star distant from that: consequently the sun would appear to the inhabitants of one of these stars (supposing them to be inhabited) of the same size that a star appears to us; whilst the other stars would resemble only little sparks. That many of the stars appear large, and others small, is owing to this, that some are nearer, and others more remote. Consequently, those that are near appear large, and those that are further off appear small. Astronomers range them in six classes. Those that are nearest, and most splendid, are denominated stars of the first magnitude, and so on, as far as six classes. Since the invention of telescopes, the stars have appeared to be innumerable; for in proportion to the powers of the telescope, so a greater number of stars are discovered.

LESSON VI.

Of Eclipses.

Nityo-anundo. I should be glad to be informed next, what it is that causes an eclipse.

Porom-anundo. The shadow of one planet falling upon an-

যেমন রাশিচক্র ভ্রমণ করে, তেমনি প্রত্যেক তারার চতুর্দিকে ও একং রাশিচক্র ভ্রমণ করে. তারাগণ পৃথিবীহইতে অতি দূরে আছে; যে তারা পৃথিবীর অধিক নিকট, সেও পৃথিবীহইতে দেড় লক্ষ ক্রোশ অন্তরে আছে. আর ঐ তারাগণ অপরিমিত শূন্যেতে স্থাপিত হইয়া আছে. সূর্য্যহইতে এক তারা যত দূর অন্তরে, আরবার অন্য তারা তাহাহইতে তত দূর অন্তরে আছে. অনুমান করি; তারা যদি একটাং লোক বিশেষ হইত, তবে তারাতে ও সূর্য্যেতে এত দূর অন্তর, যে তারাস্থিত লোকেরা সূর্য্যকে তারার মত ক্ষুদ্র দেখিতে পাইত. আর অন্যং তারাকে যেন একটাং অগ্নির কণার মত দেখিতে পাইত. আর আমারদের দৃষ্টিতে যে সকল তারা এক সমান দেখা যায় না, তাহার বীজ এই, কোন তারা অধিক দূরে ও কোন তারা অল্প দূরে আছে; অতএব বুঝিয়া দেখ, যে তারা কিছু নিকটে সে বড় দেখা যায়, ও যে কিছু দূরে আছে, সুতরাং সে ক্ষুদ্র দেখা যায়. এই হেতুক জ্যোতির্ব্বেত্তারা তারার পর্য্যায় ছয় নিরূপণ করিয়াছেন, যথা যে সকল তারা কিছু নিকটে ও তেজস্বিনী দেখা যায়, তাহারদিগকে প্রথম পর্য্যায়ের মধ্যে গণনা করিয়াছেন, এই রীতিতে ক্রমশঃ ঊর্দ্ধেং যত তারা আছে তাহারদিগকে দ্বিতীয় তৃতীয় ইত্যাদি ষষ্ঠ পর্য্যায় পর্য্যন্ত গণিয়াছে. দূরবিণের দ্বারা দেখা যাইতেছে, যে নিশ্চল তারা অসংখ্য, যে হেতুক দূরবিণ যন্ত্র যত বড় হয় ও উৎকৃষ্ট হয় তাহাতে ততই অধিক তারা দেখা যায়.

---

৬ পাঠ.

গ্রহণের বিষয়.

নি. ভাল, তবে গ্রহণ কি প্রকারে হয় ?

প. এক গ্রহের ছায়া অন্য গ্রহের উপরে লাগিলে গ্রহণ হয়.

other produces an eclipse. Thus when the moon passes between the sun and the earth, the shadow of the moon causes an eclipse of the sun. But the circle of the moon is less than that of the sun, so that the eclipse is only partial. Again, when the earth passes between the sun and the moon, the shadow of the earth falling upon the moon, occasions a lunar eclipse. The circumference of the earth exceeds that of the moon, consequently the moon becomes totally eclipsed. In the course of one year, the number of eclipses is not less than two, nor more than seven. The eclipses are not all visible in every part of the globe, nor in any one seen by the inhabitants of every country.

LESSON VII.

Of the Moon.

Nityo-anundo. I am satisfied as to the cause of an eclipse: have you any thing further to add respecting the moon?

Porom-anundo. The size of the moon is thirteen times less than that of the earth. Thus the moon being a small body, is attracted by this globe, which is a larger body. It accomplishes its revolution round the earth in the space of 29 days, which space of time forms one lunar month. The moon is an opaque body, and appears luminous only by its reflecting the light of the sun. This is ascertained by its apparent increase and decrease. Were the moon of itself luminous, it would always

ফলতঃ যখন পৃথিবী আর সূর্য্যের মধ্যস্থলে চন্দ্র থাকে, তখন চন্দ্রের ছায়া সূর্য্যেতে লাগে, তাহাতেই সূর্য্য গ্রহণ হয়; কিন্তু সূর্য্য মণ্ডলহইতে চন্দ্রমণ্ডল ছোট, এই প্রযুক্ত চন্দ্রের ছায়াতে সূর্য্যের সমস্ত মণ্ডল ঢাকা পড়ে না, সেই হেতুক সূর্য্য গ্রহণে সর্ব্বগ্রাস হয় না. আর যখন চন্দ্র সূর্য্যের মধ্যখানে পৃথিবী থাকে, তখন পৃথিবীর ছায়াতে চন্দ্রকে ঢাকে, তাহাতেই চন্দ্রগ্রহণ হয়. চন্দ্রমণ্ডল অপেক্ষায় পৃথিবীমণ্ডল বড়, এই প্রযুক্ত তাহার ছায়া লাগিয়া কখনং সর্ব্বগ্রাস হয়, অর্থাৎ চন্দ্রের সমুদয় মণ্ডল ঢাকা পড়ে. প্রতি বৎসরে গ্রহণ দুই বারের ন্যূন হয় না, এবং সাত বারের অধিক ও হয় না; আর সকল গ্রহণ সর্ব্ব দেশে দেখা যায় না, প্রত্যেক গ্রহণ সর্ব্ব দেশ সাধারণ কখন হয় না.

---

৭ পাঠ.

চন্দ্রের বিষয়.

নি. গ্রহণ শুনিলাম, চন্দ্রের আর কোন বিবরণ যদি জান তবে বল.

প. চন্দ্র পৃথিবীহইতে তের গুণ ছোট, অর্থাৎ পৃথিবীর তের ভাগের এক ভাগ যত বড় চন্দ্র তত বড়; এই প্রযুক্ত পৃথিবী তাহাকে আকর্ষণ করিয়া রাখিয়াছে. ঐ চন্দ্র ঊনত্রিশ দিনেতে পৃথিবীকে প্রদক্ষিণ করিয়া এক পাক ঘোরে, ইহাতেই আমারদের চান্দ্র মাস হয়. চন্দ্র নিজে কালো, কিন্তু তাহাতে সূর্য্যের তেজ লাগে, এই জন্যে উজ্জ্বল দেখা যায়; ইহা চন্দ্রের হ্রাস বৃদ্ধি ধরিয়া দেখিলেই জানা যায়; ইহা যদি না হইত, অর্থাৎ চন্দ্র যদি নিজে তেজস্বী হইত, তবে প্রতি দিনই পূর্ণচন্দ্র দেখা যাইত. ফলিতার্থ চন্দ্রের যে

appear round. Instead of which, we perceive only the part that is enlightened by the sun, which becoming daily more and more visible, according to the position of the moon with the earth, increases by little and little, till it arrives at the full, when it again decreases in the same proportion. Thus we are accustomed to say, new moon, first and second quarter, and so on, for such it appears to us; but in fact the size of the moon is at all times the same. It also appears reasonable to suppose, with many learned men, that the moon was not created merely to give light to the earth, but that it is itself a separate world, inhabited by intelligent creatures. It may also be seen by the aid of telescopes, that the surface of the moon very much resembles that of the earth. Be that as it may, it has pleased the Creator that the sun should afford light by day, and the moon by night.

LESSON VIII.

Of the Tides.

Nityo-anundo. There is yet a further question I wish to propose, which is, What is it that causes the ebb and flow of the tides?

Porom-anundo. It has been already noticed, that all bodies are attracted by each other according to their relative size. Thus the moon is attracted by the earth: again, in a lesser degree, the earth is attracted by the moon. Keeping this in mind, observe, that the waters of the sea (which from their nature are more immediately subject to the power of attraction) are

দিকে সূর্য্যের তেজ লাগে, আর পৃথিবী ও চন্দ্রের গতি বিশেষে দিনেং তাহার যত টুকিং দেখা যায়, তত টুকিং চন্দ্র বাড়িতে থাকে; শেষ পর্য্যন্ত বাড়িয়া আরবার কৃষ্ণ পক্ষেতে যত টুকিং কম দেখা যায়, তত টুকিং ঘাটিতে থাকে; এই রূপে অমাবস্যা পর্য্যন্ত ঘাটিয়া শেষ হয়. ইহাতেই চন্দ্রের হ্রাস বৃদ্ধি জানা যায়, নতুবা আসল মণ্ডলের কিছু ক্ষয় হয় না, এবং বৃদ্ধি ও হয় না. আর কেবল এই জগতের জীবের জন্যেই যে চন্দ্রের সৃষ্টি হইয়াছে, এমন ও বোধ হয় না; বরং অনেক জ্ঞানবান্ পণ্ডিতেরা এমন চাহয়ান, যে এই জগতের মত চন্দ্রেতে ও অনেক জীব আছে; আর এই জগতে যেমন উচ্চ নীচ ঠাই আছে, দূরবিণ দিয়া দেখা যায় সেই প্রকার চন্দ্রেতে ও আছে. সে যাহা হউক ঈশ্বরের এমনি দয়া যে দিনেতে সূর্য্যের দ্বারা আর রাত্রিতে চন্দ্রের দ্বারা আলো প্রদান করিয়া আমারদের অন্ধকার ঘুচাইতেছেন.

---

৮ পাঠ.

জোয়ার ভাটার বিষয়.

নিত্যানন্দ. ভালং এখন আর একটা কথা জিজ্ঞাসা করি, এই জোয়ার ভাটা কিসেতে হয়?

পরমানন্দ. পূর্ব্বে বলা গিয়াছে যে সকল বস্তু ছোট বড়র অনুসারে পরস্পর আকর্ষণ করে; অতএব পৃথিবী চন্দ্রকে আকর্ষণ করে, চন্দ্র ও পৃথিবীকে কিঞ্চিৎ আকর্ষণ করে. এই যদি স্থির থাকিল, তবে এখন বলি শুন. পৃথিবীর জল স্বভাবতঃ চঞ্চল, এই প্রযুক্ত চন্দ্রের আকর্ষণেতে আকৃষ্ট হইয়া নীচহইতে উপরে ধায়. ঐ টানের বেগ যত ক্ষণ থাকে তত দূর পর্য্যন্ত উপরে দৌড়িয়া আইসে; ইহা-

drawn together by the moon; and so long as the force remains, so long the tide continues to rise: afterwards, in proportion as it abates, so the waters continue to ebb.

N. I have one more inquiry on this subject, viz. Do the tides ebb and flow in other rivers, in the same manner as in the Ganges?

P. Yes: moreover, in Europe the tides are calculated with so great nicety, that the precise height to which the water will rise being ascertained, each day of the year, is inserted in the almanacs.

LESSON IX.

Of Lightning.

Nityo-anundo. Will you kindly favour me with a few particulars relative to the causes and effects of lightning?

Porom-anundo. The atmosphere is full of an electric fluid, called lightning; but it remains separated from the earth by clouds, and therefore is not always perceived. In a storm, the clouds approach near to the earth, when the lightning, being attracted by any particular object, immediately falls upon it. At the same time, a very loud explosion takes place in the air, which is called thunder.

N. But I observe, that we first see the lightning, and then by and by we hear the thunder. Do they not both take place at the same moment?

কেই জোয়ার বলে. আর ঐ বেগ নিবৃত্তি হইলে সেই জল যে ক্রমেং নামিতে থাকে তাহাকেই ভাটা বলে.

নি. তবে এখন একটা কথা জিজ্ঞাসা করি, বল; এই গঙ্গাতে যেমন জোয়ার ভাটা খেলে, আরং চাঁইতে ও কি তেমতি হয় ?

প. হয়, আর ইউরপের পঞ্জিকাকার জ্যোতির্বিদেরা প্রতি দিন জোয়ারেতে কোন সময়ে কয় হাত কয় আঙ্গুল জল বাড়িবে, তাহা নিরূপণ করিয়া পঞ্জিকাতে লিখিয়া থাকেন.

---

৯ পাঠ.

বিদ্যুৎ ও বজ্রপাতের বিবরণ.

নিত্যানন্দ. ওহে ভাই পরমানন্দ বিদ্যুৎ আর বজ্রপাত কিসেতে হয় ? যদি বলিতে পার, তবে অনুগ্রহ করিয়া বল.

পরমানন্দ. তবে বলি, আকাশ মণ্ডল বিদ্যুতে পরিপূর্ণ আছে, কিন্তু ঐ বিদ্যুৎ মেঘেতে ঢাকা থাকে, এই জন্যে সর্ব্বদা দেখা যায় না. যখন বড় ঝড় হয়, তখন বাতাসে মেঘকে নিয়া পৃথিবীর নিকটে উড়াইয়া ফেলে, তাহাতেই পৃথিবীতে এমন কোনো বস্তু আছে, যে সে বিদ্যুৎকে আকর্ষণ করে. সেই দ্রব্যের আকর্ষণী শক্তিতে ঐ বিদ্যুৎ আকৃষ্টা হইয়া অতি বেগে ধায়, সেই বেগের ধমকে মেঘ যখন ফাটে, তখনি বিজাতীয় শব্দ হয়, সেই বিদ্যুৎ পতনের নাম বজ্রপাত বলে.

নি. ভাল, তবে দেখিতে পাই, যে আগে বিদ্যুতের আলো দেখা যায়, তাহার পরে শব্দ শুনা যায়; অতএব জিজ্ঞাসা করি, সে দুই কি এক কালে হয় না ?

P. Yes; and the reason why we first see the lightning, and afterwards hear the thunder is, that light travels with greater velocity than sound. Sound passes in one minute only 12 kros, whilst light travels 10,000,000 kros. Thus the report takes place at the same moment with the flash of lightning, but is not heard till some time after.

N. How may a person ascertain at what distance the lightning is from him?

P. In order to know this, he must calculate the time which elapses between the lightning and the sound of the thunder. If it be heard after the space of a full minute, the lightning is at the distance of about 12 kros.

N. Have you any thing further to observe concerning lightning?

P. Lightning generally strikes the most elevated objects: for this reason, in the time of a thunder storm, it is not prudent to remain under a tree. There are also many substances which have a peculiar tendency to attract lightning; amongst which are metals. In proof of this, it has been known, that a sword sheathed in its scabbard has been melted by lightning, whilst the scabbard remained as before. A machine has been invented, which, when worked, emits sparks of fire of the nature of lightning. If a person touch the machine at the time the sparks are emitted, he feels a shock similar to that occasioned by light-

প. ওহে ভাই, তবে সে কথা আমি বলি, যখন মেঘকে ফাটাইয়া বিদ্যুৎ নির্গত হয়, তখনই শব্দ জন্মে বটে; কিন্তু শব্দ জন্মিবা মাত্র আমরা শুনিতে পাই না, কিছু বিলম্বে শুনিতে পাই. কারণ শব্দ অপেক্ষায় আলো শীঘ্র চলে, অর্থাৎ শব্দের শক্তি এই, যে আড়াই পলের মধ্যে বারো ক্রোশ চলে, কিন্তু আলো ১০০০০০০০ ক্রোশ চলে; অতএব আলো ও শব্দ এক কালে নির্গত হয় বটে, কিন্তু এক কালে সাক্ষাৎকার হয় না.

নি. ভাল, যদি কেহ জানিতে চায়, যে আপনার নিকটহইতে বিদ্যুতের আলো কত দূর অন্তরে, তবে সে কি প্রকারে জানিতে পারিবে?

প. আগে তাহাকে এইটি ঠিক রাখিতে হইবে, যে বিদ্যুতের আলোক দর্শনের কত ক্ষণ পরে শব্দ শুনা গেল; তাহার পর হিসাব করিয়া দেখিবে, যদি আড়াই পলের পরই শব্দ শুনা গেল, তবেই জানিবে যে বিদ্যুৎ প্রায় বারো ক্রোশ অন্তরে আছে.

নি. বিদ্যুৎ বিষয়ে আর কোন কথা থাকে তবে বল.

প. ঐ বিদ্যুতের পতন প্রায় উচ্চতর বস্তুর উপরেই হয়, এই জন্যে ঝটকার সময়ে গাছের তলায় থাকা উচিত নয়. কোনং বস্তুর এমনি স্বধর্ম্ম আছে, যে আরং বস্তু অপেক্ষায় বিদ্যুতের অগ্নিকে অতিশয় আকর্ষণ করে; ধাতুদ্রব্য যত আছে সে তাবতেরই ঐ স্বভাব, ইহার এই এক প্রমাণ ও পাওয়া যায়; যদি খাপে লাগান তলোয়ারের উপরে বজ্রপাত হয়, তবে ভিতরের তলোয়ার পুড়িয়া যায়, খাপ অমনি বজায় থাকে, কখনং এমনি হয়. আর কোনং পণ্ডিতেরা এক কল সৃষ্টি করিয়াছেন, সেই কল ঘুরাইলে বিদ্যুতের অগ্নির স্ফুলিঙ্গের ন্যায় স্ফুলিঙ্গ নির্গত হইতে থাকে; এবং ঐ কল ঘুরাইবার সময় যদি কোন ব্যক্তির গাত্রে লাগে, তবে তৎক্ষণাৎ

ning. When this machine was invented, learned men were anxious to ascertain whether the electric fire it produced possessed the same qualities as lightning. After trying several experiments, at last Dr. Franklin of America, a very ingenious man, considered thus: that if a substance be made to communicate between the clouds and the earth, when the electric fluid is emitted from the cloud, it will strike upon this substance, and descend to the ground. Whereupon, in the year 1752, he fixed an iron rod erect in the ground in the middle of a plain, and observing a storm coming on, sent a paper kite into the air. He then fastened the string of the kite to the iron rod. After a short time, he observed sparks of electric fire to issue from the string of the kite, by which he was apprised, that the lightning, which had communicated with the kite, was passing by the string to the iron rod. By this means he became acquainted more fully with the nature of lightning.

N. It occurs to me, that I have seen rods of iron attached to the walls of several houses in Calcutta; pray for what purpose are they fixed there?

P. These rods were invented by Dr. Franklin, the gentleman

বিদ্যুতের ঝিঞ্জিনীর মত ঝিঞ্জিনী লাগে. আর যখন ঐ কলের সৃষ্টি হইয়াছিল, তখন পণ্ডিতেরা এইটি জানিবার জন্যে বহু যত্ন করিয়াছিলেন, যে ঐ কলহইতে যে অগ্নিকণা নির্গতা হয়, তাহার স্বভাব বিদ্যুতের অগ্নির স্বভাবের মত কি না? অনেক যত্নের পর আমেরিকা দেশের ফ্রাঙ্কলিন নামে অতিশয় জ্ঞানবান্ এক জন সাহেব লোক তিনি ভাবিয়া এই স্থির করিলেন, যে কোন বস্তু যদি মেঘের সঙ্গে যোগ করা যায়, এবং সেই বস্তু মাটিতে আর কোন বস্তুর সঙ্গে বদ্ধথাকে, তবে বিদ্যুতের অগ্নি মেঘহইতে নির্গত হইবামাত্র সেই বস্তুর উপরে পড়িবে, আর তাহারি গা বহিয়া মাটির উপরকার সেই বস্তুতে আসিয়া লাগিবে; এই বিবেচনাতে ঐ সাহেব ১৭৫২ শালে একটা মাঠের মধ্যে গিয়া একটা লৌহশলাকা মৃত্তিকাতে উচ্চ করিয়া গাড়িলেন, এবং বড় মেঘের আড়ম্বর দেখিয়া সেই সময় একটা ঘুড়ী উঠাইয়া দিলেন, ও ঐ লৌহ শলাকার সঙ্গে ঘুড়ীর দড়ি বাঁধিয়া রাখিলেন; তাহার পর খানিক বিলম্বে দেখিতে পাইলেন, যে ঐ দড়ির গা বহিয়া কতক অগ্নি স্ফুলিঙ্গ পড়িতে লাগিল, তাহাতেই তিনি জানিতে পারিলেন যে বিদ্যুতের অগ্নির সঙ্গে আর ঘুড়ীর সঙ্গে যোগ হইয়াছে, আর তাহারি দড়ীর সঙ্গে যোগ হইয়া এই লৌহশলকায় আসিয়া লাগিয়াছে. ইহা সটীক বুঝিয়া তিনি এবং অন্যং পণ্ডিতেরা বিদ্যুতের অগ্নির যথার্থ স্বভাব জানিতে পাইয়াছিলেন.

নি. ভাল, তবে আর একটা কথা জিজ্ঞাসা করি, বল. সহর কলিকাতার অনেকং সাহেব লোকের ঘরের দেওয়ালের কাছেং একটাং লোহার উচ্চং সীক পোঁতা আছে দেখিয়াছি, সে কিসের জন্যে?

প. তবে বলি শুন, ঐ ফ্রাঙ্কলিন সাহেব বজ্রপাতের অগ্নি ভয়

above mentioned, who in order to obviate the dangerous effects of lightning, instructed persons to fix on the side of their houses an iron rod, reaching higher than the building, and pointed at the top. The lightning being attracted by this rod, which is denominated a conductor, passes into the ground without injuring the house. The fastenings by which the rod is joined to the wall are of wood, which has no attractive power, and therefore does not cause the lightning to enter the wall. Were a person to touch the rod at the time that the lightning falls upon it, he would instantly be killed.

N. I feel a degree of terror on hearing of the destructive effects of lightning. How great and terrible is the power of God, by whose will each of the elements is ordered!

LESSON X.

Of Meteors.

Porom-anundo. When walking abroad on a starlight evening, have you ever observed, as it were, a spark of fire falling from the sky?

Nityo-anundo. I have frequently observed what you describe.

P. Well, and what have been your ideas on the subject?

N. I have thought thus, There is a star falling, and have been greatly afraid:—what, then, is it not so?

নিবারণের জন্যে প্রথমে লোককে বলিয়া দিয়াছেন, যে আপনং ঘরের লাগাও একটা চাইতে বড় উচ্চ একং টা লোহার সীক গাড়িয়া রাখিবা, আর ঐ সীকটা যেন ঘরহইতে খানিক উচ্চ থাকে; এবং তাহার আগাটা যেন সূচলা হয়, তাহাতে বিদ্যুতের অগ্নি ঘরের উপরে পড়িলেও কিছু ক্ষতি না করিয়া কেবল ঐ লোহার সীকের উপর দিয়া মাটীতে পড়িবে. ঐ সীক যে ঘরের সঙ্গে স্থানেং বদ্ধ থাকিবে, সে কিছু কাষ্ঠ সংযোগে বদ্ধ করিয়া রাখিতে হইবে, কেননা কাষ্ঠেতে আকর্ষণ শক্তি নাই, এই প্রযুক্ত ঘরের মধ্যে প্রবেশ করিতে পারিবে না. কিন্তু বিদ্যুৎ যখন পড়ে, সেই সময়ে যদি কেহ ঐ লোহার সীক স্পর্শ করে, তবে সে হঠাৎ মারা পড়িবে.

নি. ওহে ভাই, তোমার মুখে বিদ্যুতের নাশক শক্তি শুনিয়া আমার মনে বড় চমক্ লাগিতে লাগিল. যাঁহার নিয়মেতে এ সকল কর্ম্ম হয় এমন যে ঈশ্বর তাঁহার ক্ষমতা যে কত দূর ইহা কে বলিতে পারে ?

---

১০ পাঠ.

উল্কাপতনাদির বিবরণ.

প. ওহে ভাই নিত্যানন্দ, রাত্রি যোগে কখনং আকাশহইতে অগ্নির ন্যায় খসিয়া পড়িতে দেখিয়া থাকিবা, এমন মনে হয় ?

প. হাঁ, তাহা অনেক বার দেখিয়াছি বটে.

প. তবে সেটা কি বুঝিয়াছ, বল শুনি ?

নি. সে কি জান, আকাশহইতে তারা খসিয়া পড়ে, এবং তাহা দেখিলে যথেষ্ট ভয় ও জন্মে. তবে সে কি তারা খসা নয় ?

P. No, certainly not. Consider again, were a star to fall, it would not be a matter of small moment; for you recollect what has been said as to the size of stars. Consequently, were a star to fall upon the earth, the globe might at once be annihilated! We do not imagine, therefore, that the stars will fall before the day come, in which the universe will be destroyed. Well, have you observed any thing else besides this?

N. Yes, I recollect to have seen, as it were, a ball of fire pass along the sky, the appearance of which occasions much alarm to the people, who imagine, that during the year some great calamity will take place. But besides these, I have observed another kind of light, known by the name of a Fire-spirit. It is seen at evening near to ghauts, or by the side of roads, in bogs and marshy grounds, and has the appearance of a taper. It is likewise constantly moving about, first here, then there; now it suddenly lights into a blaze, again in a moment it is extinguished, and thus it continues during the night. But this is not all: should a traveller chance to pass that way, the spirit, causing him to lose the road, leads him into a ditch or into a jungul, where he perishes! I can tell you, I have been more terrified at this than the former two.

P. This is not at all surprising. I have been afraid also. But now, as to the cause of these appearances, what is your opinion?

প. তাহা কেন হবে; বিবেচনা করিয়া দেখ, তারা যে খসিয়া পড়ে, এ বড় সামান্য কথার কথা নয়; কেননা তারা গুলি যত বড়ং তাহা পূর্ব্বেই কহা গিয়াছে; অতএব বিবেচনা কর দেখি, একটি তারা খসিয়া যদি পৃথিবীতে পড়ে, তবে পৃথিবী সুদ্ধ একে-বারে রসাতল হইয়া যায়. এমন বোধ হয়, যে যাবৎ পর্য্যন্ত মহা প্রলয়ের দিন না আসিবে, তাবৎ পর্য্যন্ত তারা কখনো খসিয়া পড়িবে না. ভাল, তেমন আরও কিছু দেখিয়াছ, মনে পড়ে?

নি. হাঁ দেখিয়াছি বটে, সে কেমন? যেমন আকাশহইতে যেন আগুনের কুন্দো পড়ে, যাহাকে লোকে বলে উল্কাপাত. যে বৎসরে ঐ উল্কাপাত হয়, সে সনে লোকের অন্তঃকরণে বড় ভয় হয়, কেননা মনে ভাবে যে এ সনে কি অমঙ্গল ঘটিবে? আমি রাত্রিতে আরও এক প্রকার দেখিয়াছি, সে কি তাহা জান? এই লোকে যাহাকে এলে ভূত বলে, তাহাও দেখিয়াছি, সে কি প্রকার? না, কোনং পথে ঘাটে কিম্বা মাঠে যেখানে মরা বিল গুলা থাকে, সেই খানেতে সন্ধ্যা পর্য্যন্ত প্রদীপের মত জ্বলে দেখা যায়; এবং এখান-হইতে ওখানে, আরবার ওখানহইতে সেখানে গিয়া পড়িতেছে. আর মধ্যেং দপ্ করিয়া জ্বলিতেছে, আরবার ফুক্ করিয়া নিবিঁ-তেছে, এই রূপটা সকল রাত্রি করে. সে আরবার সামান্য আপদ্ নয়, তাহার সম্মুখে গিয়া পড়িলে ভুলাইয়া কোন বিল খালে অথবা ঝোড়ে জঙ্গলে নিয়া গিয়া ফেলে; হেদে শুন, আগেকার গুলা অপেক্ষা এটা আমার বড় ভয়ানক বোধ হয়.

প. ভালং তুমি যে ভয়ানক ঠাহরাইয়াছ সে কিছু বড় আশ্চর্য্য নয়, তাহা দেখিয়া আমিও ভয় পাইয়াছিলাম; তবে এগুলা কি ইহার কারণ কিছু বলিতে পার?

নি. না, আমিতো কিছু বলিতে পারি না, তুমি যদি জান তবে বল.

N. I can say nothing as to that. If you can explain it, please to do so.

P. Well, you will observe, then, that they are nothing more than a kind of air. In the atmosphere and in the earth is a kind of inflammable air, which sometimes suddenly lights into a blaze.

N. Well, but I would ask, if they be merely air, why does this last lead people into bogs and fens? and again, why does it go away when you approach?

P. I will tell you: the reason why people are led into bogs and fens is, that in the neighbourhood of these, this kind of air is produced. Further, as to the cause why they retire from us, you will observe, that if we attempt to catch a light cobweb that is floating in the air, it recedes, being carried forward by the current of air occasioned by the body of the person who pursues them; so those lights, being air only, easily recede at our approach.

N. I thank you for this explanation, and shall now be less afraid of these appearances. I perceive also that moral instruction may be gained from this relation. For as travellers who follow the Ignis-fatuus are liable to fall into pits, so they who follow the pleasures of the world, which are empty as vapours, are in danger of falling into eternal misery.

প. তবে শুন, ঐ সকলের মূল এক বায়ু বিশেষ; তাৎপর্য্য কি, যে আকাশে এবং পৃথিবীতে এক প্রকার অগ্নি বায়ু আছে, তাহার শক্তি এই, যে কোন প্রকার সংযোগ বিশেষ হইবামাত্র দপ্ করিয়া জ্বলিয়া উঠে, তাহাতেই আলো হয়.

নি. ভাল, ও কথাটি শুনিলাম, কিন্তু একটি কথা জিজ্ঞাসা করি, কেবল বায়ু বিশেষ মাত্র যদি হইল, তবে লোককে ভুলাইয়া লইয়া বিলেতে ফেলে কেন? আর কাছে যাইতে লাগিলে দূর হয় কেন?

প. শুন, হে ভাই, যেখানে২ মরা বিলের ধারে কাদা থাকে, ঐ বায়ু সেই খানেতেই জন্মে, সুতরাং তাহার কাছে যাইতে লাগিলে পাঁকে পড়িতে হয়. আর দূর হয় কেন, তাহা শুনিবা? যেমন লোকপ্রসিদ্ধ একটা বস্তুকে আকাশের বুড়ীর সূতা বলে, সে যখন শূন্যেতে উড়িয়া আসিতে থাকে, তাহাকে ধরিতে গেলে মানুষের গায়ের বাতাসে দূরহইতে থাকে, এও তেমনি, অর্থাৎ বায়ু বিনা আর কিছু নয়. অতএব তাহার নিকটে গেলে মানুষের গায়ের বাতাসে দূর হইয়া পড়ে.

নি. ওহে ভাই. এই সকল বিষয় তোমার বুঝানেতে আমি কৃত-কৃত্য হইলাম, এবং এই অবধি আমি আরতাহাতে এত ভীত হইব না. আর দেখ তোমার কথাতে আমার এই একটা উপদেশ ও জন্মিল, যেমন কোন পথিক ব্যক্তি পথ হারাইয়া ভ্রান্তিক্রমে ঐ আলিয়ার পশ্চাৎ গমন করিয়া শেষে গিয়া খানার মধ্যে পড়ে, তেমনি যাহারা ভুলিয়া এই অসার সংসারে মনকে আসক্ত করে তাহারা চির কালের তরে দুঃখে পড়ে.

LESSON XI.

Of the Rainbow.

Porom-anundo. Have you not observed, that after showers, there sometimes arises in the sky a bow of various colours?

Nityo-anundo. Yes, it is called Indra's bow, and its appearance is very surprising: people say also, that when Indra strings his bow, then it appears; afterwards, when he unstrings it, it ceases to be visible. I may add also, that from my infancy I have been accustomed to regard this saying: now, however, I begin to doubt its being correct, since, although this object certainly has the appearance of a bow, yet when it disappears, instead of becoming at once straight, like a bow that is unstrung, it vanishes, sometimes by degrees, at others piece by piece. However, no matter as to that, since probably you are acquainted with the whole matter.

P. I will endeavour to explain it to you. When there are clouds, with showers of rain, towards the east or west, the rays of the sun from behind these clouds fall upon the drops of rain, and occasion this variegated reflection in the sky. If you wish to be further satisfied of this, take a glass filled with water, and let the rays of the sun pass through it, when you will perceive that the colours of the rainbow are produced.

N. I am persuaded that the reason which you assign is just.

১১ পাঠ.

মেঘধনুকের বিবরণ.

পরমানন্দ. ওহে ভাই, তোমাকে একটা কথা জিজ্ঞাসা করি, কখনং আকাশেতে মেঘারম্ভ হইলে ধনুকের মত বেঁকা চিত্র বিচিত্র কি উঠে, তাহা তুমি দেখিয়া থাকিবা?

নিত্যানন্দ. হাঁ, তাহা দেখিতে বড় চমৎকার বটে; লোকে তাহাকে রামধনুক বলে. আর ও বলে, যে ইন্দ্র যখন ধনুকে ছিলা দেন, তখনি সে প্রকাশ পায়; পুনশ্চ ধনুকের ছিলা খসাইলে আর দেখা যায় না. এবং আমিও বালক কালাবধি ঐ কথা ঠিক জানিয়া আসিতেছিলাম বটে, কিন্তু আর সে কথা আমার বড় একটা মনে লয় না; কেননা আমি দেখিয়াছি, যখন হয় তখন ঠিক ধনুকের মত হয় বটে, কিন্তু যখন মিলাইয়া যায়, তখন ছিলা খসান ধনু-কের মত সোজা না হইয়া কখন অমনি মিলিয়া যায়, কখন বা খণ্ডং হইয়া মিলিয়া যায়. সে যাহা হউক, এ কিসে হয়, আপনি বুঝি এ বিষয় জ্ঞাত থাকিবেন?

প. হাঁ, তাহা জ্ঞাত আছি বটে, অতএব এখন তোমাকে জানা-ইতেছি, শুন. যখন পূর্ব্বে কিম্বা পশ্চিমে মেঘহইতে বিন্দুং বৃষ্টি পড়ে, তখন তাহার বিপরীত দিকে যদি সূর্য্যের প্রকাশ হয়, তখন ঐ বৃষ্টির বিন্দুতে সূর্য্যের তেজ লাগে, তাহাতেই চিত্র বিচিত্র রঙ্গ ধনু-কের মত আকার দেখা যায়. ইহা যদি প্রত্যক্ষ প্রমাণে দেখিতে চাহ, তবে একটা গ্লাসের পাত্রে জল ভরিলে তাহার উপরে যদি সূর্য্যের কিরণ লাগে, তবে তেমনই নানা রঙ্গ দেখা যাইবে.

নি. ভালং তুমি যে কথা কহিতেছ সে প্রমাণ বটে, শুনিয়া তুষ্ট হইলাম.

LESSON XII.

Of Water-Spouts.

Porom-anundo. Have you ever heard it related by persons who have come from up the country by water, that sometimes a tremendous gust of wind descends upon the river, which causing a whirlpool, carries the water into the sky. If a boat come within the vortex of this whirlpool, it goes to the bottom.

Nityo-anundo. Yes, I have heard of this. People say that it is Indra's elephant, which descends to drink water. Can you give any further account?

P. It is occasioned thus. The currents of wind in the regions of the air are exceedingly powerful. Now, if two of these currents of wind, arising from opposite quarters, meet each other, their strength being opposed forces them downward, which occasions the whirlwind. They are seen chiefly at sea, or on large rivers, but sometimes also on the land, when they destroy houses, trees, &c. If they descend on the sea, they draw the waters into the air, or falling on a ship, presently reduce it to a wreck. The sailors, therefore, on observing a water-spout near, are accustomed to fire cannon. The air being dispersed by the discharge of the cannon, the mischief is prevented.

১২ পাঠ.

ঘূর্ণা বাতাসের বিবরণ.

পরমানন্দ. ওহে ভাই নিত্যানন্দ, এখন আর একটা কথা জিজ্ঞাসা করি, তুমি এ বিষয় কিছু শুনিয়াছ, যে যখন লোক পশ্চিম দেশে বড়২ নদীতে নৌকায় গমনাগমন করে, তখন কখনং এমন হয়, যে নদীর উপরে অতিশয় ঘূর্ণা বাতাস পড়ে? সেই বাতাসে নদীর জল শূন্য পথে আকাশে উঠে. আর ঐ ঘূর্ণার সম্মুখে যদি নৌকা পড়ে, তবে ঘূরিতেং একেবারে তলাইয়া যায়.

নিত্যানন্দ. হাঁং শুনিয়াছি বটে, তাহাকেই বুঝি লোকে বলে, জল তুলিতে হাতি নামা. ভাল ঐ বিষয়ের বিবরণ কিছু বলিতে পার?

প. হাঁ পারি, তাহা বলি. যখন আকাশমণ্ডলেতে অতিশয় প্রবল বাতাস উপস্থিত হয়, তখন বিপরীত গতিতে দুই দিক্‌হইতে দুই প্রবল বাতাস বহিতে লাগিলে বাতাসেং পরস্পর ঠেকাঠেকি হইয়া দুয়ের বেগেতে জড়াজড়ি হইয়া নীচে পড়ে; তাহাতে ঐ প্রকার বায়ুর ঘূর্ণান হয়, আর যে নীচে পড়ে এ প্রায়ঃ সমুদ্রেতে ও বড়২ নদীতেই পড়ে. কিন্তু কদাচিৎ ডেঙ্গাতে ও পড়ে. যদি ডেঙ্গায় পড়ে, তবে লোকের বাটী ঘর দ্বার ও গাছ পালা একেবারে ভাঙ্গিয়া চূর্ণ হইয়া যায়. আর সমুদ্রে যখন পড়ে, তখন জলকে টানিয়া নিয়া আকাশে তোলে. অন্য কথা আর কি বলিব? তাহার সম্মুখে যদি জাহাজ পড়ে, তখনি সে গরক হয়, এ জন্যে জাহাজের নাবিকেরা তাহারি আসিবার সম্মুখে তোপ দাগে; সেই তোপের ধমকে ঐ বাতাস ছিন্ন ভিন্ন হইয়া পড়ে, তাহাতে কিছু ক্ষতি করিতে পারে না.

LESSON XIII.

Contemplation of the Divine Perfections, as exhibited in the Creation.

Nityo-anundo. I have been exceedingly interested by the account you have given me of the earth and the heavens, and feel greatly indebted to those learned men by whose laborious researches we are become possessed of this knowledge. I am likewise now more fully sensible of the value of science, and have yet a further question to propose, which is,—We are ready to express our admiration of the works of men; whence then is it that for the most part we do not regard the works of the Creator, which are so much more wonderful? For instance, as lights are suspended in a hall, so God has fixed the sun, the moon, with the planets and stars, as lamps in the heavens; why then do not these, as well as his works that are in the earth, in a greater degree engage our attention?

Porom-anundo. One reason of this may be, that what we see daily, be it ever so astonishing, in time becomes familiar, and thus ceases to attract our notice. However, no doubt the true cause is, that the mind of man is corrupted by sin, and therefore feels indisposed to the contemplation of God or his works.

N. What you advance is indeed the truth; herein I take blame to myself, that I have hitherto been so negligent of this duty. I thank God, who has bestowed upon me the capacity of

১৩ পাঠ.

সৃষ্টিকর্ত্তার আশ্চর্য্য গুণের বিবরণ.

নিত্যানন্দ. ওহে ভাই, পৃথিবীর ও আকাশের সকল বিবরণ শুনিয়া বড় আহ্লাদিত হইলাম, এবং যাঁহারা এত পরিশ্রম করিয়া এই সকল বিদ্যা প্রকাশ করিয়াছেন, তাঁহারদের কাছে কেনা থাকিলাম. আর বিদ্যার যে গুণ তাহা ও সবিশেষ অবগত হইলাম. এখন আর ও একটি কথা জিজ্ঞাসা করি, মানুষেতে যে সকল চিত্রকর্ম্মাদি ও শিল্পকর্ম্ম করে, তাহাতেই লোক চমৎকৃত হয়; কিন্তু ঈশ্বর যে সকল অদ্ভুত কর্ম্ম করিয়াছেন, অর্থাৎ বড়২ দালানের ভিতর যেমন ঝাড় লণ্ঠন সকল টাঙ্গান থাকে, তেমনি শূন্যেতে চন্দ্র তারা ও গ্রহ সকলকে টাঙ্গাইয়া রাখিয়াছেন. পৃথিবীতে যেং কর্ম্ম করিয়াছেন, এ বিষয় যে প্রায় কেহ মনোযোগ করিয়া দেখে না, ইহার কারণ কি ?

প. ওহে, ইহার কারণ বুঝি এই হইতে পারে, যে মানুষে যাহা প্রতি দিন দেখিতে পায়, সে যদি বড় চমৎকার ও হয়, তথাপি দেখিতেং চমৎকার বোধ আর থাকে না. কিন্তু অনুমান করি ইহার মূল কারণ এই হইতে পারে, যে মানুষের অন্তঃকরণ পাপেতে আসক্ত, এই প্রযুক্ত ঈশ্বরের প্রতি ও তাঁহার কর্ম্মের প্রতি এক বার ফিরিয়া দেখে না.

নিত্যানন্দ. তুমি যে কথা বলিতেছ, সেই কথাই বাস্তব বটে, আর ঐ পর্য্যন্ত আমি যে ঐ সকল বিষয়ে অধিক মনোযোগ করি নাই ইহাতে আপনা আপনি দোষ স্বীকার করিতেছি. যাহা হউক, এই ক্ষণে সেই সকল দেখিবার নিমিত্তে যিনি আমারদের চক্ষু দিয়াছেন তাঁহাকে ধন্যবাদ করি. আর তিনি যেন এই করেন,

sight, and henceforth may I be mindful of his works, rather than of the works of man. If you will kindly proceed to inform me as to the being and attributes of the Creator, I shall be still further obliged.

P. It is indeed entirely beyond my power, or that of any one, adequately to describe to you the perfections of God. They are, however, in a considerable degree made known to us by the creation: for as when beholding a very magnificent building, we instantly draw the conclusion, that it was framed by a workman of superior capacity; so, whilst contemplating the sun, moon, and stars, together with the earth, and its rivers, trees, &c. we may certainly conclude, that the wisdom, power, and goodness of the Creator are infinite.

Further: we have discoursed concerning the works of nature, and, guided by the discoveries of learned men, have assigned the laws by which they are governed: let it, however, be always kept in mind, that whatever causes may exist, they exist not of themselves, but are in every respect subject to the will of the Creator. He is the universal Ruler. As subjects are obedient to the commands of their sovereign, so every atom of the creation is subject to the will of God. It is he that makes the sun to rise, the winds to blow, the tides to swell, the rain to fall, and the trees to bear their fruit. It is by his power that the earth

যে মানুষের কৃত চমৎকারে চমৎকৃত না হইয়া বরঞ্চ তাঁহার কর্ম্মের প্রতি মনকে স্থির রাখি. তবে এখন তাঁহাতে অর্থাৎ ঈশ্বরেতে যেং গুণ আছে, তাহা যৎকিঞ্চিৎ যদি শুনাইতে পার তবে আর ও সন্তুষ্ট হই.

প. ওহে ভাই, আমার কি এত শক্তি আছে, যে ঈশ্বরের গুণ যথার্থ রূপে শুনাইতে পারি? যে হেতুক তাঁহার গুণের কথা কি পর্য্যন্ত সে মানুষের বোধ গম্য নয়. তবে কি তাঁহার কীর্ত্তি সকল দেখিয়া যৎকিঞ্চিৎ অনুমান করা যায়, যেমন কোন সুন্দর অট্টালিকা দেখিলে বোধ হয়, যে এ অট্টালিকা অবশ্য কোন অতিশয় গুণবান্ ব্যক্তি নির্ম্মাণ করিয়াছেন; তেমনি আকাশ, ও পৃথিবী, ও চন্দ্র, সূর্য্য, তারা, পর্ব্বত, নদী, বৃক্ষ, ডাল, পালা প্রভৃতি তাঁহার অপূর্ব্ব সৃষ্টি দেখিলে অবশ্য অনুমান করা যায়, যে যাঁহার বুদ্ধির ও শক্তির ও দয়ার সীমা নাই, এমন জগতের আদি কারণ এক জন সৃষ্টিকর্ত্তা আছেন.

আর বিজ্ঞ লোকেরা সৃষ্টি বিষয়ে নানা অনুসন্ধান করিয়া যে পর্য্যন্ত জানিতে পারিয়াছেন, ও নানা কর্ম্মের নানা কারণ যেমন নিরূপিত করিয়াছেন, তদনুসারে প্রমাণ দিয়া আসিতেছি; কিন্তু আমারদের মনের মধ্যে যেন এই প্রকার দৃঢ় বোধ থাকে, যে সৃষ্টির মধ্যে যত নিয়ম ও যত কারণ আছে, সে আপনা আপনি হয় নাই, ঐ সকলই ঈশ্বরেব স্থাপিত, তিনিই সকলের রাজা; আর রাজ্যেতে প্রজা সকল যেমন রাজার আজ্ঞামতে চলে, তেমনি ঈশ্বর যে বিধি ব্যবস্থা দিয়াছেন তদনুসারে তাবৎ সৃষ্টি চলিতেছে জানিবা. দেখ ইনি প্রতি দিন সূর্য্যের উদয় করাইতেছেন, এবং বায়ু বহাইতেছেন, নদীতে জোয়ার ভাটা খেলাইতেছেন, মেঘেতে বৃষ্টি বর্ষাইতেছেন, গাছেতে উপযুক্ত সময়ে ফুল ফল ধারণ করাইতেছেন; আর জীব মাত্রের

brings forth corn and grass, by which both man and beast are sustained. Why then are we so regardless of the operations of his hand? Were a person to rise from the dead, how great would be our astonishment; and yet, what may be deemed no less miraculous, is every day before us. See the corn in the fields: a grain is cast into the ground and perishes—but lo! after many days it revives, and springing up into a tree, brings forth fruit. Do we not in this behold a divine agency!

But in what manner shall we speak of his mercy! If subjects in all things obey their sovereign, and he in return is careful on their account, we say that such a prince is beneficent. But see, mankind are continually disobeying the commands of God, yet he daily provides for their support; and not only so, but exercising long forbearance in the punishment of our crimes, he sets before us the means whereby we may obtain both present and eternal happiness! Again, for a moment consider how altogether insignificant we are; that in comparison of him, we are less than nothing! In the sight of God, the globe itself is but as an atom; and what, then, are we! May we not, therefore, well be surprised that he should exercise such care concerning us!

Again, it is customary for an earthly prince to conduct the affairs of his kingdom through the medium of various officers; but God, who is omnipotent and omnipresent, himself manages every part of his government. As a weaver sitting at his loom

প্রতিপালন হয় এমন নানা শস্য ও যাস ইত্যাদি উৎপন্ন করাইতে-ছেন. এই যে সকল তাঁহার আশ্চর্য্য কর্ম্ম তাহা আমরা বিবেচনা কেন না করি? যদি কোন মৃত ব্যক্তি সজীব হইয়া গাত্রোত্থান করে তবে তাহাতে সকলেই চমৎকার বোধ করে; কিন্তু ঈশ্বর সকলের গোচরে প্রতি দিন তেমনি চমৎকার কর্ম্ম দেখাইতেছেন, অর্থাৎ ক্ষেত্রেতে বীজ বপন করিলে সেই বীজকে পচাইয়া, অঙ্কুর উঠা-ইয়া সজীব করিতেছেন, পুনর্ব্বার সেই অঙ্কুরকে ক্রমেতে গাছ প্রস্তুত করিয়া ফল ফুল ফলাইতেছেন. বল দেখি, ঈশ্বর বিনা এ কি আর কাহার শক্তি হয়?

এবং তাঁহার দয়ার কথা আর কি বলিব? যদি প্রজাগণে রাজার আজ্ঞা মানে, তবে রাজা তাঁহারদের রক্ষণাবেক্ষণ করেন, তাহাতে সকলেই সেই রাজাকে দয়াশীল করিয়া মানে. ভাল, তবে এখন দেখ, মনুষ্য সকল পরমেশ্বরের আজ্ঞা লঙ্ঘন করিয়া আসিতেছে, তত্রাপি তিনি দিনেং তাহারদের প্রতিপালন করিতেছেন. এবং হঠাৎকার তাহারদের পাপের উপযুক্ত শাস্তি না দিয়া, ইহকাল পরকাল যাহাতে রক্ষা পায় এমন উপায় দেখাইয়া দিতেছেন. আর তাঁহার দৃষ্টিতে মনুষ্য যে কি পর্য্যন্ত ক্ষুদ্র, মনের মধ্যে ইহাও যেন একবার বিবেচনা করি. যে হেতুক এই যে ভূমণ্ডল এও ঈশ্বরের সৃষ্টির মধ্যে যেন একখানি সরার মত ক্ষুদ্র, তবে বল আমরা কোন খানে লাগি; তত্রাপি পরমেশ্বর যে আমারদের মঙ্গলের নিমিত্তে এত যত্ন করেন, বিবেচনা করিয়া দেখ ইহার পর আর বড় চমৎকার কি আছে?

আর এ জগতের রাজা সকল আপনারং কর্ম্ম চালাইবার জন্যে নায়েব পেস্কার দেওয়ান মুচ্ছুদ্দী অনেকং চাকর নিযুক্ত করেন, কিন্তু সর্ব্বব্যাপী সর্ব্বশক্তিমান্ পরমেশ্বর তিনি কাহারও অপেক্ষা করেন না, আপনার কর্ম্ম আপনি অনায়াসে চালাইতেছেন; তাঁহার

easily directs the shuttle, so God directs the course of the stars and planets, together with that of universal nature! Moreover, with us it is impossible rightly to attend to more than one object at a time: it is not so with God, who at the same time observes and superintends all things!

But he is invisible. No one has seen or can see God. Also he is without either beginning or end, and is at all times one and the same. Here upon earth, every thing is subject to change: to-day we are, to-morrow we are not. We pass from childhood to youth, from youth to manhood, from manhood to old age. It is otherwise with God: yesterday, to-day, and for ever he remains the same!

He is perfectly pure, that is, he is free from sin, and from the least participation of those corrupt affections which inhabit the human breast. As light is opposed to darkness, so God is opposed to sin: and as the sun chases away the night, so his word dispels the ignorance and evil dispositions of the mind.

Let us remember, likewise, that he is omnipresent. You are here in a room, and if you wish to go into another, you must leave this. You cannot be in two rooms at once; but God, who is a spirit, is at the same time in every place. With him is no going or coming. As the sun having arisen, sheds its beams to every part of the creation; so God is present every where, and in all things, yet is separate from all. As may by observed with respect to heated iron: the fire, which is in every part, still

যেমন তাঁত বুনিতে বসিয়া অনায়াসে মাকু চালায়, ঈশ্বর তেমনি গ্রহ নক্ষত্রাদি সকলকে চালাইতেছেন. আর আমরা এক কালে কেবল এক বিষয় বিনা অন্য বিষয়ে মন রাখিতে পারি না, কিন্তু তিনি এক সময়ে সকলের উপরে সর্ব্বদা সমান মনোযোগ ও দৃষ্টি করিতেছেন.

তিনি অদৃশ্য, অর্থাৎ তাঁহাকে দেখা যায় না; এবং অনাদি, অর্থাৎ তাঁহার আদি নাই; এবং অনন্ত, অর্থাৎ তাঁহার শেষ নাই. আর সকল সময়েতেই এক ভাবে আছেন. পৃথিবীর সকল বস্তুই আজি এক প্রকার, কালি অন্য প্রকার, আর আমারদের বাল্য যৌবন বার্দ্ধক্যাদি নানা অবস্থা আছে; ঈশ্বর তেমন নহেন, তিনি ভূত, ভবিষ্যৎ, বর্ত্তমানে সমান রূপেই আছেন.

তিনি নির্ম্মল, অর্থাৎ তাঁহাতে মলিনতা নাই. মানুষ সকল যেমন কাম ক্রোধ লোভ ইত্যাদি নানা প্রকার কুস্বভাবে পরিপূর্ণ, ঈশ্বরে তাহার লেশ ও নাই; তিনি দীপ্তির ন্যায় নির্ম্মল, পাপ যে বস্তু সে তাঁহার নিতান্ত ঘৃণিত জানিবা. দেখ, সূর্য্যের দীপ্তিতে যেমন অন্ধকার বিনাশ করে, তেমনি তাঁহার কথাতে মানুষের পাপ আর অজ্ঞানতা ঘুচিয়া যায়.

আর দেখ, তিনি সর্ব্বব্যাপী, অর্থাৎ সর্ব্বদা সকল ব্যাপিয়া আছেন. আমরা দুই জন এখন এখানে আছি, কিন্তু ভিন্ন স্থান ইচ্ছা হইলে এ স্থান পরিত্যাগ করিয়া সে স্থানে যাই, দুই ঠাঁইতে এক কালে থাকিতে পারি না; কিন্তু ঈশ্বর তেমন নহেন, তিনি আত্মারূপে সর্ব্বদা সর্ব্বত্র আছেন, তাঁহার আসা যাওয়া নাই. সূর্য্যের উদয়েতে যেমন আলো সর্ব্বস্থানে লাগে, সেই প্রকার ঈশ্বর সর্ব্বত্র ব্যাপিয়া আছেন, কিন্তু কাহাতেও লিপ্ত নহেন, অর্থাৎ মিশ্রিত হন না; যেমন লোহ আগুনে তাতাইলে ঐ লোহার সর্ব্বাবয়ব ব্যাপিয়া আগুন থাকে,

remains separate; so God is in all things, and yet he is separate from all.

He is omniscient, that is, he knows every thing. He who is every where present, must needs be privy to whatever is said or done. As by the light of the sun every object becomes visible, so whether by night or day, all things are open to the view of God. He is fully acquainted with even our most secret thoughts! Again, it happens with us, that what we learn to-day we forget to-morrow; and as to what will take place on the morrow, we are wholly ignorant. God, on the contrary, sees and knows alike the past, the present, and the future: nothing can possibly be hid from his inspection. We see in part his glory inscribed on his works; but who can comprehend rightly his infinite perfections! In conclusion, it is he that has created us, that sustains our lives, and will hereafter be our judge. Let us, therefore, by yielding obedience to his precepts, endeavour to show forth his praise.

LESSON XIV.

Of the Compass.

Nityo-anundo. I have been informed, there is a kind of ore called the loadstone, which possesses very peculiar properties. I should be greatly obliged by your describing to me its nature more particularly.

Porom-anundo. The qualities of this stone are indeed very surprising. If placed near to iron or steel, it draws them to

তথাপি লোহাতে আগুন মিশ্রিত হয় না, তেমনি পরমেশ্বর কোন বস্তুতে মিলিত হয়েন না.

তিনি সর্ব্বজ্ঞ, অর্থাৎ সকল জানেন; কেননা সর্ব্বব্যাপী যিনি, তিনি অবশ্য সর্ব্বদা সকল দেখিতে পান; যেমন সূর্য্যের আলোকে সকল বস্তু প্রকাশ পায়, তেমনি দিবা রাত্রি সর্ব্ব ক্ষণে তাবৎ বস্তুই পরমেশ্বরের গোচরে দেদীপ্যমান রূপে প্রকাশ পাইতেছে. দেখ, আমারদের অতি গুপ্ত যে মনের চিন্তা, তাহা ও তিনি সুন্দর জ্ঞাত আছেন. আর আমরা আজি যাহা অভ্যাস করিলাম, কালি তাহা ভুলি, এবং কালি কি হইবে তাহার কিছুই জানি না; কিন্তু কি ছিল, ও কি হইতেছে, এবং কি হইবে, এই প্রকার ভূত, ভবিষ্যৎ, বর্ত্তমান সকলই সর্ব্বদা সম্পূর্ণ রূপে ঈশ্বর জ্ঞাত আছেন, তাঁহার কাছে কিছু ছাপা নাই. আর সৃষ্টির দ্বারা তাঁহার যে মহিমা প্রকাশ পাইতেছে, তাহা ও আমরা দেখিতে পাইতেছি; কিন্তু তাঁহার নিজের মাহাত্ম্য যে কত দূর, কাহার সাধ্য আছে, যে সে সকল বলে. তবে কি না, তিনি আমারদের সৃষ্টি প্রতিপালন শাসন কর্ত্তা, অতএব তাঁহার আজ্ঞা মানিয়া সর্ব্বদা সকলে তাঁহার প্রশংসা ও গৌরব যেন করি.

---

১৪ পাঠ.

চুম্বক পাতর আর কোম্পাশের বিবরণ.

নিত্যানন্দ. ওহে ভাই, চুম্বক পাতর নামে যে এক প্রকার পাতর আছে আমি শুনিয়াছি, তাহার না কি বড় চমৎকার গুণ? সে বিষয়ের কিছু যদি জান, তবে অনুগ্রহ করিয়া বল শুনি.

পরমানন্দ. হাঁহে ভাই, ঐ পাতরের গুণ যে বড় চমৎকৃত শুনিয়াছ, সে সত্যই বটে; অতএব সে কথা কিছু বলি শুন. সে পাতর

itself, and adheres so closely, that it cannot be separated without force. The loadstone will lift not merely a piece of iron that is of the same weight with itself, but those that are much heavier; so that a magnet weighting one seer will attract a piece of iron that weighs ten seers. If the iron be covered, it will nevertheless be attracted by the loadstone. And what is still more remarkable, if a piece of iron remain long near to a loadstone, it at length partakes of its qualities, and yet the powers of the magnet are not at all diminished. By what means the iron imbibes the virtue of the loadstone, is a question not easy to be solved. When a piece of steel is rubbed by a loadstone, its power of attraction becomes nearly equal to that of the magnet. That the virtues of the loadstone may thus be imparted to iron, is of great advantage to mankind, since the stone itself is very scarce. But another singular property of this stone is, that it points always directly to the north and south. Also a needle which has been rubbed by the loadstone, if placed horizontally on a pivot, points to the north and south poles. This property is so inseparable from the loadstone, that it will never turn its north pole to the south, or its south pole to the north. It is this quality which, more than any other, renders the magnet

যদি কোন লৌহের কিম্বা ইস্পাতের নিকট থাকে, তবে নিজ শক্তিতে সেই লৌহ এবং ইস্পাতকে আপনারদিগকে টানিয়া আনে, পুনর্ব্বার তাহা ছাড়াইতে গেলে বল না দিলে সহজে ছাড়ে না. আর সমানং তৌলের চুম্বক পাতর যে কেবল সমান তৌলের লোহাকে কিম্বা ইস্পাতকে টানে এমন নয়, ফলতঃ এক সের তৌলের চুম্বক পাতর দশ সের তৌলের লোহাকে আকর্ষণ করিয়া থাকে. চুম্বক পাতর আর লোহা এই দুইর মধ্যে যদি আর কোন দ্রব্য ব্যবধান থাকে, তথাপি চুম্বক পাতর লোহাকে টানে. এই চুম্বকের আর এক টুকি গুণের কথা বলি, চুম্বকের নিকটে লোহা থাকিলে সে অবশ্য চুম্বকের কিছু শক্তি গ্রহণ করে, কিন্তু চমৎকার এই, যে তাহার শক্তি কিছু কমে না. যে প্রকারে লোহাতে চুম্বকের গুণ হরণ করে, সে প্রকারটি জানা বড় দুর্ঘট. আর চুম্বক মণিতে লোহা ঘষিলে সেই লোহাতে অন্য লোহাকে চুম্বক মণির তুল্য আকর্ষণ করে. চুম্বকের নিজের শক্তি যে লোহার মধ্যে প্রবেশ করে, ইহাতেই লোকেরদের আরও বড় উপকার দেখে; যে হেতুক আসল চুম্বক পাতর সে বড় দুর্লভ সামগ্রী. কিন্তু ঐ পাতরের একটি বিশেষ আশ্চর্য্য গুণ এই, যে সে সর্ব্বদা উত্তর দক্ষিণে আগা পাছা হইয়া থাকে, আর তাহাতে ঘষা এক টুকরা লোহার শলার মধ্যখানে ছিদ্র করিয়া যদি আর একটা শলার আগায় বিঁধিয়া রাখা যায়, আর সে ঘুরিতে পারে, তবে সেও সর্ব্বদা ঐ চুম্বকের মত উত্তর দক্ষিণ দিকে আগা পাছা হইয়া থাকে. উত্তর দক্ষিণে আগা পাছা হইয়া থাকা তাহার এমন অটল গুণ, যে দক্ষিণের মুখ কখনও উত্তরে থাকে না, ও উত্তরের মুখ কখনও দক্ষিণে থাকে না. আর চুম্বক মণিতে যত গুণ আছে তাহার মধ্যে অন্যং গুণ অপেক্ষায় উত্তর দক্ষিণে মুখ করিয়া থাকা এই যে গুণ, ইহাতে লোকের বড় প্রয়োজন; যে হেতুক অকুল

valuable to seaman, who by means of the compass, in the midst of the trackless ocean, are enabled to proceed on their way with certainty.

N. Please to explain to me what is a compass.

P. A compass is made thus. A circle is drawn on a piece of paper, within which the four quarters and the intermediate points are distinctly marked. In the centre a little pivot is fixed, at the end of which the magnetic needle is so placed, that it can turn freely in any direction. Place this compass in what position you please, the needle will still remain pointing to the north. Observe, therefore, one point being secured, the rest are easily ascertained. Each vessel is furnished with one of these compasses. The master of the vessel having determined to which quarter he will go, the mariners, by means of the compass, steer in that direction; and thus travelling night and day through the midst of the ocean, after passing many thousand kros, they at length arrive at the port fixed upon. Thus you perceive, were it not for the loadstone, the advantages derived from commerce, and the communication which the inhabitants of one part of the globe hold with those of another, would be nearly at an end.

N. The account which you have given is highly interesting. How justly may every part of the creation excite our wonder, when even from a stone we derive so many advantages! We may

পাঁথার সমুদ্রেতে যেখানে দিক্ নিরূপণ করা যায় না, এমন ঠাঁইতে নাবিকেরা কোম্পাশ বানাইয়া চুম্বকের ঐ গুণদ্বারা দিক্ নিশ্চয় করিয়া এই ভূমণ্ডল বেষ্টন করিয়া জাহাজ চালাইতে পারে.

নি. ভাল, তবে ঐ কোম্পাশের গড়ন কেমন, তাহা বল.

প. তবে বলি. একটা কাগজের উপরে মণ্ডলাকার করিয়া একটা গোল দাগ দিতে হয়, তাহাতে সমান রূপে বত্রিশ ভাগ করিয়া রেখার দ্বারা সকল দিগ্বিদিক্ উপদিক্ জানাইতে হয়; সেই কাগজের ঠিক মধ্যখানে একটা লোহার শলা উচ্চ করিয়া বিঁধিতে হয়, সেই শলার মাতায় সূচির আকার চুম্বক পাতরে ঘষা আর একটা লোহার শলার মধ্যখানে ছিদ্র করিয়া ঘুরিতে পারে এমনি করিয়া বিঁধিয়া রাখিতে হয়. বিঁধিয়া ছাড়িয়া দিলে ঐ কোম্পাশ যে দিকে ইচ্ছা সেই দিকে রাখ, কিন্তু ঐ চুম্বকে ঘষা আগা সর্ব্বদা উত্তর দিকে থাকিবে. দেখ, এই রূপে যদি এক দিকের ঠিকানা থাকিল, সুতরাং তবে অনায়াসে আর সকল দিক্ নিশ্চয় করা যায়. প্রত্যেক জাহাজেতে বড়ং একং কোম্পাশ থাকে, নাবিকেরা যখন কোন খানে জাহাজ চালাইবার জন্যে নিতান্ত স্থির করে, তখন ঐ কোম্পাশেতে দিক্ নিরূপণ করিয়া তাহারা দিবা রাত্রি অকূল সমুদ্র মধ্যে হাজারং ক্রোশ পথ পর্য্যন্ত চলিয়া গিয়া যেখানে যাইবার সেই খানে গিয়া উপস্থিত হয়. এই চুম্বক পাতর যদি প্রকাশ না পাইত, তবে পৃথিবীর এক ভাগের লোকেরা গিয়া অন্য ভাগের লোকেরদের সঙ্গে সওদাগরী করিতেছেন ইহাতে লোকের যত উপকার হয়, প্রায় ইহার সম্বন্ধ ও থাকিত না.

নি. ও হে ভাই, এই যে প্রকরণটি বলিলা এ বড় চমৎকার বটে, দেখ ঈশ্বরের সৃষ্টি কিবা আশ্চর্য্য, যে হেতুক সৃষ্টির মধ্যে অতি ক্ষুদ্র বস্তু যে এক টুকি পাতর তাহাহইতেও লোকের

notice also, that mankind are possessed of very great ingenuity and courage. They construct ships, that are floating castles, and in these venturing into the midst of a sea agitated by tempests, night and day they fearlessly pursue their course, till at length they accomplish the circuit of the globe. Well, I would now inquire, has any one yet discovered the cause of these properties of the magnet?

P. Many very ingenious men have endeavoured to ascertain the cause of these qualities; but as yet their endeavours have been without success: wherefore be pleased to notice again, that although man be possessed of very great powers, yet in the course of several centuries, he has not been able to define the properties of this stone. The loadstone was first known to the Romans. The Hindoos have also long been acquainted with it. But its celebrated quality of pointing to the north and south poles, has been discovered only within the last 500 years. It is said, that a person named Marco Polo, having travelled into China, there saw a compass, and brought the discovery into Europe. Whether this knowledge was communicated by the Chinese to the Europeans, or by the Europeans to the Chinese, is a point, however, which to this day is disputed.

সমূহ উপকার জন্মে. আরও দেখ, ঈশ্বর মনুষ্যকে কি পর্য্যন্ত বুদ্ধি ও সাহস দিয়াছেন, যে বড়ং গড়ের তুল্য জাহাজ গুলা বানাইয়া অকূল পাঁথার অথচ মহাগভীর ও ঝড় তুফানে অতিশয় চঞ্চল এমন যে অতিশয় ভয়ানক সমুদ্র, তাহার উপরে কিবা রাত্রি কিবা দিন নিরুদ্বেগে ঐ জাহাজ চালাইয়া পৃথিবী মণ্ডলটা বেষ্টন করিয়া আসিতেছে. ভাল, তবে এই চুম্বক পাতরের এই সকল আশ্চর্য্য গুণ আছে, তাহার কারণ কি কিছু বলিতে পার?

প. চুম্বক মণিতে ঐ সকল আশ্চর্য্য গুণ যে কোথাহইতে হইয়াছে তাহার আসল কারণ জানিবার জন্যে বড়ং জ্ঞানি লোকেরা অনেক যত্ন করিয়াছিলেন, কিন্তু অদ্যাবধি অনুভব করিয়া কেহ কিছু বাহির করিতে পারেন নাই. অতএব আর ও এই এক খানি কৌতুক দেখ, মানুষেরা এতো বুদ্ধিমান্ বটেন, তথাপি ঐ একটি পাতরের গণ শতং বৎসর পর্য্যন্ত অনুসন্ধান করিয়াও তাহার যথার্থ সন্ধান পাইতে পারেন নাই. ঐ চুম্বক মণি সকলের আগে রোমাণেরদের কাছে প্রকাশ পাইয়াছিল, এবং হিন্দুস্থানীয়েরা ও অনেক দিন জানিয়াছিল; কিন্তু তাহার দক্ষিণ উত্তর মুখ হইয়া থাকা এ গুণ কেহ টের পায় নাই, ঐ গুণ কেবল গত পাঁচ শত বৎসরের মধ্যে প্রকাশ পাইয়াছে. সাড়ে পাঁচ শত বৎসর হইল মার্কো পোলা নামে এক ব্যক্তি চীন দেশে গিয়াছিল, সেই খানেতে চুম্বক যন্ত্র দেখিয়া সেই স্থানহইতে চুম্বক মণি ইউরপে আনিয়াছিল; এই রূপ কথা লোকে জনরব করে, কিন্তু তাহার প্রমাণ পাওয়া যায় না; যে হেতুক চীন দেশের লোকেরা ইউরপের লোকেরদের ঠাঁই সে বিদ্যা শিখিয়াছে, কিম্বা ইউরপের লোকেরা চীন দেশের লোকেরদের ঠাঁই শিখিয়াছে, এই বিবাদ আজন্ম পর্য্যন্ত হইয়া আসিতেছে.

LESSON XV.

Of the Origin of the Art of Printing.

Nityo-anundo. I wish to propose a further inquiry which has arisen, thus. In the several schools that have been established, I observe, are very beautiful printed books: others also are being printed in various languages. This is amongst the signs of the present time which afford me much pleasure; but before, we had nothing of this kind in the country. I should, therefore, be glad to learn some particulars as to the origin of the art of printing, which I confess is very surprising.

Porom-anundo. The history of the origin of printing is briefly as follows. About the year 1430, an inhabitant of the town of Haerlem in Holland, named Laurentius, chanced to amuse himself by cutting letters with his knife in the bark of a tree: these letters he covered with ink, and afterwards having stamped paper upon them, there came off an impression. Observing this, he began to engrave letters on wood, and in this way commenced printing. He afterward made the improvement of cutting smaller letters on separate pieces of wood, and placing them in proper order, began to print books. This was the first stage of the art. The wooden types, however, occasioned so great delay, that it was six or seven years before a book could be completed.—Twelve years succeeded to this first discovery. In the year 1442, a workman belonging to the office, named

১৫ পাঠ.

ছাপাকর্ম্ম জন্মিবার বিবরণ.

নিত্যানন্দ. ওহে ভাই পরমানন্দ, একটা কথা জিজ্ঞাসা করি কি? এখন যে নানা স্থানে পাঠশালা স্থাপন হইতেছে, ঐ সকল পাঠশালাতে অনেক অতি সুন্দরং ছাপার বহি দেখিতে পাই, আর দিনেং যে নানা ভাষার নানা বহি জন্মিতেছে, ও তাহাতে বিদ্যার পথ অতি সুগম হইয়া উঠিতেছে, এতো অতি সুলক্ষণ বটে; কিন্তু এ দেশে পূর্ব্বে এমন ছিল না, অতএব এই যে ছাপাবিদ্যা এ অতি আশ্চর্য্য বিদ্যা. ইহার জন্মের বিবরণ কিছু শুনিতে বাঞ্ছা করি, যদি অনুগ্রহ করিয়া বল, তবে শুনি.

প. ভাল, তবে এই ছাপাকর্ম্মের উৎপত্তির কথা বলি, মনোযোগ কর. অনুমান হয় চৌদ্দ শত ত্রিশ শালে হলাণ্ড দেশের অন্তঃপাতি হারলেম নাম নগরে লারেনসিয়স নামে এক ব্যক্তি খেলা করিতেং একটা গাছের গায়ে অক্ষর ক্ষুদিয়া তাহাতে কালি দিয়া কাগজ ছাপা তুলিলেক, তাহাতে ঐ প্রকার অবিকল অক্ষর উঠিল; ইহাতেই কিছু ভরসা পাইয়া কাষ্ঠেতে অক্ষর ক্ষুদিয়া ছাপাইতে লাগিল. তাহার পর স্বতন্ত্রং কাষ্ঠেতে ভিন্নং একং ছোট অক্ষর ক্ষুদিয়া প্রস্তুত করিতে লাগিল, এবং ঐ সকল অক্ষর সারিং বসাইয়া পুস্তক ছাপাইতে আরম্ভ করিল. এই ছাপা কর্ম্মের প্রথম সূত্র জানিবা. কিন্তু তিনি যে ঐ প্রকারে কাষ্ঠ ক্ষুদিয়া অক্ষর করিয়া এক পুস্তক ছাপাইয়াছিলেন, তাহাতে এত কাল বিলম্ব হইয়াছিল যে এক পুস্তক ছাপাইয়া সমাপ্ত করিতে তাঁহার ছয় সাত বৎসর গিয়াছিল. প্রথমে ঐ প্রথম সূত্রের বারো বৎসর পরে অর্থাৎ চৌদ্দ শত বেয়াল্লিশ শালেতে ঐ ছাপা ঘরে ফষ্টস্

Faustus, taking a set of types and implements, established a press at the town of Mentz. Two or three years after, it was perceived that the wooden types decayed quickly: lead was therefore substituted in the place of wood. This was the second improvement in the art. Fifteen years subsequent to this period, in the year 1457, a person named Schoffer became partner with Faustus, and first invented the casting of types. The former process of cutting letters on wood or lead was extremely tedious: to remedy this, Schoffer engraved them on steel punches. These punches were afterward beaten with violence into a piece of copper, which being placed in a mould matrix, lead was poured into the impressions, by which as many letters as were needed might be cast in a short time; and as lead was found to be too soft, it was mixed with antimony. This was the last improvement.

In the year 1462, thirty two years after the invention of the art, one of the princes of Germany, having taken the city of Mentz, the conductors of the printing-office, together with its apparatus, were dispersed; by which means a knowledge of the art became imparted to other countries, and in a few years

নামে এক ব্যক্তি সে এক পুস্ত অক্ষর, আর তাহারি সাজ সরঞ্জাম এক পুস্ত যেং লাগিবে, তাহা লইয়া গিয়া মেনু নামে এক নগরে উপস্থিত হইল, আর সেই খানে গিয়া এক ছাপাখানা বসাইল. তাহার বৎসর দুই তিন বাদে দেখিল, যে কাষ্ঠেতে ক্ষোদা অক্ষর অল্প দিনের মধ্যে ক্ষয় পাইয়া যায়, অর্থাৎ ছাপিতেং অক্ষর ভাল উঠে না, এই বিবেচনাতে সীসার উপরে অ ক্ষুদিতে আরম্ভ করিল, ঐ কর্ম্মের দ্বিতীয় সংস্কার এই হইল. আরবার তাহারি পোনের বৎসর পরে, অর্থাৎ চৌদ্দ শত সাতান্ন শালে, তথাকার শেফর নামে ঐ ফষ্টসের সঙ্গে এক পরামর্শ হইয়া ঢালিবার উপায় সৃষ্টি করিয়া অক্ষর ঢালিতে লাগিল; তাহাতে দেখিতে পাইল, যে অক্ষর ক্ষোদা অপেক্ষায় ঢালাতে অতি সুগম হয়, বড় কাল বিলম্ব হয় না. সে অক্ষর ঢালিবার উপায় কি করিয়াছিল, তাহা শুন. প্রথমে ইস্পাতের ডাঁটি করিয়া তাহারি এক মুখে অস্ত্র দিয়া অক্ষর ক্ষুদিয়াছিল; তাহাকে বলে ছেনি. তাহার পর তামার সিঁড়ী বানাইয়া তাহার উপরে সেই ছেনি বসাইয়া দিয়া অক্ষরের ছাঁচ প্রস্তুত করিল. আর তাহাতে সীসা গলাইয়া দিয়া যত অক্ষর মনে করিত ততই তুলিতে লাগিল, এই জানিবা সেই কর্ম্মের তৃতীয় সংস্কার. তাহার পর বিবেচনা করিয়াং দেখিল, সীসা যে ধাতু এ কিছু নরম, অতএব সীসার সঙ্গে সুরমা মিশাইয়া তাহাকে কিছু শক্ত করিয়া দিল.

ঐ ছাপাকর্ম্মের প্রথম সূত্রের বত্রিশ বৎসর পরে, অর্থাৎ চৌদ্দ শত বাষট্টি শালে, জর্ম্মণি দেশের এক রাজা আসিয়া ঐ নগর অধিকার করিয়াছিলেন. সেই সময়েতে ঐ ছাপাখানায় যত লোক ছিল, এবং ছাপার যত সাজ সরঞ্জাম ছিল, সে সকল নানা স্থানে ছড়াইয়া পড়িল; তাহাতে নানা দেশে ছাপা বিদ্যা প্রকাশ হইয়া উঠিল.

printing-offices were established in every part of Europe. The merit of the discovery, however, still attaches to Holland. It may be observed, likewise, that God has been pleased, by means of this art, to confer essential benefits on mankind; since before its discovery, if any one composed a book, there were no means of multiplying copies excepting by writing; consequently the knowledge existing in one country was with difficulty communicated to another. Partly owing to this cause, the inhabitants of Europe remained for many centuries in a state of very great darkness. But no sooner had this art been discovered, than a number of scientific books began to be dispersed abroad; and instead of the ignorance which had heretofore prevailed, the light of knowledge shone in every direction. This art of printing is therefore highly to be esteemed, as being the instrument of very extensive good: at the same time, however, let us bear in mind, that through the wickedness of man, it is also liable to become the means of very great evil. Since, in proportion as the mind may be improved by the perusal of books containing what is useful and good, so may it also be lastingly injured by books, the contents of which are bad. The analogy is this. How admirable is the gift of speech! If with our lips we utter words that are excellent, how greatly may we benefit our neighbour! If, on the contrary, we speak that which is evil, we lead him into the paths of destruction!

FINIS.